হওয়ার ব্যায়াপারে প্রশ্নবিদ্ধ। হারামাইন শরীফের বিজ্ঞ আলেমগন তখনই মাওঃ হুসাইন আহমদ মাদানীর মাধ্যমে ২৬টি বিষয় সম্পর্কে তাদের কাছে প্রশ্ন রাখেন। এবং প্রাজ্ঞ বিজ্ঞ ও বিচক্ষন মাওঃ খলীল আহমদ সাহারানপুরী দেওবন্দের উলামায়েকেরামের পক্ষ থেকে এর জবাব "আল মুহান্নাদ আলাল মুফান্নাদ" নামে নামকরণ করে জবাব পাঠিয়ে দেন । এতে উলামায়ে হারামাইন শরীফের আলেমগন সন্তুষ্ট হন। আমাদের তাহকিক কৃত আহমদ রেযা খান বেরলবীর বক্তব্য সম্বলিত গ্রন্থ হুস্সামুল হারামাইনে যা উল্লেখ করা হয়েছে তা দেওবন্দের ঐ আলেমগনের কিতাবে তা লিখিত পেয়েছি। কিন্তু"আল মুহান্নাদ আলাল মুফান্নদে" ঐগুলি হুবহু স্থান পায় নাই। "আল মুহান্নাদ আলাল মুফান্নাদে জবাবকৃত দুটি জবাব এখানে উল্লেখ করা হল।

السوال الواحد والعشرون -اتقولون ان ذكرولا دته صلى الله عليه وسلم مستقبح شرعا من البدعت السيئة المحرمة ام غير ذلك

### একবিংশ জিজ্ঞাসা

রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শুভ জন্ম আলোচনা বা মীলাদ শরীফ পাঠকে আপনারা বিদআতে সাইয়িআ মুহাররামাহ (মন্দ বিদআত যা হারাম) হিসেবে আখ্যা দিয়ে থাকেন কী না?

الجواب- حاشا ان يقول احد من المسلمين فضلا ان تقول نحن ان ذكرولادته الشريفة عليه الصلوة والسلام بل وذكر غبار نعاله وبول حماره صلى الله عليه وسلم مستقبح من البدعات السيئة المحرمة فالاحوال التى لها ادنى تعلق برسول الله صلى الله عليه وسلم ذكرها من احب المندوبات و اعلى المستحبت عندنا سواء كان ذكر ولادته الشرفة او ذكر بوله وبرازه وقيامه وقعوده و نومه ونبهته كما هو مصرح فى رسالتنا



المسماة با البراهين القاقطعة فى مو اضع شتى منها و فى فتاوى مشائخنا رحمهم الله تعالى كما فى فتوى مولانا احمد على المحدث السهارنفورى تلميذ الشاه محمد اسحق الدهلوى ثم المهاجر المكى ننقله مترجما لتكون نمونة عن الجميع سئل هو ر حمه الله تعالى عن مجلس الميلادباى طريق يجوزو باى طريق لايجوز فاجاب بان ذكر الولادة الشريفة لسيدنا رسول الله صلى الله عليه وسلم بروايات صحيحة فى اوقات خالية عن وظائف العبادات الواجبات وبكيفيات لم تكن مخالفة عن طريقة الصحابة واهل القرون الثلاثة المشهود لهابالخير وبالاعتقادات التى موهمة بالشرك والبدعة وبالاداب التى لم تكن مخالفة عن سيرة الصحابة التى هى مصداق قوله عليه السلام ما انا عليه واصحابى وفى مجالس خالية عن المنكرات الشرعية موجب للخير والبركة بشرط ان يكون مقرونا بصدق النية و الاخلاص واعتقاد كونه داخلا فى جملة الاذكار الحسنة المندوبة غير مقيدبوقت من الاوقات فاذا كان كذلك لا نعلم احدا من المسلمين ان يحكم عليه بكونه غير مشروع اوبدعة الى أخر الفتوى فعلم من هذا انالا ننكر ذكرولا دته الشريفة بل ننكرعلى الامور المنكرة

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)

لتى انضمت معها كما شاهد تموها فى المجـالس المولـو ديـة

لتى فى الهنـد مـن ذكـر الـرو ايـات الواهيـات الموضـوعة

واختلاط الرجـال والنسـاء والاسـر اف فـى ايقـاد الـشموع

والتزيينات و اعتقاد كونه واجبا با لطعن والـسب و التكفيـر علـى

من لم يحضر معهم مجلسهم وغير هـا مـن المنكـرات الـشرعية

التى لا يكاد يوجد خاليا منها فلـو خـلا مـن المنكـرات حاشـا ان

نقول ان ذكر الولادة الشريفة منكرو بدعـة وكيـف يظـن بمـسلم

هذا القول الشنيع فهذا القول علينا ايضا مـن افتـراء ات الملاحـدة

الدجالين الكـذابين خـذلهم الله تعـالى ولعمـنهم براوبحرا سـهلاو

جبلا-

উত্তর : রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুবারক বেলাদতের আলোচনা বা মীলাদ শরীফ পাঠ এমন কী তাঁর পাদুকা সংশ্লিষ্ট ধূলি অথবা তাঁর বাহন গাধাটির প্রশ্রাব-পায়খানা মুবারক আলোচনাকে আমরা কেন কোন সাধারণ মুসলমান বেদআতে মুহররমা বা হারাম বলতে পারেনা না তা আমরা কখনো বলিনি বলিওনা।

ঐ সব অবস্থা যার বিন্দুমাত্র সম্পর্ক হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আলাইহি ওয়াসাল্লামের সাথে রয়েছে তার আলোচনা আমাদের মতে অধিকতর পছন্দনিয় ও উন্নতমানের মুস্তাহাব বলে মনে করি। হোক তা তার পেশাব পায়খানা, তাঁর দাঁড়ানো বা বৈঠক, স্বপন অথবা জাগরণ যা কিছুই হোক তা সবকিছুই আমাদের কাছে নিতান্ত উন্নতমানের মুস্থাহাব কাজ বলে পরিগণিত এসবের বিস্তর বর্ণনা আমাদের রচিত 'বারাহিনে কাতেআ' শীর্ষক গ্রন্থের সর্বত্র আলোচিত হয়েছে। যেমন আমাদের পূর্বসূরীগণ তাদের ফাতওয়ায় যেমন মাওলানা সাহারানপুরী যিনি শাহ মোহাম্মদ ইছহাক দেহলভী এর শিষ্য এবং ইমদাদুল্লাহ

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)



মুহাজিরে মক্কী (রাহ.)-এর শিষ্য আহমদ আলী সাহারানপুরী আরবী ফতওয়া আমরা অনুবাদ করে প্রকাশ করেছি। যা আমাদের সকল লেখনীর মডেল বলে মনে করি।

মাওলানা সাহেবকে কেউ না কি প্রশ্ন করেছিল? মীলাদ শরীফের মাহফিল কোন রূপরেখায় জায়েয? তদুত্তরে তিনি লিখেন যে, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মীলাদ মাহফিল যদি ফরজ ওয়াজিব ইবাদতের সময় ব্যতিরেকে বিশুদ্ধ রেওয়ায়াত সমূহের মাধ্যমে সাহাবায়ে কিরামসহ কুরুনে সালাসা বা উত্তম তিন যুগের বিপরীতমুখী বা পরিপন্থী না হয় (যে যুগ উত্তম যুগ হিসেবে অভিহিত) সে যুগসমূহ কুরনে সালাসা বলে অভিহিত) শিরকের সাথে সম্পর্কিত কোন আকীদা সংশ্লিষ্ট না হয়, সাহাবায়ে কিরামের আদাব বা শিষ্টাচার পরিপন্থী না হয়, তবে তা মুস্থাহাব হওয়া ব্যতিরেকে অন্যতা হবার কোন অবকাশ নেই। কেননা তারাইতো মাপকাটি বা মেছদাক? কেননা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন তাই সঠিক যার ওপর আমি ও আমার সাহাবাগণ রয়েছে। আবারও পরিষ্কার ভাষায় আমরা বলব, বিশুদ্ধ নিয়্যাত ও আক্বীদায় শরীয়ত নিষিদ্ধ কার্যাবলী ব্যতীত যে মাহফিলে মীলাদ শরীফসহ রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যে কোন অবস্থা ও কার্যাবলীর যে কোন আলোচনা যদি শর্তমুক্ত সময়ে আলোচিত হলে এমন কাজের বিরোধিতা আমরা করি না বরং শরীয়ত বিরোধী এমন কাজ যদি কোন মাহফিলে করা হয় আমরা শরীয়ত বিরোধী কার্যাবলীরই বিরোধিতা করে থাকি। যেমন আমরা নিজেরাই দেখেছি হিন্দুস্থানের মীলাদ মাহফিলসমূহে উদ্ভট ও মওযু বর্ণনাসমূহের আলোচনা করা হয়। নারী পুরুষের সমবিহার থাকে। আলোক সজ্জা করা হয় এবং অন্যান্য প্রাসঙ্গিকতারও অপচয় করা হয় এবং এমন মাহফিল করা ওয়াজিব মনে করা হয় তারই সাথে যারা এমন মাহফিলে উপস্থিত হয় না তাদেরে গালাগালি এমন কি কাফের বলে আখ্যা দেয়া হয়। এছাড়াও আরও অনেক উদ্ভট বিষয়াবলীর সমাহার থাকে। [২০৫]

মীলাদ শরীফের মাহফিল যদি এমন কার্যাবলী ছাড়া অনুষ্ঠিত হয় তবে কেন আমরা নাজায়েয বা বিদআত বলব? এমন মন্দ কথা তো কোন মুসলমানর পক্ষে বলা সম্ভব নয়। এটা আমাদের প্রতি বিদ্বেষীদের একটা মিথ্যা অপবাদ মাত্র। আল্লাহ ওদের জলে স্থলে সর্বত্র ধ্বংস করুন।

---

[২০৫] আল মুহান্নাদ আলাল মুফান্নাদ ২১তম জিজ্ঞাসা

দারুল উলুম দেওবন্দের ফতোয়া

السوال الثانى والعشرون -هل ذكرتم فى رسالة ما ان ذكر ولادته صلى الله عليه وسلم كجنم استمى كنيها ام لا؟

### দ্বাবিংশ জিজ্ঞাসা

রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মীলাদ শরীফের মাহফিল বা তাঁর শুভ জন্মের মুবারক আলোচনাকে হিন্দুদের জন্মাষ্টমীর মত বলে আপনারা কী আপনাদের কোন এক রচনায় উল্লেখ করেছেন?

الجواب- هذا ايضا من افتراء ات الدجالة المبتدعين علينا و على اكابرنا وقد بينا سابقا ان ذكره عليه السلام مناحسن المندوبات و افضل المستحبات فكيف يظن بمسلم ان يقول معاذ الله ان ذكرا الولادة الشريفة مشابه بفعل الكفار وانما اخترعوا هذه الفرية عن عبارة مولانا الكنكوهى قدس الله سره العزيز التى نقلنا هافى البراهين على صفحة ১৪১، و حاشا الشيخ ان يتكلم ومراده بعيد بمراحل عما نسبو اليه كاسيظهر عن ما نذاء ان من نسب اليه ما ذكروه كذاب مفترو حاصل ما ذكره الشيخ رحمه الله تعالى فى مبحث القيام عند ذكر الولادة الشريفة ان من اعتقد قدوم روحه الشريفة من عالم الارواح الى عالم الشهادة و تيقن بفس الولادة المنيفة فى المجلس المولوجية فعامل ما كان واجبا فى الساعة الولادة الماضية الحقيقية فهو مخطئ متشبه با لمجوس فى اعتقادهم تولد معبودهم المعروف (بكنهيا) كل سنة ومعاملتهم فى ذلك اليوم ما عومل به وقت



ولادة الحقيقة او متشبه بروافض الهند فى معاملتهم بسيدنا الحسين و اتباعه من شهداء كربلا رضى الله عنهم اجمعين حيث ياتون بحكاية جميع ما فعل معهم فى كربلاء يوم عاشوراء قولا وفعلافيبنون النعش والكفن والقبورويدفنون فيها ويظهرون اعلام الحرب والقتال ويصبغون الثياب بالدماء وينوحون عليها و امثال ذلك من الخر افات كما لا يخفى على من شاهدا احو الهم فى هذه الديار ونص عبارته المتعربة هكذا واما توجيهه (اى القيام) بقدوم روحه الشريفة صلى الله عليه وسلم من عالم الارواح الى عالم الشهادة فيقومون تعظيماله فهذا ايضا من حماقاتهم لان هذا الوجه يقتضى القيام عند تحقق نفس الولادة الشريفة ومتى تتكرر الولادة فى هذه الايام فهذه الاعادة للولادة الشريفة مماثلة بفعل مجوس الهند حيث ياتون بعين حكاية ولا دة معبودهم (كنهيا) او مماثلة للرو افض الذين ينقلون شهادة اهل البيت رضى الله عنهم كل سنة (اىفعلا وعملا) فمعاذ الله ما فعلهم هذا حكاية للولادة المنيفة الحقيقة و هذه الحركة بلاشك وشبهة حرية باللوم والحرمة والفسق بل فعلهم هذا يزيد على فعل اولئك فانهم يفعلونهفى كل عام مرة واحدة وهؤلاء يفعلون هذه المزخرفات الفرضية متى شاء واوليس لهذا نظير فى الشرع بان يفرض امريعامل معه معاملة الحقيقة بل هو محرم شرعا أه فانظروا يا اولى الالباب ان

حضرة الشيخ قدي الله سره العزيز انما انكر على جهلاء الهند المعتقدين منهم هذه العقيدة الكاسدة الذين يقومون لمثل هذه الخيالات الفاسدة فليس فيه تشبيه لمجلس ذكر الولادة الشريفة بفعل المجروس والروافض حاشا اكابرنا ان يتفوهوا بمثل ذلك ولكن الظلمين على اهل الحق يفترون وبايات الله يجحدون-

উত্তর : বিদ্বেষী মহলের অপপ্রচারনা প্রসুত এও এক অপবাদ আমাদের ওপর আরোপিত করা হয়েছে। ইতোপূর্বে আমরা উল্লেখ করেছি যে, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শুভ জন্মের মুবারক আলোচনা খুবই প্রিয় ও উঁচু মানের মুস্তাহাব একটি কার্য। এরপরও একজন মুসলানের পক্ষে এটা বলা কেমন করে সম্ভব যে মীলাদ শরীফের মাহফিল অনুষ্ঠান করা বিধর্মীদের অনুষ্ঠানের মত। আমাদের ধারণা, আমাদের ওপর এ অপবাদ মাওঃ গাংগুহীর ঐ উক্তির অতিরঞ্জন প্রসুত ফসল যা আমরা 'বারাহিনে কাতেআ' শীর্ষক গ্রন্থের ১৪১ পৃষ্ঠায় উল্লেখ করেছি। না কখনো মাওঃ গাংগুহী এমন উদ্ভট কথা বলেননি। তাঁর কথার মর্ম শতযোজন দূরে। যার বাস্তবতা আমাদের বর্ণনায় অচিরেই প্রকাশিত হবে এ অপপ্রচার কারীদের অপবাদ দুরীভূত হবে ইনশাআল্লাহ। যারা তার এ কথাকে এভাবে বিকৃত করে উল্লেখ করেছে তারা মিথ্যাবাদী ও অপবাদকারী নিঃসন্দেহে।

মাওঃ গাংগুহী সাহেব, মীলাদ শরীফের মাহফিলে শুভজন্মের আলোচনার প্রাক্কালে কেয়াম অর্থাৎ দাঁড়িয়ে সালাত ও সালাম প্রসঙ্গে যা বলেছেন তার সার সংক্ষেপ হল,

যারা নিম্নলিখিত আকীদা পোষণ করে মীলাদ মাহফিলে শুভজন্মের মোবারক আলোচনাকালে দাঁড়ায় বা কিয়াম করে তাদের বেলায় প্রযোজ্য অন্যতায় নয় : (ক) আলোচনাকালে রূহে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আত্মাজগত থেকে দুনিয়া আগমন করে এজন্য দাঁড়িয়ে সম্মান করা হয় বা কেয়াম করা হয়। (খ) অথবা মীলাদ মাহফিলের সময় এমন সব কাজ করা যা সত্যিকার জন্মের সময় করা হয়ে থাকে। এমন হলে তো অবশ্যই ভ্রান্তির বেড়াজালে আবদ্ধ ঐ ব্যক্তির কর্ম মজুসীদের সাথে সামঞ্জস্যবহ। (গ) মজুসী বা হিন্দুরা প্রতিবছরই তাদের খুনিরা বা শ্রীচৈতন্যের জন্মগ্রহণে বিশ্বাসী। এ কারণে তারা সত্যিকার জন্মের সময়ে যেসব কার্যাবলী নবজাতকের উদ্দেশ্যে করা হয়ে থাকে এ অনুষ্ঠানে এর সব কিছুই করে থাকে। (ঘ) হিন্দুস্থানের রাফেজীগণ অশুরার দিনে কারবালার শহীদগণ স্মরণে বাস্তব ঘটনা



সাজিয়ে মূর্তি বানায়ে, কবর খুঁড়ে, দাফন করে, যুদ্ধ সাজিয়ে, কাপড় ছিঁড়ে, রক্ত ঝরিয়ে বিলাপ করে কার্যাবলী সম্পাদন করে এমন কাজ করে থাকে। সকল স্তরের মানুষই জানে এ উদ্ভট কার্যাবলীর কথা। তাই মাওঃ গাংগুহী সাহেব নিষিদ্ধ অবৈধ নাজায়েজ ও জন্মাষ্টমির সাথে তুলনা করেছেন। (এমন আকীদা না রেখে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আলোচনা বা শুভ সংবাদের সম্মানে দাঁড়ানো বা কিয়াম করাকে তিনি এমন বলেননি।)

মাওঃ গাংগুহী সাহেব তার উর্দু ভাষায় যা বলেছেন, তার (আরবী অনুবাদের) অর্থ হল : এ আলোচনার সময় আত্মাজগত থেকে নবীপাক লোক জগতে তশরীফ আনেন তাই উপস্থিত সকলে তাকে দাঁড়িয়ে সম্মান করেন তা নির্বুদ্ধিতার পরিচায়ক কেননা তাতো সত্যিকারের জন্মসময়ে করা উচিত। কারণ জন্মতো একবারই হয়। পূনর্জন্মবাদ তো হিন্দুরাই বিশ্বাস করে। এমন করা তো তাদের কাজের সাথে সামঞ্জস্যের সামিল। তারা তাদের শ্রীচৈতন্যের জন্মকে প্রতিবচরই সত্যিকার মেনে নিয়ে তা উদযাপন করে। এদেশের রাফিজিয়া আশুরার ঘটনা নিয়েও এমন সব কাজ করে থাকে। আল্লাহ মাফ করুন বেদআতীদের এসব কাজ নিশ্চয়ই হিন্দু বা রাফেজীদের কাজের নামান্তর। যা সত্যিই হারাম অবৈধ নিন্দনীয় ও ফিসক বা নিলর্জ্জ পাপাচার বরং বেদআতীদের আচরণ রাফেজী বা হিন্দুদের চেয়ে অনেক বেশি নিন্দনীয় কেননা তারা প্রতি বছর একবারই এ অনুষ্ঠান করে। ফরয ভেঙ্গে এ অপচয়জনিত ক্রিয়াকর্ম করতে থাকে। শরীয়ত যার কোন অবস্থান নেই, যে কোন কাজকে অবশ্য করণয়ি ভেবে সত্যিকারের মত কাজ কর্ম করা হবে। বরং শরীয়তে এমন কাজ হারাম।

ওহে জ্ঞানীগণ! আপনারা গভীর ভাবে লক্ষ্য করুন! মাওঃ গাংগুহী সাহেব হিন্দুস্থানের জাহেলদের এসব কার্যাবলীকে অস্বীকার করেছেন যে, যারা উদ্ভট বিশ্বাসে মীলাদে কিয়াম করে। তাদেরই কার্যাবলী বা বিশ্বাস ঠিক নয়। এখানে কোনক্রমেই মীলাদ শরীফের অনুষ্ঠান বা কেয়াম করাকে রাফেজী বা হিন্দুদের কার্যাবলীর সাথে তুলনা করা হয়নি। না কখনো আমাদের বুযুর্গ এমন কথা বলেননি বরং তার প্রতি বিদ্বেষীগ এ অপবাদই রটাচ্ছে। যা সত্যিই নিন্দনীয়।[২০৬]

## ١ المولد النبوي في العهد العلوي

[২০৬] আল মুহান্নাদ আলাল মুফান্নাদ ২২তম জিজ্ঞাসা

وكان المولد يقام بالمنازل كل سنة كما ورد في ترجمة الفاضل بن عبد المجيد السرغيني الذي كان يقيمه كل سنة بداره ويحضره العامة)- .الأعلام للمراكشي ج 8 ص 21 (خ (

كل هذا الإجماع والاحتفال من السلاطين والملوك وبحضور الائمة والعلماء والأمة والقضاة من المذاهب الاربعة وإحتفال المسلمين في جميع الأمصار في المشرق والمغرب على مر العصور ماذا نقول فيه؟؟

মিলাদ শরীফ প্রতিবছর বাড়ীঘরে কায়েম করা হত। ফাজিল বিন আঃ মাজিদ আছছারগীনী প্রতিবছল তাঁর বাড়ীতে মিলাদ শরীফ পালন করতেন। এতে সর্বসাধারণ উপস্থিত হতেন। এসকল মাহফিলে সুলতান বাদশাহ ইমাম, আলিম কাজ সহ ৪ মাজহাবের প্রচ্যের ও পাশ্চাত্যের সফল মুসলমান উপস্থিত হতেন।[২০৭]

## মুফতী মোহাম্মদ এনায়েত আহমাদ কাকুরভী

এলমুল ফারায়েজ' 'এলমুছ ছীগা' এবং 'নকশায়ে মাওয়াকেউন নুজুম'-এর মতো বিখ্যাত কিতাবের লেখক মুফতী মোহাম্মদ এনায়েত আহমাদ কাকুরভী (১৮১৩-১৮৬৩ খ্রীঃ) 'তাওয়ারীখে হাবীবে ইলাহ' অর্থাৎ সীরাতে সাইয়্যেদিল মুরছালীন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ' যা উর্দু ভাষায় সীরাত শাস্ত্রের প্রথম গ্রন্থ উহাতে লিখেছেন ঃ

---

[২০৭] আল ইলাম লিল মারাকিশী পৃঃ ২১ খাঃ ৮ম
আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com
আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org
আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in
আলাআলিছ ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর
আদ্দালিলুল কাইয়্যুম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com
জমহুরুল উলামায়িল আইয়িম্মাতুল ইসলামীয়াহ মায়া যাওয়াযিল আমালুল মাওলুদ, "http: / / www. startimes.com



"ماہِ ربیع الاول روز دو شنبہ کو آپ صلی اللہ علیہ وآلہ وسلم کے سبب سے شرفِ عظیم حاصل ہوا۔ حرمین شریفین اور اکثر بلادِ اسلام میں عادت ہے کہ ماہِ ربیع الاول میں محفل میلاد شریف کرتے ہیں اور مسلمانوں کو مجتمع کر کے ذکر مولود شریف کرتے ہیں اور کثرت درود کی کرتے ہیں، اور بطور دعوت کے کھانا یا شیرینی تقسیم کرتے ہیں۔ سو یہ آمر موجبِ برکاتِ عظیمہ ہے اور سبب ہے اِزدیادِ محبت کا ساتھ جناب رسول اللہ صلی اللہ علیہ وآلہ وسلم کے۔ بارہویں ربیع الاول کو مدینہ منورہ میں یہ متبرک محفل مسجد نبوی شریف میں ہوتی ہے اور مکہ معظمہ میں مکانِ ولادتِ آنحضرت صلی اللہ علیہ وآلہ وسلم میں۔["کاکوروي، تواریخ حبیبِ اِلٰہ یعني سیرتِ سید المرسلین صلي اللہ علیہ وآلہ وسلم : 14، 15]

'রবিউল আউয়াল মাসের সোমবার দিনটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কারণে মর্যাদার সুউচ্চ আসন লাভ করেছে। হারামাইন শরীফাইন এবং অধিকাংশ মুসলিম দেশ ও শহরে এই রীতি চালু আছে যে, রবিউল আউয়াল মাসে মীলাদ মাহফিলের আয়োজন করা হয় এবং মুসলমানদেরকে একত্র করে মওলুদ শরীফ আলোচনা করেন। অধিক হারে দরূদ পাঠ করেন এবং দাওয়াতের মতো খাদ্য এবং শিরনী বন্টন করেন। সুতরাং এ সকল কাজ বড় বরকত লাভের পরিচায়ক এবং রাসূলুল্লাহসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মহব্বত বৃদ্ধির সহায়ক। ১২ই রবিউল আওয়ালে মদীনা মুনাওয়ারার মসজিদে নববীতে এই বরকতময় মাহফিল অনুষ্ঠিত হয় এবং মক্কা মোয়াজ্জমাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম স্থানেও মীলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।"

مفتی کاکوروی نے شاہ ولی اللہ محدث دہلوی کا وہ واقعہ بھی بیان کیا ہے جو ہم نے گزشتہ صفحات میں درج کیا ہے۔ اِس کے بعد وہ لکھتے ہیں:

"مسلمانوں کو چاہیے کہ بمقتضائے محبتِ آنحضرت صلی اللہ علیہ وآلہ وسلم محفل شریف کیا کریں اور اس میں شریک ہوا کریں۔ مگر شرط یہ ہے کہ بہ نیت خالص کیا کریں، ریا اور نمائش کو دخل نہ دیں۔ اور بھی آحوالِ صحیح اور معجزات کا حسبِ روایاتِ معتبرہ بیان ہو کہ اکثر لوگ جو محفل میں فقط شعر خوانی پر اِکتفاء کرتے ہیں یا روایاتِ واہیہ نامعتبر سناتے ہیں خوب نہیں۔ اور بھی علماء نے لکھا ہے کہ اِس محفل میں ذکر وفات شریف کا نہ کرنا چاہیے، اس لیے کہ یہ محفل واسطے خوشی میلاد شریف کے منعقد ہوتی ہے۔ ذکر غم جانکاہ اِس محفل میں نازیبا ہے۔ حرمین شریفین میں ہرگز عادتِ ذکر قصۂ وفات کی نہیں ہے۔["کاکوروي، تواریخ حبیبِ اِلٰہ یعني سیرتِ سید المرسلین صلي اللہ علیه وآله وسلم : 15]

مفتی کاکوروی ابو لہب کا واقعہ بیان کرتے ہوئے لکھتے ہیں

মুফতী কাকুরভী শাহওয়ালী উল্লাহ মুহাদ্দেসে দেহলভী-এর সেই ঘটনাও বয়ান করেছেন, যা আমরা পূর্ববর্তী আলোচনায় উল্লেখ করেছি। তারপর তিনি লিখেছেনঃ মুসলমানদের উচিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি মহব্বতের প্রেরণায় মীলাদ মাহফিল উদযাপন করা এবং এতে অংশগ্রহণ করা। কিন্তু শর্ত হল এই যে, নিয়তকে খালেস করে নেয়া এবং লোক দেখানো মনোভাবকে পরিহার করা। আর সহীহ ঘটনাবলী ও মুযিজাত প্রামান্য রেওয়ায়েত মোতাবেক বর্ণণা করা খুবই দরকার। অনেক সময় মাহফিলে মীলাদে কেউ কেউ কেবলমাত্র কবিতা পাঠ করে এবং দুর্বল ও অসমর্থিত রেওয়ায়েত বর্ণনা করে। এ সকল কাজ সর্বোতোভাবে পরিহার করা উচিত। ওলামায়ে কেরাম এই অভিমতও ব্যক্ত করেছেন যে, মীলাদ মাহফিলে হুযুর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওফাত সম্পর্কে আলোচনা না করাই শ্রেয়। এর কারণ এই যে, এই মাহফিল মীলাদ শরীফের খুশী ও



আনন্দকে এবং আল্লাহপাকের শোকর গুজারীকে উজ্জীবিত করার লক্ষ্যেই উদযাপিত হয়। মৃত্যুর কঠিন চিন্তার আলোচনা এই মাহফিলের সৌন্দর্যের প্রতীক নয়। হারামাইন শরীফাইনের মীলাদ মাহফিলে ওফাতের আলোচনা করা হয় না।"

"حضرت عباس رضی اللہ عنہ سے روایت ہے کہ میں نے ابو لہب کو بعد موت کے خواب میں دیکھا اور حال پوچھا، اُس نے کہا کہ عذابِ شدید میں مبتلا ہوں مگر ہمیشہ شب دو شنبہ کو درمیانِ انگشتِ شہادت اور وسطیٰ سے۔ کہ اشارے سے اُن کے میں نے ثویبہ کو بسبب پہنچانے بشارتِ ولادتِ محمد مصطفیٰ صلی اللہ علیہ وآلہ وسلم کے آزاد کیا تھا۔ کچھ پانی چوسنے کو مل جاتا ہے کہ اس سے ایک گونہ عذاب میں تخفیف ہوجاتی ہے

মুফতী কাকুরভী আবু লাহাবের ঘটনাকে উল্লেখ করে লিখেছেন ঃ "হযরত আব্বাস (রাঃ)-হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি আবু লাহাবের মৃত্যুর পর তাকে স্বপ্নে দেখে তাঁর অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করলাম। সে বলল, আমি কঠিন আযাবে নিপতিত আছি। কিন্তু সোমবার রাতে আমার তর্জনী ও মধ্যমা আঙ্গুলী হতে পানি প্রবাহিত হয়. আমি তা পান করি। যে দুটি আঙ্গুলের ইশারায় আমি ছাওবীয়াকে মুক্ত করে দিয়েছিলাম, যখন সে আমাকে মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভ জন্মের খুশীর খবর শুনিয়েছিল। এভাবে প্রতি সোমবার রাতে আমার আযাব হালকা করা হয়।"

"علمائے محدثین نے بعد لکھنے اِس روایت کے لکھا ہے کہ جب ابو لہب سے کافر کو جس کی مذمت قرآن شریف میں بتصریح وارد ہے بسببِ خوشیء ولادت شریف کے تخفیفِ عذاب ہوئی تو جو مسلمان خوشی ولادت شریف سے ظاہر کرے خیال کرنا چاہیے کہ اُس کو کیسا ثوابِ عظیم ہوگا اور کیا کیا برکات شامل حال اُس کے ہوں گے۔["کاکوروي، تواریخ حبیبِ اِلٰہ یعني

سیرتِ سيد المرسلين صلي الله عليه وآله وسلم : [16

"ওলামায়ে মুহাদ্দেসীন এই বর্ণনাটি লিপিবদ্ধ করার পর মন্তব্য করেছেন যে, সেই আবু লাহাব যার প্রতি অভিশম্পাৎ বর্ষন করে কোরআনুল কারীমে একটি পূর্ণাঙ্গ সূরা নাজিল করা হয়েছে, তাঁর শাস্তি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের খবর শুনে আনন্দিত হওয়ার কারণে হালকা করা হয়ে থাকে, তাহলে ঐ সকল ঈমানদান উম্মতগণের সওয়াবের পরিমাণ কত বেশি হবে, যারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মহব্বতে মীলাদ মাহফিলের আয়োজন করে খুশি প্রকাশ করে ও আল্লাহর শোকের গুজারীতে নিমগ্ন হয় এবং নূরের দরিয়ায় গোসল করতে তৎপর হয়।" [২০৮]

## নওয়াব সিদ্দিক খান ভূপালী

"اِس میں کیا برائی ہے کہ اگر ہر روز ذکر حضرت (صلی الله علیہ وآلہ وسلم) نہیں کر سکتے تو ہر أسبوع (ہفتہ) یا ہر ماہ میں اِلتزام اِس کا کریں کہ کسی نہ کسی دن بیٹھ کر ذکر یا وعظِ سیرت و سمت و دل و ہدی و ولادت و وفات آنحضرت کا کریں۔ پھر ایامِ ماہِ ربیع الاول کو بھی خالی نہ چھوڑیں اور اُن روایات و اخبار و آثار کو پڑھیں پڑھائیں جو صحیح طور پر ثابت ہیں۔["بهوپالي، الشمامة العنبرية من مولد خير البرية ]5

آگے لکھتے ہیں": جس کو حضرت (صلی الله علیہ وآلہ وسلم (کے میلاد کا حال سن کر فرحت حاصل نہ ہو اور شکر خدا کا حصول پر اِس نعمت کے نہ کرے وہ مسلمان نہیں۔["بهوپالي، الشمامة العنبرية من مولد خير البرية]12 :

[২০৮] কাফুরতী ঃ তাওয়াবীখে হাবীব ইলাহ, ইয়ানী সীরাতি সাইয়্যিদিল মুরসালীন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, পৃষ্ঠা নং ১৪, ১৫, ১৬।



গায়রে মুকাল্লেদীন অর্থাৎ তাকলিদ বর্জনকারীদের প্রসিদ্ধ আলেমে দ্বীন নওয়াব সিদ্দিক খান ভূপালী মীলাদ শরীফ উদযাপন সম্পর্কে লিখেছেন ঃ "এতে কি মন্দ থাকতে পারে যে, যদি প্রতিদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জিকির করতে না পারে তাহলে প্রতি সপ্তাহ অথবা প্রতি মাসে তাঁর স্মরণ উজ্জীবিত করাকে আবশ্যাক মনে করবে। কোন না কোন দিন বসে তাঁর জন্ম বৃত্তান্ত ও আখলাক সম্পর্কে আলোচনা করবে অথবা তাঁর সীরাত ও আদর্শ, রুশ্‌দ ও হেদায়েত এবং বেলাদতের আলোচনা করবে ও ওফাত মোবারকের কথা বর্ণনা করবে। সুতরাং রবিউল আউয়াল মাসকেও বাদ দেয়া ঠিক নয়। বরং ঐ সকল রেওয়ায়েত, হাদীস ও আদর্শকে তুলে ধরবে, যেগুলো সহীহ শুদ্ধভাবে বর্ণিত ও স্বীকৃত হয়েছে।"

তারপর তিনি সামনে অগ্রসর হয়ে আরও লিখেছেন যে, " যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মীলাদ শরীফের হাল শ্রবণ করে আনন্দবোধ করে না এবং শ্রেষ্ঠ নেয়ামত অর্জিত হওয়ার জন্য আল্লাহপাকের শুকুর আদায় করে না, আদলে সে মুসলমানই নয়।"[২০৯]

## শাইখ আলী জামআ

قال الشيخ علي جمعة مفتي الجمهورية المصرية حفظه الله تعالى في رسالته : البيان القويم

: ( ٥ : الاحتفال بذكرى مولده صلى الله عليه وسلم من أفضل الأعمال ، وأعظم القربات ، لأنه تعبير عن الفرح والحب له صلى الله عليه وسلم ، ومحبة النبي صلى الله عليه وسلم أصل من أصول الإيمان ... ، ثم قال .. وألف في استحباب الاحتفال بذكرى المولد النبوي الشريف جماعة من العلماء و الفقهاء ، بينوا بالأدلة الصحيحة استحباب هذا العمل ، بحيث لا يبقى لمن له عقل وفهم وفكر سليم إنكار ما سلكه سلفنا الصالح من

[২০৯] খ ভূপালী : আস্ শামামাতুল আম্বরিয়্যাতু মীন মাওলিদি খাইরিল বারিয়্যাতি, পৃষ্ঠা নং ১২।

الاحتفال بذكرى المولد النبوي الشريف.. انتهى وغيرهم الكثير مما يصعب علينا جمعه وعرضه.ونذكر

আলী জামআ মিশরের মুফতী বলেন মিলাদ মাহফিল শ্রেষ্ঠতম এক আমল এবং নৈকট্য লাভের বিরাট এক পন্থা। কেননা এটা প্রিয় নবীর প্রতিও ভালবাসাও সন্তুষ্টির প্ররিচায়ক। আর নবীর প্রতি ভালবাসা পোষন ঈমানের মূল অংশ।[২১০]

**ডঃ কারজাভী**

الدكتور القرضاوي والاحتفال بمولد النبي والمناسبات الإسلامية

موقع القرضاوي২৩-২-২০১০

السؤال: ما حكم الاحتفال بذكرى مولد النبي صلى الله عليه وسلم وغيره من المناسبات الإسلامية مثل مقدم العام الهجري وذكرى الإسراء والمعراج؟

الفتوى:

بسم الله، والحمد لله، والصلاة والسلام على رسول الله، وبعد

---

[২১০] আল বায়ানুল কাইয়ুম

আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com

আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org

আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in

আলাআলিহু ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর

আদ্দালিলুল কাইয়্যিম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com

জমহুরুল উলামায়িল আইম্মিমাতুল ইসলামীয়াহ মায়া যাওয়ায়িল আমালুল মাওলুদ, "http: / / www. startimes.com



هناك من المسلمين من يعتبرون أي احتفاء أو أي اهتمام أو أي حديث بالذكريات الإسلامية، أو بالهجرة النبوية، أو بالإسراء والمعراج، أو بمولد الرسول صلى الله عليه وسلم، أو بغزوة بدر الكبرى، أو بفتح مكة، أو بأي حدث من أحداث سيرة محمد صلى الله عليه وسلم، أو أي حديث عن هذه الموضوعات يعتبرونه بدعة في الدين، وكل بدعة ضلالة وكل ضلالة في النار، وهذا ليس بصحيح على إطلاقه، إنما الذي ننكره في هذه الأشياء الاحتفالات التي تخالطها المنكرات، وتخالطها مخالفات شرعية وأشياء ما أنزل الله بها من سلطان، كما يحدث في بعض البلاد في المولد النبوي وفي الموالد التي يقيمونها للأولياء والصالحين، ولكن إذا انتهزنا هذه الفرصة للتذكير بسيرة رسول الله صلى الله عليه وسلم، وبشخصية هذا النبي العظيم، وبرسالته العامة الخالدة التي جعلها الله رحمة للعالمين، فأي بدعة في هذا وأية ضلالة ؟!

إننا حينما نتحدث عن هذه الأحداث نذكر الناس بنعمة عظيمة، والتذكير بالنعم مشروع ومحمود ومطلوب، والله تعالى أمرنا بذلك في كتابه (يا أيها الذين آمنوا اذكروا نعمة الله عليكم إذ جاءتكم جنود فأرسلنا عليهم ريحاً وجنوداً لم تروها وكان الله بما تعملون بصيراً، إذ جاءوكم من فوقكم ومن أسفل منكم وإذ زاغت الأبصار وبلغت القلوب الحناجر وتظنون بالله الظنونا(،

يذكر بغزوة الخندق أو غزوة الأحزاب حينما غزت قريش وغطفان وأحابيشهما النبي عليه الصلاة والسلام والمسلمين في عقر دارهم، وأحاطوا بالمدينة إحاطة السوار بالمعصم، وأرادوا إبادة خضراء المسلمين واستئصال شأفتهم، وأنقذهم الله من هذه الورطة، وأرسل عليهم ريحاً وجنوداً لم يرها الناس من الملائكة ، يذكرهم الله بهذا، اذكروا لا تنسوا هذه الأشياء، معناها أنه يجب علينا أن نذكر هذه النعم ولا ننساها، وفي آية أخرى (يا أيها الذين آمنوا اذكروا نعمة الله عليكم إذ هم قوم أن يبسطوا إليكم أيديهم فكف أيدهم عنكم واتقوا الله وعلى الله فليتوكل المؤمنون) يذكرهم بما كان يهود بني قينقاع قد عزموا عليه أن يغتالوا رسول الله صلى الله عليه وسلم ومكروا مكرهم وكادوا كيدهم وكان مكر الله أقوى منهم وأسرع، (ويمكرون ويمكر الله والله خير الماكرين.(ذكر النعمة مطلوب إذن، نتذكر نعم الله في هذا، ونذكر المسلمين بهذه الأحداث وما فيها من عبر وما يستخلص منها من دروس، أيعاب هذا ؟ أيكون هذا بدعة وضلالة.) انتهى منقول

ডঃ কারজাভী মিলাদ মাহফিল এবং অপরাপর মাহফিল যেমন মেরাজ রজনী মাহফিল এবং অপরাপর মাহফিল যেমন মেরাজ রজনী বদর দিবস, মক্কা বিজয়, হিজরী নববী পালন সম্পর্কে এক প্রশ্নের জবাবে বলেন এগুলোকে গোমরা বেদআত বলা তথা ধর্মের মধ্যে সংযোজন বলা ঠিক হবেনা। আমরা কেবল মাত্র ঐ সকল মাহফিলকে বেদআত বলতে পারি যে গুলোর মধ্যে নাজায়েজ ও নিন্দনীয় বিষয়ের সংমিশ্রন হয়েছে। যেমন কোন কোন দেশে মিলাদ শরীফের মাহফিলে এবং পীর আওলিয়াদের স্মরণে মাহফিলে হয়ে থাকে। যখন আমরা হুযূর (সাঃ) এর জীবন



চরিত্র সম্পর্কে অনুশীলনের লক্ষ্যে মিলাদ মাহফিলের আয়োজন করি তখন কি করে বেদআত হতে পারে? [২১১]

## মোহাম্মদ মুতাওয়ালী শারাভী

حيث قال: "وإكرامًا لهذا المولد الكريم فإنه يحق لنا أن نظهر معالم الفرح والابتهاج بهذه الذكرى الحبيبة لقلوبنا كل عام وذلك بالاحتفال بها من وقتها"

المبشر الطرازي، شيخ علماء التركستان: حيث قال: "إن الاحتفال بذكرى المولد النبوي الشريف أصبح واجبًا أساسيًا لمواجهة ما استجد من الاحتفالات الضارة في هذه الأيام"

মোহাম্মদ মুতাওয়ালী শারাভী বলেন প্রিয়নবীর জন্মদীনের প্রতি সম্মান প্রদর্শনার্থে আমাদের করনীয় হল প্রতিবছর আলোচনা কিংবা মাহফিল করে আনন্দও খুশি প্রকাশ করা।[২১২]

---

[২১১] আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com
আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org
আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in
আলাআলিছ ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর
জমহুরুল উলামায়িল আইয়িম্মাতুল ইসলামীয়াহ মায়া যাওয়াযিল আমালুল মাওলুদ. "http: / / www. startimes.com
আদ্দালিলুল কাইয়্যুম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com

[২১২] আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com
আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org
আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in
আলাআলিছ ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর
আদ্দালিলুল কাইয়্যুম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com

## মুহাম্মাদ আলাবী আল মালাকি

حيث قال: "إننا نقول بجواز الاحتفال بالمولد النبوي الشريف والاجتماع لسماع وسماع التي تقال في حقه، وإطعام الطعام وإدخال السرور على قلوب الأمة"

মোহাম্মদ আলাভী মালিকী বলেন মিলাদ শরীফের মাহফিল করা এবং হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জীবনালোচনা ও গুণগান শ্রবনে জমায়েত হওয়া এউপলক্ষ্যে শিরনী পরিবেশন করা উম্মতের হৃদয়ে আনন্দ দানকে আমরা জায়েজ স্বীকার করি।[২১৩]

## মুহাম্মদ বিন আবদুল গফ্ফার

الأمين العام للأوقاف في ، حيث قال: "الاحتفال بمولد سيد الخلق عليه وعلى آله أفضل الصلاة والتسليم أمر مستحب، وبدعة حسنة في رأي جماهير العلماء"

মোহম্মদ আঃ গফ্ফার আল শরীফ কুয়েতের ওয়াকফ বিষয়ের মহা সচিব তিনি বলেন মিলাদ মাহফিল পালন পূণ্যের কাজ। এবং অধিকাংশ আলিমদের মতে বেদআতে হাছানা।

## আব্দুল মালিক আস সাইদ

سابقًا: "لم يكن الاحتفال بالمولد النبوي الشريف معروفاً في عصر الصحابة الكرام. ولكن لا يلزم من عدم وجوده في

[২১৩] আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com
আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org
আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in
আলাআলিছ ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর
আব্দালিল্লুল কাইয়্যুম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com
জমহুরুল উলামায়িল আইয়িম্মাতুল ইসলামীয়াহ মায়া যাওয়াযিল আমালুল মাওলুদ, "http: / / www. startimes.com



عصر النبي -صلى الله عليه سلم- أو في عصر الصحابة كونه بدعة سيئة أو منافياً للشريعة، فالاحتفال بالمولد إن أقيم على أساس أنّه عبادة مشروعة -كالصوم والصلاة والعبادات الأخرى- : فهو بدعة. وكذا لا نسمّيه عيدا، بل إحياء ذكرى؛ لأنّه لا يوجد سوى عيدين في الإسلام. وإن أقيم على أساس إحياء ذكرى مولد سيد المرسلين وإعادة ذكريات سيرته العطرة وخلا من المنكرات واختلاط الرجال بالنساء والمبالغة في مدحه صلى الله عليه سلم فلا يعد بدعة"

আব্দুল মালিক সাদী সাবেক জ্যানারেল মুফতি ইরাক তিনি বলেন, প্রচলিত মিলাদ মাহফিল সাহাবীযুগে প্রসিদ্ধ ছিলনা। তাই একারণে এটাকে বিদআদে সাইয়্যাহ বা শরীয়ত বিরুধী বলা জরুরী নয়। যদি এটাকে ঐ ভিত্তিতে পালন করা হয় যে, নামাজ রুজার মত এটা একটা ইবাদত তখন বেদআত হবে। মিলাদ মাহফিল যদি নবীর জন্মকালীন ঘঠনাবলী আলোচনা তার জীবনের বিভিন্ন দিকের আলোচনা করা হয় এবং এতে পুরুষ মহিলার মিশ্রনে বেপর্দামী না হয় তাহলে বেদআত হিসাবে গন্য হবেনা।[২১৪]

[২১৪] আল আদিল্লাতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম http: / / www.2ho2.com
আল আদিল্লাতু সারিয়াতু ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম "http: / / www.alsunna.org
আল আদিল্লাতু সুফিয়া ফি জাওয়াজিল ইহতিফায়ি ওয়াল ইহতেফালু বি মাওলিদি সাইয়্যিদিল বাসির সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম "http: / / hitsk.in
আলাআলিছ ছানিয়া ফি মাসরুআতি মাওলিদু খাইরিল বারিয়্যাহ্ শাইখ উছমান বিন উমর
আব্দালিল্লুল কাইয়্যুম ফি ইহতেফালু বি মাওলিদিল কারিম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম https: / / majdah. maktoob. com
জমহুরুল উলামায়িল আইয়িম্মাতুল ইসলামীয়াহ মায়া যাওয়াযিল আমালুল মাওলুদ, "http: / / www. startimes.com

হাফিজ আব্দুর রহিম (রহঃ)

حيث قال: "إن اتخاذ الوليمة وإطعام الطعام مستحب في كل وقت فكيف إذا انضم إلى ذلك الفرح والسرور بظهورنوررسول الله صلى الله عليه وسلم في هذا الشهر الشريف ولا يلزم من كونه بدعة كونه مكروها فكم من بدعة مستحبة قد تكون واجبة"

মিলাদ শরীফ প্রতি বছর বাড়ী ঘরে কয়েক বার হত। ফাজিল বিন আব্দুল মাজিদ আছছারগীনী প্রতি বছর তাঁর বাড়ীতে মিলাদ শরীফ পালন করতেন। এতে সর্ব সাধারণ উপস্থিত হতেন।[২১৫]

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)

[২১৫] আল-ইলাম সিল মুরাকিশী পৃঃ ২১ খঃ ৮ম



## মীলাদ শরীফ ও কিয়াম সম্পর্কে মাওঃ কারামত আলী জৌনপুরী (রহ) অভিমত

জিজ্ঞাসা

আপনাদের বক্তব্য কী? মওলুদের আমল ও কিয়াম সম্পর্কে এটাকি মুস্তাহাব, বিদআত নাকি মাকরূহ? ফকীহগণ বলেছেন, যখন কোন শরীয়তের অনুসারী কাজ, কথা, বিশ্বাস ও অবস্থাবলী সম্পর্কীত বিষয়ে এর সুন্নাত এবং বিদআত হওয়া সম্বন্ধে অনিশ্চিত হয়ে পড়বে। এর মাঝে সন্দেহ দেখা দিবে এবং তার কাছে উভয় দিকের প্রমাণই বলিষ্ঠতর হিসেবে প্রতিভাত হবেনা। এমতাবস্থায় সেই অনিশ্চিত ও সন্দেহযুক্ত বিষয়কে বর্জন করাই ওয়াজিব বা অপরিহার্য। যেমন ইমাম ছারাখছি, তার 'মুহিত' গ্রন্থে "সিজতাদ" অধ্যায়ে বলা হয়েছে 'ওয়াজিব' এবং বিদআত হওয়া সম্পর্কে সন্দেহ দেখা দিলে সতর্কতামূলক ভাবে তা পালন করাই শ্রেয় এবং যে কাজ বিদয়াত ও সুন্নাত হওয়া সম্পর্কে সন্দেহ দেখা দেয় ঐ কাজ বর্জন করাই শ্রেয়, কেননা, বিদআতকে বর্জন করাই বাঞ্চনীয়। এক্ষেত্রে সুন্নাত আদায় করা অপরিহার্য নয়। অনুরূপ নির্দেশনা اَلْحَدِيْقَةُ النَّدِيَّةُ شَرْحُ الطَّرِيْقَةِ الْمُحَمَّدِيَّةِ নামক গ্রন্থে প্রথম অন্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদে উল্লেখ করা হয়েছে। এই নিয়মতান্ত্রিকতার আলোকে বুঝা যায় যে, 'মাওলুদ' এবং কিয়াম বর্জন করা অপরিহার্য। কেননা সর্বসম্মতভাবে এ দুটি কাজ উদ্ভাবিত। এ দুটি কাজের সুন্নাত হওয়া সম্পর্কে সন্দেহ আছে বিধায় উভয়টি বর্জন করাই উচিত।

উত্তর ঃ بسم الله الرحمن الرحيم

পরম করুণাময় ক্ষমাশীল আল্লাহর নামে আরম্ভ করছি।

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য এবং দুরূদ ও সালাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর বর্ষিত হোক,

আমরা বলছিঃ তারাদ্দুদ বা অনিশ্চয়তা একজন শরীয়তের অনুসারীর মাঝে তখনই দেখা দেয়, যখন উলামাদের কথার মাঝে বৈপরিত্য পাওয়া যায়। যেমনি জুমার নামাযের জন্য শহরের সংজ্ঞার মাঝে প্রত্যক্ষ করা যায়। তবে, এই বৈপরিত্য বিভিন্নতার ক্ষেত্রে 'মুছাওয়াত' বা সমান সমান হওয়া শর্ত। যে কথাটি 'নূরুল আনওয়ার' গ্রন্থে সুস্পষ্ট বলা আছে। কিন্তু বিভিন্নতার এই শর্ত মাওলুদ ও কিয়ামের বেলায় পাওয়া যায় না।

## আমলে মাওলীদ মুস্তাহাব

"আমলে মাওলীদ" নির্দিষ্ট মাসে মুস্তাহাব হওয়া ১। মাওয়াহেবুল লাদুন্নিয়া, এবং ২। মাদারেজুন নাবুওয়্যাত গ্রন্থ দ্বারা প্রমাণিত। আমরা ওয়াজ নসিহতের সময় এই দু'টি গ্রন্থের অনুসরণ করি এবং এগুলোর ওপর অবিচল আস্থা রাখি। অনুরূপভাবে 'মাওলীদ ও কিয়ামের' মুস্তাহাব হওয়ার প্রমাণ পাওয়া যায় ৩। মা ছাবাতা মিনাস সুন্নাত, ৪। তফসীরে রুহুল বয়ান, ৫। ইমাম সুয়ূতীর "মিজবাহুজ যুজাজাহ" গ্রন্থ ও তাঁর ফতোয়ার মাধ্যমে। তিনি ছিলেন একজন মুজতাহিদ ও হাদীস শাস্ত্রের সুবিখ্যাত শায়খ। এ কথাটিই শায়খ আবদুল আজীজ (রহঃ) তাঁর বিশ্ব বিখ্যাত কিতাব ৬। "উজালায়ে নাফেয়া"-এর ইলমে হাদীসেরগনদ প্রসঙ্গ অধ্যায়ে উল্লেখ করেছেন।

আরও সমর্থন পাওয়া যায় ৭। "ইন্‌সানুল উয়ুন ফি সিরাতিল্ আমিমিল্ মামুন" গ্রন্থ থেকে। যার উল্লেখ তফসীরে রুহুল বয়ানে আছে। ৮। আত্তানভীর ফি মাওলিদিল্ বাশিরিন নাযীর" গ্রন্থ থেকে। যার উল্লেখ তফসীরে রুহুল বয়ানে আছে। অনুরূপ সমর্থন পাওয়া যায় ৯। ইমাম ইবনুল জাযরীর লেখনীতে। যার উল্লেখ মাওয়াহেবুল লাদুন্নিয়াতে আছে। ১০। আর সীরাতে শামীর বর্ণনায়। ১১। হাফেজ ইমাদুদ্দিনের লেখনি থেকে। যার উল্লেখ সীরাতে শামীতে আছে। ১২। আর ইবনে জাওযীর লেখনী থেকে এবং ১২। আল্লামা তুগরিলের লেখনী থেকে, যা তিনি "আদদুররুল মুনাজ্জাম" গ্রন্থে লিপিবদ্ধ করেছেন। এবং ১৪। আবুল হাসান এর আমল ও কর্মকান্ড থেকে যিনি ইবনে ফজল নামে পরিচিত ছিলেন।১৫। জামালুদ্দিন আজমী হামদানীর আমল থেকে। ১৬। ইউসুফ আল্-হাজ্জাজ-এর আমল থেকে। ১৭। এবং শায়খ ইমাম আল্লামা নাসিরুদ্দিন মুবারকের লেখনী থেকে, যিনি ইবনুল বাত্তাহ নামে খ্যাত ছিলেন। ১৮। এবং শাহ্ ইমাম জামালুদ্দিন আব্দুর রহমান বিন আব্দুল মালেকের লেখনী থেকে। সীরাতে শামীতে এদের সকলের কথাই আছে এবং তাঁদের লেখনী প্রামাণ্য ও নির্ভরযোগ্য ১৯। আর ইবনে হাজার হাইছামীর লেখনী থেকে। ২০। এবং ছাখাভীর লেখনী থেকে, তিনি হাদীসেরগনদের ক্ষেত্রে আমাদের বিখ্যাত শায়খদের অন্যতম। যার উল্লেখ সীরাতে শামীতে পাওয়া যায়। ২১।হাফেজ ইবনে হাজারের লেখনী থেকেও সমর্থন পাওয়া যায়, যা রুহুল বয়ানে চয়ন করা হয়েছে। ২২। আবু শামাহ্-এর "কিতাবুল বায়েছ" থেকে। তিনি ইমাম নবভীর ওস্তাদ ছিলেন। ২৩। আর "ফতহুল আলীমিস্ সাত্তারিল মুনজী" নামক গ্রন্থ থেকে। ২৪। আবু যুরয়া লেখনী থেকে। তিনি একজন মুজতাহিদ ছিলেন। কেননা তাঁর কথা মাওয়াহেবে লাদুনিয়অর লেখক গ্রহণ করেছেন এবং বলেছেন যে, "একজন মুজতাহিদ ছাড়া এমন কথা অন্য কারো পক্ষে উচ্চারণ করা সম্ভব নয়।" ২৫। আলী বিন সুলতান



মুহাম্মদ আল্ হারুভীর লেখনী থেকে। যিনি হেরেম শরীফের বাসিন্দা ও আল্-মক্কী। যিনি মোল্লা আলী-ক্বারী নামে খ্যাত তিনি তাঁর! আলমাওরিদির রভি ফি মাওলিদিন নাবাভী" গ্রন্থে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। তিনি ছিলেন শামসুদ্দিন মোহাম্মদ আছছাখাভী (রহঃ)-এর ছাত্র। ২৬। আর ইসলামী সাম্রাজ্যের বাসিন্দাদের ধারাবাহিক আমল থেকে। এই ধারাবাহিক আমল নির্ভরযোগ্য ও আমল করার অপরিহার্যতার প্রমাণ বহন করে। এটা সবচেয়ে বড় অকাট্য দলীল। এই দুই শহরের বাসিন্দাদের সকলেই মুসলমান। এক্ষেত্রে কোনই মতবিরোধ নেই।

## মাওলুদের কিয়াম মুস্তাহাব

মাওলুদের কিয়াম মুস্তাহাব হওয়ার বিষয়টি উম্মতে মুহাম্মদীর বৃহত্তম অংশের আমল থেকে প্রতিষ্ঠিত ও স্বীকৃত। মুসলিম বিশ্বের সর্বত্র এবং সুবৃহৎ শহরবাসীদের আমলের মাধ্যমে এ স্বীকৃতি বিকশিত হয়ে আছে। আর ইমাম তকীউদ্দীন সুবকী (রহঃ) এর আমল থেকে তা স্বীকৃত হয়েছে। তাফসীরে রুহুল বায়ান ও সীরাতে শামীর বর্ণনায় যা স্পষ্ট হয়েছে। তিনি ছিলেন একজন হানাফী মুজতাহিদ। "রাদ্দুল মুখতার" গ্রন্থের "আল মুরতাদ" আধ্যায়ে বলা হয়েছে যে, "মুজতাহিদিনের সর্বশেষ ব্যক্তিত্ব ছিলেন ইমাম শায়খ তকীউদ্দীন সুবকী (রহঃ) একই অভিমত পাওয়া যায় উসমান বিন হাসান দিমাইয়াতীর ফতোয়ায় এবং আব্দুল্লাহ ইবনে আব্দুর রহমান আস সিরাজ এর ফতোয়ায়। আর মুসলিম বিশ্বের ধারাবাহিক আমলও এর সমর্থন করে। বিশেষ করে হারামাইন শরীফের অধিবাসীদের আমল এর সমর্থন করে। এই আমল নির্ভরযোগ্য ও তা পালন করার অপরিহার্যতা প্রমাণ করে। আর ইনসানুল উয়ূন গ্রন্থ ও সীরাতে শামী গ্রন্থও একই কথার সাক্ষ্য বহন করে। এই উভয় কিতাবই হাদীস থেকে সুবিন্যস্ত ও মৌলিক গ্রন্থ হিসেবে স্বীকৃত। [২১৮]

## মাওলুদের পাঠ ও বয়ান সুপ্রতিষ্ঠিত

মাওলুদের কাহিনী বর্ণনার প্রমাণ স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আমল থেকে এবং সাহাবীদের আমল থেকে পাওয়া যায়। এ ব্যাপারে জানার আগ্রহ থাকলে হাদীসের কিতাবসমূহ পাঠ করা শ্রেয়। আর মাওলুদের সময় যে কিয়াম করা হয় তা হচ্ছে-সম্মান প্রদর্শনার্থে দাঁড়ানো। এই শ্রেণীর কিয়াম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আমল থেকে এবং হযরত ফাতেমা (রাঃ) এর সার্বিক আমল থেকে প্রমাণিত ও প্রতিষ্ঠিত। আগ্রহী অনুসন্ধান কারীগণ "মিশকাতুল মাছাবিহ্" গ্রন্থের "মুসাফাহা ও মুনায়ানাকা" অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদের বর্ণিত-

---

২১৮ কারামত আলী জৈনপুরী (রহঃ) মুলাখখাস পৃষ্ঠা ৮

হযরত আয়েশা (রাঃ) এর হাদীস পাঠ করতে পারেন। এতে করে এই একীন ও বিশ্বাস অর্জিত হবে যে মাওলুদ শরীফ পাঠ করা এর মাঝে কিয়াম করা মুস্তাহাব আমল।[২১৭]

## মাওলুদ ও কিয়ামের বিরোধীতাকারীদের বক্তব্য মূল্যহীন

আহলে সুন্নাতে ওয়াল জামাতের অনুসারী কোন বিজ্ঞজনের লেখনী থেকে অদ্যাবধি মাওলুদ ও কিয়ামের বিরুদ্ধে কোনও পুস্তিকার সন্ধান পাওয়া যায়না। শুধুমাত্র মালেকী মাযহাবের অনুসারী "ফাকেহানী" এককভাবে বিরোধীতা করেছেন। আহলে সুন্নাত ওয়াল জামাআতের বৃহত্তর দলের বিপক্ষে তার বক্তব্য একান্তই মূল্যহীন। তাছাড়া তিনি হানাফী মাযহাবের অনুসারীও ছিলেন না। অথচ ইমামুল মুফাসসেরীন শায়খ জালালুদ্দিন সুয়ূতী (রহঃ) যিনি আমাদের মাশায়েখদের অন্তর্ভূক্ত, তিনি ফাকেহানীর বক্তব্যকে পরিত্যক্ত বলে উল্লেখ করেছেন হাফেজ ইবনে হাজার আসকালনী (রহঃ)। তিনি একথাও বলেছেন যে, মাওলুদ ও কিয়াম সম্পর্কে নিষেধাজ্ঞা সূলভ কোন নির্দেশ কোথাও নেই।

সুতরাং আমরা কেমন ভাবে আমাদের হাদীস ও তাফসীরের ইমামের কথা বাদ দিয়ে একজন সন্দেহকারী ও ঘৃণিত লোকের কথার প্রতি আমল দিতে পারি? অথচ আমরা 'ইলমে তাফসীর' অর্জনকল্পে প্রাথমিকভাবে তাঁর তাফসীরকেই পাঠ করে থাকি।

## মাওলুদের কিয়াম-'কিয়াম তা'যিমী'

মাওলুদ শরীফের মাঝে যে কিয়াম করা হয় তা মূলতঃ কিয়ামে তা'যিমী। মা ফাতেমা (রাঃ) এর জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মানার্থে হযরত মা ফাতিমা (রাঃ) দণ্ডায়মান হওয়ার আমলের উপর উহাকে কিয়াস করা হয়েছে। অনুরূপভাবে খোলাফায়ে রাশেদীনের আমলে যে সমস্ত নবোদ্ভাবিত কাজের প্রচলন ঘটেছে সে গুলোও 'বিদয়াতে হাসানাহ' বলে স্বীকৃত। সেগুলোকে 'সুন্নাতে সাহাবা' হিসাবেও গ্রহণ করা হয়।

## মাওলুদ ও কিয়াম রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামা-এর প্রতি সম্মান প্রদর্শনের প্রতীক

বিশিষ্ট ও সাধারণ জনগণ এ কথা ভালো ভাবেই জানেন যে, মাওলুদ ও কিয়াম রাসূলুল্লাহ এর প্রতি সম্মান প্রদর্শনার্থে পাঠ করা হয়। আর একারণেই আমরা মাওলুদের আমল ও কিয়ামকে ভালবাসি। আর এর প্রতি নিষেধাজ্ঞা আরোপ

[২১৭] কারামত আলী জৈনপুরী (রহঃ) মুলাখখাস পৃষ্ঠা ৮



কারীদের অপছন্দ করি। একই সাথে আমরা এ প্রত্যাশাও পোষণ করি যে, যারা মাওলানা শায়খ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী (রহঃ) এবং তার পৌত্র ও শীর্ষ্য মাওলানা শায়খ মুহাম্মদ ইসহাক মুহাদ্দিস দেহলভীর সাথে সম্পর্কিত ও রূহানী বন্ধনে সম্পৃক্ত তারা আমদেরকে সমর্থন করবেন এবং উদাত্ত কণ্ঠে ইমাম আওযায়ী (রহঃ) এর কণ্ঠে সুর মিলিয়ে বলবেন' "আল্লাহর শপথ! অবশ্যই আমি ভুলে নিপতিত ছিলাম এবং আমার কথা উপকারহীনকে প্রতিরোধ করতে কেউ যেন দ্বিধা সংকোচ না করে"। কেননা শায়খ আব্দুল আযিয মুহাদ্দিস দেহলভী (রহঃ) উসূলে হাদীসের কিতাব "উযালায়ে নাফেয়া" তে সীরাতে শামী সম্পর্কে উত্তম মন্তব্য করেছেন। আর দ্বিতীয়জন অর্থাৎ মাওলানা শায়খ মুহাম্মদ ইসহাক মুহাদ্দিস দেহলভী তার দাদা এবং ইলমে তরিকতের শায়খের কথার উপর পূর্ণ আস্থা স্থাপন করেছেন। তিনি আমাদেরকে "শত মাসায়েল" শীর্ষক গ্রন্থের পনেরতম প্রশ্নের জবাবে এর বিদশ বিবরণ রয়েছে। আগ্রহী ব্যক্তিগণ তা পাঠ করে দেখতে পারেন।[২১৮]

## মাওলুদ ও কিয়ামের আমল মুস্তাহাব হওয়ার ব্যাপারে উম্মতে মুহাম্মদীর ইজমা

মাওলুদ ও কিয়ামের আমল মুস্তাহাব হওয়ার নির্ভরশীল ও অকাট্য দলীল হচ্ছে মুসলমানদের ধারাবাহিক আমল এবং উম্মতে মুহাম্মদীর ইজমা বা একমত হওয়া। মক্কা মুয়াজ্জমার বিশিষ্ট ওলামায়ে কেরামকে মাওলুদের কিয়াম সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তাদের মধ্য হতে হযরত উসমান বিন হাসান দিময়াতী (রহঃ) বলেন-উল্লেখিত কিয়াম ইস্তেহসান বা পূণ্যময় হওয়ার ব্যাপারে উম্মতে মুহাম্মদীর আহলে সুন্নাত ওয়াল জামাআত একমত পোষণ করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্পষ্টতই বলেছেন-আমার উম্মত গোমরাহী ও পথভ্রষ্ঠতার উপর ঐকমত্য পোষণ করবে না। তাঁদের মধ্য হতে হযরত আব্দুল্লাহ ইবনে আব্দুর রহীম সিরাজ (রহঃ) বলেন- মাওলুদ শরীফ পাঠকালে যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্মের কথা উচ্চারিত হয় তখন দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করা উম্মমে মুহাম্মদীর ধারাবাহিক আমল। শুধু তাই-ই নয়, ক্বারী ইমামগণ এবং বিশিষ্ট ব্যক্তিরাও এর সাথে ঐকমত্য পোষণ করেন। তারা কোনরকম অনিচ্ছা প্রকাশ করেননি এবং ক্ষতিকর বলেও। রায় দেননি। এমনকি কোন বিরুদ্ধবাদী তাঁদের এই আমলকে পরিত্যাজ্য

[২১৮] কারামত আলী জৈনপুরী (রহঃ) মুলাখখাস পৃষ্ঠা ৮

বলেও অবিহিত করেননি। সতরাং এই আমল যে মুস্তাহসান বা পূণ্যপ্লুত এতে কোনোই দ্বিমতের অবকাশ নেই।[২১৯]

হাদীয়ে বাঙ্গাল আল্লামা জৈনপুরী (রঃ) বলেন- যদি কেউ এ কথা বলেন যে, কিয়াম মাওলুদেরই অন্তর্ভুক্ত বিষয়। তাই তা মুস্তাহাব হওয়ার ব্যাপারটি বোধগম্য হচ্ছে না। এর উত্তরে আমরা বলব- মীলাদ মুস্তাহাব হওয়াই প্রমাণ করে যে কিয়ামও মুস্তাহাব। এ ব্যাপারে বিতর্কের কোন অবকাশ থাকেনা। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মুহাব্বতকারী মু'মিনের উচিত এই ফতোয়ার উপর চিন্তা ভাবনা করা। যদি এর বিপরীত কোন পুস্তিকা বা ফতোয়া কোনও দিন প্রকাশ পায়, তাহলে এ কথা বুঝতে হবে যে, তা পঞ্চম বাহিনীর কারসাজি বৈ কিছুই নয় এবং এগুলোর প্রতি দৃষ্টি নিবন্ধন না করাই শ্রেয়। [২২০]

"হাদীকাতানু নাদ্দিয়া" গ্রন্থে আছে যে, সুন্নাহ দুই প্রকারঃ

প্রথমতঃ সুন্নাতে যাওয়ায়েদ-এই সুন্নাত পরিত্যাগকারী অপরাধী হয় না। যেমন- উঠা, বসা ও পোশাক, পরিচ্ছেদ সংক্রান্ত সুন্নাত। একই কথা "আল মানার" গ্রন্থেও আছে। এতে সুস্পষ্ট প্রমাণিত হয় যে, যদি মাওলুদের কিয়াম সুন্নাত পর্যায়ের বলে প্রমাণিত না হয় তাহলে উহা ব্যবহারিক দিকের "বিদআত" বলে অভিহিত হবে। কিন্তু শরীয়তের বিধানের দিকের "বিদআত" হবে না। অথচ মাওলুদের কিয়াম "সুনানে যাওয়ায়েদ" সুলভ সুন্নাত। এটা স্বীকৃত ও প্রতিষ্ঠিত।

এরপরও যে ব্যক্তি মাওলুদের কিয়ামকে অপছন্দনীয় ও পরিত্যাজ্যের অন্তরালে পড়ে আছে তা বলার অপেক্ষা রাখে না। আর রাখেনা বলেই পঞ্চম বাহিনীর কথা, কাজ ও বিশ্বাসের কোনই মূল্য নেই এবং তা প্রমাণ্য বলেও ধর্তব্য হবে না। তারা উত্তমকে অধম বলেতে মোটেই দ্বিধা করেনা। তাদের এই হীনমন্যতা তাদের লিখনীতেও ফুটে উঠেছে। যেন-ইজাহুল হক, মে'ইয়ারুল হক, কালিমাতুল হক ও গায়াতুল হক গ্রন্থগুলোতে হাদের হীনমন্যতাই প্রকাশ পেয়েছে। সুতরাং সত্য প্রকাশিতের পর গোমরাহী ও পথভ্রষ্টতা ছাড়া আর কিছুই থাকতে পানে না।[২২১]

[২১৯] কারামত আলী জৈনপুরী (রহঃ) মুলাখখাস পৃষ্ঠা ৮
[২২০] করামত আলী জৈনপুরী (রহ): মুলাখ্খাস, পৃষ্ঠা ৮
[২২১] কারামত আলী জৈনপুরী (রহঃ) মুলাখখাস পৃষ্ঠা ২১



## মাওঃ আব্দুল হাই লাখনবী (রহঃ)

হযরত মাওলানা আঃ হাই লাক্ষ্ণোবী যিনি শরহে বেকায়া, হিদায়া, মুয়াত্তা মুহাম্মাদ ইত্যাদি বহু গ্রন্থের আরবী হাশিয়া ও শরাহ লেখক তিনি তদীয় মজমুয়া ফাতাওয়া কিতাবে মীলাদ মাহফিল সম্বন্ধে লিখেছেন, তা দু'টি কারনে বিদায়াতে দালাল বা খারাপ বিদয়াত নয়। মীলাদের আলোচনা মানে আলোচক কোন আয়াত পাঠ বা তা হাদীছ পাঠ করে তার ব্যাখায় রাসূল মুকবল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ফজিলত ও আলৌকিক ঘঠনাবলী এবং তার জন্ম কাহিনী ও জন্ম কালের অস্বাভাবিক ঘটনা যা প্রকাশ হয়েছে তা বর্ণনা করেন। বুখারী মক্কী হাফিয ইবনে হাজর তদীয় গ্রন্থে نعمة الكبرعلى العالم بمولد سيد ولد آدم এর মধ্যে লিখেছেন, এ মীলাদ মাহফিলের অস্তিত্ব হুযূর আকারাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ছাহাবায়ে কেরামের যামানায় ছিল। যদিও এ নামে ছিল না। হাদীছ শাস্ত্রবিদগনের অবশ্য জানা আছে যে, ছাহাবায়ে কেরাম ওয়াজ মাহফিল ও তা'লীমী মজলিসে হুযূরের ফজিলত ও বেলাদত সম্পর্কীয় আলোচনা করতেন। ছিহাসিত্তা গ্রন্তে লিখিত আছে হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত হাচ্ছান বিন ছাবিত (রাঃ) কে মসজিদে নববীতে মিম্বরে আরোহণ করে নবী পাকের প্রশংসার কাছিদাসমূহ পাঠ করতেন, আর আল্লাহর রাসূল তাকে দোয়া করতেন ও বলতেন ইয়া আল্লাহ! তাকে জিবরাঈল দ্বারা মদদ করুন হাচ্ছান বিন ছাবিতের দিওয়ান কিতাবখানা মুজিযা বিলাদত ও নসব শরীফ ইত্যাদির বর্ণনায় পরিপূর্ণ রয়েছে। মাহফিলে এ ধরেন কাব্য পাঠের কথা ছহীহ বুখারী শরিফে আছে। মীলাদ পাঠ ও ঐ সমস্ত আলোচনায় তেমন কোন পার্থক্য পরিলক্ষিত হয়না। জ্ঞান বিস্তারের জন্য লোকজনকে সমবেত করা ও আহবান করা হাদীছ শরীফ দ্বারা প্রমাণিত। প্রখ্যাত ফকীহ আবু লাইছ সমরকান্দী তদীয় গ্রন্তে আছে। তাম্বীহুল গাফেলীনে একটি হাদীস বর্ণনা করেছেন। হযরত আলী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন, যখন সূরায়ে নছর অবতীর্ণ হলো তখন হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অসুস্থ ছিলেন। বৃহস্পতিবার দিন তিনি ঘর হতে বের হয়ে মিম্বরে আরোহণ করেন ও হযরত বেলালকে বললেন তুমি মাদীনা শরীফে ঘোষনা কর, সকল মানুষ সমবেত হউক, আমি তাদেরকে উপদেশ প্রদান করবো। হযরত বেলাল (রাঃ) নির্দেশ মোতাবেক ছোট বড় সকল স্তরের মানুষকে হাজির হওয়ার আহবান জানালেন। বাড়ীঘর খালি করে সকলে সম্মেলনে যোগদান করলেন। এমনকি পরদানশীন রমণীগণও পরদা ত্যাগ করে মজলিসে এসে গেলেন। মসজিদে নববীতে সংকুলান হচ্ছিল না; তিনি ঘোষণা করলেন, আপনারা আগত লোকদের জায়গা করে দিন, তিনি দাঁড়িয়ে মহান আল্লাহর

হামদ ও ছানা বয়ান করে সমস্ত নবীগণের প্রতি দরূদ শরীফ পাঠ করতঃ বললেন- আমি মুহাম্মদ আবদুল্লাহর পুত্র, তিনি আবদুল মুত্তালিবের, তিনি হাশিমের আরবী হারামী, মক্কীর পুত্র, আমার পরে কোন নবী নেই। শরীয়তে মুহাম্মদীতে একটি বিধান রয়েছে ইলম প্রকাশনার প্রত্যেকটি শাখা মনদুব বা মুস্তাহাব। [২২২]

قال فی الامداد وحکم الثواب علی الفعل وعدم اللوم علی الترک شامی

প্রকাশ থাকে যে, শামী কিতাব ১/১১৫ পৃষ্ঠায় লিখিত আছে, মনদুব ও মুস্তাহাব এক। তা করলে ছওয়াব না করলে পাপ হবে না।

ইবনে মাজা শরীফে হযরত আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, مما يلحق المؤمنون من حسنا ته بعد موته علم نشره- মানুষের মৃত্যুর পর তাদের যাবতীয় নেক কাজ তাদের সাথে জড়িত হয় তন্মধ্যে ইলম প্রকাশনা ও প্রচারণা অন্যতম, ইমাম বুখারী (রহঃ) كتاب العلم এর মধ্যে খলীফা ওমর বিন আব্দুল আযীয হতে বর্ণনা করেছেন- وليفشوا العلم ويجلسوا حتى يعلم من لا يعلم الخ- তোমরা ইলম প্রচার কর এবং মাহফিল কায়েম করে যারা জানেনা তাদেরকে জানাও। কারন ইলম ধ্বংস হওয়ার মূল কারণ হলো প্রচার না করা। হাফিজ জালালুদ্দীন সুয়ূতী তাঁর প্রণীত কিতাবে অত্র হাদীছের ব্যাখ্যায় লিখেছেন- اذا مات ابن ادم الخ ওলামায়ে কেরাম ছদকায়ে জারিয়ার দ্বারা ওয়াকফ এবং علم المنتفع দ্বারা পুস্তক প্রণয়ন ও শিক্ষা দান করা ব্যাখ্যা করেছেন।

এটা দিবালোকের ন্যায় সত্য, মীলাদে হাকীকী প্রকৃত পক্ষে ইলম প্রচারের একটা দিক। সুতরাং এখানে দু'টি বস্তু পাওয়া গেল (১) মীলাদ পাঠ ইলম প্রচারের একটি মাধ্যম (২) ইলম প্রচারের প্রত্যেকটি উপায় অবলম্বন করা মুস্তাহাব। সাব্যস্ত হলো, মীলাদ পাঠ মুস্তাহাব।

[২২২] মযমুয়ায়ে ফতোয়া ২/১৩১



## মাওঃ আব্দুল হাই লাখনবী (রহঃ) আর বলেন

হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বেলাদত বড় আনন্দ ও খুশীর কারণ। আর এ আনন্দ ও খুশী কোন সময় বা স্থানের সহিত নির্দিষ্ট নয় বরং প্রত্যেক মুমিন মুসলমানের শিরা উপশিরায় এ আনন্দ বিরাজমান । হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চাচার দাসী ছাওবিয়া যখন আবু লাহাবকে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ভূমিষ্ঠ হওয়ায় খবর জানালেন তাতে আবু লাহাব খুশী হয়ে ছাওয়বিয়া দাসীকে আজাদ করে দিলেন। আবু লাহাবের মৃত্যুর পর তাকে স্বপ্নযোগে কিছুলোক জিজ্ঞাসা করলেন, কি কেমন আছেন ? আমি আযাবে লিপ্ত আছি, তবে সোমবার রজনী যেহেতু আমি মিলাদুন্নবীর খুশীতে খুশী হয়েছি তজ্জন্য শাস্তিতে লাঘব হয়। আবু লাহাবের মত কাফেরের নবীর মিলাদুন্নবীর খুশীর দরুন আযাবে কনসেশন হলে পরে তাঁর মহব্বতে দান খয়রাত করেন তাহলে এর ফলে সে কেন উচ্চ মর্যাদা লাভ করবেনা? যেমন আল্লামা ইবনুল জাযরী এবং শায়খ আঃ হক মুহাদ্দিছ দেহলভী (রহঃ) লিখেছেন, বিলাদত, মুজেযা অথবা যুদ্ধের কাহিনী ওয়াজ ও দরস হিসেবে মানুষকে আহবান করে মাহফিলের আকৃতিতে বর্ণনা করলে সহস্রগুণ বরকতের কারণ হতে পারে।

ছাহাবায়ে কেরাম নিজেদের মজলিসকে এসব আলোচনার দ্বারা মহান আল্লাহর নূরসমূহ অবতীর্ণ হওয়ার স্থান বানিয়েছেন। মানুষকে আহবান করা এবং মাহফিল কায়েম করা এ শর্ত সাপেক্ষে যে, তথায় শরীয়ত বিরোধী কোন কার্যকলাপ হবে না। নির্দিষ্ট দিন ধার্য করতঃ মানুষকে আহবান করে মীলাদ শুনানোর ব্যবস্থা করা ইহা হযরত রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যমানায় ও ছাহাবা এবং তাবেয়ীনের যমানায় ছিলনা। তজ্জন্য তাদের থেকে কোন হাদীছ বর্ণিত নেই। রাসূলের যুগে এ তরীকা ছিলনা বলে তাকে বিদয়াত বলা যেতে পারে। কেননা, ইমাম নববী বলেছেন শরীয়তে এমন কোন কাজ আবিষ্কার করা যা হুযূর আকরাম (সা.)- এর যমানায় ছিল না তা বিদয়াত। এরূপ মুল্লা আলী ক্বারী মিশকাত শরীফের ব্যাখ্যা মিরকাতে বর্ণনা করেছেন। তবে যেহেতু এ তরীকা বা পদ্ধতিটি ভাল এবং এর মধ্যে কোন প্রকার গুনাহের কিছু নেই এবং আনন্দ উৎসব উদযাপনের জন্য লোকজনকে একত্রিত করণের কথা হাদীছ শরীফে ও কুরআন পাকে এসেছে। যেমন হযরত বেলাল (রাঃ) হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আদেশক্রমে লোকজনকে সমবেত করেছেন। এ জন্যই শরীয়তে মীলাদ অনুষ্ঠানে অনুমতি দেয়া হয়েছে এবং তাকে বিদয়াতে মনদুবা বলা হয়েছে। মীলাদ অনুষ্ঠানকারী ছওয়াবের অধিকারী হবে । যেহেতু হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, যে ব্যক্তি ইসলাম ধর্মে কোন উত্তম তরীকা আবিষ্কার করবে সে ব্যক্তি তার বিনিময় প্রাপ্ত হবে। এটা জরুরী নয় যে, প্রত্যেক নবাবিষ্কৃত তরীকা ওয়াজিব। যেমন কুরআন পাক ও হাদীছ শরীফ বুঝবার জন্য ইলমে নাহু শিক্ষা করা। আবার কোন কোন বিদয়াত মনদুবা বা মুস্তাহাব। যেমন মাদ্রাসা ও মুসাফির খানা প্রতিষ্ঠা করা এবং তারাবীহ নামায জামায়াত ভিত্তিক আদায় করা। কোন নবাবিস্কৃত বস্তু হারাম। যথা কাদেরিয়া ও মুজাস্‌সীমা সম্প্রদায় তারা আহলে সুন্নাত ওয়াল জামায়াত বহির্ভূত জামায়াত। আর কোন বিদয়াত মাকরূহ তাহরীম। যেমন সোনালী পানি দ্বারা মসজিদে ফুল তোলা। কিছু আবিস্কৃত তরীকা মুবাহ। যেমন খাওয়া দাওয়া ও লেবাসে পোষাকে আধিক্য অবলম্বন। সুতরাং- كل بدعة ضلالة এ কানুনকে ব্যাপক ভাবে ব্যবহার করা যাবেনা বরং আংশিক হিসেবে, ইমাম নববী ও মুল্লা আলী ক্বারী এটাই প্রকাশ্য বলেছেন। এ বর্ণনা দ্বারা আল্লামা তাজউদ্দীন ফাকেহানী মালেকী মত খন্ডন হয়ে গেল যে, মীলাদ অনুষ্ঠান মোবাহ নয়। উপরন্ত বহু মাশায়েখে তরীকত হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাকে স্বপ্নে দেখেছেন তিনি মীলাদ অনুষ্ঠানের জন্য যে সন্তুষ্ট ও আনন্দিত। ঐ বস্তু অবশ্যই ভাল যাতে তিনি খুশী হন। শায়খ হযরত আবদুল হক মুহাদ্দিছ দেহলভী বলেছেন, মীলাদ অনুষ্ঠানের পরীক্ষিত ফজীলতসমূহ হচ্ছে, যে স্থানে মীলাদ পাঠ করা হয় উক্ত স্থান দীর্ঘ এক বৎসর যাবত বিপদমুক্ত থাকে এবং ঐ বছর তাদের মকসুদ পূর্ণ হয়। যারা মীলাদুন্নবীর অনুষ্ঠানকে বিদয়াতে দালালা বলে থাকে তা শরীয়ত বিরোধী মন্তব্য।

এখন নির্দিষ্ট দিনে বা মাসে মীলাদ মাহফিলে করা জায়েয কিনা এবং তাতে ছওয়াব পাওয়া যাবে কিনা? প্রতি উত্তরে তিনি যা বলেছেন নিম্নে তার বর্ণনা দেয়া হচ্ছে মনদুব তরীকা মোতাবেক মীলাদ অনুষ্ঠান কায়েম করা মূলতঃ ছওয়াবের কাজ। হারামাইন, বছরা, ইয়ামান, শাম ও অন্যান্য দেশের লোকেরা রবিউল আউয়াল মাসের চাঁদ দেখে খুশী মনে মীলাদ মাহফিল কায়েম করে তথায় কুরআন পাঠ ও নাত ইত্যাদি পরিবেশন করেন। রবিউল আউয়াল মাসে মীলাদ অনুষ্ঠানে ছওয়াব বেশী পাওয়া যাবে অন্য মাসে কম পাওয়া যাবে এ পার্থক্য হাদীছ শরীফ দ্বারা প্রমানিত নেই। হ্যাঁ যদি কোন ব্যক্তি এ মাসে ছুটি পাওয়ার দরুন এ মাসের কোন এক নির্দিষ্ট দিনে মাহফিল করে যাতে মানুষকে ডাকার প্রয়োজন না হয়। আর প্রতি বৎসর লোকজন নির্দিষ্ট দিনে যাতে বিনা আহবানে সমবেত হয়ে যায় এতে শরীয়ত মতে কোন দোষ নেই কেননা, শরীয়তে ওয়াজ ও দরস দেয়ার নিমিত্ত দিন ধার্য করা জায়েয। হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামা বলেছেন-



انما الاعمال بالنيات وانما لكل امرئ مانوى-

মানুষের নিয়্যাতের উপর তাদের আমলের ভাল মন্দ নির্ভরশীল। প্রত্যেক মানুষের নিয়্যাতই আসল বস্তু।

শেহাব উদ্দীন আহমদ বিন হাজর হায়ইসামী মক্কীর ফাতাওয়ায় লিখিত আছে যে, মীলাদ ও জিকর অনুষ্ঠানে আমরা যা করে থাকি তা অধিকাংশ ভাল। যেমন দান-খয়রাত জিকর, দরূদ ও সালাম এবং হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রসংশার উপর প্রতিষ্ঠিত। যে সমস্ত হাদীছ খাছ ও আম জিকরের সম্পর্কে বর্ণিত হয়েছে যেমন হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামা এর বাণী-

অর্থাৎ পুরুষের যে দল একত্রিত হয়ে বসে আল্লাহর জিকর করতে থাকে তথায় ফেরেশতাগণ এসে তাদেরকে চতুর্দিক বেষ্টন করে ফেলে, মহান আল্লাহর রহমত তাদেরকে ঢেকে ফেলে এবং আল্লাহ পাক তার নিকটতম ফেরেশতাদের মাঝে তাদের সুখ্যাতি বর্ণনা করেন। সুবহানাল্লাহ!

আরো বর্ণিত আছে যে, একদা হুযুর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল মুসলমানকে বললেন, যারা সমবেত হয়ে আল্লাহর জিকর করতে ছিল এবং ইসলামের পথ প্রদর্শনের দরুন তার প্রশংসা করতেছিল। আমার নিকট হযরত জিব্রাঈল এসে বললেন, নিশ্চয় আল্লাহ পাক তোমাদেরকে নিয়ে ফেরেশতাদের মাঝে গর্ব করেন। [২২৩]

বর্ণিত হাদীসদ্বয় নেক কাজের জন্য একত্রিত হওয়া ও বসার ফজীলত সম্পর্কে দলীল হিসেবে গণ্য এবং যারা নেক কাজের জন্য সমবেত হয় মহান আল্লাহ তাদেরকে নিয়ে ফেরেশতাদের মাঝে গর্ব করেন। তাদের উপর প্রশান্তি ও রহমত নাযিল হয়। [২২৪]

---

[২২৩] সহীহ্ মুসলিম

[২২৪] মজমুয়ায়ে ফাতাওয়া ২ / ১৬১ পৃষ্ঠা

## পবিত্র মীলাদ ও কিয়াম সম্পর্কে হাজী ইমদাদুল্লাহ মুহাজীরে মক্কী (রহঃ) এর অভিমত

এতে কারো দ্বিমত নেই যে হযরত ফখরে আদম সরওয়ারে আলম সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের বিলাদত শরীফের বর্ণনা দুনিয়া-আখিরাতের জন্য কল্যাণকর ও বরকতময়। বিতর্কটা হচ্ছে বিলাদত শরীফের জন্য তারিখ নির্ধারণ বা এর পদ্ধতি নির্ধারন বা এর জন্য বিভিন্ন শর্তারোপ করা নিয়ে। এর মধ্যে সবচেয়ে বিতর্কিত বিষয় হচ্ছে কিয়াম (নবী আলাইহিস সালাম এর প্রতি সালাম নিবেদন করার সময় দাঁড়ানো)। কতেক ওলামা এসব কিছুকে নিষেধ করেন। তাদের দলীল হচ্ছে- كل بدعـة ضـلالة (প্রত্যেক বিদআত বিপদগামী)। কিন্তু অধিকাংশ উলামায়ে কিরাম এসব বিষয়কে জায়েয মনে করেন। তাদেঁর অভিমত হচ্ছে- যে কোন অবস্থায় হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের যিকরে ফজীলত রয়েছে। আসলে বিদআত হচ্ছে অর্ধমকে ধর্মের অন্তর্ভূক্ত করা। যেমন হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম ইরশাদ ফরমান من احدث فى امرنا هذا ماليس منه فهـورد (যে আমার ধর্মে নতুন কোন কিছু জারি করলো, যা ধর্মের অর্ন্তভূক্ত নয়, তাহলে বর্জনীয়) সুতরাং যদি কেউ মীলাদ শরীফে ঐ ধরণের তারিখ নির্ধারণ, কিয়াম ইত্যাদিকে ঐচ্ছিক মনে করে এবং এগুলোকে ইবাদত মনে করে না, কিন্তু বিশেষ অভিপ্রায়ে এ সব পালন করে; অবশ্য যাকে উদ্দেশ্য করে এসব করা হচ্ছে অর্থাৎ হুযুর সরওয়ারে কায়েনাত সাল্লাল্লাহু আলাইহে ওয়াসল্লামের যিকরের সম্মানকে নিশ্চয়ই ইবাদত মনে করে, তাহলে এটা বিদআত হবে না। উদাহরন স্বরূপ যদি কেউ স্বয়ং কিয়ামকে ইবাদত মনে করে না। কিয়ামের মাধ্যমে হুযূর আলাইহিস সালামের তাযীমকেই ইবাদত মনে করে; কিন্তু বিশেষ কোন অভিপ্রায়ে এ তাযীমের একটি বিশেষ পদ্ধতি নির্দারণ করে, তাহলে এতে কোন ক্ষতি নেই। বা যে কোন সময় রসুলে করীম সাল্লাল্লাহু আলাইহে ওয়াসল্লামের যিকরের তাযীমকে একটি ভাল কাজ মনে করে। কিন্তু কোন বিশেষ অভিপ্রায়ে যিকরে বিলাদতের সময়কে কিয়ামের জন্য নির্ধারণ করে, বা যে কোন সময় বিলাদতের বর্ণনাকে ভাল মনে করে। কিন্তু কোন একটি সময় নির্দিষ্ট থাকাকে আসান মনে করে বা অন্য কোন অভিপ্রায়ে ১২ই রবিউল আউয়ালকে নির্ধারিত করে, এতে কোন ক্ষতি নেই। অভিপ্রায়ের বর্ণনা অনেক ব্যাপক এবং বিভিন্ন অবস্থায় অভিপ্রায়ও ভিন্ন ভিন্ন হয়ে থাকে। যদি কেউ এ সব অভিপ্রায় সম্পর্কে অবহিত নন, তার জন্য আগের যুগ সম্বন্ধে জানাগুলো যে কোন ব্যক্তির অনুসরণ করাই যথেষ্ট।



নির্দিষ্ট রূহানী আশগাল, মুরাকেবাত, মাদ্রাসা ও খানকাহ তৈরীও ঐ ধরণের অভিপ্রায়েরই ফলশ্রুতি। তবে হ্যাঁ, ঐ সব নির্দিষ্ট বিষয়কে নামায রোযা ইত্যাদির মত যদি কেউ ইবাদত মনে করে, তাহলে নিশ্চয়ই বিদআত হবে। যেমন কারো আকীদা হচ্ছে নির্দিষ্ট তারিখে মীলাদ শরীফ পড়া না হলে, বা এতে কিয়াম অথবা খুশবু বা শিরনী বিতরণের ব্যবস্থা না করলে কোন ছওয়াব হবে না। এ ধরণের আকীদা নিশ্চয়ই ভ্রান্ত। কেননা এতে শরীয়তের সীমালঙ্ঘন প্রকাশ পায়। অনুরূপ মুবাহ বিষয়কে হারাম এবং গুমরাহী মনে করাটাও ভুল। আবার মুবাহ বিষয়সমূহকে ওয়াজিব মনে করাটাও ভুল। কারণ উভয় ক্ষেত্রেই শরীয়তের সীমা লঙ্ঘনই প্রকাশ পায়। তবে যদি ওসব মুবাহ বিষয়কে শরীয়তের দৃষ্টিতে ওয়াজিব মনে করে না। কিন্তু কতেক বরকতের জন্য জরুরী মনে করে, এমন কতেক আমলের ক্ষেত্রে বিশেষ শর্তাবলী জুড়ে দেয়া হয়, যে গুলোর অনুসরণ না করলে বিশেষ তাছির সৃষ্টি হয় না, তাহলে এগুলোকে বিদআত বলার কোন যৌক্তিকতা থাকতে পারে না। যেমন কতেক ওজিফা দাঁড়িয়ে পাঠ করা হয়। যদি বসে পড়া হয়, তাহলে এতে যে বিশেষ তাছির আছে, তা সৃষ্টি হয় না। তাই বিশেষ তাছির সৃষ্টি করার জন্যই সেই ওজিফা দাঁড়িয়ে পাঠ করাকে জরুরী মনে করে। আমল উদ্ভাবনকারীর কাশফ বা ইলহামই এর দলীল। অনুরূপ যদি কোন ব্যক্তি ব্যক্তিগত অভিজ্ঞতা বা কোন নেক বান্দার আমল থেকে মীলাদ শরীফের বিশেস পদ্ধতিকে বরকতময় মনে করে এবং একইভাবে কিয়ামকে জরুরী মনে করে, তাহলে বিদআত হতে পারে না। বিশ্বাস হচ্ছে একটি অভ্যন্তরীণ বিষয়। বিনা জিজ্ঞাসায় এর ধরণ বুঝা যায় না। বাহ্যিক কতেক আলামত দেখে কারো প্রতি খারাপ ধারণা পোষণ করা আদৌ সীমচীন নয়। আবার কতেক আলামত দেখে কারো প্রতি খারাপ ধারণা পোষণ করা আদৌ সীচীন নয়। আবার কতেক লোক বে-কিয়ামীদেরকে দোষারোপ করে কিন্তু এটা উচিৎ নয়। কেননা শরীয়তের দৃষ্টিতে কিয়াম ওয়াজিব নয় ফকীহ্গণ বলেন- চাপসৃষ্টির দ্বারা পছন্দনীয় কাজ (মুস্তাহাব) ও না জায়েয হয়ে যায়। ওয়াজিব কাজসমুহের বেলায় পান দেয়া সঙ্গত কিন্তু ঐচ্ছিক কাজের বেলায় নিষেধ। যদি কেউ বে-কিয়ামীকে দোষারোপ করলো, তাহলে এর জন্য তার সম্পর্কে এ ধারণা করাটা ভুল হবে যে সে কিয়ামকে শরীয়তের দৃষ্টিতে ওয়াবি মনে করে। কেননা। দোষারোপের অনেক কারন থাকতে পারে-কোন সময় ওয়াজিব মনে করে, কোন সময় অভ্যাস বা প্রচলিত প্রথার বিপরীত ওয়ার কারণে। এ অভ্যাসটা দুনিয়াবী বা দ্বীনি ভিত্তির উপর হতে পারে। আবা কোন সময় এ কারনে দোষারোপ করা হয় যে, দোষারোপকারীর অভিমত অনুসারে (অভিমতটি সঠিক হোক বা ভ্রান্ত) এ ধরনের আচরণ বদ আকীদা সম্প্রদায়ের আলামত। উদাহরনস্বরূপ কোন বুযুর্গ ব্যক্তি কোন মজলিসে তশরীফ

আনলেন। সবাই তাজিমের জন্য দাঁড়িয়ে গেলেন কিন্তু একজন বসে রইলো। তখন ওরনিন্দা এ কারণে করা হয় না যে সে শরীয়তের কোন ওয়াজিব বিষয় বর্জন করেছে বরং এজন্যই করা হয় যে সে মজলিসের আদবের বিরোধীতা করেছে। আর একটি উদাহরন হচ্ছে- এ উপমহাদেশে সাধারণভাবে একটি প্রথা প্রচলিত আছে যে তারাবীহ নামাযে কুরআন খতম উপলক্ষে শিরনী বিতরণ করা হয় এবং যদি কেউ শিরনী বিতরন না করে, তখন তার সমালোচনা করা হয়। তবে সমালোচনাটা একারনেই করা হয় যে সে একটি ভাল প্রথাকে বর্জন করলো। আরও একটি উদাহরণ কোন এক সময় নিজদেরকে 'বহক' বলাটা মুতাযালা ফিরকার বৈশিষ্ট্য ছিল। তাই কোন অজ্ঞ ব্যক্তি কাউকে 'বহক' বলতে শুনে ওর সমালোচনা করে এবং ওকে ঐ ফিরকার অন্তর্ভূক্ত মনে করে ওর বিরোধীতা করে। যা হোক উপরোক্ত আলোচনা থেকে পরিষ্কার বুঝা গেল যে কেউ কোন কাজের জন্য করো সমালোচনা করার ফলে এটা প্রমাণিত হয় না যে সে ঐ কাজটা ওয়াজিব মনে করে। আর সাধারণ লোকদের মধ্যে কেহ যদি সত্যিই কিয়ামকে ওয়াজিব বা ফরয মনেকরে, তাহলে কেবল ওর বেলয় তা বিদআত হবে। কিন্তু যারা এ ধরণের আকীদা পোষণ করে না, তাদের বেলায় কেন বিদআতের অপবাদ দেয়া হবে? যেমন কতেক কট্টর পন্থী পীর বুযুর্গের দরবার থেকে পিছপা হটে আসাকে প্রয়োজন মনে করে। কিন্তু অন্যরা পিছপা হটে আসাকে পছন্দনীয় কাজ মনে করে। তাই বলে কি সবার বেলায় বিদআতের অপবাদ দেয়া হবে? কতেক আলেম মুর্খ ব্যক্তিদের কিছু বাড়াবাড়ি দেখে, যেমন ভ্রান্ত হাদীছ বর্ণনা, গান-বাজনা ইত্যাদি, যা সাধারণ লোকদের মজলিসে হয়ে থাকে, সবার জন্য একই রায় দিয়ে দেয়। এটা ন্যায় সঙ্গত আচরণ নয়। কোন কোন ওয়ায়েজীন (বক্তা) মওজু রেওয়ায়েত বর্ণনা করে এবং কোন কোন সময় তাদের ওয়াজ মজলিসে নারী-পুরুষ একসঙ্গে সমবেত হওয়ার কারণে বিশৃংখলা সৃষ্টি হয়। তাই বলে কি সমস্ত ওয়াজ মাহফিল নিষেধ হয়ে যাবে? তা হবে কারীরে জন্য কম্বল পুড়ে ফেলার নামান্তর।

এবার আলোচনা করা যাক মাহফিলে মীলাদে হুযুর পুর নূর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের উপস্থিত হওয়ার আকীদা প্রসঙ্গে। এ ধরণের আকীদাকে কুফর ও শিরক বলাটা বাড়াবাড়ি মাত্র। এটা কুরআন-হাদীছ ও যুক্তি উভয় মতে সম্ভব। এবং অনেক জায়গায় এ ধরণের ঘটনা সংঘটিত হওয়ার প্রমাণও রয়েছে। যদি কেউ সন্দেহ করে যে হুযুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম কিভাবে অবগত হবেন এবং একই সাথে কিভাবে কয়েক জায়গায় তাশরীফ নিয়ে যাবেন, তাহলে এটাকে খুবই দূর্বল সন্দেহ বলে ধরে নিতে হবে। হুযুরের ইলম ও রূহানিয়াতের বিস্তৃতি সম্পর্কে বিশুদ্ধ রেওয়ায়েত এবং আহলে কাশফের প্রত্যাক্ষ দর্শন দ্বারা যা প্রমাণিত, এর



সামনে এ ধরণের ধারণা বাতুলতা মাত্র। তাছাড়া আল্লাহর কুদরতীয়ের বেলায় কারো নাক গলানোর অবকাশ নেই। এটাও হতে পারে যে তিনি (আলাইহিস সালাম) আপন জায়গায় অবস্থান করবেন এবং মধ্যবর্তী পর্দাটা অপসারিত হয়ে যাবে। যে কোন অবস্থায় এটা সম্ভব। এর দ্বারা হুযুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসল্লামের ক্ষেত্রে সত্ত্বাগত অদৃশ্য জ্ঞান, যা আল্লাহর জন্য খাস, প্রতিভাত হয় না। স্বত্ত্বাগত ইলমে গায়ব বা অদৃশ্য জ্ঞান ওটাকে বলা হয়, যেটা অদৃশ্য জ্ঞানীর সত্ত্বার সাথে সম্পৃক্ত। অর্থাৎ যে সত্ত্বাগতভাবে অদৃশ্য বিষয় সম্পর্কে জ্ঞাত, যাকে কারো বলে দেয়ার প্রয়োজন হয় না। এ ধরণের অদৃশ্য জ্ঞান একমাত্র আল্লাহর জন্য খাস। আর যে জ্ঞান খোদা প্রদত্ত, ওটা সত্ত্বাগত নয়। এ ধরণের জ্ঞান মকলুকের বেলায় শুধু সম্ভয় নয় বরং এর অর্জনের ভুরি ভুরি নজীর রয়েচে। ইলকা, ইলহাম ও ওহী এ ধরণেল জ্ঞানেরই পর্যায়ভূক্ত। তাই সম্ভবপর কোন বিষয়ের আকীদা কিভাবে কুফর বা শিরক হতে পারে? যে জিনিসটা হতে পারে বলে বিশ্বাস করা হয়, সেটা যে হতে হবে এমন নয়। তবে বাস্তবায়িত হলে এর জন্য দলীলের প্রয়োজন। যদি কারো দলীল মিলে যায়, যেমন নিজের কাছে কাশফ হলো বা কোন কাশফধারী বান্দা বললেন, তাহলে ওটার উপর আস্থার রাখা জায়েয। অন্যথায় দলীল বিহীন ভ্রান্ত ধারণার পর্যবসিত হবে। এ ধরণের ভ্রান্ত ধারণা বর্জন করা বাঞ্ছনীয়। কিন্তু কোন অবস্থাতেই তা শিরক বা কুফরী হতে পারে না। উপরোক্ত বর্ণনা হলো এ মাসআলার সংক্ষিপ্ত বিশ্লেষণ।

আমার নীতি হচ্ছে 'আমি মীলাদ মাহফিলে যোগদান করি বরং একে বরকতের ওসীলা মনে করে আমি নিজেই প্রতিবছর এর আয়োজন করে থাকি এবং কিয়ামে আনন্দ ও তৃপ্তি পেয়ে থাকি।' এটা যেহেতু বিতর্কিত বিষয় এবং প্রত্যেক দলের কাছে শক্তিশালী বা দুর্বল হোক দলীলও মওজুদ আছে, সেহেতু বিশিষ্ট ব্যক্তিদের উচিত যা তাঁদের বিচার বিশ্লেষণ সঠিক বিবেচিত হবে, সে অনুযায়ী আমল করা। কিন্তু অন্য দলের সাথে যেন কোন হিংসা-বিদ্বেষ না রাখে, ওদেরকে যেন ঘৃনার চোখে না দেখে এবং ওদেরকে যেন ফাসিক গুমরাহ ইত্যাদি না বলে বরং এ মতভেদকে হানাফী-শাফেয়ীর পার্থক্যের মত মনে করে। অধিকন্তু উভয় দল যেন পরসপরে মুলাকাত, চিঠিপত্র আদান-প্রদান, সালাম-কালাম এবং সামাজিক সম্পর্ক বজায় রাখে, একে অপরের বক্তব্য খন্ডন এবং পরসপর বাক বিতন্ডা থেকে বিরত থাকে। বিশেষ করে আজে বাজে লোকদের ফালতু কথার প্রতি যেন কর্ণপাত না করে, যেটা জ্ঞানীদের জন্য শোভা পায় না। আর এ ধরণের মাসআলার জন্য যেন ফতওয়া না লিখে বা সীল দস্তখত প্রদান না করে। কেননা এগুলো অর্থহীন। বরঞ্চ পরস্পরের প্রতি সহনশীল মনোভাব পোষণ করা উচিত-যেমন বে-কিয়ামীরা যদি কিয়ামকারীদের মাহফিলে উপস্থিত হয়, তখন তাদের উচিত কিয়ামকারীদের সাথে কিয়াম করা।

সাধারণ লোকেরা যেসব কাজ অতি রঞ্জিত করে, ওই গুলো যেন শান্তভাবে বারণ করে। আর তা ঐ ধরণের লোক কর্তৃক করা উচিত, যারা মীলাদ-কিয়ামে শরীক হন। কিন্তু যারা মুল মীলাদ শরীফকে নিষেধ করে তাদের নিশ্চুপ থাকা সমীচীন। এসব কাজ যেখানে চালু হয়নি, সেখানে নতুনভাবে চালু করা অনুচিত। মোট কথা যেন ফিতনা ফ্যাসাদ থেকে বিরত থাকে। হাকিমের ঘটনাই এর জন্য যথার্থ উদাহরণ। জায়েয দাবীদারগণ নিষেধকারীদের নিষেধাজ্ঞার পিছনে একটা সন্তোষজনক ব্যাখ্যা মনে করে নিবেন যেমন হয়তো ওদের ব্যাখ্যা বিশ্লেষণে তাদের ধারণাটা সঠিক বিবেচিত মনে হয়েছে অথবা এ জন্যই নিষেধ করে যে, লোকেরা যেন সীমালংগন থেকে বিরত থাকে। অনুরূপ নিষেধকারীরা জায়েয দাবীদারদের অভিমতের ব্যাখ্যা এভাবে প্রদান করবেন-হয়তো ওদের ব্যাক্যা বিশ্লেষণে ওদের আমলটা সঠিক বিবেচিত হয়েছে অথবা হুযুর সাল্লাল্লাহু আলাইহিস সালামের প্রতি মুহাব্বতের আধিক্যের কারণে এ আমলটি করেন এবং মুসলমানদের প্রতি ভাল ধারণা পোষণ করে তাদেরকে এটা পালন করার জন্য অনুপ্রাণিত করেন। বিশিষ্ট ব্যক্তিদের উপরোক্ত নীতির অনুসরণ বাঞ্ছনীয়। সাধারণ লোকদের উচিত যে তারা যে আলেমকে দীনদার এবং দক্ষ মনে করে, তাদের অভিমত অনুযায়ী আমল করা এবং ভিন্নমত পোষণকারী লোকদের সাথে তর্কবিতর্ক না করা। বিশেষ করে ভিন্নমত পোষণকারী উলামা কিরামের শানে বেআদবী না করা। কারণ ছোট মুখে বড় কথা শোভা পায় না।

স্মরণ রাখবেন, গীবত এবং হিংসার দ্বারা আমল বিনষ্ট হয়। এসব কাজ থেকে বিরত থাকবেন, ঝগড়া বিবাদ থেকে দূরে থাকবেন এবং এ জাতীয় বিষয়বস্তু সম্বলিত পুস্তক পুস্তিকা পাঠ করবেন না। কেননা এগুলো হচ্ছে আলেমদের কাজ। এ সব বিষয় পাঠ করলে সাধারণ লোকের মনে আলেমদের সম্পর্কে খারাপ ধারণা এবং শরীয়তের মাসয়ালা মাসায়েলের প্রতি বিরূপ ভাব সৃষ্টি হয়। এ মাসআলার জন্য নির্দিষ্ট নয়, অন্যান্য মাসআলার ক্ষেত্রেও প্রযোজ্য এবং শুভ ফলদায়ক। প্রায় বিতর্কিত মাসআলার ক্ষেত্রে উপরোক্ত পথনির্দেশনার অনুসরণ চলবে। কারণ সেটা সেভাবেই করা হয়েছে।[225]

[২২৫] ফয়সালায়ে হাফত মাসআলা পৃষ্ঠা নং ৬-৯



## ইমামমুল হারামাইন সাইয়্যিদ আলাবী আল মালেকী (রহঃ) এর দৃষ্টিতে মীলাদ মাহফিল বৈধ হওয়ার যুক্তি নির্ভরদলীল সমূহ

সাইয়্যিদ আলাবী আল মালেকী (রহঃ) মীলাদ শরীফের প্রসিদ্ধ তিনটি গ্রন্থ

১। মাওলিদুর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম- ইমাম ইবনে কাছির (রহঃ)
২। মাওলিদুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-ইমাম ইবনে হাজার হাইতামী (রহঃ)
৩। আল মাওরিদুর রাভী ফি মাওলিদুন নববী শরীফ- ইমাম মুল্লা আলী কারী (রহঃ)

এ তিনটি কিতাব একত্র করে তার উপর তাহকিক করে প্রচার করেন । এবং পবিত্র মীলাদ মাহফিল বৈধ হওয়ার যুক্তি নির্ভরদলীল সমূহ উল্লেখ করে ভূমিকা লিখেন। তাঁর তত্ত্বপূর্ণ ভূমিকা এখানে উল্লেখ করা হল।

১। আমরা হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর জন্মানুষ্টান, এমনকি মীলাদ মাহফিলে তাঁর জীবনী আলোচনা করা, শ্রবন করার উদ্দেশ্যে জড়ো হওয়া সালাত ও সালাম পাঠ করা, প্রশাংসা গাওয়া, শ্রবন করা, খানা খাওয়ানো, উম্মতের হৃদয়ে আনন্দ জাগানো ইত্যাদি বিষয় গুলোকে বৈধ বলে মনে করি।

২। মীলাদ মাহফিলকে কেবল বিশেষ কোন রাত্রে বা দিনে পালন করা হলে আমরা তাকে সুন্নাত বলিনা বরং যারা তার বিশ্বাসী প্রকৃত পক্ষে তারাই আহলে বিদআতী, ধর্মে নতুন বিষয় উদ্ভাবনকারী।

কেননা হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর আলোচনা এবং তাঁর সাথে সর্ম্পক রাখা নিদির্ষ্ট নয় বরং যে কোন সময়ে তা করা যায় তা সকল উম্মতে মুহাম্মদীর উপর ওয়াজিবও বটে। নবী পাকের আলোচনায় স্বীয় আত্মা পরিপুর্ণ করাও ওয়াজিব। বিশেষত: নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আগমনের মাস তথা মাহে রবিউল আউয়াল আসলে ঈমানদারগণ মানুষকে তার প্রতি অগ্রসর হওয়ার মানসে আহবান করা বা অনুষ্টান করিয়ে মীলাদ মাহফিলের সকল ফয়েজ ও বরকত উপলব্ধি করানো উচিত।

মুসলমানকে অতীত ও বর্তমান বিষয়ে এমনকি যারা উপস্থিত থাকবে তারা অনুপস্থিতগনের অবহিত করবে।

৩। মীলাদ মাহফিল সহ পূবোর্ক্ত নেক কর্ম মূলক কাজ পালন করা আল্লাহর দাওয়াত প্রচারের গণবৃহৎ উসিলা। মানুষের জন্য তা স্বর্নালী যোগ বিধায় তার জন্য তা পরিহার করা উচিত নয়। এবং প্রত্যেক আহবানকারী উলামায়ে কেরামদের জন্য

আবশ্যক যে, তারা যেন মীলাদ অনুষ্টানের মাধ্যমে জাতীকে হুযূরে পাকের আলোচনা, তাঁর চরিত্র, কৃতিত্ব, শিষ্টাচারীতা, ন্যায় পরায়নতা, উদারতা, জীবনী আলোচনা, মুয়ামালাত, মুআশারাত ও ইবাদত বিষয়ে লোকদের জানিয়ে দেয়া। তাদেরকে নছীহত মুলক কথা বার্তার মাধ্যমে নেক ও কল্যানের পথে পরিচালিত করা এবং বিদআত, শিরকী ফিৎনাহ ফাসাদ, মুছিবত থেকে বেচে থাকার ভীতি প্রদর্শন করা।

আর আমরা সুন্নীরা আল্লাহর করুনায় সার্বাক্ষণিক ভাবেই এ কাজের আহবান করে আসছি এবং মুসলিম সমাজ এর প্রতি উৎসাহ ও উদ্দীপনা দিচ্ছি। তাতে আমাদের ব্যক্তিগত কোন সার্থ নেই বরং আমরা তাঁকে আল্লাহ পাকের নৈকট্য লাভের এক পবিত্র ও বিশাল উসিলা হিসেবে মনে করি।

অতএব, জেনে শুনে যারা নবী পাকের ধর্মের কোন ফায়দা লাভ করতে চায়না তারা সমপূর্ণ ভাবেই মীলাদ মাহফিলের সকল কল্যাণ রহমত ও বরকত হতে বঞ্চিত থাকবে।

**<u>মীলাদ মাহফিল জায়েয হওয়ার দলীলসমুহ:</u>**

১। মীলাদনুষ্টান পালন করা হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর প্রতি আনন্দ ও খুশী প্রকাশ করার এক উত্তম রীতি। এ আনন্দ ও খুশী জাহেরের দরুন কুখ্যাত কাফের আবু লাহাবও উপকৃত হয়েছে। যেমন ঃ বোখারী শরীফে এ প্রসঙ্গে এসেছেঃ

انه خفف عن ابی لهب كل يوم الاثنين سبب عتقه لثويبة جاريته لما بشرته بولادة المصطفى صلى الله عليه وسلم-

অর্থাৎ কুখ্যাত আবু লাহাব হতে প্রতি সোমবার জাহান্নামের অগ্নি হালকা করা হয়, যেহেতু তার কৃতদাসী সুয়াইবিয়া কর্তৃক ভাতিজা মুহাম্মদ এর আগমনের সংবাদ জানানোর কারনে তাকে মুক্ত করে দিয়েছিলো। একথা কাব্যাকারে উপস্থাপন করেছেন হাফিজ শামছুদ্দিন মুহাম্মদ বিন নাছির দিমাশকী (র.)

اذا كان هذا كافا جاذمه * بتبت يداه فی الجحيم مخلدا-

اتى انه فی يوم الاثنين دائما * يخفف عنه للسرور باحمدا-



فماالظن بالعبد الذی كان عمره * با حمد مسرورا ومات موحدا

আবু লাহাবের কাফের হওয়ায় তার নিন্দায় সুরা লাহাব এমর্মে অবতীর্ণ হয়েছিল যে, সে চির জাহান্নামী। কিন্তু তা সত্ত্বেও তার ব্যাপারে অত্যাশ্চর্য একটি ঘটনা আছে যে, প্রতি সোমবার তার থেকে প্রজ্জলিত অগ্নিশিখা হালকা করা হয়, কেবল আহমদী শুভাগমনের খুশী প্রকাশের দরুন। তাহলে ঐ ব্যক্তির বেলায় কি অবস্থা হবে, যে সুদীর্ঘ জীবনে আহমদী শুভাগমনে খুশী যাহের করে একত্ববাদে মৃত্যু বরণ করে। রাসূলে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম নিজেই নিজের আগমনের দিনকে অত্যাধিক সম্মান করতেন এবং এদিবসে তাঁর প্রতি খোদা প্রদত্ত সমুহ নেয়ামতের কৃতজ্ঞতা জ্ঞাপন করতেন। যারা এভাবে শুকরিয়া জ্ঞাপন করবে তিনি তাদেরকে মর্যাদায় ভুষিত করবেন। নবীদের জন্মানুষ্টানের শুকরিয়াকে কোন সময় রোজা পালনের মাধ্যমেও করা হতো যেমন ঃ হাদীস শরীফে হযরত কাতাদাহ (রা.) হতে একখানা হাদীস এসেছে, তিনি বলেছেনঃ

ان رسول الله صلى الله عليه وسلم سئل عن يوم الاثنين؟ فقال وفيه ولدت وفيه انزل علی-

হুযূরে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সোমবার দিনের রোজা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেন: এ দিন আমি জন্মগ্রহণ করেছি এবং এ দিনে আমার উপর প্রথম কোরআন অবতীর্ণ হয়। ইমাম মুসলিম (রা.) এ হাদীসটি সহীহ মুসলিম শরীফের কিতাবুস সিয়াম অধ্যায়ে আলোচনা করেছেন।

আলোচ্য হাদীস হুযূরে পাকের মীলাদানুষ্টানের প্রতি ইঙ্গিত বহন করে থাকে। তবে মীলাদ অনুষ্টানের বিভিন্ন আকুতি থাকলেও মূল অর্থ ও উদ্দেশ্য এক ও অভিন্ন তাতে রোজা দ্বারা পালন করা হোক বা খাদ্য খাওয়ানোর মাধ্যমে হোক, যিকরের আলোচনা মাহফিল হোক বা নবী সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর প্রতি দরুদ ও সালাম পাঠের মাধ্যমে হোক অথবা মাহফিলের আয়োজন করে তাঁর শামায়েল শরীফ শুনানোর মাধ্যমে হোক তাতে কোন বৈপরিত্ব নেই।

৩। হুযূরে পাকা সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর আগমনের খুশী যাহের করা পবিত্র কুরআনে পাকের নিম্নোক্ত বাণী দ্বারা নির্দেশিত।

মহান আল্লাহ পাকের বাণী ঃ

قُلْ بِفَضْلِ اللَّهِ وَبِرَحْمَتِهِ فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا

বলুন হে রাসূল! আল্লাহর ফজল ও করুনা এ দুটো দ্বারা তারা যেন খুশী যাহের করে। অতএব, মহান আল্লাহ পাক আমাদরেকে তাঁর রহমত দ্বারা খুশী যাহের করার নির্দেশ প্রদান করেছেন। অথচ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ই হচ্ছেন সর্বোত্তম রহমত। যার প্রমাণ মিলে নিম্নোক্ত আয়াতে কারীমাতে وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا رَحْمَةً لِّلْعَالَمِينَ আপনাকে সমগ্র বিশ্ববাসীর জন্য রহমত স্বরূপ প্রেরন করেছি।

৪। হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম অতীত যুগের সময়োপযোগী বড় বড় ধর্মীয় ঘটনাসমুহ বর্ণনা করতেন। এবং বলতেন যখন এ দিবস গুলো আসবে তখন তোমরা তার আলোচনা করবে, এর যর্থাথ সম্মান করবে। রাসূলে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এ স্মরনীয় মহিমান্বিত কার্যাবলী নিজেই পালন করেছেন। যেমন : হাদীস শরীফে এসেছে হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম যখন মদীনায় পৌছলেন, তখন সেখানকার ইয়াহুদী গোষ্টিকে দেখতে পেলেন যে, তারা আশুরার দিনে রোজা রাখছে। তিনি তাদেরকে এ বিষয়ে জিজ্ঞেস করলে তারা বলল, আমরা ঐ দিনে রোজা রাখার কারন হলো, যেহেতু মহান আল্লাহ পাক ঐ দিনে আমাদের নবী মুসা (আ.) কে নীল দরিয়ার বিশাল তরঙ্গে ফেরাউনের আক্রমন থেকে রক্ষা করেছেন এবং ফেরাউন সহ তার বাহিনীকে সমুদ্রে ডুবিয়ে মারেন। তাই এ নেয়ামতের শুকরিয়া স্বরূপ আমরা ঐ দিনে রোজা রাখি। তা শ্রবনে হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম – বললেনঃ

نحن احق بموس منكم فصامه وامر بصيامه

অর্থাৎ: হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম তাদেরেকে লক্ষ্য করে বললেন: আমরা তোমাদের চেয়ে মুসা (আ.) এর প্রতি অধিক হক্বদার। এর পর হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম নিজেও রোজা রেখেছেন এবং সাহাবায়ে কেরামকে ও রোজা রাখার নির্দেশ দেন।

৫। প্রচলিত ধারায় উদযাপিত মীলাদ মাহফিলের আয়োজন রাসূলে পাকের যুগে ছিলনা বিধায় সুত্র মতে তা বিদআতের আওতায় পড়ে যায় কিন্তু শরীয়াতের দলীলের আওতাভুক্ত হওয়ায় তাকে বিদআতে হাসানাহ বলা হয়েছে। আর কাওয়ায়িদে কুল্লীয়্যা তথা সাধারন নিয়মানুযায়ী তা বেদআত হয়েছে সামাজিক গঠনতন্ত্র অনুযায়ী



তবে একক নিয়মানুযায়ী নয়, যা রাসূলে পাকের যুগে কোন একজন পালন করেছেন পরবর্তীতে তা ইজমায় পরিনত হয়ে গেছে।

৬। মুলত: মীলাদ শরীফ পাঠ করা হয় হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর প্রতি সালাত ও সালাম পাঠের নিমিত্তে, যা নিম্নোক্ত বাণী দ্বারা প্রামাণিত । আল্লাহ পাকের বাণী ঃ

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا

অর্থাৎ: নিশ্চয়ই মহান আল্লাহ পাক ও তাঁর ফেরেস্তাগন তাঁর নবীর উপর দুরুদ শরীফ পাঠ করে থাকেন। অতএব, হে মুমিনগণ! তোমরাও তাঁর উপর সালাত ও সালাম পাঠ করতে থাক।

একথা শতস্ফূর্ত যে, শরঈভাবে যা কিছু পাঠ করা হয়, তা শরীয়তে দলীল হিসেবে বিবেচিত হয়। অতএব, নবী করীম সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর প্রতি যতই দরুদ শরীফ পড়া হবে ততই নুবুওয়তী ফয়েজ দিলে আসতে থাকবে, মুহাম্মদী সাহায্য অনবরত আসতে থাকবে।

৭। মীলাদ শরীফ মুলতঃ হুযূরে পাকের জন্মালোচনাকে অন্তভূর্ক্ত করে এমনকি তাঁর মোজেযা সীরাত এবং তাঁর পরিচয়কে অন্তভূর্ক্ত করে। অর্থাৎ: নবীজীর জন্মালোচনা, মোজেযা, সীরাত ও জীবনী আলোচনার সমন্বয়ে গঠিত মীলাদ।

৮। আমাদের জন্য উচিত রাসূলে পাকের পক্ষ থেকে প্রতিদান পাওয়ার আশায় তাঁর গুনাবলী পরিপূর্ণভাবে বর্ণনা করা, তাঁর চরিত্র বর্ণনা করা। যেহেতু কবি সাহিত্যিকরা তাদের কবিতা আবৃত্তির মাধ্যমে রাসূলে পাকের প্রশংসা জ্ঞাপন করে তাঁর নৈকট্যের দ্বারপ্রান্তে পৌছিয়েছেন পরে হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম তাদের আমলের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তাদেরকে উত্তম প্রতিদান দান করেছেন। সুতরাং ব্যক্তি যদি প্রশংসা সুচক কবিতা আবৃত্তি করে তাঁর সন্তুষ্টি লাভ করতে পারে তবে যারা তাঁর পবিত্র শামায়েলসমুহ সংগ্রহ করে তার প্রতি হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম কেন সন্তুষ্ট হবেন না? অতএব, বান্দাহ রাসূলে পাকের প্রতি সীমাতিরিক্ত সন্তুষ্টি ও ভালবাসা লাভের কারনে তাঁর নৈকট্য লাভে ধন্য হয়ে থাকে।

৯। রাসূলে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর মু'জিযা ও শামায়েল সমুহের পরিচয় জানা সীমাতিরিক্ত ভালবাসা ও পরিপূর্ণ ঈমানদারের লক্ষন। সাধারন মানব-

মানবা সৌন্দর্যের প্রেমে আকর্ষীত হোক চরিত্রে বা গঠনে অথবা ইলমে আমলে, অবস্থায় অথবা আকীদাগত দিক থেকে কিন্তু হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর চরিত্র মাধুর্য্যতা, সৌন্দর্যতা আকর্ষনীয়তা চেয়ে কোনা বিষয় অত্যাধিক সৌন্দর্যমন্ডিত ও সুরভীত নয়। অতিরিক্ত ভালবাসা ও পরিপূর্ণ ঈমান দুটি শরীয়ত কর্তৃক আদিষ্ট বিষয় বিধায় এ দুটিই নৈকট্য লাভের মুল উৎস।

১০. রাসূলে পাকের তা'যীম তাকরীম করা শরীয়ত কর্তৃক প্রবর্তীত। বিশেষত: তাঁর আগমনের দিনে আনন্দ উল্লাস-খুশী যাহের করা, ভূজ অনুষ্ঠান করা, যিকরের মাহফিল করা, দরীদ্রদের খাদ্যদান করা হচ্ছে সর্বোত্তম তা'যীম, তাকরীম, আনন্দ, উল্লাস ও খুশী যাহের এবং আল্লাহর নেয়ামতের শুকরিয়া আদায় করার নামান্তর।

১১। হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম জুমআর দিনের ফজিলত ও বৈশিষ্ট বর্ণনা করত: বললেন এ দিনে হযরত আদম (আ:) জন্ম গ্রহণ করেন অর্থাৎ: এ দিনে তিনি অস্তিত্ব জগতে ফিরে আসেন বা তাঁর দেহ মোবারক তৈরী করা হয়। যে মোবারক সময়ে জন্মগ্রহণ করেছেন তা দ্বারা সাব্যস্থ হলো যে, নবীগনের আগমনের দিনই হচ্ছে মীলাদ অনুষ্ঠানের দিন। যদি তাই হয়, তবে যে দিন নবীউল আম্বিয়া ওয়াল মুরসালীন, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম জন্ম গ্রহণ করেছেন, সে দিনকে কেন আমরা ঈদ হিসেবে পালন করবো না। তা মূলত: শরীয়ত সম্মত ও যুক্তি সঙ্গত।

১২। মীলাদ শরীফ এমন একটি কাজ যাকে উলামায়ে কেরাম ও সকল মুসলমানগন উত্তম বলে রায় দিয়েছেন, যা শরীয়তের পঞ্চম দলীল মুস্তাহসান হিসেবে বিবেচিত। বিশ্বের প্রত্যন্ত অঞ্চলের মুসলিম জনতা তা পালন করে আসছে এবং প্রতিটি দেশে তার আমল প্রবাহমান হয়ে আসছে।

আর উক্ত প্রমাণ হযরত ইবনে মাসউদ (রাঃ) কতৃর্ক নিম্নে বর্ণিত হাদীসে মাওকুফ সুত্রে বর্ণিত হওয়ায় তা শরীয়ত সিদ্ধ।

হুযূর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর বাণী ঃ

ماراٰه المسلمون حسنا فهو عند الله الحسن ومارأه قبيحا فهو عند الله قبيح

অর্থাঃ মুসলমান উলামায়ে কেরাম যেটাকে উত্তম বলে মনে করেন, তা আল্লাহর নিকট উত্তম বলে বিবেচিত। অপর দিকে তারা সেটাকে নিকৃষ্ট বলে রায় দিয়েছেন,



তা আল্লাহর কাছেও নিকৃষ্ট বলে বিবেচিত। ইমাম আহমদ বিন হাজার (র.) তা বর্ণনা করেছেন।

১৩। মীলাদ মাহফিলে হুযূরে পাকের যিকরের বৈঠক, সাদক্বা খায়রাত, প্রশংসা ও তা'জীম কিয়াম প্রদর্শন করা হয়ে থাকে বিধায় তা সুন্নাত। আর উক্ত কার্যাদী শরীয়ত কর্তৃক স্বীকৃত ও প্রশংনীয়। এবিষয়ে বহু বিশুদ্ধ হাদীসসমুহ বর্ণিত আছে এবং উক্ত আমলের প্রতি উদ্বুদ্ধ হওয়ার ও উৎসাহ দিয়েছে।

১৪। মহান আল্লাহ পাক এরশাদ ফরমানঃ

وَكُلاًّ نَّقُصُّ عَلَيْكَ مِنْ أَنبَاء الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُؤَادَكَ

অর্থাৎ: রাসূলগণের সংবাদ মধ্যকার কিছু কাহিনী আমি আপনার নিকট বর্ণনা করেছি, যাতে করে এর দ্বারা আমি আপনার অন্তকরণকে হৃদয়কে সুদৃঢ় করতে পারি। এ আয়াত দ্বারা প্রতীয়মান হয়ে গেলো যে, রাসূলগনের কিচ্ছা কাহিনী বর্ণনা করার হেকমত হচ্ছে মুলত: হুযূরে পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর অন্তকরণকে সুদৃঢ় রাখা। যদি তাই হয়, তবে আমরা ও আজ নবীগণের সংবাদ জানার মাধ্যমে আমাদের হৃদয় সুদৃঢ় রাখার প্রত্যাশী। আর এক্ষেত্রে সকল নবীগণের তুলনায় আমাদের নবী সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর আলোচনা জিন্দা রাখার মাধ্যমে আমাদের ক্বলব সুদৃঢ় রাখবো। তা ই যুক্তি নির্ভর কথা।

১৫। সলফে সালেহীনগণ যে কাজ করেননি বা যেটি ইসলামের প্রাথমিক যুগেও ছিলনা সেটা নিকৃষ্ট ও নিন্দনীয় বেদআত বটে। এ ধরনের কাজ করা সম্পূর্ণ হারাম বরং তাকে অস্বীকৃতি জানানোও অত্যাবশ্যক। আর যেগুলো শরঈ দলীলের উপর গঠিত হয়েছে তা মেনে নেয়া ওয়াজিব। যেমন ঃ কোন কোনটি ওয়াজিব। কোনটি হারাম, যা মাকরূহের উপর গঠিত তা মাকরূহ, যা মুবাহ তা মুবাহ, অথবা কোনটি মুস্তাহাব হলে মুস্তাহাব হিসেবে পরিগণিত হবে।

এরপর উলামায়ে কেরাম বেদআতকে মোট পাঁচটি ভাগে বিভক্ত করেছেন। যে গুলো হচ্ছে:

১। ওয়াজিব বেদআতঃ-যেমন : কোরআন হাদীস ও আরবী ভাষা জানার নিমিত্বে নাহু-ছরফ শিক্ষা করা বাতীল পন্থীদের দাঁতাভাঙ্গা জাওয়াব দেয়া।

২। মানদুব বেদআতঃ- যেমন : শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা, গগন চুম্বী মিম্বারের উপর আযান দেয়া, উত্তম কাজ যা প্রথম যুগে সুচীত হয়নি।

৩। মাকরূহ বেদআত:- যেমন : মসজিদসমুহ সীমাতিরিক্ত কারুকার্য করা, কিতাব বাধাই করা। ইত্যাদি।

৪। মুবাহ বেদআত:- খাওয়া, পান করার প্রচুর্যতা প্রশান্ততা ও প্রসস্থ জায়গা তৈরী করা।

৫। হারাম বেদআত- যেমন : যা নতুন আবিস্কৃত কিন্তু কুরআন হাদীসের সমর্পূণ বিপরীত এবং সাধারণভাবে শরঈ দলীল তাকে গ্রহ্য করেনা যেহেতু তা শরয়ী আওতায় পড়েনি।

১৬। যে বিষয় ইসলামের প্রথম যুগে সমাজবদ্ধভাবে বিন্যস্ত ছিলনা কিন্তু এককভাবে তার অস্তিত্ব বিদ্যমান ছিল তা ও শরীয়তে গ্রাহ্য। কেননা শরীয়তের আওতায় যা প্রতিষ্টিত হয়ে যায়, তা এককভাবে হলেও মুলতঃ তা শরীয়ত কর্তৃক প্রবর্তীত। তা দিবালোকের ন্যায় স্পষ্ট।

১। প্রত্যেক বেদআত আবার হারাম নয়। কেননা যদি সকল বেদআত হারাম হয়ে যায়, তবে হযরত আবু বকর, ওমর ও যায়েদ (রাঃ) গনের আমলে কুরআন মযীদ সংরক্ষণ করা হারাম হয়ে যেতো, যখন সাহাবায়ে কেরামগনের মধ্যকার কিছু সংখ্যক হাফিজে কুরআন ওকারীগনের ইন্তেকালে কুরআনের অস্তিত্ব প্রায় বিলীন হওয়ার আশংকায় তা গ্রন্থাকারে লিপিবদ্ধ করে রাখা হয়েছিল। এবং হযরত ওমর (রা.) এর আমলে তিনি একই ইমামের পিছনে তারাবীহের ২০ রাকাত নিম্নোক্ত বাণী نعمت البدعة هذه (কতইনা উত্তম বেদআত) তা দ্বারা সুন্নাত সাব্যস্থ করেছিলেন তাও হারাম হয়ে যাবে। মানুষের সামগ্রীক ফায়দা সম্বলিত সমস্ত গ্রন্থ ভান্ডার সমুহ হারাম হয়ে যাবে, আর আমাদের উপর আবশ্যক হয়ে যেতো কাফেরদের সাথে তীর বর্শা দ্বারা যুদ্ধ করা আবার তারাও আমাদেরকে গুলি, কামান তোপ, যুদ্ধ ট্যাংক উড়োজাহাজ, ডুবোজাহাজ, সাবমেরিন ও নৌবহর দ্বারা হামলা করতো। ঐ রার উপর আযান দেয়া হারাম হয়ে যাবে। এমনকি শিক্ষা প্রতিষ্ঠান, চিকিৎসা কেন্দ্র (ক্লিনিক) ত্রানসামগ্রী এতীম খানা লঙ্গর খানা জেলখান্ এগুলো সবই হারাম হয়ে যেতো।

এতএব, যে সমস্ত উলামায়ে কেরাম كل بدعت ضلالة (প্রত্যেক বেদআত গোমরাহী) দ্বারা বেদআত সাইয়্যিয়া উদ্দেশ্য নিয়েছেন এবং বলেছেন যে, সাহাবা ও তাবেঈনগনের আমলে যে সকল বিষয় আবিস্কৃত হয়েছে এবং তা রাসূলে পাকের আমলে বিদ্যমান ছিলনা বিধায় তা বেদআত। এর প্রতি উত্তরে আমরা বলবো



আমরাতো বর্তমান যুগে এমন অনেক মাসআলাসমুহ উদগাঠন করেছি যা পূর্ববর্তী আমলে ছিলনা। যেমন : তারাবীহের নামাজের পর আমাদের দেশে শেষ রাত্রে তাহাজ্জুদের নামাজ জামাত বদ্ধ হয়ে আদায় করি উক্ত রাত্রে সমস্ত কুরআন খতম করা হয়, খতমে কুরআনের দোয়া দীর্ঘভাবে পাঠ করা হয়, হারামাইন শরীফাইনের ইমামদ্বয় কর্তৃক রামদ্বান শরীফের ২৭ তারিখ তথা লাইলাতুল কদরের রজনীতে খুতবা পরিবেশন করা, এবং তাহাজ্জুদের নামজের জন্যএকজন আহবানকারী কর্তৃক এ বলে আহবান করা صلاة الليل اثابكم الله ইত্যাদি। এগুলোর কোনটিই হুযূরে পাকের আমলে প্রচলিত ছিলনা এমনকি পরবর্তী সাহাবী যুগেও ছিলনা। তাহলে আমাদের ঐ ধারাবাহীক আমল বেদআত হয়ে যাবে কি? এবার বলতে হবে যে, এগুলো বেদআত কিন্তু বেদআতে হাসানাহ বা উত্তম বেদআত।

১৮। ইমাম শাফেয়ী (রাঃ) বলেন এমন কতগুলো বিষয় উদ্ভাবন হল, যা শরীয়তে মোটেই গ্রাহ্য নয় বা কুরআন, হাদীস, ইজমা, কিয়াসের সম্পূর্ণ বিপরীত, তা হবে বেদআতে দ্বালালাহ বা ভ্রান্ত বেদআত। আর যেগুলো সত্য ও কল্যানের উপর ভিত্তিকরে প্রবর্তীত হয় অথচ এগুলো শরীয়তের চারটি মূলনীতির বিরোধী নয় তবে তা সন্দেহাতীতভাবে শরীয়ত সিদ্ধ ও প্রশংসীত। ইমাম ইজদুদ্দীন বিন আব্দুস সালাম ও ইমাম নব্বীদ্বয় ও তাকে সর্মথন করেছেন এবং এ আমল সমূহ প্রবাহমান রেখেছেন। অনুরূপ ইমাম ইবনুল আছীর স্বীয় গ্রন্থে বিদআত অধ্যায়ে বেদআতে হাসানা বলে মন্তব্য করেছেন।

(১৯) শরীয়ত বিরোধী উদ্ভাবনা ছাড়া যেগুলো শরীয়তের আওতায় পড়ে এবং জনগন তাতে অস্বীকার করেনা, প্রকৃত পক্ষে তা ধর্মের অর্ন্তভুক্ত।

কোন কোন গুড়াপন্তিরা বলে থাকে যে, পূর্ব্বর্তী আমলে যা ছিলনা বা যে কাজের সর্মতন ছিলনা থাকে কোন অবস্থাতেই দলীল হতে পারেনা বরং তা শরীয়তে অগ্রাহ্য ও তাদের এহেন যুক্তি সর্ম্পুণ অযৌতিক ও অবান্তার বৈই কিছুই নয়। কেননা হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রকৃত বেদআত উদ্ঘাঠনকারীকে সুন্নাত ও এর প্রচলনকারীকে প্রতিদানের অঙ্গীকার ব্যক্ত করেছেন । যা নিম্নোক্ত বাণী দ্বারা প্রণিধান যোগ্য । হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ ফরমান-

من سن فى الاسلام سنة حسنة فعمل بها بعده كتب له مثل اجر من عمله – ولا ينقصى من احوهم مثى –

অর্থাৎ- যে ব্যক্তি ইসলামে একটি উত্তম রীতি প্রর্বতন করতঃএর প্রতি আমল করবে তার আমল নামায় যারা এর প্রতি আমল করবে তাদের সমপরিমান প্রতিদান দান করা হবে । অথচ আমল কারীদের আমল নামা হতে সরিষা পরিমান সাওয়াব হ্রাস করা হবেনা। ইমাম ইযযুদ্দীন বিন আব্দুস সালাম ও ইমাম নববীদ্বয় ও তাকে সমর্থন করেছেন এবং এ আমল গুলো প্রবাহমান রেখেছেন । অনুরুপভাবে ইমাম ইবনুল আছির স্বীয় গ্রন্থের বেদয়াত অধ্যায়ে বেদআতে হাসানা বলে মন্তব্য করেছেন ।

২০। মীলাদ মাহফিল হচ্ছে মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর সকল আলোচনা জীবিত রাখার এক উত্তম মাধ্যম। আর আমাদের দৃষ্টিতে ইসলামে তা প্রবর্তীত ও উত্তম কাজ। কেননা তুমি লক্ষ্য কর হজ্জের বিধি বিধানের দিকে, এগুলো মুসলমানরা বারং বার পালন করে আসছে তার কারন কি? মুলত: এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে সম্মানীয় ও প্রশংসনীয় ঘটনা আল্লাহর নিদর্শন গুলোর স্মৃতি চারণ করা। যেমন : সাফা মারওয়া পাহাড়ে দৌড়া দৌড়ী করা, পাথর নিক্ষেপ করা, মিনাপ্রান্তরে জবেহ করা ইত্যাদি কাজসমুহ অতীত ঘটনা ও নিদর্শনসমুহ বিধায় বিশ্বের প্রত্যন্ত অঞ্চলের মুসলমানগন বাস্তবে হজ্ব পালনের মাধ্যমে এ নিদর্শন গুলোর স্মৃতি চারন করত: জিন্দা রাখে।

২১। মীলাদ মাহফিল শরীয়ত সম্মত হওয়ার ব্যাপারে আমরা পুর্বে যে সমস্ত বৈধ যুক্তিগুলো উপস্থাপন করেছি তা কেবল মাত্র মীলাদে মুস্তফা সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম এর ক্ষেত্রে প্রযোজ্য। তবে যে সমস্ত মীলাদ মাহফিলে এমন গঁহিত নিকৃষ্ট ও নিন্দনীয় কাজ হয় যে গুলোর প্রতি ঘৃণা করা আবশ্যক যেমন : নারী পুরুষের সংমিশ্রন, হারাম কাজে মগ্ন হওয়া, সীমাতিরিক্ত অপচয় করা যেগুলোর প্রতি হুযুর পাক সাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লাম সন্তুষ্ট নন এগুলো নি:সন্দেহে হারামও নিষিদ্ধ হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই।

তবে একটি বিষয়ের জওয়াব স্পষ্টভাবে দেয়া আবশ্যক যে, যদি কেউ পুর্বোক্ত নিষিদ্ধ ও নিকৃষ্ট কাজ মীলাদ মাহফিলে সংমিশ্রন করে, তবে তার দ্বারা স্থায়ীভাবে হারাম সাব্যস্ত হয়না। কেননা কোন বৈধ বিষয়ের সাথে অবৈধ বিষয় মিশ্রন হলে অস্থায়ীভাবে তা হারাম হতে পারে কিন্তু মুলকে হারাম করেনা।

অতএব, তাতে প্রতীয়মান হলো যে, মীলাদ শরীফে কোন অশ্লীল ও শরীয়ত গর্হীত কাজ হলে তখনই তা হারাম হবে অন্যতায় শরীয়ত সম্মত কাজের মাধ্যমে পালিত হলে তা সর্ব সম্মতি ক্রমে বৈধ ও শরীয়ত সম্মত কাজ বলে বিবেচিত হবে। [২২৬]

[২২৬] আল মাওরিদুর রাভী প্রকাশকের ভূমিকা



# তৃতীয় অধ্যায়

## দিবস পালন

### মাওলানা আশরাফ আলী থানবী

মাওলানা আশরাফ আলী থানবী সাহেব সুরা ইউনুছ এর ৫৮ নং আয়াতের ব্যাখ্যায় লিখেছেন-

بلا اختلاف حضور صلى الله عليه وسلم الله تعالى كى سى برطى نعمت اور اسكا كامل ترين فضل هى- اسلئ اس ايت مباركه بد لالة النص به بهى مراد لياجا سكتا هى كه يهان فضل ورحمت سى حضور صلى الله وسلم هى جس كى ولادت پر الله تعالى خوشى منانيكا دى رها هى-

অর্থাৎ - হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ তায়ালার সবচেয়ে বড় নিয়ামত এবং পরিপূর্ণ অনুগ্রহ এ বিষয়ে কারও দ্বিমত নেই। তাই এ আয়াতের অর্থ ইহা নেয়া যায় যে, আল্লাহ তায়ালা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভ জন্ম উপলক্ষে আনন্দ প্রকাশার্থে উৎসব উদযাপনের নির্দেশ দিচ্ছেন। [২২৭]

আল্লাহ তায়ালা ইরশাদ করেন- واما بنعمت ربك فحدث

হে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আপনি আপনার প্রতিপালক প্রদত্ত নিয়ামতের আলোচনা করুন। [২২৮]

### ইমাম ইবনে জরীর তাবারী (রহঃ) (৩১০- হিঃ)

এ আয়াতের তাফসীরে ইমাম ইবনে জরীর তাবারী (রহঃ) (৩১০- হিঃ) তদ্বীয় 'তাফসীরে তাবারী' গ্রন্থে লিখেছেন। -

اذا علمت فحدث اخوانك يقتدوا بك اذا لم يتضمن رياء

[২২৭] মুজমুয়া খুতবাত, মাওলানা আশরাফ আলী থানবী, হাম্বলী কুতুবখানা, লাহোর

[২২৮] সুরা দোহা, আয়াত- ১১

যখন তোমার প্রতি আল্লাহ প্রদত্ত নিয়ামতের কথা জানতে পারবে তখন তোমার অনুসরনের জন্য সমসাময়িকদের সাথে উক্ত নিয়ামতের আলোচনা কর। যতক্ষন না তাতে রিয়া বা লোক দেখানো মূলক্ষ আচরণ থাকে। [২২৯]

## ইমাম ইমাদুদ্দীন ইবনে কাছীর (রঃ) (৭৭৪- হিঃ)

ইমাম ইমাদুদ্দীন ইবনে কাছীর (রহঃ) (৭৭৪- হিঃ) তৎপ্রনীত 'তাফসীরে ইবনে কাছীর' গ্রন্থে এ আয়াতের তাফসীরে সাইয়্যেদুনা হযরত আবু দারদা (রাঃ) থেকে একটি হাদীস উল্লেখ করেন-

كان المسلمون يرون ان من شــكر ان يحــدث بهــا والتحــدث بنعمة الله شكر وتركها كفر

মুসলমানদের রায় হল নিয়ামতের আলোচনা করাই কৃতজ্ঞতা। আর আল্লাহর নিয়ামতের আলোচনা মানেই তার শুকরিয়া আদায় করা। আলোচনা ছেড়ে দেয়ার নামই অকৃতজ্ঞতা। [২৩০]

এ আয়াতের ব্যাখা থেকে প্রমাণিত হয় নেয়ামতের আলোচনা, স্তুতিগান, প্রশংসা বর্ণনার মাধ্যমে নেয়ামত দাতার শুকরিয়া আদায় করাই শরীয়তের নীতি। আর নেয়ামত যত বড় ততবেশি আলোচনা ও শুকরিয়া আদায় করাই বাঞ্চনীয়। এ বিষয়ে সন্দেহ নেই যে, সাইয়্যিদে দো- আলম হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হলেন সর্বশ্রেষ্ট নিয়ামত এবং সর্বোচ্চ রহমত। তাই তাঁর আগমনের মাসে ও দিনে শুকরিয়ার হিসেবে ইবাদত বন্দেগী করা কৃতজ্ঞতা প্রকাশ করা, আন্দোৎসব করা সর্বোপরি তাঁর জন্ম দিবসে ঈদ উৎযাপন করা প্রশংসনীয় ও উত্তম কাজ।

## আল্লামা ইসমাইল হাক্কী (রহঃ)

তাফসীরে 'রূহুল বয়ান' প্রণেতা আল্লামা ইসমাইল হাক্কী (রহঃ) ইমাম জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) এর উদ্ধৃতি দিয়ে তদ্বীয় তাফসীরে লিখেছেন-

يستحب لنا اظهــار الــشكر لمولــده عليــه الــصوة والــسلام بالاجماع

[২২৯] তাবারী:যামিউল বয়ান খন্ডঃ ১২ পৃষ্ঠা- ১৫০
[২৩০] তাফসীরে ইবনে কছীর



ইমাম জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম দিবস শুকরিয়া আদায় করা উলামায়ে কেরামের ইজমা (ঐক্যতম) দ্বারা মোস্তাহাব সাবিত হয়েছে। [২৩১]

فال عروة وثوبية مولاة لابى لهب كــان لهــب اعتقهــا فــار ضعت النبي صلي الله عليه وسلم فلمــا مــات ابــو لهــب رأه بعض اهله بشر حيبة قال له ماذا لقيــت قــال ابــو لهــب لــم الق بعدكم غير اني سقيت في هذه بعتا قتي ثوبية–

সাইয়্যিদুনা হযরত উরওয়া (রাঃ) বলেন- সাইয়্যিদুনা হযরত উরওয়া বলেন- সুয়াইবিয়া আবু লাহাবের দাসী ছিলেন। তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভ জন্মের সংবাদ আবু লাহাবকে অবগত করালে সে খুশি হয়ে তাঁকে মুক্তি দেয়। অতঃপর তিনি হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুধপান করান। আবু লাহাবের মৃত্যুর পর তার পরিবারের একজন স্বপ্নে তাকে খুবই শোচনীয় অবস্থায় দেখতে পেয়ে জিজ্ঞেস করলেন তোমার অবস্থা কি? তদুত্তরে সে বলল তোমাদেরকে ছেড়ে আসার পর থেকে আমার কল্যাণকর কিছুই হয়নি। তবে হ্যাঁ এই শাহাদত অঙ্গুলী দিয়ে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জন্মের সুসংবাদ শুনে সুয়াইবিয়াকে মুক্তিদানের কারণে আমাকে পানীয় দেয়া হয়। [২৩২]

## ইমাম ইবনে হাজার আসকালানী (রহঃ)

এ হাদীস শরীফের ব্যাখ্যায় ইমাম ইবনে হাজার আসকলানী (রহঃ) তদ্বীয় 'ফতহুল বারী' গ্রন্থে এবং ইমাম বদরুদ্দীন আইনী (রহঃ) তৎপ্রণীত 'উমদাতুল ক্বারী' (সু-প্রসিদ্ধ আইনী) গ্রন্থে লিখেছেন-

ونكر السهيلي ان العباس رضــي الله عنــه قــال مــات ابــو لهب رأيته منا مي بعد حول قي شــر حــال فقــال مــا لقيــت بعد كم راحة الا ان العذاب يخفف عني كل يــوم اثنــين قــال

[২৩১] আলুছী:তাফসীরে রূহুল বয়ান
[২৩২] বোখারী শরীফ, খন্ড- ২ পৃষ্ঠা- ৭৪৬

وذالك ان النبي صلي الله عليه وسـلم ولـد الاثنـين وكانـت ثويبة بشرت ابالهب بمولده فاعتقها-

হযরত সুহাইলী (রহঃ) উল্লেখ- করেন সাইয়্যিদুনা হযরত আব্বাস রাঃ বলেন আবু লাহাবের মৃত্যুর এক বছর পর স্বপ্নে দেখি সে অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে রয়েছে। সে আমাকে সম্বোধন করে বলল- তোমাদের নিকট থেকে আসার পর থেকে আমি শান্তির মুখ দেখিনি। তবে প্রতি সোমবার আমার শাস্তি লঘু করার কারন হল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভ জন্মের দিন ছিল সোমবার। আর সুয়াইবিয়া হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের সু-সংবাদ প্রদানের কারণে আবু লাহাব খুশি হয়ে তাকে মুক্তি দেয়। [২৩৩]

আহলে সুন্নাত ওয়াল জামাতের সকল উলামায়েকেরাম এ বিষয়ে ঐক্যমত পোষন করেন যে, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভ জন্মের সংবাদ শুনে আনন্দিত হয়ে দাসী সুয়াইবিয়াকে মুক্তিদানের কারনে প্রতি সোমবারে আবু লাহাবের শাস্তি হালকা করা হয়।

## ইমাম ইমাদুদ্দীন ইবনে কাছীর (রহঃ) (৭৭৪-হিঃ)

হাফিজে হাদীস ইমাম ইমাদুদ্দীন ইবনে কাছীর (রহঃ) (৭৭৪-হিঃ) স্বরচিত জগদ্বিখ্যাত 'বেদায়া নেহায়া' গ্রন্থে উলামায়ে কেরামের অভিমত সংকলন করে লিখেছেন-

قالوا لانه لما بشرته ثويبة بميلاد ابن أخيـه محمـد بـن عبـد الله أعتقها من ساعته فجوزي بذلك لذلك.

মুহাদ্দিসীনে কেরাম বলেন- সুয়াইবিয়া আবু লাহাবকে তার ভাতুস্পুত্র হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিন আব্দুল্লাহ এর শুভ জন্মের সংবাদ প্রদান করায় সে তাঁকে মুক্তি দিয়েছিল। এর প্রতিদান হিসেবে তার শাস্তি হালকা করা হয়। [২৩৪]

যে কাফির আবু লাহাবের উপর অভিশম্পাত বর্ষন করে আল্লাহ তায়ালা পবিত্র কোরআন শরীফে একটি পূর্ণাঙ্গ সুরা অবতীর্ণ করেছেন সেই খোদা-দ্রোহী দুশমন ও

[২৩৩] বদর উদ্দীন আইনিঃ উমদাতুল কারী, আসকালানী:ফতহুল বারি, খন্ড ১০, পৃষ্ঠা- ১৮২
[২৩৪] বেদায়া-নেহায়া ২য় খন্ড ৩৩৩পৃষ্ঠা



যদি মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম দিবসে খুশি প্রকাশ করার কারণে তার থেকে জাহান্নামের আযাব হালকা করা হয় তবে মু'মিন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পবিত্র মীলাদের দিনে আনন্দ প্রকাশ তথা ঈদ উদযাপন করলে তা যে শরীয়ত সম্মমত হবে তাতে কোন সন্দেহ নেই। যে ব্যক্তি ঐ দিনে ও মাসে ঈদ উদযাপন করবে সে অফুরন্ত সওয়াবের অধিকারী হবে। হযরত শেখ শাদী (রহঃ) এর কছিদার একটি পংক্তি এক্ষেত্রে প্রণিধানযোগ্য-

دوستان راكجا كني محروم- توكه باد شمنان نظر داري-

রাসূলাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমন মহান সত্তা যিনি চির শত্রুর প্রতিও লক্ষ্য রাখেন। বন্ধু বা অনুসারীদের বঞ্চিত করার তো প্রশ্নই আসেনা।

## আল্লামা ইউসুফ বিন ইসমাইল নাবহানী (রহঃ)

আল্লামা ইউসুফ বিন ইসমাইল (রহঃ) তদ্বীয় 'জাওয়াহিরুল বিহার' গ্রন্থে লিখেছেনঃ আল্লাহ ঐ ব্যক্তির উপর রহমত বর্ষণ করুন যে ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের মাসকে ঈদ হিসেবে উদযাপন করেন। [২৩৫]

লক্ষ্যণীয় যে, পবিত্র শবে কদরের রাত হাজার মাস অপেক্ষা উত্তম। এ রাতের শ্রেষ্ঠত্ব সর্বজন বিদিত। ফলে এ রাত উদযাপনে কারও দ্বিমত নেই। অথচ মুহাদ্দিসীনে কেরাম হাজার অপেক্ষা শ্রেষ্ট শবে ক্বদরের রজনীর চেয়েও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পবিত্র মীলাদের রজনীকে উত্তম হিসেবে অভিমত পেশ করেছেন। সহীহ্ বুখারী শরীফের ভাষ্যকার ইমাম ইবনে হাজার কসতলানী (রহঃ) তাঁর প্রণীত 'মাওয়াহিবে লাদুনিয়া' গ্রন্থে লিখেছেন-

যদি প্রশ্ন করেন কোন রজনী উত্তম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মীলাদের রজনী, নাকি শবে কদরের রজনী? এর জবাবে আমি (ইবনে হাজার কসতলানী ) বলব যে, মীলাদ রজনী লাইলাতুল কদর থেকে তিন ভাবে উত্তমঃ

এক. শুভ মীলাদের রজনী হচ্ছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রকাশের রজনী আর কদরের রজনী তাঁকে দান করা হয়েছে। কাজেই যে রজনীতে তাঁর পবিত্র সত্তার আবির্ভাব হয়েছে সেটি নিশ্চয় ঐ রজনী থেকে উত্তম হতে পারে না। এ হিসেবে লাইলাতুল মাওলিদ তথা রাসূলু সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এর শুভ মীলাদের রজনীই সর্বোত্তম।

[২৩৫] ইউসুপ নাবহানী : জাওয়াহিরুল বিহার, খন্ডঃ ৩ পৃষ্ঠা- ১১২৫

দুই. লাইলাতুল ক্বদর মর্যাদা লাভ করেছে তাতে ফেরেশতারা অবতীর্ণ হওয়ার জন্য। আর লাইলাতুল মীলাদ মর্যাদা মন্ডিত হয়েছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আবির্ভাবের জন্য। অতএব, নবীজীর কারণে যে রজনীটি সম্মান লাভ করেছে তা ঐ রজনীগুলো থেকে উত্তম যে রাত মর্যাদাবান হয়েছে কেবল মাত্র ফেরেশতাদের কারনে। সুতরাং, মীলাদ রজনীই উত্তম।

তিন. শবে ক্বদর মর্যাদা বাড়াতে এলো শুধুমাত্র উম্মতে মুহাম্মদীর আর লাইলাতুল মীলাদ মর্যাদা বাড়ালো সমগ্র সৃষ্টি জগতের। তাঁকে আল্লাহ তায়াল পাঠালেন সকল জগতের রহমত স্বরূপ। কাজেই এ নিয়ামত সমগ্র সৃষ্টি জগতকে শামিল করল। এ দৃষ্টি কোণে লাইলাতুল মাওলিদই উত্তম এবং ব্যাপকতম উপকারী।[২৩৬]

উলামা- মাশায়েখ যেভাবে আল্লাহ পাকের নৈকট্য লাভের ক্ষেত্রে উপকারী এবং কল্যাণকর মনে করে যিকির- আযকার এবং ত্বরীক্বতের বিভিন্ন শুগুল বা কাজের জন্য বিশেষ বিশেষ স্বরূপ এবং নিয়ম- পদ্ধতি উদ্ভাবন করেছেন ঠিক তেমনি হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মকালীন হাল-অবস্থা, অলৌকিক ঘটনাবলী এবং তাঁর শান ও মান বর্ণনা করার জন্যও পরবর্তী উলামা মাশায়েখ একটি বিশেষ স্বরূপ ও নিয়ম-পদ্ধতি উদ্ভাবন করেছেন। আর তা হচ্ছে এই যে, লোকজন সমবেত হয়, মাহফিলের মধ্যে ক্বোরআন শরীফ থেকে তেলাওয়াত করা হয়। হাদীস এবং সিয়রের বর্ণনা অনুযায়ী হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম বৃত্তান্ত, জন্মের সময়কার অলৌকিক ঘটনাবলী এবং তাঁর বংশ মর্যাদা ও অন্যান্য শান ও মান বর্ণনা করা হয়, দুরূদ ও সালাম বেশী করে পড়া হয়, বিভিন্ন না'তিয়া ক্বাছিদা আবৃত্তি করা হয়, আদবের সহিত দাঁড়িয়ে সালাত ও সালাম পেশ করা হয়, খানা বা শিরনী বিতরণ করা হয়।

প্রকাশ থাকে যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম বৃত্তান্ত এবং তাঁর শান ও মান বর্ণনা করা স্বয়ং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তদীয় সহাবায়ে কেরামের বাণী দ্বারা স্বপ্রমাণিত এবং উক্ত আলোচনার জন্য উল্লেখিত স্বরূপ বা নিয়ম পদ্ধতি হচ্ছে পরবর্তী উলামা মাশায়েখ কর্তৃক উদ্ভাবিত। যেটাকে সমসাময়িক ইমাম- মুহাদ্দিসগণ পছন্দ করেছেন এবং তা বৈধ ও উত্তম হওয়ার দলিল হাদীসে নববী থেকে পেশ করেছেন।

[২৩৬] ইমাম কস্তুলানী:মাওয়াহিবে লাদুনিয়া



## নির্ধারিত দিনে আমল ও দিবস পালন

নির্ধারিত দিনে আমল ও দিবস পালনের ক্ষেত্রে আমরা আহাদীসে নববীর মধ্যে দেখতে পাই রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সমবার, বৃহঃস্পতিবার ও শুক্রবারকে প্রধান্য দান করেছেন। এবং তার তাৎপর্য বর্ণনা করেছেন, যেমন-

عَنْ أَبِي قَتَادَةَ الأَنْصَارِيِّ، رضـــى الله عنـــه أَنَّ رَسُـــولَ اللَّـــه صلى الله عليه وسلم سُئِلَ عَـــنْ صَـــوْمِ الاِثْنَـــيْنِ فَقَـــالَ " فِيـــه وُلِدْتُ وَفِيهِ أُنْزِلَ عَلَىَّ

হযরত কাতাদাহ (রা.) হতে বর্ণিত- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রতি সোমবারে রোযা রাখার কারণ জিজ্ঞাসা করা হলে তিনি বললেন- এদিনে আমার জন্ম হয়েছে এবং এ দিনেই আমার উপর অহি নাযিল হয়েছে।[২৩৭]

عن أبي هريـــرة ﷺ أن رســـول الله صـــلى الله عليـــه و ســـلم قال تعـــرض الأعمـــال يـــوم الإثنـــين والخمـــيس فأحـــب أن يعرض عملي وأنا صائم قال أبو عيسى حـــديث أبـــو هريـــرة في هذا الباب حديث حسن غريب صحيح

হযরত আবু হুরায়রা (রা.) বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, বান্দার আমল আল্লাহর দরবারে পেশ করা হয় প্রতি সোমবার ও বৃহস্পতিবার। সুতরাং রোযাদার অবস্থায় আমার আমল আল্লাহর দরবারে পেশ করা হউক এটা আমি পছন্দ করি। (তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি সোমবার ও বৃহস্পতিবার রোযা রাখতেন)[২৩৮]

عن أسامة بن زيد ، قـــال : قلـــت : يـــا رســـول الله ، إنـــك تصوم حتى لا تكاد تفطر ، وتفطر حتـــى لا تكـــاد أن تـــصوم

[২৩৭] ইমাম মুসলিমঃ আস সহীহ ২ / ৮১৮ হাদীস নং ১১৬২
[২৩৮] তিরমিযি শরীফ। ৩ / ১২২ হাদীস নং ৭৪৭ নাসায়ী ৪ / ২০১ বাজ্জার ৭ / ৬৯ হাদীস নং ২৬১৭

إلا يومين إذا دخلا في صيامك ، ولا صمتهما ، قال : أي يومين ؟ قلت : يوم الاثنين ويوم الخميس ، قال : ذانك يومان تعرض فيهما الأعمال على رب العالمين ، وأحب أن يعرض عملي وأنا صائم.

হযরত উসামা ইবনে যায়েদ (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললাম, হুযূর আপনি রোযা রাখা আরম্ভ করলেকেবল রোযা রাখতেই থাকেন, আর রোযা ভাঙেন না। আবার রোযা ভাঙতে আরম্ভ করলে আবার ভাঙতেই থাকেন আর রাখেন না। কিন্তু দুটি দিন এ নিয়মের ব্যতিক্রম হয়। যে দুইদিন আপনি রোযা রাখেন-ই। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞাসা করলেন:কোন দুইদিন সম্পর্কে জিজ্ঞাসা করছো? আমি বললাম, সোমবার ও বৃহস্পতিবার। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, এ দুই দিন রাব্বুল আলামীনের দরবারে বান্দার আমল পেশ করা হয়। আর আমি এটা পছন্দ করি যে, আমি রোযাদার থাকা অবস্থায় আমার আমল আল্লাহর দরবারে পেশ করা হউক।[২৩৯]

عَنْ أَبِي هُرَيْرَةَ ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَصُومُ الاِثْنَيْنِ وَالْخَمِيسَ ، فَقِيلَ : يَا رَسُولَ اللهِ ، إِنَّكَ تَصُومُ الاِثْنَيْنِ وَالْخَمِيسَ ؟ فَقَالَ : إِنَّ يَوْمَ الاِثْنَيْنِ وَالْخَمِيسَ يَغْفِرُ اللَّهُ فِيهِمَا لِكُلِّ مُسْلِمٍ ، إِلاَّ مُهْتَجِرَيْنِ ، يَقُولُ : دَعْهُمَا حَتَّى يَصْطَلِحَا.

হযরত আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি সোমাবার ও বৃহস্পতিবার রোযা রাখতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করা হলো- আপনি সোমবার ও বৃহস্পতিবার রোযা রাখেনকেন? হুযূর জবাব দিলেন- সোমবারে ও বৃহস্পতিবারে আল্লাহ তায়ালা প্রত্যেক মুসলমানকে মাফ করে থাকেন। কেবলমাত্র ঐ দুজনকে ছাড়া যারা (হিংসা

[২৩৯] নাসায়ী শরীফ



বা ঝগড়াবশত) একে অপরের সাথে দেখা- সাক্ষাত করে না, কথা-বার্তা বলে না। আল্লাহ বলেন, তাদেরকে আপোস হওয়া পর্যন্ত ছেড়ে দাও।[২৪০]

عَنِ ابْنِ عَبَّاسٍ، - رضى الله عنهما - أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَدِمَ الْمَدِينَةَ فَوَجَدَ الْيَهُودَ صِيَامًا يَوْمَ عَاشُورَاءَ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا هَذَا الْيَوْمُ الَّذِي تَصُومُونَهُ " فَقَالُوا هَذَا يَوْمٌ عَظِيمٌ أَنْجَى اللَّهُ فِيهِ مُوسَى وَقَوْمَهُ وَغَرَّقَ فِرْعَوْنَ وَقَوْمَهُ فَصَامَهُ مُوسَى شُكْرًا فَنَحْنُ نَصُومُهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَنَحْنُ أَحَقُّ وَأَوْلَى بِمُوسَى مِنْكُمْ فَصَامَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَمَرَ بِصِيَامِهِ .

হযরত ইবনে আব্বাস (রা.) হতে বর্ণিত. তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদিনায় এসে ইহুদীদেরকে আশুরার দিন রোযা রাখতে দেখলেন। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে জিজ্ঞাসা করলেন: এ দিনে তোমরা রোযা রাখ কেন? তারা বলল: এটা মহান দিন। এ দিনে আল্লাহ হযরত মুসা (আ.) ও তাঁর অনুসারীদের নাজাত দিয়েছেন, ফিরাউন ও তার দল-বল ডুবিয়ে মেরেছেন। মুসা (আ.) আল্লাহর শুকরিয়ায় এ দিন রোযা রেখেছিলেন। তাই আমরাও রোযা রাখি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, মুসা (আ.) এর অনুসরণে তোমাদের চেয়ে আমরা বেশি হকদার। অতঃপর হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে রোযা রাখলেন এবং রোযা রাখার আদেশ দিলেন।[২৪১]

عن ابْنَ عَبَّاسٍ - رضى الله عنهما - يَقُولُ حِينَ صَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ عَاشُورَاءَ وَأَمَرَ بِصِيَامِهِ قَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ يَوْمٌ تُعَظِّمُهُ الْيَهُودُ

[২৪০] আহমাদ, হাদীস নং ১৩৩০
ইবনে মাজাহ ২ / ৬২৭ হাদীস নং ১৭৪০
[২৪১] বুখারী-মুসলিম হাদীস নং ১১৩০

وَالنَّصَارَى . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وسلم " فَإِذَا كَانَ الْعَامُ الْمُقْبِلُ – إِنْ شَاءَ اللَّهُ – صُمْنَا الْيَوْمَ التَّاسِعَ "

হযরত ইবনে আব্বাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার রোযা রাখলেন এবং রোযা রাখার আদেশ দিলেন। সাহাবায়েকেরাম বলেন, হুযূর এ দিনটিকে ইহুদি-খ্রিষ্টানগণ মর্যাদা দিয়ে থাকে। (আর তাই তারা এদিন একটি রোযা রাখে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আল্লাহ যদি আমাকে আগামী বছর বাঁচিয়ে রাখেন, তবে আমি (মহররমের) নয় তারিখে রোযা রাখব। [২৪২]

## ঈদে মীলাদুন্নবী

وَإِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَأَنجَيْنَاكُمْ وَأَغْرَقْنَا آلَ فِرْعَوْنَ وَأَنتُمْ تَنظُرُونَ

তোমরা স্মরণ কর ঐদিনটি যখন তোমাদের জন্য সাগরকে দ্বিভক্ত করেছি। অতঃপর তোমাদের রক্ষা করেছি। আর ফেরাউন সন্য-সামান্তকে তোমাদের চোখের সামনে সাগরে ডুবিয়ে দিয়েছি। অর্থাৎ বনী ইসরাঈল মূসা নবীর উম্মত সাগরের বারটি শুষ্ক রাস্তা দিয়ে পাড়ে উঠে ফেরআউনের অত্যাচার হতে পরিত্রাণ পেল আর ফেরআউন সাগরের শুষ্ক রাস্তায় সৈন্য সামন্ত নিয়ে মূসা ও তাঁর গোত্রকে ধরার জন্য মাঝখানে উপনীত হলে তখন সাগর খোদায়ী হুকুমে পূর্বের অবস্থায় মিলিত হয়ে যাওয়ায় ফেরআউন সৈন্যসহ সাগরে ডুবে মরল। ঐ সাগরের প্রস্ত ছিল ১২ মাইল যার নাম বাইরে কুলযম। যা পারস্য সাগরের তীরে অবস্থিত এ ঘটনা মুহাররাম মাসের ১০তারিখে সংঘটিত হয়েছিল। তাই এ দিনে হযরত মূসা আলাইহিস সালাম আনন্দচিত্তে ও তাঁর উম্মতগণ শুকরিয়া রোযা রেখেছিলেন। হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যামানা পর্যন্ত ইয়াহুদগণ এদিনে রোযা রাখেছিলেন।

২০০৪ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ فَرَأَى الْيَهُودَ تَصُومُ يَوْمَ عَاشُورَاءَ فَقَالَ مَا هَذَا قَالُوا هَذَا يَوْمٌ صَالِحٌ هَذَا يَوْمٌ نَجَّى

[২৪২] ইমাম মুসলিম: আস সহীহ



اللَّهُ بَنِي إِسْرَائِيلَ مِنْ عَدُوِّهِمْ فَصَامَهُ مُوسَى قَالَ فَأَنَا أَحَقُّ بِمُوسَى مِنْكُمْ فَصَامَهُ وَأَمَرَ بِصِيَامِهِ

ইবনে আব্বাস হতে বর্ণিত আছে –যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনা শরীফ এসে ইয়াহুদীদেরকে মুহররম মাসের ১০ম তারিখে রোযাদার অবস্থায় পেয়ে জিজ্ঞেস করলেন তোমরা আজকে রোযা রেখেছ কেন? তদুত্তরে তারা বলল, এ'টি শুভদিন, এ'দিনে মহান আল্লাহ হযরত মূসা নবীর গোত্র বনী ইসরাঈলকে তাদের শত্রু ফেরআউন হতে নিস্তার দিয়েছেন। সেজন্য হযরত মূসা (আঃ) রোযা রেখেছেন। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, হযরত মূসা আলাইহিস সালামের বিজয়ের খুশী উদ্‌যাপন ও শুকরিয়ার রোযা রাখা সুন্নাত। দ্বিতীয় মাসয়ালা হলো নবীগণের উপর আল্লাহর যে দিন মহা অনুগ্রহ হয়, তার স্মৃতি প্রতিষ্ঠা করা বা কৃতজ্ঞতা প্রকাশ করা সুন্নাত। যেমন মূসা নবীর যমানা হতে আরম্ভ করে হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যমানা পর্যন্ত তা প্রতিপালিত হয়ে আসছে। আর তা হুযূর শুনে সমর্থন করলেন রোযা রাখলেন ও উম্মতদেরকে প্রতিপালনের আদেশ করলেন। [২৪৩]

عَنْ أَبِي مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَ يَوْمُ عَاشُورَاءَ تَعُدُّهُ الْيَهُودُ عِيدًا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصُومُوهُ أَنْتُمْ

হযরত আবু মূসা আশয়ারী (রাঃ) বললেন, আশুরার দিনটি ইয়াহুদদের ঈদের দিন। হযরত রাসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমরাও ঐদিনে রোযা রাখ। সুবহানাল্লাহ!

## মায়েদা অবতীর্ণের দিন ঈদের দিন

কুরআন পাকে সূরা মায়েদার ১১৪ আয়াতে উল্লেখ আছে, হযরত ঈসা আলাইহিসসালাম তাঁর সন্ধিগ্ধচিত্ত অনুসারীদের অনুরোধে আসমান হতে খাদ্যসহ একটি দস্তরখানা ( مائدة) নাযিল করার জন্যআল্লাহর নিকট প্রার্থনা করলেন যেন তার পূর্বাপরসকলের জন্যএ দিনটি পৌনঃপুনিক ঈদ রূপে প্রতিপালিত হয়। ইয়া

[২৪৩] ছহীহ ইমাম বুখারী: আস সহীহ ১ / ২৬৮ পৃষ্ঠা

আল্লাহ! আমরা ঐ দিনটিকে ঈদ রূপে প্রতিপালন করবো। এ আয়াত হতেও প্রমাণিত হলো যে, যে দিবসে মহান রাব্বুল আলামীন এর খাছ রহমত নাযিল হয় সেদিনটিকে আনন্দের বা ঈদের দিন হিসেবে উদ্‌যাপন করা আল্লাহর প্রিয় বান্দাদেরই অনুসৃত সুন্নাত।

প্রকাশ থাকে যে, উক্ত মায়েদায় পাঁচখানা রুটি ও একটি ভুনা মাছ ছিল। এ ভুনা মাছের মাথায় লবন ও লেজের মধ্যে সিরকা মাঝখানে কয়েক প্রকার তরকারী, মাখন, মধু ছিল। উক্ত মাছ ভক্ষণ করত প্রতিদিন সাত হাজার তিনশত পঁচাত্তর জন লোক।

## জুমু'আ ও আরাফাতের দিন ঈদের দিন

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ أَنَّ رَجُلًا مِنْ الْيَهُودِ قَالَ لَهُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ آيَةٌ فِي كِتَابِكُمْ تَقْرَءُونَهَا لَوْ عَلَيْنَا مَعْشَرَ الْيَهُودِ نَزَلَتْ لَاتَّخَذْنَا ذَلِكَ الْيَوْمَ عِيدًا قَالَ أَيُّ آيَةٍ قَالَ{الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمْ الْإِسْلَامَ دِينًا}قَالَ عُمَرُ قَدْ عَرَفْنَا ذَلِكَ الْيَوْمَ وَالْمَكَانَ الَّذِي نَزَلَتْ فِيهِ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ قَائِمٌ بِعَرَفَةَ يَوْمَ جُمُعَةٍ – قَالَ اَلْكِرمَانِى البُخَارِى اَى قَوْلُهُ قَدْ عَرَفْنَا مَعْنَاهُ اِنَّا مَا اَهْمَلْنَاهُ لَا يَخْفَى عَلَيْنَا زَمَانُ نُزُوْلُهَا وَلَا مَكَانُ نُزُوْلِهَا ضَبَطْنَاهُ جَمِيْعَ مَا يَتَعَلَّقُ بِهَا حَتَّى صِفَةَ النَّبِيِّ صَلَّى الله عَلَيْهِ وَ سَلَّمَ وَمَوْضَعَهُ فِى زَمَانِ النُّزُوْلِ هُوَا كَوْنُهُ قَائِمًا– فَقَدْ اِتَّخَذْنَا ذَالِكَ الْيَوْمَ عِيْدًا عَلَيْنَا مَكَانَهُ اَيْضاً

আমীরুল মুমিনীন হযরত ওমর বিন খাত্তাব (রাঃ) হতে বর্ণিত আছে, জনৈক ইয়াহুদী হযরত ওমর (রাঃ)কে বললেন, তোমাদের মুসলমানদের কিতাব কুরআন পাকে এমন একটি আয়াত আছে যা তোমরা পড়তেছ। যদি ঐ আয়াত শরীফ আমাদের কিতাবে অবতীর্ণ হতো, নিশ্চয়ই আমরা ঐ দিনে ঈদ উদযাপন করতাম। হযরত



ওমর (রাঃ) ইয়াহুদীকে জিজ্ঞাসা করলেন বল, উহাকোন আয়াত। তখন ইয়াহুদী পাঠ করে শুনালেন। যথাঃ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمْ الْإِسْلَامَ دِينًا তা শুনে হযরত ওমর (রাঃ) বললেন, নিশ্চয়ই আমরা ঐ দিনটিকে ভাল ভাবে জানি এবং যেস্থানে এ আয়াতখানি হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ হয়েছে তাও জানি। তখন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরাফাত ময়দানে জুমু'আর দিনে দাঁড়ানো ছিলেন।[২৪৪]

অর্থাৎ আজ তোমাদের জন্য দ্বীন ইসলামকে পরিপূর্ণ করে দিলাম। তোমাদের উপর আমার নেয়ামত সম্পূর্ণ করলাম তোমাদের জন্য দীন ইসলামকে দীন হিসেবে মনজুর করলাম।

আল্লামা কারমানী ছহীহ বুখারী শরীফের ব্যাখ্যাকার স্বীয় কিতাবে লিখেছেন, উক্ত হাদীছের ব্যাখ্যা হলো আমরা ঐ দিনটিকে অশ্রদ্ধা করিনি বরং তার মূল্যায়ন করেছি। অর্থাৎ উক্ত আয়াত কখন, কোথায় অবতীর্ণ হয়েছে তা আমরা জানি এবং হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি অবস্থায় ছিলেন, ঐ সময় হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়ান অবস্থায় ছিলেন তাও আমাদের জানা আছে। আমরা ঐ দিনকে, ঈদ ও আনন্দ প্রকাশের দিন হিসেবে গ্রহণ করেছি। যেহেতু সে দিনে আল্লাহ অসংখ্য মানুষকে দোযখ হতে নিস্তার দিয়ে থাকেন যা অতীব খুশীর কথা।

হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে-

لَا تَخَذْنَاهَا عِيْدًا قَالَ اِبْنُ عَبَّاسٍ فَإِنَّهَا نَزَلَتْ فِي يَوْمِ عِيدٍ فِي يَوْمِ جُمْعَةٍ وَيَوم عَرَفَةٌ.

হযরত আব্বাসের পুত্র আব্দুল্লাহ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ আয়াতখানি পাঠ করলেন ওখানে এক ইয়াহুদী ছিল সে কলল এ আয়াতখানি যদি আমাদের উপর অবতীর্ণ হতো আমরা ঐ দিনটি ঈদ উদযাপন করতাম। তা অবতীর্ণ হয়েছে জুমআর দিনে ও আরাফার দিনে। এতে প্রতীয়মান হলো আরাফা ও জুময়ার দিন ঈদের দিন। উক্ত

[২৪৪] ইমাম বুখারী: আস সহীহ ১ / ১১ পৃষ্ঠা

দিবসে লক্ষ লক্ষ গুনাহগার উম্মতকে দোযখ হতে নাজাত দেয়া হয়। এতে প্রমাণিত হলো ছাহাবায়েকেরাম উক্ত দিবসে ঈদ উদ্‌যাপন করতেন।[২৪৫]

ইসলামে বৎসরে ২টি বিধিবদ্ধ উৎসব আছে। একটি রমযানের পর ১লা শাওয়াল তারিখে যাকে ঈদুল ফিতর বলা হয়। দ্বিতীয়টি জিলহজ্জ মাসের ১০ম তারিখে উদযাপন হয় যাকে ঈদুল আযহা বলা হয়। মহান আল্লাহ হযরত ইব্রাহীমের পুত্র ইসমাঈলকে ছুরীকাঘাত হতে নিস্তার দিয়ে দুম্বা কুরবানী করার অনুমতি প্রদান করলেন। তাই মুসলিম উম্মাহ আনন্দচিত্তে প্রতি বৎসর কোটি কোটি টাকা মূল্যের পশু কুরবানী করে ঈদুল আযহা উদযাপন করে আসছেন।

## হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম يوم ولادت জন্ম দিন ঈদের দিন

এখন আসল কথা হচ্ছে- সাঈয়্যেদুল আম্বিয়া ওয়াল মুরসালীন শাফীউল মুজনেবীন, রহমাতুললিল আলামীনের মীলাদুন্নবীর ঈদু উদ্‌যাপন করা শরীয়ত সমর্থিত কিনা? প্রতি উত্তরে বলছি, "ঈদে মীলাদুন্নবী" উদযাপন করা সুন্নাতে রাসূল, সুন্নাতে ছাহাবা ও সুন্নাতে তাবেয়ীন এবং এ সুন্নাত অদ্যাবধি বিশ্ব মুসলিম প্রতিপালন করে আসতেছেন। এ হিসেবে এটাকে ইজমায়ে উম্মতের সুন্নাত বলা হয়। যেহেতু মহান আল্লাহর বাণী-

قُلْ بِفَضْلِ اللَّهِ وَبِرَحْمَتِهِ فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ {৫৮} واخرج ابو الشيخ عن ابن عباس ان الفضل العلم والرحمة محمد صلى الله عليه و سلم واخرج الخطيب وابنى عساكر عنه تفسير الفضل بالنبى صلى الله عليه وسلم والرحمة بعلى كرم الله وجهه والمشهور وصف النبى صلى الله عليه و سلم برحمة كما يرشد اليه قوله تعالى وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا رَحْمَةً لِّلْعَالَمِينَ .

[২৪৫] তিরমিজী শরীফ ৫ / ২৫০



ওহে নবী! আল্লাহর দান ও দয়ার কথা বলুন! লোকজন তা শুনে যেন খুশী হন উক্ত খুশী উদ্‌যাপন দুনিয়ার সঞ্চিত সর্বপ্রকার সম্পদ হতে উত্তম। আবু শায়খ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, নিশ্চয়ই ফজল অর্থ ইলম, রহমত অর্থ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম । খতীব ও ইবনে আসাকের ইবনে আব্বাস হতে ফযল শব্দের তাফসীর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, রহমত অর্থ হযরত আলী বলেছেন। তবে সর্বজন বিদিত কথা, রহমত হল নবী পাকের ছিফাত। যেমন মহান আল্লাহর বাণী - وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا رَحْمَةً لِّلْعَالَمِينَ সকলে জানেন জন্ম উৎসবের প্রথম ধাপ হচ্ছে আকীকা। হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মের ৭ম দিবসে তার দাদা আব্দুল মুত্তালিব একটি দুম্বা আকীকা করেছেন। মজলিস ডেকে সকলের মেহমানদারী করে নাতীর নামকরণ করলেন "মুহাম্মদ"। এতে প্রশ্ন উঠল এ নাম তো আপনার পূর্ব পুরুষের কারো নাম ছিল না। তিনি উত্তরে বললেন, আমার ইচ্ছে হলো, যেন আসমানে এর প্রশংসা করেন আল্লাহ, আর যমীনে প্রশংসা করেন মানুষ।

## ১। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) মৃত্যু ৬৮ হিঃ

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) [মৃত্যু ৬৮ হিঃ] الْفَضْلِ الْعَظِيمِ এর ব্যাখ্যায় বলেন -

اللهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ) بالإسلام والنبوة علي محمد صلي الله عليه وآله وسلم ، و يقالبالإسلام علي المؤمنين، ويقال : بالرسول والكتاب علي خلقه -فيروز آبادي، تنوير المقباس من تفسير ابن عباس

আল্ ফাদলুল আজীম-এর উদ্দেশ্যকে এভাবে ব্যক্ত করেছেন: ফজলে আজীম অর্থাৎ দ্বীন ইসলাম এবং নবুওতে মোহাম্মদীর সুরতে এহসানে আজীম বা শ্রেষ্ঠ অনুগ্রহ করা হয়েছে। আর এ কথাও বলা হয়েছে যে, মাখলুকের উপর মোহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর অস্তিত্ব এবং নুজূলে কুরআনের সুরতে শ্রেষ্ঠ অনুগ্রহ করা হয়েছে।[২৪৬]

[২৪৬] তানভীরুল মিকবাদ মিন তাফসীরে ইবনে আব্বাস, পৃষ্ঠা ৪৭১ ।

## ২। আল্লামা জারুল্লাহ জামাখশারী (৪৬৭-৫৩৮ হিঃ)

আল্লামা জারুল্লাহ জামাখশারী (৪৬৭-৫৩৮ হিঃ) বর্ণনা করেছেন যে-

ذٰلک) الفضل الذي أعطاه محمدًا وهو أن يكون نبي أبناء عصره، و نبي أبناء العصور الغوابر، هو (فَضْلُ اللهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ زمخشري الكشاف عن حقائق غوامض التنزيل وعيون الأقاويل فى وجوه التأويل،

যালিকা দ্বারা উদ্দেশ্য হল সেই ফজল, আল্লাহ তায়ালা যা মোহাম্মাদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে দান করেছেন এবং সেই ফজল হক তাঁর স্বীয় জমানার লোকদের জন্য (কিয়ামত পর্যন্ত) এবং পূর্ব সেই ফজল হল তাঁর স্বীয় জমানার লোকদের জন্য (কিয়ামত পর্যন্ত) এবং পূর্ব যুগের মানুষের জন্যও নবী হওয়া। এটাই আল্লাহর ফজল। তিনি যাকে চান এর দ্বারা ভূষিত করেন। [২৪৭]

## ৩। আল্লামা তাবরাছি (মৃত্যু ৪৫৮ হিঃ)

আল্লামা তাবরাছি (মৃত্যু ৪৫৮ হিঃ)। উল্লিখিত আয়াতে কারিমার শব্দাবলীর উদ্দেশ্য এভাবে বর্ণনা করেছেন:

وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ) ذو المن العظيم على خلقه ببعث محمد صلي الله عليه وآله وسلم طبرسي مجمع البيان فى تفسير القرآن

অর্থাৎ- তিনিই শ্রেষ্ঠ ইহসানকারী যা তিনি স্বীয় মাখলুকের উপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর প্রেরণের মাধ্যমে করেছেন। মোট কথা, রাসূলে মুহতাশামা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে মানবতার দুনিয়ার দিকে প্রেরণ করাই আল্লাহ তায়ালার সর্বশ্রেষ্ঠ ফজল ও ইহসান ।[২৪৮]

[২৪৭] আল কাশশাফ আন হাকায়েকে গাওয়ানিজিত তানজীলে ও উয়ূনিল আকাবিলি ফী বুজুহিত তাবীল, খণ্ড ৪, পৃষ্ঠা ৫৩০ ।

[২৪৮] মাজমাউল বয়ান ফী তাফসীরিল কুরআন, খণ্ড ১০ পৃষ্ঠা ৪২৯ ।



## ৪। আল্লামা ইবনে জাওযী (৫১০-৫৭৯ হিঃ)

আল্লামা ইবনে জাওযী (৫১০-৫৭৯ হিঃ) বর্ণনা করেছেন:

وَاللّٰهُ ذُوالْفَضْلِ الْعَظِيْمِ- بإرسال محمد صلي الله عليه وآله وسلم --ابن جوزي، زاد المسير في علم التفسير،

অর্থাৎ- আল্লাহ তায়ালা বহু বড় অনুগ্রহকারী এবং (তাঁর এই ফজল) মোহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর প্রেরণের মাধ্যমেই হয়েছে। মোট কথা, রাসূলে মুয়াজ্জাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর মানবকূলে তশরীফ আনয়ন এবং রাসূল হিসেবে প্রেরণই হচ্ছে আল্লাহ তায়ালার বড় ফজল বা অনুগ্রহ এবং উপহার। [২৪৯]

## ৫। ইমাম নাছাফী (মৃত্যু ৭১০ হিঃ) বলেছেন -

ইমাম নাছাফী (মৃত্যু ৭১০ হিঃ) বলেছেন-

ذٰلک- الفضل الذي أعطاه محمدًا وهو أن يكون نبي أبناء عصره ونبي أبناء العصور الغوابر نسفي، مدارك التنزيل و حقائق التأويل،

'জালিকা'-এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে সেই ফজল, যা আল্লাহ তায়ালা মোহাম্মাদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে দান করেছেন এবং ইহা তাঁর যুগের লোকদের জন্য (কিয়ামত পর্যন্ত) এবং পূর্ববর্তী লোকদের জন্যও নবী হওয়া বুঝায়। [২৫০]

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর আত্মপ্রকাশ এবং রাসূল হিসেবে দুনিয়াতে প্রেরণ তাদের সকলকে স্বীয় রহমতের ছায়ায় গ্রহণ করা হয়েছে, যারা তাঁর প্রেরণের পূর্বে ছিল এবং যারা তাঁর মৃত্যুর পর কেয়ামত পর্যন্ত পৃথিবীতে আগমন করবে। অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর পূর্ববর্তী জমানায় আগমনকারী এবং পরবর্তীতে আগমনকারী লোকজন কেয়ামত প্রতিষ্ঠা হওয়া পর্যন্ত তাঁর রেসালাতের ফয়েজ ও বরকত দ্বারা সমৃদ্ধশালী হবে-এটাই হচ্ছে- ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ-এর পরে জন্মগ্রহণ করবে এবং তারা তাঁকে দেখতে পারে

[২৪৯] যাদুল মাছির ফী এলমিত তাফসীর, খণ্ড ৮, পৃষ্ঠা ২৬০

[২৫০] নাছাফী: মাদারেকুত তানজিলে ওয়া হাকায়েকিত তাবীল, খণ্ড ৫, পৃষ্ঠা ১৯৮

না। তিনি তাদের জন্য ও রাসূল হবেন এবং তারাও ওই সকল লোকের অন্তর্ভুক্ত বলে গণ্য হবে যাদের জন্য فَلْيَفْرَحُواْ এর হুকুম করা হয়েছে। সুতরাং তাদের জন্যও আবশ্যক যে, তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর শুভ জন্মের ওপর খুশি উদযাপন করবে যে, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর আত্মপ্রকাশ এই ধূলার ধরণীতে শুভ সংবাদ হয়ে এসেছে, যারা অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ শতাব্দীতে আগমন করেছে, এবং করতে থাকবে। এই সিলসিলা কেয়ামত পর্যন্ত জারি থাকবে।

## ৬। ইমাম খাজেন (৬৭৮-৭৪১ হিঃ

ইমাম খাজেন (৬৭৮-৭৪১ হিঃ) আল ফাদলুল আজীম-এর তফসীর করতে গিয়ে লিখেছেন যে-

أي علي خلقه حيث أرسل فـيهم رسـوله محمـدا صـلي الله عليه وآله وسلم خازن، لباب التأويل في معاني التنزيل،

ইহার দ্বারা আল্লাহ তায়ালার উদ্দেশ্য হল, স্বীয় মাখলুকের ওপর ফযল ও অনুগ্রহ, যা তিনি স্বীয় রাসূল হিসেবে মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রেরণ করেছেন।[২৫১]

## ৭। আবু হাইয়্যান আন্দুলুসী (৬৪২-৭৪৯ হিঃ)

আবু হাইয়্যান আন্দুলুসী (৬৪২-৭৪৯ হিঃ) উল্লিখিত আয়াতের শব্দাবলীর উদ্দেশ্যের দিকে ইশারা করে লিখেছেন:

و (ذَلِكَ) إشارة إلى بعثتـه عليـه الـسلام ابوحيـان، تفـسير البحر المحيط

অর্থাৎ-জালিকা শব্দ দ্বারা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর নবুয়্যত ও রিসালাতের দায়িত্বসহ পৃথিবীতে আবির্ভাবের প্রতি ইশারা করা হয়েছে।[২৫২]

[২৫১] লুবাবুত তা'বীল ফী মায়ানিয়িত তানজীল, খণ্ড ৪, পৃষ্ঠা-২৬৫
[২৫২] তাফসীরুল বাহরিল মুহীত: খণ্ড ৮, পৃষ্ঠা ২৬।



## ৮। ইমাম ইবনে কাছির (৭০১-৭৭৪ হিঃ)

ইমাম ইবনে কাছির (৭০১-৭৭৪ হিঃ) উক্ত আয়াতের তাফসীরে বলেছেন:

يعني ما أعطاء الله محمدًا صلي الله عليـه وآلـه وسـلم مـن النبوة العظيمة، وما خص بـه أمتـه مـن بعثتـه صـلي الله عليه وآله وسلم --ابن كثير تفسير القرآن العظيم

অর্থাৎ- ইহার দ্বারা উদ্দেশ্য হল সেই মর্যাদাপূর্ণ নবুয়্যত যা আল্লাহ তায়ালা হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে দান করেছেন এবং (ইহার দ্বারা উদ্দেশ্য সকল বৈশিষ্ট্যাবলী, ।[২৫৩]

## ৯। ইমাম সুয়ূতী (৮৪৯-৯১১ হিঃ) লিখেছেন:

ذَلِكَ فَضْلُ اللهِ يُؤْتِيْهِ مَنْ يَشَآءُ) النبي صلي الله عليه وآله وسلم ومن ذكر معه سيوطي، تفسير الجلالين

অর্থাৎ- এই আয়াতে ফজল দ্বারা উদ্দেশ্য হল হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তাঁর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাথে উল্লিখিত লোকজন।[২৫৪]

## ১০। আল্লামা আলুসী (১২০৭-১২৭০ হিঃ)

আল্লামা আলুসী (১২০৭-১২৭০ হিঃ) এই শব্দের মর্মের প্রতি ইশারা করতঃ লিখেছেন যে,

ذَلِكَ) إشارة إلي ما تقدم من كونـه عليـه الـصلاة والـسلام رسولا في الأميين ومن بعدهم معلمًا مزكيـا، ومـا فيـه مـن معني البعد للتعظيم أي ذَلِكَ الفـضل العظـيم آلوسـي، روح المعاني في تفيسر القرآن العظيم والسبع المثاني

[২৫৩] তাফসীরুল কোরআনুল আজীম
[২৫৪] তাফসীরুল জালালাইন: পৃষ্ঠা ৫৫৪ ।

অর্থাৎ জালিকা এই বিশেষত্বের প্রতি ইশারা করে যে, এই সূরার প্রারম্ভে (শুরুতে) যা উল্লেখ করা হয়েছে, রাসূলে মুয়াজ্জাম হযরত মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মীগণ এবং তাঁর পরে আগমনকারীদের মধ্যে তাদের শিক্ষা দেয়ার জন্য এবং তাদের পবিত্র করার জন্য প্রেরিত হয়েছেন। এখানে জালিকা দূরবর্তী ইশারা তাজীমের জন্য ব্যবহৃত হয়েছে। অর্থাৎ- নিশ্চয়ই তিনি সর্বশ্রেষ্ঠ অনুগ্রহ।[২৫৫]

## ১১। শায়খ আহমদ মুস্তফা মুরাগী

শায়খ আহমদ মুস্তফা মুরাগী (১৩০০-১৩৭২ হিঃ) উল্লিখিত আয়াতের তফসিরে লিখেছেন যে,

اي وإرسال هذا الرسول إلــي البــشر مزكيــا مطهــرًا لهــم،
هاديا معلما، فضل من الله، و إحسان منه إلي عباده

আল্লাহ তায়ালা স্বীয় মাহবুব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে বিশ্ব মানবতার প্রতি পবিত্রকারী, পরিচ্ছন্নকারী, হেদায়েতদানকারী, বিদ্যাদানকারী করে প্রেরণ করে তার নিজ বান্দাহদের প্রতি ফজল ও ইহসান করেছেন।[২৫৬]

## ১২। শায়খ তানতাভী জাওহারী মৃত্যু ১৩৫৯ হিঃ

শায়খ তানতাভী জাওহারী মৃত্যু ১৩৫৯ হিঃ লিখেছেন-

والله ذُو الْفَضْلِ الْعَظِيْمِ) فإذا كان محمــد قــد أرســلته إلــيكم
أيها الأميون وإلي من يأتي بعدكم

'আল্লাহ বহু বড় অনুগ্রহকারী'। আমার এই ফজল তোমাদের উপর ওই সময় হয়েছে, যখন আমি এই উম্মীদের (পড়ালেখাহীন) প্রতি, স্বীয় নবী মোহাম্মাদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -কে তোমাদের প্রতি এবং তোমাদের পরে আগমনকারীদের প্রতি প্রেরণ করেছি।[২৫৭]

উল্লিখিত আয়াতে কারীমা সংক্রান্ত বিভিন্ন তাফরীর শাস্ত্রেও বিশেষজ্ঞগণের বর্ণনার আলোকে সুস্পষ্ট হয়ে গেছে যে, হুযূর নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

---

[২৫৫] রুহুল মায়ানী ফী তাফসিরিল কোরআনিল আজীম ওয়াছ ছাবইল মাছানী, খন্ড-২৮, পৃষ্ঠা-৯৪-৯৫।
[২৫৬] তাফসীরুল কুরআনিল কারীম, খণ্ড-১০ / ২৮, পৃষ্ঠা-৯৬।
[২৫৭] আল জাওয়াহিরু ফী তাফসিরুল কুরআনিল কারীম, খণ্ড-২৪, পৃষ্ঠা-১৭৫।



নির্দ্বিধায় সকলের জন্য ফজল ও অনুগ্রহ। সুতরাং যখন অকাট্য দলিল দ্বারা ইহা প্রতিপন্ন হয়ে গেছে যে, আল্লাহ তায়ালার ফজল এবং তাঁর রহমত দ্বারা উদ্দেশ্য হল হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। সুতরাং এই বিষয়টিও প্রতিষ্ঠিত হয়ে গেছে যে, এই ফজল ও রহমত অর্জনের ওপর فَلْيَفْرَحُواْ এর নির্দেশের প্রেক্ষিতে ঈদে মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর খুশি উদযাপন করাও فَلْيَفْرَحُواْ-এর নির্দেশের প্রেক্ষিতে ঈদে মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর খুশি উদযাপন করাও মূলতঃ কোরআনুল কারীমের দাবি এবং আল্লাহর নির্দেশের সুষ্ঠ বাস্তবায়নই বটে।

## তফসীর শাস্ত্রের ইমামদের দৃষ্টিতে এর অর্থ ও মর্ম।

উপরোল্লিখিত পৃষ্ঠাসমূহে আমরা সূরা জুমআর আয়াতের তাফসীর ও তাওজীহ পেশ করার পর এ পর্যায়ে আমরা নিম্নে সূরা ইউনুসের আয়াত নম্বও ৫৮-তে উল্লিখিত শব্দ ফযল এবং রহমত-এর তফসীর এবং তাওজীহ ও তাশরীহ কতিপয় প্রামাণ্য ও নির্ভরযোগ্য তফসীর শাস্ত্রেও ইমামগণের অভিমত অনুসারে বর্ণনা করব, যেন মূল বিষয়বস্তু অধিক উত্তমরূপে অনুধাবন করা যায়।

## ১। আল্লামা ইবনে জাওযী (৫১০-৫৭৯ হিঃ)

আল্লামা ইবনে জাওযী (৫১০-৫৭৯ হিঃ) সূরা ইউনুসের আয়াত নম্বর ৫৮-এর তাফসীরে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)এর কথা উদ্ধৃত করেছেন:

إن فضل الله : العلــم، ورحمتــه : محمــد صــلي الله عليــه
وآله وسلم رواه الضحاک عن ابــن عبــاس (ابــن جــوزي،
زاد المسير في علم التفسير، 4 : 40

অর্থাৎ- দাহহাক হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, নিশ্চয়ই ফাদলুল্লাহ এর মর্ম হলো এলেম (অর্থাৎ কুরআন) এবং রহমত এর মর্ম হল মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।[২৫৮]

---

[২৫৮] যাদুল মাছীর ফী এলমিত তাফসীর: খণ্ড-৪, পৃষ্ঠা-৪০।

## ২। আল্লাহ আবু হাইয়্যান উন্দুলুসী (৬৮২-৭৪৯ হিঃ)

আল্লাহ আবু হাইয়্যান উন্দুলুসী (৬৮২-৭৪৯ হিঃ) দাহহাক সূত্রে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)-এর রেওয়ায়েত উদ্ধৃত করেছেন:

وقال ابـن عبـاس فيمـا روي الـضحاک عنـه : الفـضل : العلم، والرحمة : محمد صلي الله عليه وآله وسلم

অর্থাৎ- দাহহাক হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, ফযল-এর মর্ম হলো এলেম (অর্থাৎ- কোরআন) এবং রহমত এর দ্বারা মর্ম হলো মোহাম্মদ (রাঃ)।[২৫৯]

## ৩। ইমাম সুয়ুতী (৮৪৯-৯১১ হিঃ)

ইমাম সুয়ুতী (৮৪৯-৯১১ হিঃ) ও হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে নিম্নলিখিত বর্ণনা উদ্ধৃত করেছেন:

وأخرج أبو الشيخ عن ابـن عبـاس رضـي الله عنهمـا فـي الآية، قال : فـضل الله العلـم، ورحمتـه : محمـد صـلي الله عليه وآله وسلم. قال الله تعالي : وَمَـآ اَرْسَـلْنٰکَ اِلَّـا رَحْمَـةً لِّلْعٰلَمِيْنَ-1- 2

আবু শায়খ এই আয়াত সম্পর্কে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, ফাদলুল্লাহ'র মর্ম হলো এলেম (অর্থাৎ কোরআন)। আর রহমত-এর মর্ম হলো মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর পবিত্র সত্তা। আল্লাহ তায়ালা স্বয়ং ইরশাদ করেছেন: وَمَآ اَرْسَلْنٰکَ اِلَّا رَحْمَةً لِّلْعٰلَمِيْنَ এবং (হে রাসূলে মুহতাশাম!) আমি আপনাকে সারা বিশ্বের জন্য রহমতস্বরূপ করে প্রেরণ করেছি।[২৬০]

[২৫৯] তাফসিরুল বাহরিল মুহিত: খণ্ড-৫, পৃষ্ঠা-১৭১।
[২৬০] আদ্‌দুররুল মানছুর ফীত তাফসিরে বিল মাছুর, খণ্ড ৪, পৃষ্ঠা ৩৩০।



## ৪। আল্লামা আলুসী (১২১৭-১২৭০ হিঃ)

আল্লামা আলুসী (১২১৭-১২৭০ হিঃ) বয়ান করেছেন:

و أخرج أبو الشيخ عـن ابـن عبـاس رضـي الله عنهمـا أن الفضل العلم والرحمة محمـد صـلي الله عليـه وآلـه وسـلم، وأخرج الخطيب وابن عساكر عنـه تفـسير الفـضل بـالنبي عليه الصلاة والـسلام(آلوسـي، روح المعـاني فـي تفـسير القرآن العظيم والسبع المثاني)

অর্থাৎ আবু শায়খ হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, ফযল-এর দ্বারা উদ্দেশ্য হল এলেম এবং রহমত-এর দ্বারা মুরাদ হলো মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। খতিব এবং ইবনে আসাকির হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, ফযল- এর দ্বারা মুরাদ হলো মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ।[২৬১]

ড. তাহিরুল কাদরী বলেন উল্লিখিত তাফসীর দ্বারা সুস্পষ্ট প্রতীয়মান হয় যে, সাইয়্যেদেনা আব্দুল্লাহ ইবনে আব্বাস ফযল এর মর্ম এলেম গ্রহণ করেছেন এবং এলেমের মুরাদ হল কোরআনুল কারীম। যার সমর্থন নিম্নের আয়াতে পাওয়া যায়। ইরশাদ হয়েছে: وَعَلَّمَکَ مَا لَمْ تَکُنْ تَعْلَمُ وَکَانَفَضْلُ اللّٰهِ عَلَيْکَ عَظِيْمًا

অর্থাৎ- তিনি তোমাকে ওইসব শিক্ষা দিয়েছেন, যা তুমি জানতে না এবং তোমার উপর বহু বড় অনুগ্রহ হয়েছে।[২৬২] যদি ফযল এর মর্ম এলেম অথবা কোরআন শরীফ লওয়া হয়, তারপরও ইহার অন্তর্নিহিত মর্ম হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -ই হবেন। যার মাধ্যমে আমরা কোরআনুল কারীম পেয়েছি। ইমামুল মুফাসসেরীন জলিলুল কদর সাহাবী হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)-এর পবিত্র সত্তা আল্লাহর ফজল এবং পরিপূর্ণ রহমত। সূরা ইউনুসের আয়াত নম্বর ৫৮-এ উল্লেখিত শব্দাবলী فَبِذٰلِکَ فَلْيَفْرَحُوْا এর মর্মকে জশনে মীলাদের আনন্দ

[২৬১] রুহুল মায়ানী ফী তাফসীরিল কুরআনিল আজিমী ওয়াছ ছাবইল মাছানী, খণ্ড-১১, পৃষ্ঠা-১৪১
[২৬২] সূরা নিসাঃ আয়াত ১১০

উদযাপনের মাধ্যম হিসেবে গণ্য করে তোলে। জশনে মীলাদকে ঈদের আনন্দের পর্যায়ে উদযাপন করাকে আল্লাহর ফযল ও রহমতের ওপর খুশী ও আনন্দ প্রকাশের উপায় হিসেবে সাব্যস্ত করা হয়েছে এবং এর উল্লেখ এমন আয়োজন ও সংকেত সহযোগে করা হয়েছে, যেন কোন চিন্তাশীল মুসলমান এই কথাটাকে অস্বীকার না করে। উল্লিখিত তফসীরসমুহের বর্ণনাবলী ফযল এবং রহমত-এর অর্থ ও মর্মকে এমন সুস্পষ্টভাবে বয়ান করেছে যে, তার অভ্যন্তরীণ রহস্যাবলী ও ভেদসমূহ বিকশিত হয়ে উঠেছে। আর এ কথাও প্রতিষ্ঠা লাভ করেছে যে, আল্লাহ তায়ালার ফযল এবং রহমতের উপর খুশি ও আনন্দেও মাধ্যমে জশনে ঈদ উদযাপন করা আল্লাহর ইচ্ছার বাস্তবায়ন ছাড়া কিছুই নয়।

## ৫। আল্লাহ তাবরাসী (মৃত্যু ৪৫৭ হিঃ)

আল্লাহ তাবরাসী (মৃত্যু ৪৫৭ হিঃ) এই আয়াতের তাফসীরে উল্লেখ করেছেন:

ومعني الآية قل لهؤلاء الفرحين بالدنيا المعتدين بها الجامعين لها إذا فرحتم بشيء فافرحوا بفضل الله عليكم ورحمته لكم بإنزال هذا القرآن وارسال محمد إليكم فإنكم تحصلون بهما نعيمًا دائمًا مقيمًا هو خير لكم من هذه الدنيا الفانيةعن قتادة ومجاهد وغيرهما قال أبو جعفر الباقر عليه السلام : (فَضْلُ اللهِ) رسول الله صلي الله عليه وآله وسلم--( طبرسي، مجمع البيان في تفسير القرآن)

অর্থাৎ- এই আয়াতের অর্থ এই যে, আল্লাহ তায়ালা স্বীয় মাহবুব পয়গাম্বর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর প্রতি ইরশাদ করেছেন, আপনি ওই সকল লোকদেরকে বলে দিন যারা দুনিয়ার খুশিতে নিমগ্ন এবং এর দ্বারা (অন্যদের ওপর) জুলুম ও সীমা লঙ্ঘনকারী এবং প্রতিনিয়ত ইহাকে জমাকারী, যদি তোমাদের খুশি উদযাপনের প্রয়োজন দেখা দেয় তবে আল্লাহর ফযল এবং তার রহমতের ওপর জশনে মুসাররাত উদযাপন কর। যা নুজুলে কোরআন এবং বেলাদত ও বেছতে মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর সুরতে তোমাদেও দান করা হয়েছে। সুতরাং অবশ্যই



তোমরা এই দুটির (নজুলে কোরআন এবং বেলাদত ও বেছতে মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর উপর খুশি উদযাপন করার) বিনিময়ে চিরস্থায়ী নেয়ামত জান্নাত হাসিল করবে, যা তোমাদেও জন্য ক্ষণস্থায়ী পৃথিবী হতে অধিক উত্তম। হযরত কাতাদাহ এবং মুজাহিদ ছাড়া অন্য ওলামাদের থেকে বর্ণিত আছে যে, ইমাম আবু জাফর মুহাম্মাদ আল বাকির (রাঃ) বলেছেন, আল্লাহর ফযল দ্বারা উদ্দেশ্য হল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ।[২৬৩]

ড. তাহিরুল কাদরী বলেন তাফসীর গ্রন্থসমূহের বিবৃতি, সকল অর্থ, সেগুলোর রহস্যাবলী, প্রাসঙ্গিক বিশ্লেষণ ও ব্যাখ্যা হতে এই সারমর্ম পাওয়া যায় যে, পরম কৌসুলি ও মহীয়ান আল্লাহ তায়ালা যে সকল নেয়ামত দান করেছেন, তন্মধ্যে সবচেয়ে বড় নেয়ামত যা তার ফযল এবং রহম আকারে নাযিল হয়েছে, তাহল কোরআনুল কারীম এবং মোহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর প্রশংসিত গুণাবলীর আকর পবিত্র সত্তা। এর মর্ম হচ্ছে এই যে, জশনে মুসাররাত ও আনন্দ উদযাপনের উপযুক্ত শুধু দুটি বস্তু। এক কোরআনুল কারীমের নুজুল এবং দুই বেলাদতে মোহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম । ফরমানে ইলাহী فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا হচ্ছে ইহার দলিল। যদি কেউ খুশি ও আনন্দ উদযাপন করে,তবে এই রাসূলে মুহতাশাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর দুনিয়ায় আগমনের দিন হতে অধিক উপযুক্ত মনে করে অন্য কোন দিন তার হক আদায় করার সময়োচিত হবে।

[২৬৩] মাজমাউল বয়ান ফী তাফসিরীল কোরআন, খণ্ড-৫, পৃষ্ঠা- ১৭৭, ১৭৮ ।

# চতুর্থ অধ্যায়

## মীলাদ শরীফের ভিত্তিমূল নির্ধারণ

## ইমাম মোল্লা আলী ক্বারী (রহঃ)

ইমাম মোল্লা আলী ক্বারী (রহঃ) তাঁর রচিত "মাওরাদির রাবী ফী মাওলুদিন নবী" পুস্তকে লিখেছেনঃ

হযরত ইবনে জাযরী (রহঃ) বলেন, খৃষ্টানরা যখন তাদের নবীর জন্ম দিনকে বিরাট ঈদের দিন বা খুশীর দিনে পরিণত করে, তখন মুসলমানদেরও তাদের তুলনায় নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি বেশী সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন করা কর্তব্য।"

এখানে প্রশ্ন হয় যে, আমাদের মুসলমানদেরকে ইহুদী খৃষ্টানদের চিন্তাধারা ও আচার আচরণের বিরোধিতা করে চলার নির্দেশ দেয়া হয়েছে। এমতাবস্থায় এ প্রশ্নের জবাব শায়খ জাযরী থেকে বর্ণিত পাওয়া যায় না। কিন্তু তার পক্ষ থেকে আল্লাম সাখাবী এ প্রশ্নের উত্তরে বলেছেন, ইসলামী জগতে সর্বশেষ ইমাম ও চিন্তাবিদ আবুল ফজল ইবনে হাজার (রহঃ) সমসাময়িক কালের একজন উচ্চমানের নির্ভরযোগ্য ওস্তাদ ছিলেন। আল্লাহ্ তায়ালা তার প্রতি রহমত বর্ষণ করুন। তার থেকে মীলাদ শরীফের অনুষ্ঠান সম্পর্কে একটি ভিত্তিমূল বর্ণিত পাওয়া যায়। তা থেকে সমস্ত জ্ঞানীগুনী সুধীমণ্ডলী দলীল গ্রহণ করতে পারেন। সে ভিত্তিমুল হচ্ছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় হিজরত করার পর তথাকার ইয়াহুদীদেরকে আশুরার দিন রোযা রাখতে দেখলেন। অতঃপর তিনি তাদের কাছে রোযা রাখার কারণ জিজ্ঞেস করলে তারা বলল, ঐদিন আল্লাহ তাআলা ফিরআউনকে সাগর জলে নিমজ্জিত করে নবী হযরত মূসা (আঃ)-কে নাজাত দিয়েছেন। অতএব আমরা এ কাজের জন্য আল্লাহ তায়ালার শুকরিয়া আদায় কল্পে রোযা রাখি। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, নবী হযরত মূসা (আঃ)-এর নাজাতের জন্য তোমাদের তুলনায় আমি শুকরিয়া জ্ঞাপনের বেশী হকদার। অতএব তিনি রোযা রাখলেন এবং সাহাবীদেরকেও নির্দেশ দিয়ে বললেন, আগামী বছর আমি জীবিত থাকলে মহররমের নবম তারিখও আর একটি রোযা রাখব।

এখানে (আব্দুল হক এলাহাবাদী) আমি বলতে চাই যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথমতঃ রোযা রেখে তাদের সাথে এক প্রকার সৌহার্দ্য সৃষ্টি করেছেন। পরে দ্বিতীয় আর এক রোযা রাখার কথা বলে তাদের বিরোধীতার রূপটি তুলে ধরেছেন। শায়খ ইবনে হাজার বলেন, এ হাদীস দ্বারা আমরা আল্লাহ তায়ালার



শুকরিয়া আদায়ের শিক্ষা লাভ করি, সেসব কার্যাবলীর জন্য, যা আল্লাহ তায়ালা তাঁর বান্দাদের উপকারার্থে করেন কোন এক নির্দিষ্ট দিনে। আর সে উপকার নেয়ামত দানের রূপরেখায়ও হতে পারে। আর এ শুকরিয়া প্রতি বছরই জ্ঞাপন করা যায় নির্দিষ্ট দিনে বিভিন্ন প্রকার পুণ্যময় কর্মের রূপরেখায়। এ শুকরিয়া বিভিন্ন প্রকার ইবাদাত দ্বারাও করা যায়। যেমন নামায আদায় করা, রোযা রাখা, কুরআন তেলাওয়াত করা। অতএব বিশ্বনবী হযরত মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম লাভের চেয়ে বড় নেয়ামত আর কি হতে পারে? আমি বলতে চাই (গ্রন্থকার) কুরআন মজীদেلقد جاءكم رسول আয়াতের বক্তব্য দ্বারা মানুষকে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম গ্রহণের সময় তাঁর প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রদর্শনের ইঙ্গিত পাওয়া যায়। এ ভিত্তিতেই শুকরিয়া জ্ঞাপনের উদ্দেশ্যে নানা প্রকার ইবাদত ক্রিয়াকলাপ করা উচিত, যা দ্বারা শুকরিয়া জ্ঞাপন বুঝায়। যেমন নামায রোযা, দান সদকা কারা, কুরআন মজীদ তেলাওয়াত ইত্যাদি কাজ করা। আর যদি গান বাজনা ইত্যাদি কাজ হয় তাহলে এগুলোর মধ্যে যা করা শরীয়ত অনুযায়ী মুবাহ হয় তা অনুকরন করা উচিত। যেসব কাজ করণে কোন দোষ নেই। আর যেসব কাজ করা হারাম ও মাকরূহ হয় তা থেকে বিরত থাকা কর্তব্য। এমনিভাবে যেসব কাজ সম্পর্কে মতানৈক্যতা বিদ্যমান তাও পরিহার করা উচিত। র্সাপেক্ষা উত্তম কথা হচ্ছে রবিউল আউয়াল মাস ভরে আনন্দ ও খুশী প্রকাশ করা উচিত। যেমন ইবনে জামায়াত থেকে বর্ণিত আমরা বিশুদ্ধ বর্ণনা থেকে অবহিত হয়েছি যে, অতিশয় বৃদ্ধ জাহেদ ইসহাক ইবরাহীম ইবনে আবদুর রহমান ইবনে জামায়াত যখন পবিত্র মদীনায় থাকতেন, তখন তিনি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মীলাদ শরীফ অনুষ্ঠানে লোকদেরকে খাদ্য সামগ্রী রান্না করে খাওয়াতেন। আর বলতেন, আমার ক্ষমতা থাকলে আমি রবিউল আউয়াল মাসের প্রতিদিন মীলাদ অনুষ্ঠান করতাম।

সহীহ বুখারী গ্রন্থে "আশুরার দিন রোযা রাখার" অধ্যায়ে সাহাবী ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে,

عَنِ ابْنِ عَبَّاسٍ؛ - رضى الله عنهما - أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَدِمَ الْمَدِينَةَ فَوَجَدَ الْيَهُودَ صِيَامًا يَوْمَ عَاشُوْرَاءَ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "مَا

هَذَا الْيَوْمُ الَّذِي تَصُومُونَهُ " فَقَالُوا هَذَا يَوْمٌ عَظِيمٌ أَنْجَى اللَّهُ فِيهِ مُوسَى وَقَوْمَهُ وَغَرَّقَ فِرْعَوْنَ وَقَوْمَهُ فَصَامَهُ مُوسَى شُكْرًا فَنَحْنُ نَصُومُهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَنَحْنُ أَحَقُّ وَأَوْلَى بِمُوسَى مِنْكُمْ فَصَامَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَمَرَ بِصِيَامِهِ

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় আগমন করার পর সেখানকার ইয়াহুদীদেরকে দেখলেন যে, আশুরার দিন তারা রোযা রাখছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে জিজ্ঞেস করলেন, তোমরা আশুরার দিন রোযা রাখ কেন? তারা বলল, এদিনটি খুব পুণ্যময় দিন। এদিন আল্লাহ তাআলা বনী ইসরাঈলকে শত্রুর কবল থেকে মুক্ত করেছেন। তাই নবী হযরত মূসা (আঃ) (আল্লাহার শুকরিয়া জ্ঞাপনার্থে) রোযা রেখেছেন, তাই আমরাও রোযা রাখি। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, নবী হযরত মূসা (আঃ)-এর সাথে অনুকুলতা প্রদর্শনে তোমাদের তুলনায় আমরা বেশি হকদার। অতএব তিনি রোযা রাখলেন এবং মুসলমানদেরকে ঐদিন রোযা রাখার নির্দেশ দিলেন।

ফাতহুলবারী গ্রন্থে উল্লেখ রয়েছে যে, অতএব হযরত মূসা (আঃ) রোযা রাখলেন। সহীহ মুসলিম শরীফে অতিরিক্ত একথা উল্লেখ আছে যে, আল্লাহ তায়ালার প্রতি শুকরিয়া জ্ঞাপনার্থে আমরাও ঐদিন রোযা রাখব।[২৬৪]

সহীহ বুখারী'র "নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করলেন তখন ইয়াহুদীরা তার কাছে আসল" অধ্যায়ে হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করলেন, তখন তিনি সেখানে ইয়াহুদী সম্প্রদায়কে দেখতে পেলেন যে, তারা আশুরার দিন রোযা পালন করছে। তিনি তাদের কাছে রোযা রাখার কারণ জিজ্ঞেস করলেন। তারা বলল, এ দিনে আল্লাহ তায়ালা নবী হযরত মূসা (আঃ) ও বনী ইসরাঈলকে ফিরআউনের উপর বিজয় দান করেছেন। আমরা সে দিনের প্রতি সম্মান প্রদর্শনার্থে রোযা রাখি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আমরা তোমাদের তুলনায় হযরত মূসা (আঃ)-এর অনুকরণ করণের

[২৬৪] ইমাম আসকালানীঃ ফাতহুলবারী ৮ / ৩৪৮



বেশী অধিকারী। অতঃপর তিনি আশুরার দিন রোযা রাখলেন এবং মুসলমানদেরকে রোযা রাখার নির্দেশ দিলেন।[২৬৫]

সুনানে আবু দাউদ শরীফে এ ভাষা বর্ণিত হয়েছে যে, আমরা ঐদিনের প্রতি সম্মান প্রদর্শনার্থে ঐদিন রোযা রাখি।[২৬৬]

সহীহ বুখারী শরীফে "আল্লাহর বাণীঃ তোমাদের কাছে কি মূসার ঘটনাবলীর সংবাদ এসেছে এবং আল্লাহ তায়ালা মূসার সাথে যথেষ্ট বাক্যালাপ করেছেন" অধ্যায়ে হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে হাদীস বর্ণিত আছে যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় পদার্পন করে ইয়াহুদীদেরকে আশুরার দিন রোযা পালন করতে দেখলেন। (তাদের কাছে তিনি এর কারণ জিজ্ঞেস করলে) তারা বলল, এ দিনটি মহান ও শ্রেষ্ঠ দিন। এদিনে আল্লাহ তাআলা নবী হযরত মূসা (আঃ) আল্লাহ তায়ালার প্রতি শুকরিয়া জ্ঞাপনের উদ্দেশ্যে রোযা রাখেন। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আমরা হযরত মূসা (আঃ)-এর অনুকরণে তাদের অপেক্ষা বেশী হকদার। অতঃপর তিনি ঐদিন রোযা রাখেন এবং মুসলমানদেরকেও রোযা রাখার নির্দেশ দেন।[২৬৭]

সুনানে ইবনে মাজাহ শরীফে উল্লেখ আছে যে, অতএব হযরত মূসা (আঃ) শুকরিয়া আদায়ের উদ্দেশ্যে রোযা রাখেন।[২৬৮]

ইমাম তাহাবীর "শরহে মাআনিউল আছার" কিতাবে হযরত সাঈদ ইবনে যুবায়ের (রাঃ) হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে হাদীস বর্ণনা করেছেন। মহানবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করেন...।

ইমাম তাহাবী (রহঃ) বলেন, এ হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শুকরিয়া আদায়ের উদ্দেশ্যে রোযা রাখার কথা উল্লেখ রয়েছে। এ রোযা ছিল

[২৬৫] বুখারী,৩ / ৪৩ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ১৪৩

[২৬৬] আবু দাউদ ১ / ৭৩৭ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৩

[২৬৭] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৭

[২৬৮] ২ / ৬২৫ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন. নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৪

ইখতিয়ারী রোযা। অর্থাৎ ইচ্ছা হলে রাখতেও পারে, না হলে না রাখতেও পারে। এটা ফরয রোযা ছিল না।[২৬৯]

ঐ কিতাবে আরো উল্লেখ আছে যে, হযরত ইবনে আব্বাস (রাঃ) এ হাদীসে ইয়াহুদীদের রোযা রাখার কারণ বর্ণনা করেছেন। তাহলো আল্লাহ তাআলা নবী হযরত মূসা (আঃ)-কে ফিরআউনের উপর বিজয় দান করেন। এর শুকরিয়া আদায়ের উদ্দেশ্যে তারা রোযা রাখত। আর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও শুকরিয়া আদায়ের উদ্দেশ্যেই আশুরার রোযা রাখতেন। আর শুকরিয়া আদায়ের রোযা ইখতিয়ারী রোযা বা মুস্তাহাব রোযা হয়, ফরয হয় না।[২৭০]

একই ভাবে আরো উল্লেখ আছে যে, হযরত আবু কাতাদাহ (রাঃ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে যে হাদীসটি বর্ণনা করেছেন তা উল্লেখের পর গ্রন্থকার লিখছেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার রোযা সম্পর্কে বলেছেন, আমি এ আশা পোষণ করি যে, আল্লাহ তাআলা এ রোযাকে পূর্ববর্তী এক বছরের গুনাহের জন্য কাফ্ফারায় পরিণত করবেন। অতএব এ হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদেরকে রোযা রাখার নির্দেশ এজন্য দিয়েছেন যে তাদের পূর্ববর্তী এক বছরের গুনাহের জন্য এ রোযা কাফ্ফারা হবে। এটা আমাদের কাছে হযরত ইবনে আব্বাস (রাঃ) বর্ণিত হাদীসের পরিপন্থী নয়। কেননা হতে পারে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবী হযরত মূসা (আঃ)- কে ফিরআউনের উপর বিজয় দানের কারণে শুকরিয়া স্বরূপ এ রোযা রেখেছেন। অতএব আল্লাহ তাআলা শুকরিয়ার এ রোযাকে বিগত এক বছরের গুনাহের কাফ্ফারায় পরিণত করেছেন।[২৭১]

আল্লামা আঈনী শরহে সহীহুল বুখারী শরীফে হযরত ইবনে আব্বাস (রাঃ)- এর হাদীস উল্লেখ করেছেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় এসে ইয়াহুদীদেরকে আশুরার দিন রোযা রাখতে দেখলেন ..........। অতঃপর তিনি লিখেন, হযরত ইবনে আব্বাস (রাঃ) বর্ণিত উপরোক্ত হাদীস দ্বারা বাহ্যিকভাবে আশুরার দিন রোযা রাখা ওয়াজিব প্রমাণ হয়। কেনন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি

[২৬৯] তাহাবী : শরহে মায়ানিল আছার : শরহে মায়ানিল আছার ২ / ৫৪ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৪

[২৭০] তাহাবী : শরহে মায়ানিল আছার ২ / ৫৪ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৪

[২৭১] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৪



ওয়া সাল্লাম নিজেও রোযা রেখেছেন এবং অন্যান্য মুসলমানদেরকেও ঐদিন রোযা রাখতে নির্দেশ দিয়েছেন। কিন্তু এ ওয়াজিব মানসুখ (রহিত) হয়েছে এবং মুস্তাহাব বর্তমান আছে। যেমন আমরা বর্ণনা করেছি। ইমাম তাহাবী (রহঃ) এ হাদীসটি বর্ণনা করার পর বলেছেন, এ হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে রোযা রাখার কথা উল্লেখ করা হয়েছে বটে। কিন্তু সে রোযা তিনি আল্লাহ তায়ালার প্রতি শুকরিয়া আদায়ের জন্য রাখেন। শুকরিয়া আদায়ের কারণ হল আল্লাহ তায়ালা নবী হযরত মূসা (আঃ)-কে ফিরআউনের উপর বিজয় দান করেছিলেন। সুতরাং এ রোযা ছিল ঐচ্ছিক ও মুস্তাহাব রোযা। ফরয ছিল না। আমার মতে এখানে প্রশ্ন হয় যে, এ রোযাটি ফরয ছিল না বরং ঐচ্ছিক ছিল । না একথা আমরা স্বীকার করি না- কারণ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রোযা রাখাটা শুকরিয়া আদায়ের অর্থে হওয়াটা তা ওয়াজিব হওয়াকে অস্বীকার করে না। যেমন এর উদাহরণ সিজদার মধ্যে নিহিত আছে যে, তার ভিত্তিমূল শোকর হওয়া সত্ত্বেও তা ওয়াজিব।[২৭২]

আল্লামা মোল্লা আলী ক্বারী (রহঃ) "শরহে মিশকাতুল মাসাবীহ" গ্রন্থে- অতঃপর তিনি রোযা রাখলেন (فصامه) এর ব্যাখ্যায় লিখেন যে, ঐদিন বা অনুরূপ কোন দিন তিনি রোযা রেখেছেন। তিনি আরো বলেছেন যে, আমরা সেদিন বা অনুরূপ রোযা রাখি।

উপরোক্ত হাদীসের ব্যাখ্যায় আল্লামা আঈনী বলেন, "অতএব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রোযা রেখেছেন। এর অর্থ এই নয় যে, তিনি প্রথমতঃ এ রোযা রাখেন। কেননা অন্য হাদীস দ্বারা জানা যায় যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় আগমনের পূর্বেও আশুরার রোযা পালন করতেন। অতএব এ বক্তব্য অনুযায়ী একথায় অর্থ হবে মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজের পূর্ব অভ্যাস মাফিক রোযা রেখেছেন এবং সে অভ্যাসকে বহাল রেখেছেন। কেউ কেউ বলেছেন সম্ভবতঃ মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা শরীফে অবস্থান কালেও এ রোযা রাখতেন। অতঃপর তিনি এ রোযা বর্জন করেন। তারপর মদীনায় এসে ইয়াহুদীদের কাছে এ রোযা পালনের কারণ অবহিত হয়ে পুনরায় রোযা রাখতে শুরু করেন। এ গ্রন্থে আরো উল্লেখ করা হয়েছে যে, তিনি এ রোযা রাখতে সকলকে নির্দেশ দিলেন। এ কথার

[২৭২] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৫

ব্যাখ্যায় ইমাম বুখারী (রহঃ) আবু বাশারের সূত্রে বলেছেন যে, এর অর্থ হচ্ছে তিনি স্বীয় সাহাবীদেরকে বললেন যে, হযরত মূসা (আঃ)-এর সাথে সাদৃশ্য স্থাপনে ওদের তুলনায় তোমাদের অধিকার বেশী। অতএব তোমরাও ঐদিন রোযা রাখ।[২৭৩]

আল্লামা মোল্লা আলী ক্বারী (রহঃ) শরহে মিশকাতুল মাসাবীহ গ্রন্থে লিখেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার দিন রোযা রেখেছিলেন কুরআন মজীদের এই আয়াতের ভিত্তিতে فبهدا هم اقتده অর্থাৎ তাদের হেদায়েতের অনুকরণ করে চল। অর্থাৎ তাওহীদ ও ধৈর্য সহিষ্ণুতার ক্ষেত্রে সাবেক নবীদের অনুকরণ করে চলত অতএব হযরত মূসা (আঃ) যার প্রতি সম্মান প্রদর্শন করেছেন তার প্রতি সম্মান প্রদর্শন করা। নবী হযরত মূসা (আঃ)- এর শরীয়ত অনুকরণের জন্য বলা হয়নি বরং নবী হযরত মূসা (আঃ)-এর সাথে সামঞ্জস্য প্রদর্শনের জন্য বলা হয়েছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শরীয়তে এ ব্যপারে হযরত মূসা (আঃ)-এর শরীয়তের সামঞ্জস্য রয়েছে। অতএব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রোযা রাখা ছিল নবী হযরত মূসা (আঃ) নাজাত পাওয়ায় আল্লাহর শুকরিয়া আদায়ের জন্য। যেমন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত দাউদ (আঃ)-এর তাওবা কবুল হওয়ার জন্য শুকরিয়া স্বরূপ সিজদা করেছেন। যেমন সূরা (ص) তিনি আল্লাহ তায়ালার শুকরিয়া আদায়ের জন্য সিজদা করেছেন। ইমাম নাসাঈ (রহঃ) হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূরা (ص) সিজদা করেন এবং বলেন নবী হযরত দাউদ (আঃ) তাঁর তাওবা কবুল হওয়ার কারণে সিজদা করেছেন। আর আমরা সিজদা করেছি আল্লাহ তায়ালার প্রতি শুকরিয়া আদায়ের জন্য।[২৭৪]

হযরত ইবনে হাজার (রহঃ) বলেন, নবী হযরত দাউদ আলাইহিস সালামের তাওবা কবুল হওয়ার জন্য আমরা আল্লাহ তায়ালার শুকরিয়া স্বরূপ সিজদা করে থাকি। কারণ, সমস্ত নবীগণ হচ্ছেন একটি মানুষের মত। সুতরাং তাঁদের মধ্যে একজনে কোন নেয়ামত লাভ করার অর্থ যেন সমস্ত নবীগণই নেয়ামত লাভ করেছেন।

শায়খ তাজউদ্দিন ফাকেহানী বলেছেন, মীলাদ শরীফের কোন ভিত্তিমূল কুরআন হাদীসে আছে বলে আমরা জানা নেই। আল্লামা জালাল উদ্দীন সুয়ুতী (রহঃ) এ

[২৭৩] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৫

[২৭৪] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৬



কথার উত্তরে বলেছেন, জ্ঞান না থাকা দ্বারা মীলাদ শরীফের ভিত্তিমূল না থাকাকে অপরিহার্য করে না। অথচ হাফেজ ইবনে হাজার (রহঃ) সুন্নাহ থেকে মীলাদ শরীফের ভিত্তিমূল উদ্ভাবন করেছেন। আর আমিও মীলাদ শরীফের পক্ষে অন্য এক ভিত্তিমূল বের করেছি। এ দুটি ভিত্তিমূল সম্পর্কে অতিসত্ত্বরই আলোচনা করা হবে।

শায়খুল ইসলাম ইবনে হাজার (রহঃ) -এর কাছে মীলাদ অনুষ্ঠান পালন সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি উত্তরে বললেন, মীলাদের মূলকথা হচ্ছে তা বিদআত। পূর্বসূরী কোন আলেম ও বুযুর্গ থেকে এবং উত্তম তিনযুগের কারো থেকে মীলাদ অনুষ্ঠান পালনের কোন ঘটনা পাওয়া যায় না। তথাপিও এ অনুষ্ঠান পালনে অনেক ভাল ও সুন্দর কাজ নিহিত, যা হচ্ছে মানুষের আসল উদ্দেশ্য। অতএব কোন ব্যক্তি মীলাদ অনুষ্ঠানে ভাল কাজ করার ইচ্ছা করলে এবং শরীয়ত গর্হীত কাজ হতে বিরত থাকলে তার জন্য মীলাদ অনুষ্ঠান পালন করা বিদআতে হাসানা। যারা এভাবে না করে তাদের জন্য বিদআতে হাসানা হয় না। আমি মীলাদ শরীফের ভিত্তিমূল সুন্নাহ থেকে উদ্ভাবন করেছি, যা বুখারী ও মুসলিম শরীফে উল্লেখ রয়েছে। সে হাদীসের প্রথম ভাষ্য হল নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করেন।

এ হাদীস দ্বারা আল্লাহ তায়ালার ইহসান ও নেয়ামত লাভের জন্য শুকরিয়া আদায় করার কথা প্রকাশ পায়। আল্লাহ তায়ালার সে নেয়ামত নির্দিষ্ট কোনদিনে হোক অথবা কোন নেয়ামত দানের রূপ রেখায় হোক কিম্বা কোন বিপদ আপদ দূর করার আকারে হোক। অতএব প্রতিবছরই ঐদিনে সে নেয়ামতের শুকরিয়া আদায় করা যায়। আল্লাহ তায়ালার শুকরিয়া নানা প্রকার ইবাদাত-বন্দেগী দ্বারা করা যায়। যেমন সিজদা করা, রোযা রাখা, নামায পড়া ও দান সদকা দেয়া এবং কুরআন মজীদ তেলাওয়াত করা। অতএব বিশ্বনবী হযরত মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মগ্রহন অপেক্ষা বড় নেয়ামত আর কি হতে পারে? অতএব তাঁর ঠিক জন্ম দিনে নবী হযরত মূসা (আঃ)-এর ঘটনা অনুযায়ী মীলাদ অনুষ্ঠান পালন করা উচিত। আর এদিকে দৃষ্টি না করে বছরের যে কোন মাসে যদি মীলাদ অনুষ্ঠান করে তাহলে তাও মীলাদ অনুষ্ঠান পালন করার ভিত্তিমূল অনুযায়ী হবে। তবে শর্ত হল এ অনুষ্ঠানে এমন কাজ করতে হবে, যাতে আল্লাহ তায়ালার প্রতি শুকরিয়া আদায় করা বুঝায়। যেমন ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে যে, আল্লাহ তায়ালার শুকরিয়া আদায় করণার্থে কুরআন মজীদ তেলাওয়াত করা গরীব মিসকীন ও উপস্থিত লোকজনকে পানাহার করানো, দান সদকা করা এবং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী ও মুজিযাসমূহ আলোচনা করা। যাতে মনে আল্লাহ ভীতি ও পরকালের কথা স্মরণ হয়। আর নেক আমলের প্রতি মনে অনুপ্রেরণা সৃষ্টি হয়। আর

যেসব কাজ কর্ম শরীয়তের খেলাপ যেমন গান-বাজনা করা, বাদ্যযন্ত্র বাজানো, সিঙ্গা গাওয়া ইত্যাদি হারাম ও মাকরূহ এবং খেলাফে আওলা কাজ থেকে বিরত থাকতে হবে। আর যেসব কাজ মুবাহ ও আনন্দদায়ক তা করতে কোন দোষ নেই। [২৭৫]

মীলাদ সম্পর্কে আমার কাছে দ্বিতীয় এক ভিত্তিমূলক প্রকাশ পেয়েছে, যা ইমাম বায়হাকী (রহঃ) সাহাবী হযরত আনাস (রাঃ)-থেকে রেওয়ায়াত করেছেন। সে হাদীসটি হল এই, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবুওয়াত লাভ করার পর নিজের পক্ষে আকীকা করেছেন। অথচ বর্ণিত আছে যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের পর সপ্তম দিনে তাঁর দাদা আবদুল মুত্তালিব তাঁর আকীকা করেছেন। অথচ দ্বিতীয়বার আকীকা করা দ্বারা এটাই বুঝা যায় যে, আল্লাহ তাআলা যে, তাঁকে রাহমাতাল্লিল আলামীন হিসেবে সৃষ্টি করেছেন তারই শুকরিয়া স্বরূপ তিনি এ আকীকা করেছেন। এর দ্বারা তাঁর উদ্দেশ্য হচ্ছে নিজের উম্মতদেরকে উৎসাহিত করেছেন। অতএব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মগ্রহণের জন্য শুকরিয়া প্রকাশ করা আমাদের জন্য মুস্তাহাব। এ শুকরিয়া প্রকাশ হয় সমবেত হয়ে অনুষ্ঠান করে, লোকদেরকে পানাহার করিয়ে এবং গরীব দুঃখীজনকে দান সদকা দিয়ে। এ ছাড়া যেসব কাজ দ্বারা আল্লাহ তায়ালার নৈকট্য লাভ করা যায় তা করে খুশী প্রকাশ করা যায়। [২৭৬]

এতদ্ব্যাতীত আমরা আরো লক্ষ্য করছি যে, ইমামুল কুররা হাফেজ শামসুদ্দীন ইবনে জাযরী (রহঃ) তাঁর "আরফুত্ তারীফ ফী মওলুদিশ্ শরীফ" কিতাবে লিখেছেন যে, মক্কার বিখ্যাত কাফের ও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাচা আবু লাহাবকে তার মৃত্যুর পর তার জনৈক আত্মীয় স্বপ্নে জিজ্ঞেস করলেন, তোমার অবস্থা কি? তখন আবু লাহাব বলল, আমি অনল কুণ্ডলের মধ্যে অবস্থান করছি। কিন্তু সোমবার রাতে আমার শাস্তিকে অনেকটা লঘু করা হয়। আমি ঐদিন আমার দু'আঙ্গুল থেকে মধুর মত রস বের হয় তা চোষণ করে আমি তৃপ্তিবোধ করি। অতঃপর সে দু'আঙ্গুলের মাথা দ্বারা ইঙ্গিত করল। এর কারণ হল যে, আমার দাসী ছোয়াইবীয়াহ আমার ভ্রাতুস্পুত্র জন্ম হওয়ার সুসংবাদ আমাকে দেয়ায় আমি তাকে ঐ দু'আঙ্গুল দ্বারা ইঙ্গিত করে দাসত্ব হতে মুক্ত করেছিলাম। আর ছোয়াইবীয়াহ তাকে দুগ্ধও পান করান এটিও একটি অন্যতম কারণ। অতএব আবু লাহাব নিঃসন্দেহে

---

[২৭৫] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৮

[২৭৬] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৮



একজন কাফির লোক। সে চিরন্ত ভাবে জাহান্নাম ভোগ করার কথা কুরআন মজীদে বর্ণিত। তাকে যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মগ্রহণে খুশী প্রকাশের কারণে জাহান্নামের মধ্যে এ খুশীর প্রতিদান দেয়া হয়, তাহলে একজন মুসলমানকে আল্লাহ তাআলা তাঁর জন্মের জন্য খুশী প্রকাশের প্রতিদান কি পুরস্কার দিতে পারেন? আমি আল্লাহর নামে শপথ করে বলছি, আল্লাহ তাআলা তাদেরকে এরূপ খুশী প্রকাশের কারণে নিজ অনুগ্রহে জান্নাতুন নাঈমে প্রবেশ করাবেন। [২৭৭]

হাফেজ শামসুদ্দীন ইবনে নাসীরুদ্দীন দামেস্কী (রহঃ) তাঁর রচিত "মাওরিদুস সাবী ফী মাওলাদিল হাদী" কিতাবে লিখেছেন যে, আবু লাহাব প্রসঙ্গে বর্ণিত হাদীসটি বিশুদ্ধতার মানে উত্তীর্ণ। সোমবার দিন আবু লাহাবের শাস্তি লঘু করার কারণ হল, হযরত মুহাম্মাদুর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম হওয়ার জন্য খুশী প্রকাশে তার দাসী ছোয়াইবীয়াহকে দাসত্বের শৃঙ্খল হতে মুক্ত করে দেয়া। অতঃপর তিনি এ ছন্দময় কবিতাটি লিখেন, যার অর্থ নিম্নরূপঃ

যে ব্যক্তি কাট্টা কাফির, যার দুর্ভাগ্যজনক পরিণতির কথা কুরআন মজীদে সূরা লাহাবে বর্ণিত হয়েছে এবং চিরদিন জাহান্নাম ভোগ করবে কথা বলা হয়েছে, তার যদি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মে খুশী হওয়ার কারণে সোমবার দিন শাস্তি লঘু করা হয়, তাহলে যে ব্যক্তির জীবনটি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের জন্য খুশী ও আনন্দে অতিবাহিত হয়েছে এবং দুনিয়া থেকে ঈমানের সাথে বিদায় হয়েছে তার ব্যাপারে কি হওয়ার ধারণা করা যায়? [২৭৮]

এমনিভাবে "মাওয়াহিবে লাদুন্নীয়া" গ্রন্থকার আল্লামা যুরকানী (রহঃ) ও লিখেছেন যে, আমার কাছে মীলাদ অনুষ্ঠানের দ্বিতীয় এক ভিত্তিমূল প্রকাশ পেয়েছে। আর হাফেজ ইবনে রজব (রহঃ) ও লিখেছেন যে আমার কাছে মীলাদ শরীফের দ্বিতীয় ভিত্তিমুল যা প্রকাশ পেয়েছে তা হচ্ছে ইমাম বায়হাকী বর্ণিত হাদীসটি। কিন্তু ইবনে নজম এ হাদীসটিকে মুনকার হাদীস নামে অভিহিত করেছেন। আর "শারহুল মুহায্যাব" গ্রন্থকার এ হাদীসটিকে বাতিল আখ্যায়িত করে এর থেকে কোন মাসয়ালা উদ্ভাবন করার যোগ্যতা ও মান রহিত হওয়ার কথা বলেছেন। [২৭৯]

---

[২৭৭] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৯

[২৭৮] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৪৯

[২৭৯] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৫০

শরহে সাফরুস্ সাআদাত" গ্রন্থে হযরত আনাস (রাঃ) থেকে বর্ণিত হাদীসটি বিদ্যমান। এ ছাড়া অন্যান্য কিছু হাদীসে উল্লেখ আছে যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবুওয়াত লাভ করার পর নিজের আকীকা করেছেন। ইমাম আবু দাউদ এ হাদীসটি মুরসালগনদে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আমি ইমাম আহমদকে ও হাদীস বর্ণনা করতে শুনেছি। তিনি হায়শাম ইবনে জামীল, আব্দুল্লাহ ইবনে মুছান্না এবং সুমামাহ ও হযরত আনাস (রাঃ) থেকে পরম্পরা সূত্রে বর্ণনা করেছেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজের আকীকা করেছেন। এখানে ইমাম আহমদ (রহঃ) এ হাদীসেরগনদ মুনকার ও যঈফ বলে অভিহিত করেছেন। আর এগনদের দুর্বল রাবী হচ্ছে আব্দুল্লাহ । [২৮০]

উপরোক্ত হাদীসে বর্ণিত স্বপ্নের দ্রষ্টা হচ্ছেন আবু লাহাবের ভাই হযরত আব্বাস (রাঃ)। আবু লাহাবের মৃত্যুর এক বছর পর বদর যুদ্ধের ঘটনার পর এ স্বপ্ন দেখেছিলেন, সুহাইলী এরূপই বর্ণনা করেছেন। আর আল্লামা যুরকানী রচিত শরহে মাওয়াহিবে লাদুন্নিয়া গ্রন্থেও এরূপ উল্লেখ রয়েছে। আর রাসূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনীকারক অনেক ঐতিহাসিক থেকেও এমনিভাবে উল্লেখ পাওয়া যায়। আর "মাদারেজুন নবুওত" গ্রন্থেও এ হাদীসটির প্রতি ইঙ্গিত করা হয়েছে। আল্লামা দামেস্কী এ হাদীসটিকে বিশুদ্ধ বলে অভিমত প্রকাশ করেছেন ইমাম বুখারী ও ইমাম মুসলিম (রহঃ) হযরত ইবনে আব্বাস (রাঃ) আবদুল মুত্তালিব থেকে ও আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে নিজ নিজ গ্রন্থে বর্ণনা করেছেন। ইমাম বুখারী আবু মুসায়্যিব সূত্রে তার পিতা থেকে বর্ণনা করেছেন। ইমাম মুসলিম সুফিয়ান থেকে আবু তালিব সম্পর্কে বর্ণনা করেছেন। এখানে সে হাদীসটি উল্লেখ করা হতে অনেক দীর্ঘকায় হওয়ার কারণে বিরত রইলাম। এ হাদীস দ্বারা বুঝা যায় যে, কাফেরদের পুণ্যময় কাজ ব্যর্থ ও নিষ্ফল হয় না। বরং কাফেররাও তা দ্বারা কোন কোন সময় উপকৃত হয়। আর এর বিপরীত কথাও কুরআন হাদীসে বিদ্যমান। সুতরাং ইমাম নববী (রহঃ) বলেন ইমাম বায়হাকী (রহঃ) বলেছেন, কাফেরগণ পুণ্যময় কর্মের কারণে শাস্তি হতে নাজাত পাবে না এবং জান্নাতও লাভ করবে না। কিন্তু পূণ্যময় কর্ম দ্বারা শাস্তি কিছুটা লাঘব হয় কুফরী ব্যতীত যে সব গুনাহের জন্য শাস্তি ভোগ করতে হয় তাতে পূণ্য কর্মের কারণে কিছুটা শাস্তি লাঘব করা হয়। কুফরীর শাস্তি চিরন্তন জাহান্নামী হওয়া বহালই থাকে। মাওলানা আবদুল আযীয মুহাদ্দিসে দেহলবী (রহঃ) এরূপ 'ব্যক্ত করে তা ইমাম আবু হানীফা (রহ)-এর অভিমত বলে ইঙ্গিত

[২৮০] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৫০



করেছেন। আর আল্লামা কিরমানী ও অভিমতের অনুকুলে মত ব্যক্ত করেছেন। কিন্তু তারা কাফের ব্যক্তির শাস্তি কিছুটা লাঘব হওয়া দ্বারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকত ও বৈশিষ্ট্যের প্রতিফলন বুঝিয়েছেন। অতএব এ কথা জানার পর এটাই বুঝা যায় যে, এ হাদীস দ্বারা দলীল গ্রহণ করার সুযোগটি সম্পূর্ণরূপে রহিত হতে পারে না। এতদ্ব্যতীত আরও বলা যায় যে, জ্ঞান লাভের জন্য দলীল গ্রহণ করা অপরিহার্য না হলেও এর বাইরে এ হাদীস দ্বারা দলীল গ্রহণ করা বিশুদ্ধ না হওয়া অপরিহার্য করে না। ওলামায়ে কেরাম সর্বদা আমলের ফযীলতের ব্যাপারে দলীল গ্রহণে সহজতর পন্থা অবলম্বন করেন। এমনকি মৌলবী ইসমাঈল দেহলবী বলেছেন, আমলের ফযীলত গ্রহণে কোন কোন সময় মওজু' হাদীসের অবস্থা যখন এই, তখন আভ্যন্তরীণ দিক দিয়ে মুনকাতি'গনদের হাদীসগুলো গ্রহণ করা আওলা বা উত্তম কাজে পরিণত হয়। টীকাকার এরূপ ফায়দার কথাই উল্লেখ করেছেন। [২৮১]

মাদারেজুন নবুওত" গ্রন্থেও এ হাদীসটি উল্লেখ করে এভাবে মন্তব্য প্রকাশ করা হয়েছে সর্বপ্রথম যে মহিলা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুধ পান করিয়েছেন। তিনি হলেন, আবু লাহাবের দাসী ছোয়াইবিয়াহ। অবশেষে ছোয়ায়বীয়াহ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জন্মগ্রহণের সুসংবাদটি আবু লাহাবের কাছে পৌছায়। সে বলল, তোমার ভ্রাতা আব্দুল্লাহর ঘরে একটি পুত্র সন্তান জন্মগ্রহণ করেছে। তখন আবু লাহাব এ সংবাদে খুশী হয়ে তাকে স্বাধীন করার কথা ঘোষণা করল। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মে আবু লাহাব এ কাজ করায় মহান আল্লাহ তাআলা সন্তুষ্ট হয়ে এ কাজের প্রতিদানে পরকালে তার শাস্তিটা কিছু লঘু করেন, প্রতি সোমবার দিনে। সুতরাং বর্ণিত বিশুদ্ধগনদ বিশিষ্ট হাদীস দ্বারা প্রমাণ হয় যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মরাতে তাঁর আত্মীয়রা খুশী ও আনন্দ প্রকাশ করেছেন এবং সম্পদও ব্যয় করেছেন। অর্থাৎ আবু লাহাব জীবনভর কাফের ছিল। তার নিন্দায় কুরআন মজীদে আয়াত নাযিল হয়েছে। এহেন ব্যক্তি যদি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মে খুশী ও আনন্দ প্রকাশ করেছিল ও তার দাসী দ্বারা দুগ্ধ পান করিয়ে ছিল এবং সে দাসীকে মুক্ত করেছিল্ এর ফলে পরকালে শাস্তি কিছুটা লাঘব করে তাকে এ কাজের প্রতিদান দেয়া হল। সুতরাং একজন মুসলমান ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মহব্বতে তাঁর জন্ম দিনের উৎসব পালন করে এবং টাকা পয়সা ব্যয় করে তাহলে তার অবস্থাটি কি হতে পারে তা সবারই

[২৮১] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৫১

জানা কথা। সারকথা হল মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মীলাদ অনুষ্ঠানটি বিদআত ও নতুন কাজ হওয়া সত্ত্বেও তা যদি গান বাজনা ও নিষিদ্ধ বাদ্যযন্ত্র এবং শরীয়ত পরিপন্থী কাজ হতে মুক্ত হয়, তাহলে তা হবে সৌভাগ্যের বিষয়। অন্যথায় তা হবে দুর্ভাগ্য ও সৌভাগ্য থেকে বঞ্চিত থাকার কারণ। [১৮২]

আল্লামা জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) "খাসায়েসুল কুবরা" গ্রন্থে ইমাম বুখারী ও ইমাম মুসলিম (রহঃ) -এর উদ্ধৃতি দিয়ে নিম্নরূপ হাদীস বর্ণনা করেছেন-

عن عروة قال اعتق ابولهب ثويبة فارضعت رسول الله صلى الله عليه وسلم فلما مات ابو لهب اريه بعض اهله فى شرحالة فقال له مذا لقيت قال لم الق بعدكم رخاء غير انى سقيت فى هذا بعتاقتى ثويبة واشار الى النقرة التى بين ابهام والتى تليها من الاصابع-

হযরত উরওয়া (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবু লাহাব ছোয়াইবীয়াহকে মুক্ত করে। অতঃপর সে (ছোইবীয়াহ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দুগ্ধ পান করায়। অতঃপর আবু লাহাব মৃত্যুমুখে পতিত হওয়ার পর তার ঘরের জনৈক ব্যক্তি তাকে খুব খারাপ অবস্থায় স্বপ্নে দেখে জিজ্ঞেস করল, তোমার সাথে কিরূপ আচরণ হচ্ছে? উত্তরে আবু লাহব বলল, তোমাদের থেকে চলে আসার পর অর্থাৎ আমার মৃত্যু হওয়ার পর শান্তিতে থাকার নসীব আমার হয়নি। তবে আমার দাসী ছোয়াইবীয়াহকে মুক্ত করার কারণে আমি একটু পানি পান করে শান্তি পাই অতঃপর শাহাদাত আঙ্গুল ও মাধ্যমা আঙ্গুলীর প্রতি ইঙ্গিত করে।"

সহীহ বুখারীর কিতাবুন নিকাহে "তোমাদের জন্য তোমাদের দুগ্ধ পানকারী মাতাদেরকে বিবাহ করা হারাম এবং নসব দ্বারা যা হারাম হয় দুগ্ধ পান দ্বারাও তা হারাম হয়।" এ অধ্যায়ে এ হাদীসটিকে ভিন্নরূপ ভাষায় হযরত উরওয়া (রাঃ) থেকে বর্ণিত। হযরত উরওয়াহ (রাঃ) বলেন, ছোয়াইবীয়াহ ছিলেন আবু লাহাবের মুক্ত করা দাসী আবু লাহাব তাকে মুক্ত করে ছিলেন। সে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে শিশুকালে দুগ্ধ পান করিয়েছিল। আবু লাহাবের মৃত্যুর পর তার কনো এক

[১৮২] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৫২



আত্মীয় তাকে স্বপ্নে খুব খারাপ অবস্থায় দেখে জিজ্ঞেস করল তোমার অবস্থা কি? আবু লাহাব বলল, আমার সাধারণভাবে রেহাই হয়নি। (আমি শাস্তির মধ্যেই নিপতিত আছি) তবে শাস্তির মধ্যেই আমি একটু পানি পান করতে পারি। আর তা দাসী ছোয়াইবীয়াহকে মুক্ত করার কারণেই হয়েছে।

আল্লামা ইবনে হাজার আসকালানী (রহঃ) রচিত "ফাতহুল বারী" গ্রন্থে এবং আল্লামা আইনী রচিত উমদাতুল কারী গ্রন্থে হযরত সুহাইলী থেকে উল্লেখ করেছেন, সাহাবী হযরত আব্বাস (রাঃ) বলেছেন, আবু লাহাবের মৃত্যুর এক বছর পর আমি তাকে স্বপ্নে দেখলাম যে তার অবস্থাটি খুবই খারাপ। আমি স্বপ্নে জিজ্ঞেস করলাম তোমার অবস্থা কি হয়েছে? সে বলল, তোমাদের থেকে বিচ্ছিন্ন হওয়ার পর আমি শান্তি ও আরামের মুখ দেখিনি। কিন্তু সর্বদা প্রত্যেক সোমবরা আমার শাস্তিকে কিছুটা লাঘব করা হয়, হযরত আব্বাস (রাঃ) বলেন, এর কারণ হল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সোমবার জন্মগ্রহণ করেছেন। আর ছোয়াইবীয়াহ আবু লাহাবকে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম গ্রহণের সুসংবাদ শোনায়েছিল। আর আবু লাহাব এ সংবাদে খুশী হয়ে তাকে দাসত্ব হতে মুক্ত করেছিল।

উমদাতুল ক্বারী কিতাবে এ হাদীসটির ব্যাখ্যা বিশ্লেষণে বলা হয়েছে যে, এ হাদীস দ্বারা একথা সুস্পষ্ট হয় যে, কোন কোন সময় কাফেরদের তাদের ভাল কাজের প্রতিদান দেয়া হয়, যে কাজ ঈমানদারদের জন্য খুশীর কারণ হয়। যেমন আবু তালিবের ক্ষেত্রে হয়েছে। পরকালে আবু তালিবের শাস্তির তুলনায় আবু লাহাবের শাস্তি কম লাঘব করা হয়েছে। কেননা আবু তালিব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হেফাজত করেছে এবং সাহায্য সহানুভূতি করেছে। আর আবু লাহাব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে শত্রুতা পোষণ করত।

ফাতহুল বারী কিতাবে আছে, আল্লামা বায়হাকী রহমাতুল্লাহি আলাইহি বলেছেন, কাফেরদের ভাল কাজসমূহ বাতিল হওয়ার যে কথা বর্ণিত পাওয়া যায়, তার অর্থ হচ্ছে তারা জাহান্নামের শাস্তি থেকে সম্পূর্ণরূপে নাজাত পাবে না এবং জান্নাতে তারা প্রবেশ করতে পারবে না। তবে কুফরী করা ছাড়া যেসব অপরাধমূলক কাজের কারণে তাদের শাস্তি হত সে শাস্তিতে ভাল কাজ করার কারণে পরিমাণে লাঘব হওয়ার বৈধতা বিদ্যমান।

কাজী আয়াজ বলেন, কাফেরদের পূণ্যময় কাজ দ্বারা তাদের উপকার না হওয়া, ভাল কাজ দ্বারা যে কোন ফলদয় না হওয়া এবং তার প্রতিদানে পরকালে শাস্তি লাঘব না হওয়ার ব্যাপারে সমস্ত ইসলামী চিন্তাবিদগণ একমত। এ বিষয়ে তাদের ইজমা

হয়েছে। যদিও তাদের কোন কোন ব্যক্তির শাস্তি অন্যের তুলনায় অতিশয় কঠোর হতে পারে।

আমার মতে (গ্রন্থকার) ইমাম (রহঃ) যে সম্ভাবনার কথা উল্লেখ করেছেন একথা দ্বারা তা রহিত হয় না। কেননা, কাফেরদের শাস্তি লাঘব না হওয়ার ব্যাপারে যা কিছু বর্ণিত হয়েছে তা কুফরী করার সাথে সংশ্লিষ্ট। কুফরী ছাড়া যে গুনাহ্ আছে, সে ক্ষেত্রে শাস্তি লাঘব হওয়াটা নিষিদ্ধ নয়।

আল্লামা কুরতুবী রহমাতুল্লাহি আলাইহি বলেছেন, শাস্তি লাঘব হওয়ার বিষয়টি এ ক্ষেত্রের জন্যই বিশেষিত। অথবা সে ব্যক্তির সাথে সংশ্লিষ্ট, যার ব্যাপারে কুরআন হাদীসে ঘোষিত হয়েছে।

আল্লামা ইবনে মুনীর রহমাতুল্লাহি আলাইহি টীকায় লিখেছেন যে, এখানে দুটি বিষয় প্রণিধানযোগ্য। একটি হচ্ছে কাফেরদের চিরন্তন শাস্তি রহিত হওয়া অসম্ভব হওয়া। কেননা, কাফেরদের কোন ইবাদাত বন্দেগী গ্রহণীয় হওয়ার জন্য শর্ত হচ্ছে তা ইসলামের দৃষ্টিতে বিশুদ্ধ হতে হবে। কিন্তু কাফেরদের ক্ষেত্রে এ শর্তটি অনুপস্থিত। আর দ্বিতীয় বিষয়টি হচ্ছে কাফেরদেরকে কোনো কোনো ভাল কাজের জন্য আল্লাহ তায়ালা অনুগ্রহ করে তাদেরকে প্রতিদান দিবেন। আর এটা জ্ঞান বুদ্ধির কাছে অসম্ভব বিষয় নয়। অতএব এটা যখন প্রমাণ হল যে, আবু লাহাব ছোয়াইবীয়াহকে যে মুক্ত করেছে সে কাজটি ইবাদাত রূপে গ্রহণযোগ্য হবে না। তবে আল্লাহ্ তাআলা যতটুকু ইচ্ছে হয় ততোটুকু তার প্রতি অনুগ্র করার বৈধতা বিদ্যমান। যেমন মহান দয়ালু আল্লাহ তাআলা আবু তালেবের প্রতি অনুগ্রহ্ করে তার শাস্তি অনেকটা লাঘব করেছেন। এখানে অনুকরণ যোগ্য কথা হচ্ছে কাফেরদের ভাল কাজের প্রতিদানে শাস্তি লাঘব হওয়া ও না হওয়ার ব্যাপারে সম্পূর্ণ নীরবতা অবলম্বন করাই শ্রেয়।

আমাদের কথা হল উপরোক্ত অনুগ্রহ করার বিষয়টি সেই ব্যক্তির সম্মান ও মহত্বের জন্য হবে, যার জন্য কাফের ব্যক্তি এ পুণ্যময় কাজটি করে থাকে।

সীরাতে শামিয়াহ্ কিতাবের লেখক বলেছেন, আমাদের ওস্তাদ তার ফতোয়ায় লিখেছেন যে, আমার মতে মীলাদ শরীফের আসল বিষয় হল মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম দিবসে লোকদের সমবেত হওয়া, সেখানে কুরআন মজীদ তেলাওয়াত করা এবং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম ব্যাপারে যেসব হাদীস বর্ণিত হয়েছে এবং যেসব নিদর্শন বাস্তবে পাওয়া গেছে তা সমাবেশে আলোচিত হওয়া। অতঃপর উপস্থিত লোকদেরকে পানাহার করান এবং তারা সভাস্থল ত্যাগ করা। এতটুকু কাজ হলে তা হবে বিদআতে হাসানা এবং এ



কাজের জন্য সকলকে পুণ্য দান করা হবে। কেননা এ অনুষ্ঠানে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ শিক্ষা এবং তাঁর জন্মের জন্য খুশী ও আনন্দ প্রকাশ করা হয়। অতঃপর আমার ওস্তাদ লিখেছেন যে, মীলাদ শরীফের আরেকটি ভিত্তিমূল আমি অবগত হয়েছি, যা হাফেজ ইবনে জাযরী যে ভিত্তিমূল উদ্ভাবন করেছেন তা নয়। তা হচ্ছে, ইমাম বায়হাকী রহমাতুল্লাহি আলাইহি সাহাবী হযরত আনাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবীরূপে আত্মপ্রকাশ করার পর নিজের আকীকা করা। অথচ তাঁর দাদা আবদুল মুত্তালিব তাঁর জন্মের পর সপ্তম দিনে তাঁর আকিকা করেছিলেন। আকিকা দ্বিতীয়বার করার নিয়ম নেই।

অতএব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ কাজটি তাঁকে আল্লাহ তাআলা রহমাতুললিল আলামীন হিসেবে এ দুনিয়ায় সৃষ্টি করার শুকরিয়া জ্ঞাপনের ক্ষেত্রে এবং নিজের উম্মতকে অনুপ্রাণিত করার ক্ষেত্রে প্রযোজ্য। যেমন হাদীস দ্বারা নিজের প্রতি নিজে দরূদ পাঠ করার বিষয়টি প্রমাণিত। অতএব এ দলীলের ভিত্তিতে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মগ্রহণের কারণে তাঁর জন্ম দিবসে বা অন্য কোন দিনে আল্লাহ তাআলার শুকরিয়া আদায় করার জন্য সমবেত হওয়া, পানাহার করা এবং যে সব ইবাদাত দ্বারা আল্লাহ্ তাআলার নৈকট্য লাভ হয় ও পূণ্য লাভ করা যায় তা করা আমাদের জন্য মুস্তাহাব।

শরহে সুনানে ইবনে মাজাহ কিতাবে বলা হয়েছে যে, মীলাদ শরীফ সম্পর্কে সঠিক কথা হচ্ছে মীলাদ অনুষ্ঠানে শরীয়তের খেলাফ কোন কাজ না হলে মীলাদ অনুষ্ঠান করা বিদআতে হাসানা ও মুস্তাহাব কাজ। [২৮৩]

লাক্ষ্ণৌ শহরের ভারত বিখ্যাত মুহাদ্দিস মাওলানা জামাল উদ্দীন ওরফে মির্জা হাসান সাহেব ইতিপূর্বে এক হাদীসে উল্লেখ করেছেন যে, তাতে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত বিলাল (রাঃ)-কে লক্ষ্য করে বলেছেন, হে বিলাল! সোমবার দিন রোযা রাখা কখনো পরিত্যাগ করো না। কারণ, এ দিন আমি জন্মগ্রহণ করেছি এবং এদিন আমার প্রতি প্রথম ওহী নাযিল হয়েছে। অতএব এ হাদীসটিও নির্দিষ্ট দিনে মীলাদ অনুষ্ঠান করা জায়েয হওয়ার পক্ষে বিশেষ একটি ভিত্তিমূল ও দলীল।

[২৮৩] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলূদিন নাবীয়্যিল আযম .পৃষ্ঠা নং ২৫৬

মিশকাতুল মাসাবীহ কিতাবে হাদীস উল্লেখ আছে যে হযরত কাতাদাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে সোমবার দিন রোযা রাখা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেন, আমি ঐদিন জন্ম গ্রহণ করেছি এবং ঐদিন আমার কাছে সর্ব প্রথম কুরআন মজীদের ওহী নাযিল হয়েছে। ইমাম মুসলিম রহমাতুল্লহি আলাইহি তার কিতাব সহীহ মুসলিমে এ হাদীসটি বর্ণনা করেছেন।

আল্লামা মোল্লা আলী ক্বারী রহমাতুল্লাহি আলাইহি ও হাদীসের ব্যাখ্যায় লিখেন, এ হাদীস দ্বারা প্রমাণ হয় যে, স্থান ও কালে যা কিছু ঘটে তার গুরুত্ব অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তির সম্মান ও মর্যাদা লাভ হয়।

শাইখ তাজুদ্দীন আল ফাকেহানী রাহমাতুল্লাহি আলাইহি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রবিউল আউয়াল মাসে জন্মগ্রহণ করেন এবং ঐ মাসেই ইনতেকাল করেন। সুতরাং তাঁর জন্মের ব্যাপারে খুশী হওয়া এবং ইনতেকালে জন্য শোক প্রকাশ না করার কি অর্থ থাকতে পারে?

আল্লামা জালাল উদ্দীন সুয়ূতী (রঃ)-এ কথা রহিত করে বলেছেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম আমাদের জন্য বিরাট এক নেয়ামত। আর তাঁর ওফাতও আমাদের জন্য বিরাট একটি বিপদ। শরীয়ত আমাদেরকে নেআমতের জন্য শুকরিয়া আদায় করতে এবং বিপদ আপদে দৈর্যধারণ করতে নির্দেশ দিয়েছে। এতদ্ব্যতীত নবজাতকের জন্য আকিকা করতে বলেছে। আকিকা করণ দ্বারা শিশুর জন্মগ্রহণের কারণে শুকরিয়া জ্ঞাপন, আনন্দ ও খুশী প্রকাশ পায়। কিন্তু কারো মৃত্যু ঘটলে কোন প্রাণী যবেহ করতে বা এরূপ কোন কাজ করতে বলা হয়নি। বরং হাউমাউ করে কান্না-কাটি করতে নিষেধ করা হয়েছে।

অতএব প্রমাণিত হল যে, শরিয়তের নিয়ম হচ্ছে, এ রবীউল আউয়াল মাসে হযরত রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মগ্রহণের কারণে আনন্দ ও খুশী মূলক অনুষ্ঠান পালন করা উত্তম, মৃত্যুর কারণে শোক পালন করা বিধেয় নয়। মীলাদ শরীফের বিরুদ্ধবাদীদের কেউ কেউ বলেন যে, সাহাবী ইবনে মাসউদ (রাঃ)-কে বলা হল যে, একটি সম্প্রদায় মসজিদে একত্র হয়েছে এবং তারা উচ্চস্বরে তাহলীল (লা-ইলাহা ইল্লাল্লাহু) ও দুরূদ পাঠ করে। এ কথা শুনে তিনি তাদের কাছে গিয়ে বললেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় এরূপ করতে দেখিনি। আমার মতে ও দৃষ্টিতে তোমরা বিদআতী লোক। অবশেষে



তাদেরকে মসজিদ থেকে তিনি বের করে দেন্ "তাতার খানিয়াহ" ও তাওয়ালিউল আনোয়ার কিতাবে এরূপ লিখা হয়েছে।[২৮৪]

উপরোক্ত রূপরেখায় ও নির্দিষ্ট সময় মীলাদ মাহফিলের অনুষ্ঠান করা বৈধ। যদিও প্রচলিত মীলাদ অনুষ্ঠান রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পরিবারবর্গ এবং সাহাবায়ে কেরামের যামানায় ছিল না। মীলাদের এ অনুষ্ঠান আমাদের নিজেদের পক্ষ থেকে উদ্ভাবন করা হয়েছে। অতএব উত্তম তিন যুগে যে সব কাজ করা হয়েছে সেসব ক্ষেত্রে আমাদের আনুগত্য প্রদর্শন করতে হবে, তেমনি ঐ তিন যুগে যেসব ভাল কাজ ছিল না, বর্তমানে তা উদ্ভব হয়েছে সে সবও আমাদের মেনে চলতে হবে। "মাওয়াহিবে লাদুনিয়া" ও শরহে মুসনাদে আবু হানিফা" কিতাবে এভাবেই নির্দেশ করা হয়েছে।

মাওলানা শাহ্ আবদুল আযীয (রহঃ) তোহফায়ে ইছনা আশারিয়া কিতাবে লিখেছেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম দিনকে এবং ওফাতের দিনকে ঈদের দিনে পরিণত করবে না। একথার উত্তরে আল্লামা জালাল উদ্দীন সুয়ূতী (রহঃ) বলেন, মীলাদ অনুষ্ঠানকে বাতিল করার জন্য হাদীসের যে দলীলটি এ ক্ষেত্রে উথাপন করা হয় তা খুবই দুর্বল দলীল। এ হাদীসটির বিপরীতে অনেক হাদীস দ্বারা তার বৈধতা ও যুক্তিকতা প্রমাণ হয়। আর উল্লেখিত হাদীসটিকে বিশুদ্ধ মানলেও মসজিদে বসে যিকির ও দুরূদ উচ্চস্বরে পাঠ করার কারণে এবং শোরগোল হওয়ার জন্য তাদেরকে এরূপ করতে নিষেধ করা হয়েছিল। কেননা, এ কাজ ছিল সাধারণ নিয়ম ও মসজিদের আদবের পরিপন্থী এবং নামাযীদের একাগ্রতা বিনষ্ট হওয়ার কারণ। এটা বাস্তব কথা যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় মসজিদে কোন প্রকার উচ্ছবাচ্য হত না এবং মসজিদে সমাবেশ করে লাইলাহা ইল্লাল্লাহুর যিকির ও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দুরূদ পাঠ করারও কোন নিয়ম প্রথা ছিল না। অতএব মসজিদে যাতে উচ্চবাচ্য না হয় সে কারণেই সমবেত লোকদেরকে মসজিদ থেকে বের করে দেয়া হয়েছিল। এ হাদীসটির প্রতিকূলে বুখারী শরীফে "ইলম শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট দিন নির্ধারণ" অধ্যায়ে বর্ণিত হাদীসটি উল্লেখ করা যায়। সে হাদীসটিতে বলা হয়েছে যে, হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) প্রতি বৃহস্পতিবার মসজিদে সমবেত লোকদের মধ্যে ওয়াজ নসীহত করতেন।

---

[২৮৪] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৫৭

অতএব ওয়াজ নসিহতের জন্য হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)-এর বৃহস্পতিবার দিনটিকে নির্ধারণ করা যে, তার নিজের পক্ষ থেকে আবিস্কৃত ছিল এবং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় ছিল না তা সবার কাছেই সুস্পষ্ট কথা। অতএব বলা যায় যে, হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় কৃত কর্মগুলো যেমন মেনে চলতেন, অনুরূপ সে যামানায় যা বর্জনীয় ছিল তাও বর্জন করে চলতেন। তাহলে কি তিনি এ নিয়মটি আবিস্কার করে বিদআত ও মাকরূহ কাজ করলেন (নাউযুবিল্লাহ)? এমন কথা বলা যায় না।

অতএব বুখারী শরীফে উল্লেখিত হাদীসটির ভিত্তিতে বলা যায় যে, কোন ভাল কাজ ও পুণ্যময় কাজের জন্য কোন দিন নির্দিষ্ট করা বৈধ ও মুস্তাহাসান- যদিও সে কাজটি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে বা তৎসংশ্লিষ্ট তিন যুগের কোন যুগে ছিল না। সারকথা হচ্ছে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)-এর ওয়াজ নসিহত করার জন্য বৃহস্পতিবার দিনটিকে ধার্য করা দ্বারা প্রচলিত রূপরেখায় নির্দিষ্ট দিনে মীলাদ অনুষ্ঠান করার অনুকূলে বিরাট এক ভিত্তিমূল উদ্ভাবন হয় যেমন পূর্বে উল্লেখিত আশুরার রোযা সোমবারের রোযা এবং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিজের আকিকা দ্বিতীয়বার দেয়ার ঘটনা, মীলাদ মাহফির অনুষ্ঠান করার পক্ষে অন্যতম ভিত্তিমূল বিশেষ।

এতএব শরীয়ত প্রবর্তকের বর্জনীয় বিষয়গুলো মেনে চলা অপরিহার্য। এখানে বর্জনীয় কথাটির অন্য অর্থ আছে। সাধারণ ভাবে বর্জন নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় সর্বদা বর্জনীয় ছিল না এমন কাজ। অথবা কোন উপয়োগীতা ও কল্যাণকামিতার দাবী মাফিক সাময়িকভাবে কোন কাজ বর্জনীয় থাকলেও পরবর্তীকালে তা বর্তমান পাওয়া ওলামায়ে কেরাম লিখেছেন যে, কোন কোন সময় শরীয়ত প্রবর্তক কোন কাজ বর্জন করেছেন উম্মতের প্রতি দয়া ও স্নেহ প্রর্দশনের উদ্দেশ্যে। কেননা বর্জন না করলে সে কাজটি উম্মতের জন্য করা অপরিহার্য হয়, যা উম্মতের জন্য দুঃখ ও কষ্টের কারণ হয়। যেমন নিয়মিত তারাবীহের নামায পড়া, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্জন করেছেন। ওলামায়ে কেরাম এটাকে উপযোগীতা ও কল্যাণ কামিতার দাবী নিরূপন করেছেন। অতএব এ ধরনের বর্জনীয় কাজ মেনে চলা অপরিহার্য হয় না।

এ প্রসঙ্গে আল্লামা ফিরোজ আবাদী "সিরাতুল মুস্তাকীম" কিতাবে সালাতুদ্ দোহা বা চাশত নামায বিরতিহীন ভাবে নিয়মিত আদায় করা মুস্তাহাব। অতএব এ নামায ফরয হওয়ার আশংকাটি দূর হয়েছে। আর এ স্থলে তোহফায়ে ইছনা আশারিয়া



গ্রন্থকারের ভাষা দ্বারা দলীল গ্রহণের সম্ভাবনাও বিলুপ্ত হয়েছে। কেননা যে ভাষ্য দ্বারা দলীল গ্রহণ করা হচ্ছে তা গ্রন্থকারের মতবাদ ও কর্মের সম্পূর্ণ বিপরীত। সারকথা হল তোহফা গ্রন্থকার নিজেই এক প্রশ্নের উত্তরে লিখেছেন যে, কোন ইবাদতী কাজকর্মের জন্য বছরের মধ্যে কনো একটি দিন নির্দিষ্ট দিনে সাক্ষাত করতে যাওয়া এবং নির্দিষ্ট কোন একদিনে কবর যিয়ারত করতে যাওয়ার ব্যাপারটি তিন প্রকার হতে পারে।

(ক) প্রথম প্রকার হল বিরাট আকারে অনেক লোক নয়, বরং এক ব্যক্তি বা দু'ব্যক্তি নির্দিষ্ট কোন দিনে কোন কবর যিয়ারতে এবং তার জন্য ক্ষমা প্রার্থনা করতে যাওয়া বিশুদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত। তাফসীরে দূররে মানছুরে উল্লেখ আছে যে, প্রতি বছর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কবর স্থানে গিয়ে কবরবাসীর মগফিরাতের জন্য দোয়া করতেন। এতটুকুই প্রমাণিত এবং এতটুকু করাও মুস্তাহাব।

(খ) দ্বিতীয় প্রকার হল বহু লোক নির্দিষ্ট দিনে বিরাট আকারে সমবেত হয়ে কুরআন মজীদ খতম করা উপস্থিত লোকজনের মধ্যে ফাতিহা পাঠ করে মিষ্টান্ন বিতরণ করা এবং তাদেরকে পানাহার করান। এ ধরনের আয়োজন ও নিয়ম প্রথার প্রচলন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং খোলাফায়ে রাশেদার যামানায় ছিল না। এ ধরনের নিয়ম কেউ পালন করলে তাতে কোন দোষ নেই। কেননা এ ধরনের নিয়ম প্রথা খারাপ কর্মের অন্তর্ভূক্ত নয়। বরং এর দ্বারা জীবিত ও মৃত লোকের উপকার হয়।

(গ) তৃতীয় প্রকার হল নির্দিষ্ট একটি দিনে আকর্ষণীয় পোশাক পরিচ্ছদ পরিধান করে বহু লোক একটি কবরকে কেন্দ্র করে সেখানে একত্রিত হওয়া, আনন্দ ফূর্তী করা, গম্বুজের কাচে সমবেত হয়ে গান বাজনা করা ও রকমারী বাদ্যযন্ত্র বাজানো, (নারী পুরুষ একত্রিত হয়ে নেচে নেচে যিকির করা) এমনিভাবে আরো অনেক বিদআতী কাজ কর্ম করা যেমন কবরকে সিজদা করা এবং কবরকে তাওয়াফ (প্রদক্ষিণ) করা। এ ধরণের সব কাজ শরীয়তে হারাম ও নিষিদ্ধ। বরং এর মধ্যে কিছু কিছু কাজ কুফরীর প্রান্ত সীমায় পৌছে দেয়। এ প্রসঙ্গে মিশকাতুল মাসাবীহ কিতাবে দুটি হাদীস উল্লেখ রয়েছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, لا تجعلو اقبری عیدا "আমার কবরকে তোমরা আনন্দ উৎসবের স্থানে পরিণত করো

না।" ولا تجعلوا قبری وثنا "আমার কবরকে তোমরা প্রতিমায় পরিণত করো না এবং পুজনীয় বানাবে না।"

আমাদের শ্রদ্ধেয় শাইখ হযরত মাওলনা আবদুল আযীয দেহলবী (রহঃ) মৃত বুযুর্গদের মৃত্যু দিবসে উরুছ করণকে একটি প্রশ্নের উত্তরে জায়েয লিখেছেন। নেক্কারদের মৃত্যু দিবসে তাদের কবর যিয়ারত করা, কুরআন মজীদ পাঠ করে লোকদের মধ্যে খাদ্য সামগ্রী ও মিষ্টান্ন বিতরণ করে তার ছওয়াব মৃত ব্যক্তির রূহের প্রতি বখশীশ করাকে ওলামায়ে কেরামের ঐকমত্যে ভাল কাজ ও মুস্তাহসান বিষয় বলে উল্লেখ করেছেন। এ কাজটি নেক্কার ব্যক্তির মৃত্যুর নির্দিষ্ট ও নির্ধারিত দিনেও করা যায় এবং অনির্ধারিত যে কোন সময় করা যায়। এসব কাজ মুক্তি ও নাজাতের কারণ হতে পারে। পরবর্তীদের উচিৎ পূর্ববর্তীদের প্রতি এরূপ উপকার করা সব সময়ই এটা করা যায়। অনেক হাদীসে উল্লেখ আছে যে, মৃত ব্যক্তির পুণ্যবান সন্তানরা তার জন্য দোয়া করবে। কুরআন মজীদ পাঠ করে এবং অন্যান্য ইবাদাত পালন করে তার প্রতি ছওয়াব বখশিশ করাকে যদি মৃত ব্যক্তির ইবাদত গণ্য করে তবে তা হবে চরম মুর্খতা। কেউ যদি কোন বুযুর্গ ব্যক্তির জন্মদিনে বা মৃত্যু দিবসে শরীয়ত গর্হিত কোন কাজ করে, যেমন কবর সিজদা করা, কবর প্রদক্ষিণ করা। এভাবে ডাকা যে, হে অমুক! একাজ তুমি আমার জন্য কর, তাহলে নিঃসন্দেহে এ কাজ মুর্তিপুজার সাথে সাদৃশ্য হয়। আর যখন এরূপ করা হবে না, তখন তা ভর্ৎসনা যোগ্য কেন হবে? তাফসীরে দূররে মানছুরে "আল্লামা সুয়ূতী ইবনে মানযার ও ইবনে মারদুবীয়াহ থেকে হাদীস উল্লেখ করেছেন যে, হযরত আনাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি বছর বছর ওহুদের মাঠে এসে শহীদানের কবরের পাশে দাড়িয়ে বলতেন, তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক। কেননা তোমরা চরম ধৈর্যধারণ করেছিলে।"

ইবনে জারীর রহমাতুল্লহি আলাইহি মুহাম্মদ ইবনে ইবরাহীম রহমাতুল্লাহি আলাইহি থেকে হাদীস বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি বছরের প্রথম দিনে ওহুদের শহীদানদের কবরের পাশে এসে দাঁড়াতেন। আর বলতেন, তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক। কেননা তোমরা চরম ধৈর্যধারণ করেছিলে। তোমাদের পরকালের ঘরটি খুবই উত্তম। হযরত আবু বকর, হযরত



উমর ও হযরত উসমান (রাঃ) প্রমূখ এভাবে শহীদানদের কবর যিয়ারত করতেন প্রতি বছর- বছরের পহেলা দিনে।"[২৮৫]

হযরত মাওলানা আবদুল আযীয মুহাদ্দিসে দেহলবী (রহঃ) -এর কাছে মুহাররমের অনুষ্ঠান পালন ও শোক গাঁথা (মরচিয়া) পাঠ করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে উত্তরে তিনি বলেছেন, এ ফকীরের বাড়িতে প্রতি বছর দুটি মজলিশ অনুষ্ঠি হয়। আর অপরটি হচ্ছে হযরত হোসাইন (রাঃ)-এর শাহাদাতের স্মরণের অনুষ্ঠান। এ বিষয় লিখিত প্রশ্ন ও তার উত্তরের ভাষ্য আমরা পূর্বে উল্লেখ করেছি।[২৮৬]

হযরত মাওলানা শাহ্ আবদুল আযীয় (রহঃ) -এর কনিষ্ট ভ্রাতা হযরত মাওলানা শাহ্ রাফী উদ্দীন সাহেব সমকালীন যুগরে একজন উচ্চমানের মুহাদ্দিস ও মুফাস্সির ছিলেন। তিনি জ্ঞানের বিভিন্ন শাখায় গভীর বুৎপত্তি লাভ করে সাধারণ অসাধারণ সব শ্রেণীর মানুষের কাছে খ্যাতির শীর্ষচুড়ায় আরোহণ করেছিলেন। তিনি মীলাদুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুষ্ঠান প্রসঙ্গে একটি জিজ্ঞাসার উত্তরে যে কথা লিখেছেন, এখানে তা হুবহু সাধারণ মানুষের উপকারার্থে উল্লেখ করছি।

প্রশ্নঃ প্রতি বছর বুযুর্গ লোকদের কবররের কাছে লোকজন একত্রিত হয় এবং তার ওফাত দিবসে। তারা উরুস করে। অথচ সময় ও কালের গতিধারাটি চলমান ও ঘুর্ণিয়মান, সে স্থিতিশীল নয়। অতএব এর বিধান ও হুকুম কি হবে?

উত্তরঃ সময় ও কালটি যদিও গতিময় চলমান ও ঘুর্ণিয়মান, সে কখনোই স্থিতিশীল নয়। অতএব সে দিন, রাত, মাস ও বছরকে নিজের মধ্যে শামিল করে ঘুর্ণিয়মান থাকে। এটা শরীয়ত ও মানুষের কাছে সুপরিচিত বিষয়। সময় ও কালে ঘুর্ণায়মান ও চক্রবালটি যেমন শুরু হয় তেমনি শেষও হয় আর এ ঘূর্ণয়নের হিসেব মাফিকই রামাদ্বান মাসে রোযা রাখা হয় এবং জ্বিলহজ্ব মাসে হজ্ব পালন করা হয়, এমনিভাবে অন্যান্য চন্দ্রমাসগুলোর ঘূর্ণয়নের বিধান ও হুকুম একই রকম। তাই হাদীসে বর্ণিত হয়েছে যে, ইহুদীরা নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামের কাছে বলল যে, আল্লাহ তায়ালা নবী হযরত মূসা আলাইহিস সালামকে আশুরার দিন নাজাত দিয়েছেন এবং ফেরআউনকে সাগর জলে নিমজ্জিত করেছেন। এর শুকরিয়ায় আমরা আশুরার দিন রোযা রাখি তখন নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বললেন,

---

[২৮৫] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৬১

[২৮৬] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৬১

আশুরার দিন শোকরানা রোযা রাখা তোমাদের চেয়ে আমাদের অধিকার বেশী। তাই তিনি নিজে রোযা রাখলেন এবং মুসলমানদেরকে রোযা রাখার নির্দেশ দিলেন। আর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত বিলাল (রাঃ)-কে প্রতি সোমবার রোযা রাখার উপদেশ দিয়ে বললেন, ঐদিন আমি জন্মগ্রহণ করেছি। ঐদিন আমার প্রতি প্রথম কুরআন নাযিল হয়েছে। ঐদিন আমি হিজরত করেছি এবং ঐদিনই আমার মৃত্যু হবে। এর ভিত্তিতে আমাদের মনে রাখতে হবে যে, দিন তারিখ, মাস ও মানুষের জমায়েত হওয়ার প্রথাটিও ঘূর্ণিয়মান। যেহেতু পূর্ব থেকে এ প্রথা পালন ও সংরক্ষণ করার ধারাটি চলে আসছে তাই এর হেফাজত ও সংরক্ষণের জন্য কবরে সমাহিত ব্যক্তির সন্তান বা কোন নিকট আত্মীয়ের জন্য লোকেরা অপেক্ষমান থাকে, যাতে তারা ঐদিন বিভিন্ন আদান প্রদান ও কাশফ দ্বারা অবহিত হতে পারে যে, ঐদিন আত্মীয় স্বজনদের আত্মা আলমে বরযখে সমবেত হয়। আর দোয়া, খতমে কুরআন ও পানাহার করান ইত্যাদি কাজগুলো করে তাদেরকে সাহায্য করা হয়। এ কাজগুলো বিদআত ও মুবাহ কাজ্ কিন্তু খারাপ কাজ নয়। কিন্তু ঐদিন যদি সেখানে শরীয়ত গর্হিত কোন কাজ করা হয়, যথা চেরাগ জ্বালানো, কবরকে পোশাক ও গেলাফ পরিধান করানো এবং নানা প্রকার আনন্দফুর্তি করা। এমনিভাবে পরিচিত খারাপ কাজগুলো করা নিঃসন্দেহে খারাপ ও দোষণীয় বিদআত। এ ধরনের সমাবেসে উপস্থিত হওয়াও শরীয়তে নিষিদ্ধ। [২৮৭]

হযরত আল্লামা রাফী উদ্দীন (রহঃ) -এর উপরোক্ত উত্তর দ্বারা কয়েকটি বিষয় প্রতিভাত হয়।

(ক) কোন বুযুর্গ ব্যক্তির কবর যিয়ারতের উদ্দেশ্যে বছর শেষে তার কবরের কাছে বহুলোক একত্রে যাওয়া ও জামায়েত হওয়া, সেখানে গিয়ে কুরআন মজীদ খতম করা, ফাতিহা করার জন্য মিষ্টান্ন বিতরণ করা এবং উপস্থিত লোকজনের মধ্যে খাদ্যসামগ্রী বন্টন করা বা খাওয়ানো ইত্যাদি কাজগুলো যদিও হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এবং খোলাফায়ে রাশেদার যামানায় ছিল না। তবুও এ সব কাজ করা খারাপ ও দোষণীয়। বরং এ কাজগুলো দ্বারা জীবিত ও মৃতদের ফায়দা হওয়ার কারণে মুস্তাহাব ও মুস্তাহসান কাজের মধ্যে পরিগণিত হয়। কোন ভাল কাজ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও খোলাফায়ে রাশেদার যামানায় পাওয়া না গেলে তা বৈধ না হওয়া এবং মাকরূহ ও বিদআতে সাইয়্যেয়াহ বা গুনাহের কাজ হওয়ার কোন কারণ নেই। আমরা এ বিষয়টি ইমাম শাফেঈ (রহঃ) এর নিকট থেকে

[২৮৭] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) : দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৬২



পাই, যা ইমাম নববী (রহঃ) ও অন্যান্য ওলামায়ে দীন বিবৃত করেছেন। তারা বলেছেন, ইমাম শাফেই (রহঃ) এর মতে প্রত্যেকটি নতুন উদ্ভাবিত কাজই শরীয়তের নীতিমালার খেলাফ হয় না। বরং তা হয় মুস্তাহাব ও বিদআতে হাসানা। অতএব কারো জন্মদিনে বা মৃত্যুদিনে লোকজনের সমবেত হওয়া এবং শরীয়ত নিষিদ্ধ কার্যাবলী করা অবশ্যই অবৈধ ও বিদআতে সাইয়্যেয়াহর মধ্যে পরিগণিত হয়, কেননা কর্মের এ রূপটি শরীয়তী নীতিমালার পরিপন্থী।

(খ) রবিউল আউয়াল মাসে লোকজন কোন এক স্থানে জমায়েত হওয়া এবং মীলাদ অনুষ্ঠান করার জন্য দিন ও মাস নির্দিষ্ট করা। ইমাম হুসাইন (রাঃ)-এর শাহাদাতের স্মরণে মহররম মাসের আশুরার দিন বা অন্য কোন সময় অনুষ্ঠান পালন করা, তাতে শরীয়ত মাফিক সালাম ও শোকগাথা (মরছিয়া) পাঠ করা এবং কারবালার শহীদানের অবস্থার বিবরণ শুনে অশ্রুসজল নেত্রে কান্নাকাটি করা বৈধ ও জায়েয।

(গ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বা অন্য কোন ব্যক্তির জন্মদিনে ও মৃত্যুদিনে আনন্দ অনুষ্ঠান করে লোকজন একস্থানে জমায়েত হয়ে শরীয়ত গর্হিত কার্যাবলী করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম ও মৃত্যু দিবসকে খুশীর দিনে পরিণত করার কোন দোষ নেই; বরং তা ছওয়াবের কাজ। ঐ দিন লোকেরা সমবেত হয়ে কুরআন মজীদ তেলাওয়াত করা, হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করা, দুরূদ শরীফ পাঠ করা, মিষ্টান্ন ও খাদ্য সামগ্রী লোকজনের মধ্যে বিতরণ করা ইত্যাদি পুণ্যময় কার্যাবলী করা মুস্তাহসান ও ছওয়াব লাভের কার্যকারণ।

(ঘ) সময় ও কালটি যদিও গতিশীল ও ঘূর্ণায়মান, স্থিতিশীল নয়। তবুও কালটি রাত দিন মাস ও বছরের মধ্যে নিহিত। শরীয়তেও ভৌগোলিক নিয়ম অনুযায়ী তার ঘুর্ণায়মান অবস্থাটি স্বীকৃত। একটি ঘূর্ণিয়ন শেষ হওয়ার সাথে সাথে দ্বিতীয় ঘূর্ণিয়নের পালা শুরু হয়। অতএব ঘূর্ণয়নের পালাগুলো স্বাভাবিকতার পরিপন্থী নয়। প্রত্যেকটি ঘূর্ণয়নের বিধান একরূপ। অতএব আমরা রমদ্বান মাসের হিসাব অনুয়ী রোযা রাখি এবং জিলহাজ্ব মাসের হিসেব অনুযায়ী হজ্ব পালন করি। আর অন্যান্য ইবাদাতও অনুরূপ ভাবে মাসের হিসেবে করি। যেমন রবিউল আউয়াল মাসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মদিন পালন করি। ইত্যাদি কার্যাবলী প্রতি বছরই মাসের হিসেবে করি। আর মাসের হিসেবের নির্দিষ্ট দিনেই আশুরার রোযা, সোমবারের রোযা, আয়াম বীযের রোযা, আরাফাতের দিবসের রোযাসহ শরীয়তের নানা কর্মগুলোও নির্দিষ্ট দিনে, মাস ও বছরের সাথে সংশ্লিষ্ট ও বিজড়িত।

(ঙ) পঞ্চম যে বিষয়টি আমরা অবগত হই তা হচ্ছে কোন ব্যক্তির মৃত্যু দিবসে উরস পালন উপলক্ষে লোকজনের জমায়েত হওয়া এবং ছওয়াবের হাদীয়া মৃত ব্যক্তির রূহের প্রতি বখশীশ করা, কুরআন মজীদ পাঠ করা, লোকজনকে পানাহার করানো, মিষ্টান্ন বিতরণ করা, কেউ কেউ অবগত হয়েছে যে, ঐদিন আলমে বরযখে উরুসকারীদের আত্মীয়-স্বজনরা জমায়েত হয় অতএব কুরআন খতম, পানাহার করানো ইত্যাদি কাজ করে তাদের জন্য দোয়া করা তাদেরকে সাহায্য করা বিদআত হলেও মুবাহ কাজ। এরূপ করা খারাপ ও দোষণীয় নয়।

উপরোক্ত বিষয়গুলো শুধু কেবল মাওলানা রাফী উদ্দীন (রহঃ) -এর একারই বক্তব্য নয়। বরং অন্যান্য ওলামায়ে কেরাম থেকেও এরূপ বক্তব্য বিদ্যমান। যেমন মাওলানা আবদুল হক মুহাদ্দিসে দেহলবী (রহঃ) -ও এই একই পথে চলেছেন এবং একই হুকুম বিবৃত করেছেন। তিনি কালের ঘূর্ণায়নের বিষয়টি দিন, মাস ও বছরব্যাপী হওয়ার কথা আল্লামা সূয়ুতী (রহঃ) -এর পুস্তক থেকে উদ্ধৃত করে বর্ণনা করেছেন।

এছাড়া আমরা একথাও অবগত হই যে, জমহুর ওলামায়ে কেরামও উল্লেখিত অভিমতের ধারক ও বাহক। তারা শরীয়তের অধিকাংশ বিধানের ক্ষেত্রেই একমত তারা প্রতিবছর রাবিউল আউয়াল মাসে মীলাদ শরীফের অনুষ্ঠান পালনকে অনুরূপই মনে করেন। যেরূপ আশুরার রোযা ও সোমবারের রোযা পালনকে মুস্তাহসান ও মুস্ত াহাব বিষয় মনে করে থাকেন আম্মাদের স্মরণ রাখা উচিত যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নবী হযরত মূসা (আঃ) ফিরআউনের কবর থেকে নাজাত লাভের শুকরিয়ায় আশুরার রোযা পালন করতেন এবং সোমবারের রোযা পালন করতেন নিজের জন্ম দিবসের শোকরানায়। অতএব প্রতি বছরই মীলাদ শরীফের অনুষ্ঠান রবিউল আউয়াল মাসে পালন হয়। মীলাদ শরীফের অনুষ্ঠান পালন দ্বারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মহত্ত্ব, ফযীলত, মুজিযা এবং ইসলামের যাবতীয় আদর্শ ও নীতিমালার প্রচার ও প্রসার ঘটে আর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে, বিশ্বমানবের জন্য আল্লাহ তায়ালার এক বিরাট নেয়ামত মীলাদ শরীফ দ্বারা সে নেয়ামতেরও শুকরিয়া আদায় করা হয় যেমন সোমবারের রোযা পালন করে তার জন্মের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। মোটকথা আশুরার রোযা, সোমবারের রোযা যেমন মুস্তাহাব ও মুস্তাহসান, অনুরূপ মীলাদ শরীফের অনুষ্ঠানও মুস্তাহাব ও মুস্তাহসান কাজ। [২৮৮]

[২৮৮] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৬৫



## পঞ্চম অধ্যায়

### দরূদ শরীফ পাঠ ও ফজিলত

আল্লাহর রহমত লাভ ও রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সম্পর্ক গভীর করার জন্য বেশি বেশি করে দরূদ শরীফ পাঠ করা প্রয়োজন দরূদ পাঠের ক্ষেত্রেও অব্যশ্যই লক্ষ্য রাখতে হবে যে যখনই দরূদপাঠ করবে তখনই সালাম পেশ করবে। কেননা শুধু দরূদ পাঠ করা মকরুহ। মহান আল্লাহ পাক ফেরেশতাগন রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি দরূদ ও সালাম একসঙ্গে পড়েন । শুধু দরূদপাঠ করেন নাই। আমরাও দরূদ ও সালাম একসঙ্গে পাঠ করব। তবে শুক্রবার দিন বেশি করে দরূদ পড়ার তাগিদ হাদীস শরীফে বর্ণিত হয়েছে ।

আমাদের বিশেষ সৌভাগ্য যে উলামায়ে আহলে সুন্নাত ওয়াল জামায়াত গভেষনা করে আমাদের কাছে রাসূলজীবনের প্রথম অধ্যায় আলোচনার যে (মীলাদ শরীফের) মজলীসের রুপরেখা করে গেছেন তাতে শুক্রবারসহ যে কোন দিন মীলাদ পাঠের মধ্যে বেশী বেশী করে দুরূদ ও সালাম পাঠ করতে পারি।

পবিত্র কুরআন ও হাদীস শরীফের দরূদ পাঠের নির্দেশ ও অসংখ্য ফজিলত বর্ণিত হয়েছে। যেমন- মহান আল্লাহ তায়ালা বলেন-

إِنَّ اللّٰهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيماً

নিশ্চয়ই আল্লাহ, তাঁর ফিরিশতাগণ নবীর উপর সালাত পড়েন, হে ঈমানদার বান্দাগণ, তোমরাও তাঁর উপর সালাত (দরূদ) পড়, সালাম দাও। [২৮৯]

عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ، أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ مَنْ صَلَّى عَلَيَّ وَاحِدَةً صَلَّى اللّٰهُ عَلَيْهِ عَشْرًا ‏.‏

[২৮৯] সূরা আহযাব ঃ ৫৬

হযরত আব্দুল্লাহ্ ইবনে আমর ইবনুল আসা (রা.) হতে বর্ণিত। তিনি রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেনঃ যে ব্যক্তি আমার উপর একবার দরূদ শরীফ পড়ে আল্লাহ তার বিনিময়ে তার উপর দশবার রহমত নাযিল করেন।[২৯০]

عن عبد الله بـــن مـــسعود أن رســـول الله صـــلى الله عليـــه و سلم قال أولى الناس بي يوم القيامة أكثرهم علي صلاة

আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.) বর্ণিত। রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: কিয়ামতের দিন সেই ব্যক্তি আমার সবচেয়ে নিকটবর্তী হবে, যে আমার উপর সবচেয়ে বেশি দরূদ পাঠ করবে।[২৯১]

عن أوس بن أوس قال قـــال رســـول الله صـــلى الله عليـــه و سلم " إن من أفضل أيامكم يوم الجمعـــة فيـــه خلـــق آدم وفيـــه قبض وفيه النفخة وفيه الصعقة فـــأكثروا علـــي مـــن الـــصلاة فيه فإن صلاتكم معروضة علـــي " قـــال قـــالوا يارســـول الله وكيف تعرض صلاتنا عليـــك وقـــد أرمـــت ( ارمـــت أصـــله أرممت أي صـــرت رميمـــا . هـــامش د ) ؟ يقولـــون بليـــت فقال " إن الله عزوجل حرم على الأرض أجساد الأنبياء "

হযরত আওস ইবনে আওস (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমাদের দিনগুলোর মধ্যেশ্রেষ্ঠতম দিন হচ্ছে জুমুআর দিন। কাজেই এদিন আমার উপর বেশি করে দরূদ পড়। কারণ তোমাদের দরূদগুলো আমার কাছে পেশ করা হয়। সাহাবাগণ আরয করলেন: হে আল্লাহর রাসূল! আমাদের দরূদ কীভাবে আপনার কাছে পেশ করা হবে, আপনি তো

[২৯০] ইমাম মুসলিমঃ আস সহীহ হাদীস নং ৯৩২

[২৯১] তিরমিযী শরীফ ২ / ৩০৫ হাদীস নং ৪৭৪,
ইবনুল কাইয়ুমঃ জালাউল ইফহাম ফিস সালাতি ওয়াস সালাম আলা খাইরিল আনাম, হাদীস নং ৩১



তখন জমিনের সাথে মিশে গিয়ে আরাম করতে থাকবেন? তিনি জবাব দিলেন অবশ্যই নবীদের দেহকে আল্লাহ জমিনের জন্য হারাম করে দিয়েছে।[২৯২]

عن عبد الرحمن بن إسحق عن سعيد بـــن أبـــي ســـعيد عـــن أبي هريرة قال Y قال رســـول الله صـــلى الله عليـــه و ســـلم رغم أنف رجل ذكرت عنده فلم يصل علي

হযরত আবু হুমরায়রা (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলে আকদাস সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, সেই ব্যক্তির নাসিকা ধূলিমলিন হোক, যার সামনে আমার নাম উচ্চারিত হয়েছে, আর সে আমার উপর দরূদ পড়েনি।[২৯৩]

عن أبي هريرة قال قال رســـول الله صـــلى الله عليـــه و ســـلم " لا تجعلوا بيوتكم قبورا ولا تجعلـــوا قبـــري عيـــدا وصـــلوا علي فإن صلاتكم تبلغني حيث كنتم " . K صحيح

হযরত আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত। রাসূলে মাকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ আমার কবরকে ঈদ অর্থাৎ আনন্দোৎসবের স্থানে পরিণত করোনা। বরং আমার উপর দরূদ পড়ো। কারণ তোমরা যেখানেই থাকো না কেন, তোমাদের দরূদগুলি আমার কাছে পৌছে যায়।[২৯৪]

عن أبي هريرة أن رسول الله صلى الله عليـــه و ســـلم قـــال " ما من أحد يـــسلم علـــي إلا رد الله علـــي روحـــي حتـــى أرد عليه السلام "

[২৯২] আবু দাউদ হাদীস নং ১১৪৭ ,১ / ৩৪৬

[২৯৩] তিরমিযী শরীফ হাদীস নং ৩৫৪৫পৃষ্ঠা নং৫ / ৫৫১
ইবনুল কাইয়ুমঃ জালাউল ইফহাম ফিস সালাত্তি ওয়াস সালাম আলা খাইরিল আনাম, হাদীস নং

[২৯৪] আবু দাউদ শরীফ ১ / ৬২২ হাদীস নং ২০৪২

আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত। রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: তোমাদের যেকেউ আমার উপর সালাম পড়ে, আল্লাহ তখনই আমার রূহ আমাকে ফেরত দেন এবং আমি তার সালাতের জবাব দেই।[২৯৫]

## দরূদ ও সালাম হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দরবারে সরাসরি পৌছে

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিশেষ বৈশিষ্ট যে উম্মত যেখানে থাকেনা কেন তাদের পক্ষ থেক পেশ কৃত দরূদ ও সালাম সরাসরি হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দরবারে পৌছে থাকে । যেমন হাদীস শরীফে تبلغني , فتبلغني , يبلغني , فسيلغني ইত্যাদি শব্দরূপ বর্ণিত হয়েছে। যা অভিধানগতভাবে কর্তৃবাচক – (معروف)এর শব্দ রূপ, কর্মবাক(مجهول ) নয় এ সব শব্দরূপে কর্তা সয়ং صلاتكمএবং سلامل। যেমন নিম্মোক্ত বর্ণনাগুলো দ্বারা স্পষ্ট হয় ।

عن أبي هريرة رضي الله عنه ، عن النبي صلى الله عليه وسلم أنه قال : لا تجعلوا بيوتكم قبوراً ، ولا تجعلوا قبري عيداً وصلوا علي ، فإن صلاتكم تبلغني حيثما كنتم .

হযরত আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন- তোমাদের বাসগৃহকে কবর করনা এবং আমার "কবর"কে উৎসবের স্থল করোনা। 'আমার প্রতি দরূদ প্রেরণ করতে থাক। নিশ্চয় তোমাদের পক্ষ থেকে প্রেরিত দরূদ (স্বয়ং) আমার পর্যন্ত পৌছৈ, তোমরা যেখানে থাক না কেন।[২৯৬]

---

[২৯৫] আবু দাউদ শরীফ ১ / ৬২২ হাদীস নং ২০৪১

[২৯৬] জালাউল ইফহাম ফিস সালাতি ওয়াস সালাম আলা খাইরিল আনাম, পৃষ্ঠা ৪২ হাদীস নং ৬১
আবু দাউদ: আস সুনান ২ / ১৭৬ হাদীস নং ২০৪২
আহমদ: মুসনাদ ২ / ৩৬৭
মুসান্নাফে আবি শাইবা ২ / ৮২ হাদীস নং ৭৫৪২
তাবারানী আওসাত ৮ / ৪৯১, হাদীস নং ৪১৬২
বাইহাকী: শুয়াইবুল ইমান ৩ / ৪৯১ হাদীস নং ৪১৬২



[ 432 ] جعفر بن إبراهيم الجعفري عن علي بن عمر عن أبيه عن علي بن الحسين نسخة وعنه زيد بن الحباب قال بن حبان يعتبر بحديثه من غير روايته عن أبيه وأخرج أبو يعلى عن أبي بكر بن أبي شيبة عن زيد بن الحباب بهذا السند عن علي بن الحسين حدثني أبي عن جدي رفعه لا تتخذوا قبري عيدا ولا بيوتكم قبورا فإن تسليمكم يبلغني أينما كنتم

হযরত আলী বিন হুসায়ন নিজ দাদা হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন- আমার "কবর"কে উৎসবের স্থল করোনা এবং তোমাদের ঘরকে কবর স্বরূপ করোনা। অতঃপর তোমরা যেখানে থাক না কেন তোমাদের সালাম আমি পর্যন্ত (স্বয়ং) পৌছে থাকে।[২৯৭]

فقال أبو يعلى في مسند : حدثنا موسى بن محمد بن حبان ، حدثنا أبو بكر الحنفي ، حدثنا عبد الله بن نافع ، أخبرنا العلاء بن عبد الرحمن ، قال : سمعت الحسن بن علي بن أبي طالب قال : رسول الله صلى الله عليه وسلم : صلوا في بيوتكم ولا تتخذوا قبوراً ، ولا تتخذوا بيتي

---

মাকরিযী :ইমতাউল আসমা,১১ / ৫৯
ইবনে কাছির: তাফসিরুল কোরআনুল আজিম ৩ / ৫১৪
আসকালানী: ফতহুল বারী ৬ / ৪৮৮

[২৯৭] আসকালানী:লিছানুল মিজান ২ / ১০৬
আবু ইয়লা : আল মুসনাদ ১ / ৩৬৯ হাদীস নং ৪৬৯
মুকাদ্দেসী :আল আহাদিসুল মুখতার ২ / ৪৯ হাদীস নং ৪২৮
হাইসামী :মাযমাউজ জাওয়ায়ীদ ৪ / ৩

عيداً ، صلوا علي وسلموا ، فإن صلاتكم وسلامكم يبلغني أينما كنتم

হযরত হাসান বিন আলী (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,- তোমাদের ঘরে নামায পড়, ঘরকে কবর স্বরূপ করোনা এবং আমার কবরকে উৎসবের স্থল করোনা। আমার প্রতি দরূদ ও সালাম প্রেরণ করতে থাক। নিশ্চয় তোমাদের দরূদ-সালাম (সরাসরি) আমার পর্যন্ত পৌছে থাকে, তোমরা যেখানে হওনা কেন।[২৯৮]

৬১- وقال الطبراني في المعجم الكبير : حدثنا أحمد بن رشدين المصري ، حدثنا سعيد بن إبراهيم ، حدثنا محمد بن جعفر ، أخبرنا حميد ابن أبي زينب ، عن حسين بن حسن بن علي بن أبي طالب ، عن أبيه : أن رسول الله صلى الله عليه وسلم قال : حيثما كنتم فصلوا علي ، فإن صلاتكم تبلغني

হযরত হাসান বিন হাসান বিন আলী নিজ পিতা থেকে বর্ণনা করেন। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন- তোমরা যেখানে হওনা কেন আমার প্রতি দরূদ পৌছাতে থাক। নিশ্চয় তোমাদের দরূদ আমার বরাবর পৌছে থাকে।[২৯৯]

---

[২৯৮] জালাউল ইফহাম ফিস সালাতি ওয়াস সালাম আলা খাইরিল আনাম ৪২ হাদীস নং ৬১
আবু ইয়ালা, আল মুসান্নাফ ১২ / ১৩১ হাদীস নং ৬৭৬১

[২৯৯] জালাউল ইফহাম ফিস সালাতি ওয়াস সালাম আলা খাইরিল আনাম ৪২ হাদীস নং ৬০
তাবারানী কবির ৩ / ৮২ হাদীস নং ৯৬৭৬৯
ইমাম আহমদ :আহমদ ২ / ৩৬৭
তাবারানী আওসাত১ / ২৩৮ হাদীস নং ৩৬৭
আব্দুর রাজ্জাক: মুছান্নাফ ৩ / ৫৭৭ হাদীস নং ৬৭২৬
মুনজিরী আত তারগীব ওয়াত তারহীব ২ / ৩৬২
হাইসামী: মাজমাউজ্জ জাওয়ায়ীদ ১২ / ১৬২



৪৮৩৯ – عبد الرزاق عن الثوري عن بن عجلان عن رجل يقال له سهيل عن الحسن بن علي قال راى قوما عند القبر فنهاهم وقال إن النبي صلى الله عليه و سلم قال لا تتخذوا بيتي عيدا ولا تتخذوا بيوتكم قبورا وصلوا علي حيث ما كنتم فإن صلاتكم تبلغني

হযরত হাসান বিন হুসায়ন (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন- একদল মানুষকে কবরের পাশে জড়ো হতে দেখে তাদেরকে এমন করতে করতে নিষেধ করে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন তোমরা আমার ঘরকে উৎসব স্থলে পরিনত করনা ও তোমাদের ঘরকে কবর স্বরূপ করোনা। আর আমার প্রতি দরূদ প্রেরণ করতে থাক। নিশ্চয় তোমাদের দরূদ (সরাসরি) আমার নিকট পৌছাতে থাকে, তোমরা যেখানে থাক না কেন।[৩০০]

---

৩০০ আব্দু রাজ্জাক: মুছান্নাফ হাদীস নং ৪৮৩৯
ইবনে ইসহাক- আযদী ফযয়লুস সালাত আলান নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ৪৫ হাদীস নং ৩০
আবি শাইবা: আল মুসান্নাফ ২ /১৫০ হাদীস নং ৭৫৪৩

## দরূদ ও সালাম সরাসরি হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শ্রবণ করেন

দরূদ শরীফ এমন মাকবূল এবং পবিত্র আমল যাতে স্বয়ং মহান রব নিজ ফেরেশতা ও বান্দাদের সাথে শরীক হয়ে থাকেন। আল্লাহ্ তা'আলা নিজ সম্মানিত মাহবুব সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ বিশেষত্ব দান করেন যে, তিনি নিজের উম্মতদের দরূদ-সালাম সরাসরি শ্রবণ করেন।

১০৬- قال الطبراني : حـــدثنا يحيـــى بـــن أيـــوب العـــلاف ، حدثنا سعيد بن أبي مريم ، عن سعيد بن أبـــي هـــلال ، عـــن أبي الدرداء ، قال : قال رســـول الله صـــلى الله عليـــه وســـلم : أكثروا الصلاة علي يوم الجمعة فإنـــه يـــوم مـــشهود تـــشهده الملائكة ، ليس مـــن عبـــد يـــصلي علـــي إلا بلغنـــي صـــوته حيث كان قلنا : وبعد وفاتك ؟ قـــال : وبعـــد وفـــاتي ، إن الله حرم على الأرض أن تأكل أجساد الأنبياء .

হযরত আবূ দারদা (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন--জুমার দিবসে আমার প্রতি বেশী করে দরূদ পড়ে থাক। নিশ্চয় জুমার দিবস ইয়াওমে মাশহুদ। (কেননা) তাতে ফেরেশতাগণ উপস্থিত হয়ে থাকেন। (ওইদিন) যে ব্যক্তি আমার প্রতি দরূদ পড়ে তার (দরূদের) শব্দ আমার কাছে পৌছে- সে যে স্থানে পড়ে না কেন।

সাহাবা-এ কেরাম আরয করলেন, ইয়া রাসূলাল্লাহ! আপনার ওফাতের পরও কি আমরা এ আমল চালু রাখব? তিনি এরশাদ করলেন-

(হ্যাঁ) আমার ওফাতের পরেও (তোমরা এ আমল চালু রাখ), নিশ্চয় আল্লাহ্ তা'আলা জমীনের জন্য নবীগণের শরীর ভক্ষন করাকে হারাম করেছেন। [301]

[৩০১] ইবনে কাইয়্যুম: জালাউল ইফহাম ফিস সালাতি ওয়াস সালাম আলা খাইরিল আনাম হাদীস নং ১৮০
হাইতামী : আদদুররুল মানদুদ পৃষ্ঠা নং ১৫৫,
সাখাবী : আল কাউলুল বাদি পৃষ্ঠা নং ১৫৮,
নাবহানী: হুজ্জাতুল্লাহি আলাল আলামীন পৃষ্ঠা নং৭১৩



উপরিউক্ত বরকতময় হাদীস بلغنی صوته (তার শব্দ আমার কাছে পৌছে) দ্বারা বুঝা যায় যে, কোন ফিরিশতা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে সালাত ও সালাম পৌছান না বরং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বয়ং নিজে কোন মাধ্যম ছাড়াই দরূদ ও সালাম পাঠকারীর আওয়াজ শ্রবণ করেন। এতে না কাছে-দূরের শর্তারোপ করা হয়েছে, না কারো পৌছানো শর্ত। বরং স্বয়ং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শ্রবণ করা প্রমাণিত।

ড. তাহেরুল কাদরী দুরুদ শরীফ সম্পর্কে বলেন-

ایک مرتبہ حضور نبی اکرم صلی اللہ علیہ وآلہ وسلم سے پوچھا گیا کہ جو آپ صلی اللہ علیہ وآلہ وسلم پر نزدیک سے درود بھیجتے ہیں، دور سے درود بھیجتے ہیں اور بعد میں آنے والے بھی بھیجیں گے، کیا یہ سب درود آپ صلی اللہ علیہ وآلہ وسلم کو پیش کیے جاتے ہیں؟ اس پر آپ صلی اللہ علیہ وآلہ وسلم نے فرمایا أسمع صلاة أهل محبتي وأعرفهم

একবার হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো যে, আপনার প্রতি যে নিকট থেকে দরূদ প্রেরণ করে বা দূর থেকে দরূদ প্রেরণ করে এবং পরবর্তীতে আগমনকারী উম্মতও দরূদ প্রেরণ করে থাকবে- এ সব দরূদ কি আপনার বরাবর পেশ করা হয়? এতে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন- -আমি প্রেমিকদের দরূদ স্বয়ং শ্রবণ করে থাকি এবং তাঁদেরকে চিনেও থাকি।[৩০২]

এতে প্রমাণিত হলো যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রেমিকদের দরূদ নিজে শুধু শ্রবণ করেন না বরং প্রেরণকারীদেরকে চিনেনও। যদিও ওই দরূদ যে-কোন স্থানে বা যে-কোন যুগে পাঠ করা হোক না কেন।

[৩০২] ড. তাহিরুল কাদরী: মীলাদুন্নবী

## হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালামের উত্তর দান করেন

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মতের প্রেরিত দরূদ-সালাম শুধু শ্রবণ করেন না বরং তার জবাব দিয়েও ধন্য করে থাকেন।

২০৪১ – حدثنا محمد بن عوف ثنا المقري ثنا حيوة عن أبي صخر حميد بن زياد عن يزيد بن عبد الله بن قسيط عن أبي هريرة ٩ أن رسول الله صلى الله عليه و سلم قال " ما من أحد يسلم علي إلا رد الله علي روحي حتى أرد عليه السلام " . ক حسن

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। হুযূর নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন- যখন তোমাদের কেউ আমার প্রতি দরূদ প্রেরণ করে, তখন আল্লাহ্ তা'আলা আমার রূহ ফেরৎ পাঠান, এমনকি আমি তার সালামের জবাব দিই। আবু দাউদ আস সুনান হাদীস নং ২০৪১,১/৬২২

ومن حديثه أيضاً ما رواه أبو نعيم ، عن الطبراني : حدثنا عبيد الله بن محمد العمري ، حدثنا أبو مصعب ، حدثنا مالك ، عن أبي الزناد ،عن الأعرج ،عن أبي هريرة رضي الله عنه عن رسول الله صلى الله عليه وسلم : ما من مسلم يسلم علي في شرق لا في غرب إلا وأنا وملائكة ربي نرد عليه السلام ،

হযরত আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন- প্রাচ্য ও প্রতীচ্যের যে-কোন মুসলমান আমার প্রতি দরূদ প্রেরণ করে আমি ও আমার রবের ফেরেশ্তারা তার (প্রেরিত) সালামের জবাব দিই।[৩০৩]

[৩০৩] ইবনুল কাইয়্যুম জাওজী: যালাউল ইফহাম,
আবু নঈম ইসপাহানী: হিলইয়াতুল আউলিয়া পৃষ্ঠা নং ১১২৪



## ফেরেশতা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মহান দরবারে সালাম পেশ করা

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মহান মর্যাদা হচ্ছে যে, তিনি স্বয়ং উম্মতের দরূদ ও সালাম শ্রবণ করেন, কিন্তু আল্লাহ্ তা'আলার নির্দিষ্ট ফেরেশতাগণ সম্মানার্থে। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মহান দরবারে তাঁর উম্মতের প্রেরিত সালাম পৌঁছিয়ে থাকেন।

أخبرنا أبو الحسن علي بن محمد بن علي بن السقاء المقري ثنا والدي أبو علي ثنا أبو رافع أسامة بن علي بن سعيد الرازي بمصر ثنا محمد بن إسماعيل بن سالم الصائغ حدثتنا حكامة بنت عثمان بن دينار أخي مالك بن دينار عن أنس بن مالك خادم النبي صلى الله عليه و سلم قال ٩ قال النبي صلى الله عليه و سلم : إن أقربكم مني يوم القيامة في كل موطن أكثركم علي صلاة في الدنيا من صلى علي في يوم الجمعة و ليلة الجمعة مائة مرة قضى الله له مائة حاجة سبعين من حوائج الآخرة و ثلاثين من حوائج الدنيا ثم يوكل الله بذلك ملكا يدخله في قبري كما يدخل عليكم الهدايا يخبرني من صلى علي باسمه و نسبه إلى عشيرته فأثبته عندي في صحيفة بيضاء

হযরত আনাস বিন মালিক (রাঃ) থেকে বর্ণিত। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন-- যে ব্যক্তি আমার প্রতি জুমার দিবস এবং জুমার রাত দরূদ পড়ে আল্লাহ তার একশত অভাব পুরন করেন, সত্তরটি পরকালের এবং ত্রিশটি ইহকালের। অতঃপর আল্লাহ্ তা'আলা তার জন্য একজন ফেরেশতা নিযুক্ত করে দেন যে (তার পক্ষ থেকে) আমার কবরে এভাবে দরূদ পেশ করেন যেভাবে উপহার পেশ করা হয়। যিনি আমাকে ওই ব্যক্তির খান্দানের নাম ও বংশ সম্পর্কে খবর দেন। অতঃপর আমি তা নিজেরে কাছে সাদা পাতার রেজিষ্টারে রেকর্ড করে নিই।[৩০৪]

মাকরিযী: ইমতাউল আসমা ১১ / ৫৯
ইমাম সাখাবী: আলকাউলুল বাদি পৃষ্ঠা নং ১৫৬
[৩০৪] ইমাম সাখাবী: আলকাউলুল বাদি পৃষ্ঠা নং ১৫২
বাইহাকী : শুয়াইবুল ইমান ৩ / ১১১ হাদীস নং ৩০৩৫

## ষষ্ঠ অধ্যায়
## কিয়ামের দলীল

**প্রচলিত কিয়ামের ইতিহাস**

মহান বাদশাহ মুজফফার আবু সাঈদ কাওকাররী ইবনে আলী ইবনে বুকতাকিন ইবনে মুহাম্মদ কতৃক রবিউল আউয়াল মাসে পবিত্র মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাষ্টিয় ভাবে উদযাপনের অনেক পরে মীলাদ শরীফে কিয়ামের প্রচলন হয়। পবিত্র মীলাদ মাহফিলে রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মাতৃগর্ভ থেকে ভুমিষ্ট হওয়ার অলৌকিক ঘটনাবলীর অবস্থা বর্ণনা করার সময় রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পৃথীবিতে আগমনের স্মৃতিকে সম্মান প্রদর্শনের জন্য দাড়িয়ে পড়তে শুরু করেন । এ দাঁড়ানোর প্রেরণা আসে ইমাম তকি উদ্দীন সুবুকী (রহঃ) এর সমাপনী দরসের এক ঘটনার প্রেক্ষাপটে।

বিশ্ব বিখ্যাত মুহাদ্দিস, ফকীহ, মুজতাহিদ, ইমাম ও এক কালের প্রধান বিচারপতি শাইখুল ইসলাম আল্লামা তৃকী উদ্দীন আবুল হাসান আলী আস সুবকী আশ শাফেয়ী। তিনি ৬৮৩ হিজরী সালে মিশরের মুনুফিয়া এলাকায় জন্মগ্রহণ করেন এবং অসংখ্য কিতাব লিখনীর মাধ্যমে দ্বীন ইসলামের অসাধারণ খেদমত করে ৭৫৬ হিজরী দুনিয়া হতে পর্দা করেন। আল্লামা সুবকী (রহঃ) যে মুজতাহিদ ছিলেন এ কথার উপর কারও দ্বিমত নেই। এ কথাও সত্য যে, ইমাম সুবকীর দরবারটি ছিল তৎকালীন যুগের বড় বড় আলেম-উলামাদের সর্বশ্রেষ্ঠ বিদ্যাপীঠ। একদিন তাঁর দরবারে অসংখ্য বিচারক, উলামা এবং সমাজের উচ্চ শ্রেণীর লোকদের সমাবেশ ঘটেছিল। ইত্যবসরে একজন আশেক নাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম পাঠ করছিলেন। আর না'তটির লেখক হচ্ছেন সে যুগের হাস্‌সান বিন সাবিত হযরতুল আল্লামা ইয়াহইয়াহ ইবনে ইউসুফ আল আনসারী আছ ছরছারী আল হাম্বলী (রহঃ)। (তিনি ৬০৬ হিজরী শাহাদাত বরণ করেন, তিনি অন্ধ কবি ছিলেন)। যখন না'ত পরিবেশনকারী ঐ কবিতার শেষাংশে পৌছেন তখন আল্লামা সুবকী নবী প্রেমে ব্যাকুল হয়ে কবিতার ভাবার্থের সাথে সাদৃশ্য রেখে দাঁড়িয়ে যান। সাথে সাথে মজলিসে উপস্থিত সকলেই দাঁড়িয়ে যান। **এই উঠে দাঁড়ানো ক্রমানুয়ে পবিত্র মীলাদ মাহফিলের মধ্যে প্রবেশ করে এবং মুসলিম বিশ্বের অধিকাংশ উলামায়ে কেরামের নিকট পছন্দনিয় হিসাবে গৃহিত হয়**। আল্লামা ছরছরী (রহ:)-এর আলোড়িত পংক্তিগুলো হচ্ছে-

قليل لمدح المصطفى الخط بالذهب على فضة من خط احسن من كتب

সয়ূতী :আদদুররুল মানছুর ৫ / ২১৯



وان تنهض الاشرف عند سمعاه قياما صفوفا او جثيا على اللاكب

لما الله تعظيما له كتب اسمه على عرش জারী জাতির سمت الرتب

১. একজন সুন্দর হস্তশিল্পী রৌপ্যের পাতায় স্বর্ণের পানি দ্বারা যদি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রশংসা বা গুণগান অতি সুন্দরভাবে লিপিবদ্ধ করেন, তবে তাও তাঁর মর্যাদার তুলনায় অতীব তুচছ বা অপ্রতুল হবে।

২. আর তাঁর প্রশংসার কথা শুনে উচ্চ মর্যাদা সম্পন্ন বুযুর্গ ব্যক্তি সারিবদ্ধভাবে বা হাটুর উপর ভর দিয়ে দাঁড়িয়ে যায়;[৩০৫] তবুও তাঁর মহান মর্যাদার তুলনায় তা অতি নগণ্যই।

৩. নিশ্চয়ই আল্লাহ তা'য়ালা স্বীয় হাবীবের সম্মানার্থে তাঁর মর্যাদাকে বুলন্দ করার নিমিত্তে তাঁর নাম মোবারক আরশে মুয়াল্লায় লিপিবদ্ধ করে লেখেছেন। হে হাবীব! আপনি কতইনা সু-উচ্চ-মর্যাদার অধিকারী।

কবিতার পংক্তিগুলো পাঠকালে উক্ত মজলিসে সকলের হৃদয়ে আবেগ আপ্লুত হলো।

এ ছাড়াও যখন প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মকালিন ওলৌকিক ঘটনাবলী বর্ণনা করা হয় তখন শ্রোতাদের মনের মধ্যে রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি ভালবাসা, মহব্বত সম্মান বৃদ্ধি পেয়ে উঠে মজলিসের লোকদের মধ্যে ইশক ও মহব্বত এতটাই বৃদ্ধি পেতে থাকে যার ফলে তাদের হৃদয়ের মধ্যে এক ধরনের বিদ্যুৎ তরঙ্গ সৃষ্টি হয়ে যায় এবং দাড়িয়ে দাড়িয়ে দুরুদ ও সালাম পাঠ করতে থাকে।[৩০৬]

নিন্মের হাদীস শরীফটি প্রণিধানযোগ্য -

حدثنا محمد بن الحكم قال أخبرنا النضر قال حدثنا إسرائيل قال أخبرنا ميسرة بن حبيب قال أخبرني المنهال

[৩০৫] কোন হাউজ বা দ্বীনি আলোচনা মাহফিলে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শান বিষয়ক আলোচনায় কেহ এমনি দাঁড়ানো প্রসঙ্গ উত্থাপিত হলে সেখানে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শান ও মর্যাদার কারনে দাঁড়ানো হল পকৃত মুমিনের কাজ।

[৩০৬] বর্তমানে মীলাদ শরীফের কিয়াম নিয়ে পরগাছা জাহিলদের উপরযুপরি মাতলামী, শিরক ,হারাম , নাযায়িয, বিদয়াত ও গোনাহের কাজ আখ্যায়িত বা ফত্তোয়ার কারনে প্রকৃত মুমিনের হৃদয় আহত হয়। তাই যেখানে"ই পবিত্র মীলাদ শরীফের আলোচনা হয় সেখানে দাড়িয়ে সালাত ও সালাম পেশ করা প্রকৃত মুমিনের হৃদয়ের খোরাক হয়ে যায়।

بن عمرو قال حدثتني عائشة بنت طلحة عن عائشة أم المؤمنين رضي ا[illegible] قالت ৭ ما رأيت أحدا من الناس كان أشبه بالنبي صلى الله عليه و سلم كلاما ولا حديثا ولا جلسة من فاطمة قالت وكان النبي صلى الله عليه و سلم إذا رآها قد أقبلت رحب بها ثم قام إليها فقبلها ثم أخذ بيدها فجاء بها حتى يجلسها في مكانه وكانت إذا أتاها النبي صلى الله عليه و سلم رحبت به ثم قامت إليه فقبلته وانها دخلت على النبي صلى الله عليه و سلم في مرضه الذي قبض فيه فرحب وقبلها وأسر إليها فبكت ثم أسر إليها فضحكت فقلت للنساء إن كنت لأرى أن لهذه المرأة فضلا على النساء فإذا هي من النساء بينما هي تبكي إذا هي تضحك فسألتها ما قال لك قالت إني إذا لبذرة فلما قبض النبي صلى الله عليه و سلم فقالت أسر إلي فقال اني ميت فبكيت ثم أسر إلي فقال إنك أول أهلي بي لحوقا فسررت بذلك وأعجبني [ ص ৩২৭ ] صحيح

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা (রাঃ) বর্ণনা করেন, কথা-বার্তায়, উঠা বসায় ফাতিমার চাইতে নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহিস ওয়া সাল্লামা -এর সাথে অধিকতর সামঞ্জস্যশীল আর কেই ছিলেন না। তিনি আরও বলেন, নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামা যখন তাঁকে দেখতেন, তাঁকে খোশ-আমদেদ জানাতেন, তাঁর জন্য উঠে দাঁড়াতেন এবং তাঁকে চুম্বন দিতেন। অপরদিকে নবী করীম সাল্লাল্লাহ আলাইহিস ওয়া সাল্লামা তাঁর নিকট গমন করলে তিনিও তাঁকে অভ্যর্থনা জানাতেন এবং উঠে চুম্বন করতেন। নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহিস ওয়া সাল্লামা -এর অন্তিম রোগের সময় তিনি তাঁর নিকটে উপস্থিত হলেন। তিনি খোশ-আমদেদ জানালেন



এবং তাঁকে চুম্বন করলেন এবং তাঁকে কী যেন কানে কানে বললেন ঃ এবার তিনি (ফাতিমা) হেসে উঠলেন। আমি তখন উপস্থিত মহিলাগণকে লক্ষ্য করে বললাম, আমি মনে করতাম নারী জাতির মধ্যে এ মহিলাই অন্যান, কিন্তু এখন দেখতেছি ইনি একজন সাধারণ মহিলাই, কখনো তিনি কেঁদে ফেলেন, আবার কখনো হেসে উঠেন! (যার কোন অর্থই হয় না) তখন আমি তাঁকে জিজ্ঞাসা করলাম, তিনি কী বললেন? তিনি বললেনঃ আপাতত এ রহস্য আমি ফাঁস করতে পারব না।

আলোচ্য হাদীস শরীফ দ্বারা দুটি বিষয় সুস্পষ্ট হয়ে উঠে যে হুযূর পাক (স) এর আগমনের সম্মানে ও তার প্রতি অত্যাধিক মহব্বত ও ভালবাসার করনে দাঁড়ানো হয়েছে। এখানে আগমনের চাইতে মহব্বতও ভালবাসা প্রধান্য রয়েছে।

বস্তুত মীলাদ শরীফে যখন তাঁর (সাল্লাল্লাহ্ আলাইহিস ওয়া সাল্লামা) পৃথিবী আগমনের সুসংবাদ বর্ণনা উপস্থাপনা করা হয় তখন ঈমানদারগণের হৃদয়ে একধরনে জজবা জউক ও সওক সৃষ্টি হয়ে বিনয়ানবত হয়ে দাড়িয়ে সালাত ও সালাম পেশ করা হয়।

মীলাদে কিয়াম বা দাঁড়ানো মহব্বত ও তাজিমের জন্য। দাঁড়ানো এবাদতের কোন অংশ নয়।

অসংখ্য বর্ণনা সূত্রে প্রমাণিত যে আল্লাহর এমন কিছু প্রিয় বান্দা যাঁরা শরীয়ত সিকৃত নেক আমল গৃহে বা মজলিসে বসে করে এবং তাতে রাসূলে পাক সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এর রুহানী বা মিছালী সুরতে দেখার সৌভাগ্যে ধন্য হয়েছেন এবং সময় উপযুক্ততায় বসে, দাড়ীয়ে সালাত ও সালাম, ফরিয়াদ, ও হাদীস শরীফ সম্পর্কে জিজ্ঞাসাও করেছেন।

রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এর রুহানী ও মিছানী-সুরতে অবলোকন করা মহান আল্লাহ্ পাকের ঐ সকল মুমিনের যা বিশ্বাস যোগ্য ও আহলে সুন্নাত ও ওয়াল জামাতের আকিদা। কিন্তু এ অবলোকন করা সাধারণ পযায়ের নয়। সাধারন পর্যায়ে অবলোকন করা এমন উপস্থাপনা অবতারণা করা অজ্ঞ লোকের মনের মধ্যে বিরাট খটকা সন্দেহ সংসয় সৃষ্টির নামান্তর।

নেক বা দ্বীনি মজলিসে রাসূলে পাক সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামের রুহানী ও মিছালী-সুরতে আসতে পারা সম্পর্কে কিছু কউল সামনে উল্লেখ করব।

## আল্লামা আবুল ওয়ালিদ ইবনে রুশদ (রহঃ)'র দৃষ্টিতে কিয়ামের প্রকারভেদ

আল্লামা ইবনে হাজর আল আসকালানী (রহঃ) তাঁর সর্ববৃহৎ গ্রন্থ 'ফাতহুল বারীর' ১১ তম খন্ডে, ৫৪ পৃষ্ঠায় উল্লেখ করেছেন যে, আল্লামা আবুল ওয়ালিদ ইবনে রুশদ (রহঃ) কিয়ামকে চার ভাগে বিভক্ত করেছেন যথা-

**এক. হারাম বা নিষিদ্ধ কিয়াম :**

যে ব্যক্তি অহংকারবোধ পূর্বক পছন্দ করে যে তার জন্য (মানুষ) দাড়িয়ে থাকুক এবং দণ্ডায়মান ব্যক্তিদের সম্মুখে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণ করাই একমাত্র মাকসুদ হলে, তা কিয়ামে তাহরিমী বা নিষিদ্ধ কিয়াম।

**দুই. মাকরূহ কিয়াম :**

দণ্ডায়মান ব্যক্তির মাঝে নিজের অহংকারবোধ এবং শ্রেষ্ঠত্ব প্রকাশের মাকুসদ নয় বরং নিজের আত্মা বা রিপু নিষিদ্ধ বস্তুর দিকে ধাবিত হওয়ার আশংকা থাকলে তা কিয়ামে মাকরূহ বা অপছন্দনীয় কিয়াম।

**তিন. জায়েয কিয়াম :**

অনাকাঙ্খিত ব্যক্তিদের সাথে সদাচরণ ও সম্মান জ্ঞাপনার্থে দাড়িয়ে যাওয়া জায়েয বা বৈধ। যেখানে অহংকারীদের সাথে সদৃশ্যতার কোন সম্ভাবনা নেই।

**চার. মানদুব কিয়াম :**

আগন্তুক ব্যক্তির সুসংবাদে আনন্দচিত্তে দাড়িয়ে সালাম করা, অথবা কোন নিয়ামত প্রাপ্তির সংবাদে দাড়িয়ে অভিবাদন জানানো অথবা কোন মুছিবতের দুঃসংবাদে দাড়িয়ে সমবেদনা জানানো মানদুব কিয়াম বা পূণ্যময় কিয়াম।[৩০৭]

বিশ্ববিখ্যাত মুহাদ্দিস আল্লামা ইমাম কুসতুলানী (রহঃ) তাঁর ইরশাদুস ছারী গ্রন্থে মনদুব কিয়ামের ব্যাখ্যা করতে গিয়ে বলেন- সম্মানী কোন হাকিম বা বিচারকের সম্মানার্থে দাঁড়ানো মুস্তাহাব। যা হযরত সাদ ইবনে মুয়াযের, ঘটনায় প্রমাণ মিলে।[৩০৮]

---

[৩০৭] 'ফাতহুল বারীর' ১১ তম খন্ড, ৫০ পৃষ্ঠা

[৩০৮] ইরশাদুস ছারী লি শরহিল বুখারী খন্ডঃ ১৩, পৃষ্ঠা ২৬৮



## শাইখুল ইসলাম ড. মুহাম্মদ তাহের আল-কাদেরী'র দৃষ্টিতে কিয়াম ও তার প্রকারভেদ

মীলাদুন্নবী তথা রাসূলে আকরাম আলাইহিস সালাতু ওয়াস সালামের জন্ম বৃত্তান্ত আলোচনা মাহফিলে তাঁর জাতে পাকের প্রতি দাড়িয়ে সালাম পেশ করা নবীপ্রেমিকদের অন্যতম বৈশিষ্ট্য। যা অতীব প্রিয় আমল। এ কথা চিরসত্য যে, হুযূরে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামার জাহেরী হায়াতে তৈয়্যেবায় যেমন তাঁর প্রতি ইজ্জত, ইহতিরাম, সম্মান প্রদর্শন সকল উম্মতের জন্য ফরয ছিল, তেমনিভাবে বর্তমান তথা তাঁর ইন্তিকালের পরও অনুরূপ তা'যীম, তাওকীর ও সম্মান প্রদর্শন করা ফরয। আল্লামা ক্বাযী আয়ায (রহঃ) তার 'শেফা' শরীফে বলেন-

واعلم ان حرمة النبى صلى الله عليه وسلم بعد موته وتوقيره وتعظيمه لازم كما كان حال حياته –

অর্থাৎ আর জেনে রেখো! নিশ্চয়ই নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইন্তে কালের পর তাঁর সম্মান, তাযীম, তাওকীর আবশ্যক যেমনিভাবে তাঁর জীবদ্দশায় আবশ্যক ছিল।

অতএব, মীলাদ মাহফিল অথবা না'ত শরীফের অনুষ্ঠানে হুযূরপুর নূর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামার প্রতি সালাম পাঠ কালে সম্মানার্থে দাঁড়ানো উল্লেখিত আদব এবং সম্মানের বহিঃপ্রকাশ মাত্র। যে সব অনুষ্ঠান এহেন কার্যাদি দ্বারা সম্পন্ন করা হবে নিঃসন্দেহে ঐ মাহফিলে আল্লাহর পরিপূর্ণ নূর এবং অসীম বরকত নাযিল হবে।

ইবাদতের নিয়তে নামাযে দাঁড়ানো ফরজ কিয়াম। তাছাড়া স্থানকাল-পাত্র-ভেদে কিছু কিয়াম বা দাঁড়ানো আছে; যা সুন্নাত হিসাবে পরিগণিত। আর ঐ কিয়ামগুলো অসংখ্য হাদীস দ্বারা প্রমাণি। এ ধরনের সুন্নাত কিয়াম সাত প্রকার। যথাঃ

(১) কিয়ামে ইস্তেকবাল
(২) কিয়ামে মুহাব্বত
(৩) কিয়ামে ফরহাত
(৪) কিয়ামে তা'যীম
(৫) কিয়ামে ইকরাম ইনসানী
(৬) কিয়ামে সালাতু-সালাম
(৭) কিয়ামে যিকির।

সহীহ হাদীস শরীফ ও আছারের আলোকে উল্লেখিত কিয়ামসমূহের পরিচয় ও বিশ্লেষণ নিম্নে প্রদত্ত হলো।

### কিয়ামে ইস্তেকবাল

কোন ময়াযযয-মুহতারাম, সম্মানীত ব্যক্তিবর্গ, অথবা দেশ ও জাতির পথ প্রদর্শক লোকের আগমনীতে স্বাগত জানানোর জন্য দাঁড়ানো বৈধ। এহেন ব্যক্তিবর্গদের জন্য দাঁড়ানো হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দ্বারা প্রমাণিত।

হযরত আবু সাঈদ খুদুরী (রা:) হতে বর্ণিত, তিনি বলেন-

৪৬৯৫- عَنْ سَعِيدٍ، الْخُدْرِيَّ قَالَ نَزَلَ أَهْلُ قُرَيْظَةَ عَلَى حُكْمِ سَعْدِ بْنِ مُعَاذٍ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِلَى سَعْدٍ فَأَتَاهُ عَلَى حِمَارٍ فَلَمَّا دَنَا قَرِيبًا مِنَ الْمَسْجِدِ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِلأَنْصَارِ " قُومُوا إِلَى سَيِّدِكُمْ - أَوْ خَيْرِكُمْ " . (متفق عليه)

বনু কুরাইযা মুসলিম বাহিনী কর্তৃক অবরুদ্ধ হয়ে আত্মসমর্পণের উদ্দেশ্যে হযরত সা'দ ইবনে মুয়ায (রা:) কে বিচারক মেনে নিলেন; তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত সা'দ (রা:) কে আসার জন্য লোক পাঠালেন অতঃপর তিনি গাধার পিঠে আরোহন করে আসলেন। তিনি যখন মসজিদে নববীর নিকটবর্তী হলেন- তখন নবী করীম সাল্লাল্লাহু আল্লাইহি ওয়া সাল্লাম মসজিদে উপস্থিত আনসারদেরকে উদ্দেশ্য করে বললেন- তোমরা তোমাদের সরদারকে অথবা তোমাদের মধ্যে উত্তম ব্যক্তিকে স্বাগত জানাতে দাড়িয়ে যাও।[৩০৯]

উল্লেখিত হাদীস নেতৃত্ব স্থানীয় লোকের আগমনিতে দাড়িয়ে ইস্তেকবাল বা স্বাগত জানাতে ইঙ্গিত করে। যদি অসুস্থ ব্যক্তির সাহায্য করতে দাঁড়ানোর নির্দেশ হতো, তবে তা উপস্থিত দু'একজনকে দাঁড়াতে আদেশে করতেন। সকল আনসারকে দাঁড়াতে বলতেন না। হাদীসের শেষাংশে বাক্যটি ও কিয়ামে ইস্তেকবালের প্রমাণ বহন করে।

[৩০৯] বুখারী হাদীস নং ২৫৪৯,৩ / ১৫০
মুসলিম হাদীস নং ১৭৬৮ ৩ / ১৩৮৮



অন্যদিকে ইমাম আবু দাউদ (রহঃ) অত্র হাদীসটি "কিতাবুল আদব" বা শিষ্টাচার অধ্যায়ে লিপিবদ্ধ করেছেন। যদি হযরত সা'দ (রা:) এর জন্য দাঁড়ানোটা তার সাহায্যার্থে হতো; তবে ইমাম আবু দাউদ (রহঃ) হাদিসটি "কিতাবুল আদাবে" আনতেন না বরং তা "কিতাবুল আমরাদ" বা রোগ সংক্রান্ত অধ্যায়ে আনা অধিকতর যুক্তি সংগত হতো। সুতরাং প্রমাণিত হলো হযরত সা'দ (রা:) এর জন্য দাঁড়ানো তা কিয়ামে ইস্তেকবাল ছিল।

### কিয়ামে মুহাব্বত

কখনো কখনো কিয়াম বা দাঁড়ানো আন্তরিক মুহাব্বতের কারণে হয়। যেমন মা-বাবা ছেলেমেয়েদের জন্য শিক্ষক-ছাত্রের জন্য, পীর-মুরশীদ খাস বা বিশেষ মুরবীদের জন্য এবং বয়স্ক লোক ছোটদের প্রতি স্নেহ প্রদর্শনের জন্য দাঁড়ানো কিয়ামে মুহাব্বাতের পরিচায়ক। এ ধরনের কিয়াম সুন্নাতে মুস্তাফার অন্তর্গত। যা হাদীসের আলোকে বিশ্লেষণ করা হচ্ছে।

(ক) উম্মূল মু'মিনীন হযরত আয়েশা ছিদ্দিকা (রা:) হতে বর্ণিত, তিনি বলেন-

مارأيت احدا اشبه سمتا ودلا وهديا برسول الله صلى الله عليه وسلم فى قيامها وقعودها من فاطمة بنت رسول الله صلى الله عليه وسلم قالت: وكانت اذا دخلت على النبى صلى الله عليه وسلم قام اليها فقبلها واجلسها فى مجلسه وكان النبى صلى الله عليه وسلم اذا دخل عليها قامت من مجلسها فقبلته واجلستم فى مجلسها (ترمذى، ابو داود، سائى، حاكم، ابن حبان، وغي هم)

আমি রাসূলে খোদা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ন্যায় মধ্যপন্থা অবলম্বনকারী, রীতি-নীতি ও সৎস্বভাবের ক্ষেত্রে অধিকতর সাদৃশ্যপূর্ণ হযরত ফাতেমা (রা:) এর চেয়ে বেশী কাউকে দেখি নাই। হযরত ফাতেমা (রা:) যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার দরবারে আসতেন, তিনি তাঁর (মুহাব্বতে) দাড়িয়ে যেতেন। অতঃপর তাঁর (ফাতেমা) কপালে চুমো খেতেন এবং নিজ স্থানে তাকে বসাতেন। আর হুযুরে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হযরত ফাতেমা (রা:) এর

ঘর তাশরীফ আনতেন, তখন হযরত ফাতেমা (রা:) তাঁর সম্মানার্থে দাড়িয়ে যেতেন, অতঃপর নবীয়ে পাকের হাত মুবারক চুমো খেতেন, আর নিজের আসনে তাকে বসাতেন।[৩১০]

(খ) হযরত আনাস বিন মালেক (রাঃ) বর্ণনা করেন, তিনি বলেন-

راى النبى صلى الله عليه وسلم النساء والصبيان مقبلين قال حسبت انه قال عرس مقام النبى ممثلا فقال اللهم انتم من احب الناس الى قالها ثلاث مرار-

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছু মহিলা এবং অপ্রাপ্ত বয়স্ক ছেলে মেয়েদেরকে আসতে দেখলেন। বর্ণনাকারীর ধারণা হচ্ছে তারা কোন বিবাহ অনুষ্ঠান থেকে আসতেছিল। অতঃপর হুযূর পূরনূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুশী চিত্তে দাড়িয়ে গেলেন আর দোয়া করলেন, হে আল্লাহ আনসারদেরকে আমার নিকট সমস্ত মানুষ হতে অতীব মাহবুব বা প্রিয় করে দাও। তিনি এই বাক্যকে তিনবার উচ্চারণ করলেন।[৩১১]

### কিয়ামে ফরহাত

(ক) মক্কা বিজয়কালে হযরত ইকরামা (রা:) ইবনে আবু জাহেল প্রাণ রক্ষার্থে ইয়ামেনের দিকে পলায়ন করতেছিলেন; তার স্ত্রীর পরামর্শক্রমে ইসলাম ধর্ম গ্রহণ পূর্বক হুযুরে আকরাম নূরে মুজাচ্ছাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর খেদমতে হাজির হলেন; প্রিয় নবী তাকে দেখে আনন্দ চিত্তে বসা থেকে দাড়িয়ে যান।

---

[৩১০] ইমাম তিরমিযী : আস সুনান,৫ / ৭০০ হাদীস নং ৩৮৭২
ইমাম আবু দাউদ : আস সুনান, হাদীস নং ৫২১৭
ইমাম নাসায়ী : আস সুনান, হাদীস নং ৮৩৬৯
ইমাম ইবনে হিব্বান : আস সহীহ হাদীস নং ৯৯৫৩ ,
ইমাম হাকেম :আল মুস্তাদরাক হাদীস নং ৪৭৫৩,
ইমাম ইবনে রহওয়াই আল মুসনাদ হাদীস নং ৬
[৩১১] বুখারী শরীফ, হাদীস নং ৩৫৭৪
ইমাম মুসলিম: আস সহীহ হাদীস নং ২৫০৮,
মুনসাদে আহমদ হাদীস নং ১২৮২০,
মুছান্নফে ইবনে আবী সাইবা হাদীস নং ৩২৩৫০



(খ) এমনিভাবে হযরত জাফর বিন আবু তালেব (রা:) হাবশা থেকে (মদিনা শরীফ) হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহিস সালামের দরবারে হাজির হলে, তাকে দেখে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন- জানিনা আজ আমি জাফরকে পেয়ে বেশী আনন্দিত, না খাইবার বিজয় করে বেশী আনন্দিত? অতঃপর তিনি দাড়িয়ে জাফরের (রা:) সাথে আলিঙ্গন করলেন, আর তাঁর কপালে চুমো খেলেন।

(গ) হযরত আয়শা সিদ্দিকা (রা:) হতে বর্ণিত, তিনি বলেন-

قدم زيد بن حارثة المدينة و رسول الله صلى الله عليه وسلم فى بيتى فاتاه فقرع الباب فقام اليه رسول الله صلى الله عليه وسلم عريانا يجر ثوبه والله مارأيته عريانا قبله ولا بعده فأعتنقه وقبله –

যখন হযরত যায়েদ বিন হারেছা (রা:) মদীনা শরীফে আগমন করলেন, তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার হুজরায় তাশরীফ ফরমায়েছিলেন। অতঃপর তিনি (যায়েদ) এসে দরজায় করাঘাত করলেন নবীয়ে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অতীব খুশীতে খালি শরীরে, চাঁদর মুবারক হেচড়ানো অবস্থায় তাঁর জন্য দাঁড়ালেন। হযরত আয়শা (রা:) বলেন- আল্লাহর শপথ! আমি তাঁকে এমন খালি গায়ে ইতোপূর্বে এবং পরে কখনো দেখি নাই। অতঃপর তিনি তাকে জড়িয়ে ধরে আলিঙ্গন এবং চুমো খেলেন।[312]

### কিয়ামে তা'যীমী

কিয়াম বা দাঁড়ানো কখনো কখনো তা'যীম বা সম্মানের জন্য হয়। যেমন উম্মতের দণ্ডায়মান-নবীর সম্মানার্থে, সন্তানদের কিয়াম-মাতা-পিতার সম্মানার্থে, মুরীদানের কিয়াম-পীরের সম্মানার্থে, ছাত্রদের কিয়াম-উস্তাদ বা শিক্ষকের জন্য, ছোটদের কিয়াম-বড়দের জন্য ইত্যাদি। কখনো কিয়াম কারো ইজ্জত, সম্মান মর্যাদা ও বুর্জুগীর জন্য হয়ে থাকে। আবার কখনো কারো পূত-পবিত্রতা ও শ্রদ্ধার পাত্র হিসেবে

---

[৩১২] ইমাম তিরমিযী :আস সুনান হাদীস নং ২৭৩২
তাহাবী :শরহে মাআনিল আছার হাদীস নং ৬৭৭৫
আসকালানী:ফতহুল বারী ১১ / ৫২পৃষ্ঠা
যায়লায়ী :নাসবুর রায়াহ ৪ / ২৫৬ পৃষ্ঠা

কিয়াম করা হয়। যেমন হযরত সাহাবা কিরামগণ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তা'যীম-বা সম্মানর্থে দাঁড়াতেন যা অসংখ্য হাদীস দ্বারা প্রমাণিত, নিম্নে তা উদ্ধৃত হলো-

(ক) হযরত আবু হুরায়রা (রা:) বলেন-

كان النبى صلى الله عليه وسلم يجلس معنا فى المجلس يحدثنا فاذا قام قمنا قياما حتى نراه قد دخل بعض بيوت ازواجه–

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের সাথে বসে হাদীসের বয়ান করতেন। অতঃপর তিনি বয়ান শেষে যখন চলে যাওয়ার জন্য দাঁড়াতেন, তখন আমরা দাড়িয়ে অপেক্ষা করতাম; যতক্ষণ না তিনি তাঁর কোন বিবির ঘরে প্রবেশ করতেন। [৩১৩]

উল্লেখিত হাদীসে স্বয়ং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুগ্ধ মাতা-পিতা ও ভাইয়ের সম্মানার্থে দাড়িয়ে উম্মতদেকে শিক্ষা দিলেন যে সম্মানীত ব্যক্তি বর্গের জন্য দাঁড়ানো সুন্নাতে মুস্তফা। আর নবীজির সম্মানার্থে কিয়াম দাঁড়ানো উম্মতের জন্য বিদআত হয় কিভাবে?

(ঘ) হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস তাঁর আম্মাজান উম্মুল ফযল (রা:) হতে বর্ণনা করেন, তিনি বলেন-

ان العباس اتى النبى صلى الله عليه وسلم فلما راه قام اليه وقبل ما بين عينيه ثم اقعده عن يمينه –

হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব (রা:) যখনই নবীয়ে পাকের দরবারে আসতেন, তাঁকে দেখা মাত্রই নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর

---

[৩১৩] আবু দাউদ: আস সুনান হাদীস নং ৪৭৭৫
বাইহাকী : শুয়াইবুল ঈমান হাদীস নং ৮৯৩০
আসকালানী : ফতহুল বারী ১১ / ৫২ পৃষ্ঠা



সম্মানার্থে দাড়িয়ে যেতেন। আর তাঁর দু'চোখের মধ্যবর্তী অর্থাৎ কপালে চুমো খেতেন। অতঃপর তাকে তাঁর ডান পার্শ্বে বসাতেন। [৩১৪]

## কিয়ামে ইকরামে ইনসানী

ইকরামে ইনসানী বা মানবতার সম্মানে দাঁড়ানো তা সুন্নাতে মুস্তফা। জানাযা দেখে দাঁড়ানো মানুষের শরীরের প্রতি শ্রদ্ধাবোধের কারণে হয়। এ সম্পর্কে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার অসংখ্য হাদীস বর্ণিত হয়েছে। নিম্নে কয়েকটি উত্থাপন করছি।

(ক) হযরত আমের ইবনে রবিয়া (রা:) হতে বর্ণিত, তিনি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা হতে বর্ণনা করেন তিনি বলেন-

اذا رأيتم الجنازة فقوموا حتى تخلفكم

যখন তোমরা কোন জানাযা দেখবে, তার সম্মানার্থে তোমরা দাড়িয়ে যাও; যতক্ষণ না সে তোমাদেরকে অতিক্রম করে। [৩১৫]

(খ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন-

اذا رأيتم الجنازة فقوموا لها حتى تخلفكم او توضع

যখন তোমারা কোন জানাযাকে নিয়ে যেতে দেখবে, অতঃপর তার সম্মানে তোমরা দাড়িয়ে থাক, যতক্ষণ না তোমাদের পাশ থেকে চলে যায় অথবা কাঁধ হতে না রাখে। [৩১৬]

---

[৩১৪] ইমাম তাবরানী :মুজামুল আওসাত, হাদীস নং ৯২৪৬
ইমাম হাইছমী : মাজমায়ুয যাওয়ায়েদ, হাদীস নং ৯ / ২৭৫
ইমাম খতীব বাগদাদী : তারিখে বাগদাদ ১ / ৬৩ পৃষ্ঠা
[৩১৫] ইমাম বুখারী :আস সহীহ, হাদীস নং ১২৪০
ইমাম নাসায়ী: আস সুনান, হাদীস নং ২০৪২
বাইহাকী: আস সুনানুল কবির, হাদীস নং ৬৬৬০
ইবনে হিব্বান আস সহীহ, হাদীস নং ৩০৫১
[৩১৬] ইমাম মুসলিম: আস সহীহ ২য় খন্ড ৬৫৯ পৃষ্ঠা
তিরমিযী ৩য় খন্ড ৩৬০ পৃষ্ঠা
আবু দাউদ ৩য় খন্ড ২০৩ পৃষ্ঠা
ইবনে মাযাহ ১ম খন্ড ৪৯২ পৃষ্ঠা
আল মুস্তাদরেক ৩য় খন্ড ৪০৪ পৃষ্ঠা

## কিয়ামে সালাতু সালাম

কিয়াম বা দাঁড়ানোর বিভিন্ন পদ্ধতির মধ্যে একটি কিয়ামে সালাম বা দাড়িয়ে সালাম করা। হুযুরে আকরাম, নূরে মুজ্জাচ্ছাল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রতি ভক্তি-শ্রদ্ধা ও আদবের সহিত দাড়িয়ে সালাম করা স্বয়ং হযরত মুছা কালিমুল্লাহ্ আলাইহিস সালামের সুন্নাত। যা মি'রাজ সম্পর্কীয় হাদীস দ্বারা প্রমাণিত। নিম্নে তা পেশ করা হল-

(ক) হযরত আনাস ইবনে মালেক (রা:) হতে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মি'রাজের বর্ণনা দিতে গিয়ে বলেন- مررت على موسى وهو يصلى فى قبر আমি হযরত মুছা আলাইহিচ্ছালামের রওযা পাকের পাশ দিয়ে পথ অতিবাহিত করছিলাম; এমতাবস্থায় তিনি কবর শরীফে 'সালাত' পড়তেছিলেন।[৩১৭]

(খ) হযরত আনাস বিন মালিক (রা:) হতে অন্য একসনদে বর্ণিত, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন-

مررت على موسى ليلة اسـرى بـى عنـد الكثيـب الاحمـر وهو قائم يصلى فى قبره –

আমি মি'রাজ রজনীতে কছীফে আহমর বা লাল বর্ণের উপত্যকায় মুছা আলাইহিস সালামের পাশ দিয়ে পথ অতিবাহিত করি; এমতাবস্থায় আমি তাকে আপন কবরে দাড়িয়ে দাড়িয়ে 'সালাত' আদায় করতে দেখলাম।[৩১৮]

---

317 ইমাম মুসলিম, ইমাম নাসায়ী, ইমাম আহমদ ইবনে হাম্বল, ইমাম ইবনে হিব্বান, ইমাম আবু ইয়ালা, আল্লামা মুনাভী ও আল্লামা মুকরেযী বিশুদ্ধগনদে স্ব স্ব গ্রন্থে বর্ণনা করেছেন।

৩১৮ইমাম মুসলিম :আস সহীহ, হাদীস নং ২৩৭৫
মুসনাদে আহমদ: ইবনে হাম্বল, ৩ / ১৪৮ পৃষ্ঠা
বাইহাকী :দলায়েলুন নবুয়্যত, ২ / ৩৮৭ পৃষ্ঠা
সুবকী :শিফাউছ সিকাম, ১৩৭৮ পৃষ্ঠা
মাকরেযী: ইমতাউল আসমাত, ৮ / ২৫০ পৃষ্ঠা
সুয়ূতী : আলহাভী লিল ফাতওয়া ৬৬৮ পৃষ্ঠা
ইমাম সাখাভী: আল কাউলুল বদীয় ১৬৮ পৃষ্ঠা



(গ) হযরত আবু হুরায়রা (রা:) হতে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন-

قد رأيتنى فى جماعة من الانبياء، فاذا موسـى قـائم، يـصلى فاذا رجل ضرب جعد كانه مـن رجـال شـنوءة، واذا عيـسى ابن مريم قائم يصلى، اقـرب النـاس بـه شـبها عـروة بـن مسعود الثقفى، واذا ابرهيم قـائم يـصلى، اشـبه النـاس بـه صاحبكم (يعنى نفسه) فحانت الصلاة فاممتهم –

নিশ্চয়ই আমি আমাকে নবীদের জামাআতে দেখতে পেলাম, এমতাবস্থায় হযরত মুছা আলাইহিস সালাম দাড়িয়ে দাড়িয়ে 'সালাত' পড়তেছিলেন। তিনি শনুয়া গোত্রের লোকের ন্যায় সাধারণতঃ দৈর্ঘ্য এবং ঘনঘটা চুল বিশিষ্ট। হযরত ঈসা আলাইহিস সালাম দাড়িয়ে 'সালাত' আদায় করতেছেন। তাকে উরওয়া ইবনে মাসউদ এর সাথে অধিকতর সাদৃশ্যপূর্ণ মনে হলো। (এমনিভাবে দেখলাম) হযরত ইব্রাহীম আলাইহিস সালাম ও দাড়িয়ে দাড়িয়ে 'সালাত' আদায় করতেছেন। আকৃতির দিকে থেকে তার সাথে আমার সাদৃশ্য পরিপূর্ণ। এরপর নামাযের সময় হয়ে গেল। আর আমি তাদের (সমস্ত নবীদের) ইমাম হলাম।[৩১৯]

উপরোল্লেখিত তিনটি হাদীসে "ইউসল্লি" শব্দ এসেছে। যার অর্থ দু'টি। (এক) নামায পড়া, (দুই) দরূদ শরীফ পাঠ করা। হাদীসের ভাষ্য মুতাবেক কবরে নামায পড়ার কি অর্থ- আছে? বরং ইহা সালাত দ্বারা দরূদ আর সালাম পেশ করার অর্থই যথোপযুক্ত, যা আরবী ভাষার সাথে অধিকতর সামাঞ্জস্যপূর্ণ।

সালাত অর্থ দরূদ : তা পবিত্র কুরআন করীমের আলোকে পেশ করছি-আল্লাহ তা'য়অলা বলেন-

---

৩১৯ ইমাম মুসলিম ১ / ১৫৭
খতীব তিবরীযী : মেশকাতুল শরীফ, ৩ / ৩৭৯
বাইহাকী, দালায়েলুন নবুয়ত ২ / ৩৮৭
ইমাম সুবকী : শিফাউস সেকাম ১৩৫
ইমাম সুয়ূতী :আল হাভী লিল ফাতাওয়া
ইমাম সাখাভী: আল কাওলুল বাদী ১৬৭
আল্লামা মুকরেযী :এমতায়ুল আসমা ৮ / ২৪৬

ان الله وملائكته يصلون على النبى – يايها الذين امنو صلوا عليه وسلموا تسليما –

অর্থাৎ নিশ্চয়ই আল্লাহ পাক এবং তাঁর ফেরেশতাকুল রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি দরূদ বা রহমত প্রেরণ করেছেন। হে ইমানদারগণ! তোমরাও তাঁর উপর দরূদ পাঠ করা এবং অধিকতর সালাম প্রেরণ কর।

উল্লেখিত আয়াতে করীমায় "সালাত" অর্থ দরূদ যা রহমত হিসেবে ব্যহৃত হয়েছে, নামাযের অর্থে নয়।

এমনিভাবে হাদীস শরীফেও "সালাত" শব্দটি অধিকন্তু দরূদের অর্থে ব্যবহার হয়েছে। যেমন হযরত আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রা:) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন-

وروي عن النبي صلى الله عليه و سلم أنه قال من صلى علي صلاة صلى الله عليه [ بها ] عشرا وكتب له [ بها ] عشر حسنات

যে ব্যক্তি আমার প্রতি একবার দরূদ শরীফ পাঠ করবে, আল্লাহ্ পাক তার উপর দশটি রহমত বর্ষণ করবেন। আর তার আমল নামায় দশটি নেকী লিখে দেয়া হবে।[৩২০]

[৩২০] ইমাম তিরমিযী :আস সুনান ৫ম খন্ড ৫৮৬ পৃষ্ঠা



## আল্লামা মুস্তফা হামীদী এর দৃষ্টিতে মীলাদে কিয়াম

মাদ্রাসাই আলিয়া ছারছীনার প্রখ্যাত মুহাদ্দিস ও মুফতি আল্লামা মুস্তফা হামীদী কিয়াম সর্ম্পকে মীলাদ ও কিয়াম গ্রন্থের ৮৪-৯৪প্রষ্ঠায় লিখেন

প্রথমতঃ কিয়াম কত প্রকার, কিয়াম মূলতঃ ইবাদত কিনা? পূর্ণ তথ্য ও বর্ণনা পেশ করতেছি। কিয়ামের সংজ্ঞা জানা না থাকায় অনেকে ভুলে শিরক মন্তব্য করেছে ও করতেছে। -শামী ১/১৪৫ পৃষ্ঠায় লিখিত আছে-

ولنا أن القيام وسيلة إلى السجود للخرور والسجود أصل لأنه شرع عبادة بلا قيام كسجدة التلاوة والقيام لم يشرع عبادة وحده حتى لو سجد لغير الله تعالى يكفر بخلاف القيام

নিশ্চয়ই কিয়াম (দাঁড়ান) সিজদায় যাওয়ার জন্য নত হওয়ার একমাত্রা ওসীলা। সিজদা হলো মূল। কেননা, কিয়াম ছাড়াই সিজদা ইবাদত রূপে গণ্য। যথা সিজদায়ে তিলাওয়াত, তা আদায় করার জন্য কিয়াম করার দরকার হয়না। প্রমাণিত হলো যে, শুধু কিয়ামকে এবাদতের পর্যায়ভুক্ত করা হয়নি। সুতরাং আল্লাহ ছাড়া অন্যকে যদিকেহ সিজ্দা করে তাকে কাফির বলা যাবে। হ্যাঁ, যদি কারো জন্য কিয়াম করা হয় তাকে কাফির বলা যাবেনা।[৩২১]

প্রিয় পাঠক! শুনুন! কুরআন পাক ও হাদীছ শরীফ অবলম্বনে ৬ প্রকার কিয়াম সাব্যস্ত হয়েছে। উক্ত ৬ প্রকার কিয়াম আপনাদেরকে দৃষ্টান্ত সহকারে অবগত করার আশা রাখি।

যথা-আলমগীরী কিতাব ১/৩৬ পৃষ্ঠা ও কবীরী ২৫৬ পৃষ্ঠায় লিখিত আছেঃ

ومنها القيام وهو فرض فى صلاة الفرض ةالوتر هكذا فى الجوهرة النيرة والسراج الوهاج من الفرائض القيام

[৩২১] ইবনে আবেদীন শামী: রদদুল মুহতার ১ / ১৪৫ পৃষ্ঠা

ولو صلى الفريضة قاعدا مع القـدرة علـى القيـام لا تجـوز صلاته. بخلاف النافلة على ما ياتى انشاءالله تعالى.

নামাযের ঐ ৬টি ফরজের মধ্যে কিয়াম অন্যতম। উক্ত কিয়াম করা ফরজ ও বিতর নামাযে দাঁড়ান ফরজ। এরূপ জাওহারাতুন্নাইয়্যারা ও সিরাজুল ওহাজ কিতাবে বর্ণিত আছে। ফরজ নামাযের মধ্যে কিয়াম করাও ফরজ। সুতরাং যদি কেহ কিয়াম করার শক্তি থাকা সত্ত্বেও বসে ফরজ নামায আদায় করে তা হলে উক্ত নামায জায়েয হবেনা। তবে নফল নামায পড়লে জায়েয হবে। যেহেতু কুরআন পাকে মহান আল্লাহর নির্দেশ রয়েছেঃ قُومُوْا لِلّٰهِ قَانِتِيْنَ হবে চুপচাপ দাঁড়িয়ে যাও। [৩২২]

মহান আল্লাহর অনুগত হও, চুপ করে দাঁড়াও। তাই ফরজ ও বিতর নামাযে কিয়াম করা ফরজ। বিনা ওজরে এ নামাযে কিয়াম তরক করলে নামায হবে না।

## ওয়াজিব কিয়াম

কোন দ্বীনী মজলিসে যদি উক্ত মজলিসের পরিচালক উপবিষ্ট লোকদেরকে দাঁড়াতে বলেন তখন তাহার আদেশ পালনার্থে কিয়াম করা ওয়াজিব। এরশাদ হচ্ছে-

يَا أَيُّهَا الَّـذِينَ آمَنُـوا إِذَا قِيـلَ لَكُـمْ تَفَـسَّحُوا فِـي الْمَجَـالِسِ فَافْسَحُوا يَفْسَحِ اللَّهُ لَكُمْ وَإِذَا قِيلَ انشُزُوا فَانشُزُوا

হে ঈমানদারগন যখন তোমাদেরকে কোন দ্বীনী মাহফিলে দাঁড়ানোর জন্য আদেশ করা হয়, তোমরা তৎক্ষণাত দাঁড়িয়ে যাও। এ কিয়াম ওয়াজিব।কেননা, - اطاعة اولى الامر واجب অর্থাৎ শরীয়তের বিরোধী আদেশ না হওয়া পর্যন্ত আদেশ দাতার হুকুম মান্য করা ওয়াজিব।

## সুন্নত কিয়াম

সিজদায়ে তিলাওয়াতের জন্য কিয়াম করা সুন্নাত। তাই কিয়াম না করে বসে সিজদা করলেও শুদ্ধ হবে। এছাড়া নবী রাসূলের কবর হউক বা সাধারণ মুসলমান মেয়ে পুরুষের কবর হউক, কবর যিয়ারত কালে কিয়াম করা সুন্নাত।

---

৩২২ আলমগীরী ১ / ৩৬ পৃষ্ঠা কবীরী ২৫৬ পৃষ্ঠা



حَتَّى جَاءَ الْبَقِيعَ فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَفَعَ يَدَيْهِ ثَلَاثَ مَرَّاتٍ

হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জান্নাতুল বাকীতে এসে অনেক্ষণ কিয়াম করতেন। অতঃপর হস্তদ্বয় তিনবার উঠায়ে দোয়া করতেন। [323]

قال الفتح والسنة زِيَارَتَهَا وَالـدُّعَاءَ عِنْـدَهَا قَائِمًـا كَمَـا كَـانَ يَفْعَلُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْخُرُوجِ إِلَـى الْبَقِيـعِ وَيَقُـولُ : السَّلَامُ عَلَيْكُمْ

ফতহুল কাদীর কিতাবে বর্ণিত আছে, কবর যিয়ারতকালে কিয়াম করা সুন্নাত এবং ঐ সময় কবরের নিকট দাঁড়িয়ে দোয়া করাও সুন্নাত। যেমন নূর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জান্নাতুল বাকীতে গিয়ে কিয়াম অবস্থায় মৃতদেরকে 'আস্‌সালামু আলাইকুম............. বলতেন। [৩২৪]

## মুস্তাহাব কিয়াম

أَبَا سَعِيدٍ، الْخُدْرِيَّ قَالَ نَزَلَ أَهْلُ قُرَيْظَةَ عَلَى حُكْـمِ سَـعْدِ بْـنِ مُعَاذٍ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صـلى الله عليـه وسـلم إِلَـى سَـعْدٍ فَأَتَاهُ عَلَى حِمَارٍ فَلَمَّا دَنَا قَرِيبًا مِنَ الْمَسْجِدِ قَـالَ رَسُـولُ اللَّـه صلى الله عليه وسـلم لِلأَنْـصَارِ " قُومُـوا إِلَـى سَـيِّدِكُمْ - أَوْ خَيْرِكُمْ " .

হযরত আবু সায়ী খুদরী (রাঃ) বলেছেন, বনু কুরায়জা ছা'দ বিন মুয়াজ (রাঃ) এর ফায়সালা মান্য করার শর্তে তাদের দূর্গ হতে নেমে আসে। তখন রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছা'দ বিন মুয়াজকে আনার জন্য পাঠান। ছা'দ বিন মুয়াজ গাধার পিঠে আরোহণ করে যখন মসজিদের নিকটবর্তী হলেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনছারগণকে সম্বোধন করে বললেন, তোমরা

---

৩২৩ ইমাম মুসলিম: আস সহীহ ১ / ৩১২
৩২৪ ফাতাওয়ায়ে ইবনে আবেদীন শামী: রদ্দুল মুহতার ১ / ৮৪৩ পৃষ্ঠা

তোমাদের সরদারের সম্মানার্থে দাঁড়াও। অথবা বললেন, তোমাদের উত্তম ব্যক্তির সম্মানার্থে দাঁড়াও।[৩২৫]

বর্ণিত হাদীছ শরীফ দ্বারা প্রমাণিত হলো, সম্মানী ব্যক্তির আগমনে তার প্রতি সম্মান প্রদর্শন এবং দাঁড়িয়ে অভিনন্দন জ্ঞাপন করা বৈধ। বর্ণিত হাদীছ শরীফ দ্বারা জমহুর ওলামায়েকেরাম এই কিয়ামকে মুস্তাহাব বলেছেন। কাজী ইয়া'জ উদ্দীন বলেছেন, যে কিয়াম করতে নিষেধ করা হয়েছে এ কিয়াম তার অন্তর্গত নয় বরং যিনি বরাবর বসে থাকবেন, আর মানুষ তার সামনে মূর্তির ন্যায় দাঁড়িয়ে থাকবে ঐ ধরনের কিয়াম নিষিদ্ধ। ইমাম নববী বলেছেণ, সম্মানী ব্যক্তির আগমনে যে কিয়াম করা হয় তা মুস্ত াহাব। এ ব্যাপারে বহু হাদীছ আছে। এ কিয়ামের বিপরিত হাদীস ছহীহ নয়। মিশকাত শরীফ ৪০২ পৃষ্ঠায় এ হাদীছের টীকায় মিরকাত হতে মিশকাতের হাশীয়ায় লিখিত আছে-

وفي حديث سعد دلالة على ان قيام المرء بين يدى الرئيس الفاضل والوالى العادل وقيام المتعلم للمعلم مستحب غير مكروه وقال البيهقى هذا القيام يكون على وجه البر والاكرام كما كان قيام الانصار لسعد وقيام طلحة لكعب بن مالك

হযরত ছা'দ (রাঃ) এর হাদীছ শরীফ হতে প্রমাণিত, সম্মানী সরদার, ন্যায় বিচারক এবং ওস্তাদের সম্মানার্থে ছাত্রদের এ কিয়াম মুস্তাহাব, মকরুহ নয়। ইমাম বায়হাকী বলেন, ছা'দ বিন মুয়াজের জন্য আনছারদের নাম, তালহা (রাঃ) এর কিয়াম কা'ব বিন মালিকের জন্য সম্মানী অর্থাৎ কিয়ামের তা'জিমী ছিল। এরূপ জমজমের পানি ও অজুর অবশিষ্ট পানি পানের জন্য কিয়াম করা মুস্তাহাব।[৩২৬]

## মোবাহ কিয়াম

فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِن فَضْلِ اللَّهِ

[৩২৫] ইমাম মুসলিমঃ আস সহীহ ২ / ৯৫ পৃষ্ঠা, ইমাম বুখারীঃ আস সহীহ ২ / ৫৯১

[৩২৬] মিশকাত শরীফ ৪০২ পৃ



অতঃপর নামায আদায়ের পর তোমরা রিযক অন্বেষণের নিমিত্ত যমীনে বিচরণ কর। সুতরাং নামাযের তাশাহুদের বৈঠকের পর রিযক তালাশের জন্য কিয়াম করা মোবাহ বা জায়েয সাব্যস্ত হলো।

## মাকরূহ তাহরীম কিয়াম

আজম বা অনারব বাদশাহ অর্থাৎ রোম, শাম বিভিন্ন দেশের বাদশাহ ও ক্ষমতাসীন ব্যক্তিদের দরবারে তাদের অধীনস্থ ব্যক্তিগণ তাদের সম্মানার্থে ঘন্টার পর ঘন্টা কিয়াম করতেন এবং বাদশা ও তদীয় সরদারগণ তা মনে প্রাণে ভালবাসতেন। তাই হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবায়েকেরাকে ঐ ধরণের কিয়াম সম্পর্কে সাবধান করেন।

عن أبي أمامة قال خرج علينا رسول الله صلى الله عليه و سلم متوكئا على عصا فقمنا إليه فقال " لا تقوموا كما تقوم الأعاجم يعظم بعضها بعضا .

হযরত আবু উমামা (রাঃ) হতে বর্ণিত, হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদা লাঠি ভর দিয়ে আমাদের নিকট আসলেন। আমরা ছাহাবীগণ তাঁর সম্মানার্থে দাঁড়ালাম। তখন তিনি আমাদেরকে বললেন, অনারবগণ যে ভাবে একে অপকে দাঁড়িয়ে সম্মান করেন, তোমরা আমাকে তদ্রুপ দাঁড়িয়ে সম্মান করোনা। বর্ণিত হাদীস শরীফ হতে প্রমাণিত হল যে, হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শুভাগমনে ছাহবীগণকে দাঁড়াতে নিষেধ করেননি বরং তিনি বলেছেন অনারদের মত আমাকে দেখে দাঁড়ানে না।

আসুন! এখন আমরা অনারবদের কিয়াম কি ধরনের ছিল? হাদীছ শরীফ দ্বারা তার রূপ-রেখা সমাজের সামনে তুলে ধরি। তিরমিজী ও আবু দাউদ শরীফে হযরত আমীরে মুয়াবিয়া (রাঃ) হতে বর্ণিত হাদীস শরীফ নিয়ে আলোচনায় মনোনিবেশ করি।

قال رسول الله صلى الله عليه و سلم يقول : من سره أن يتمثل له الرجال قياما فليتبوأ مقعده من النار -خرج معاوية على ابن الزبير وابن عامر فقام ابن عامر وجلس

ابن الزبير فقال معاوية لابن عامر اجلس فإنني سمعت رسول الله صلى الله عليه و سلم يقول " من أحب أن يمثل له الرجال قياما فليتبوأ مقعده من النار "

হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমাদের মধ্যে যে এমনি ধরণের আকাংক্ষা করে যে মানুষ তার জন্য মূর্তির ন্যায় দাঁড়িয়ে থাকুক তা হলে সে যেন দোযখে তার স্থান নিদষ্ট করে লয়। নাউযুবিল্লাহ মিন যালেকা।[৩২৭]

একদা হযরত আমীরে মুয়াবীয়া (রাঃ) হযরত যোবাইর হযরত আমের এর পুত্রের নিকট আসলেন। তাঁকে দেখে আমের এর পুত্র দাঁড়ালেন এবং যোবাইর এর পুত্র বসে রলেন। এমতাবস্তায় হযরত আমীরে মুয়াবিয়া (রাঃ) আমেরের পুত্রকে বললেন, বস! কেননা, আমি হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, যে ব্যক্তি এ প্রত্যশা করে যে, মানুষ তার জন্য প্রতিমার ন্যায় দাঁড়িয়ে থাকুক সে ব্যক্তি যেন জাহান্নামে তার নিবাস স্থাপন করে। সুবহান্নাল্লাহ। কেননা বর্ণিত হাদীস শরীফদ্বয় হতে প্রমাণিত হলো যে, উক্ত কিয়াম কিয়ামে তাকাব্বুরী যা অনারবদের মধ্যে প্রচলিত ছিল। অর্থাৎ দাঁড়াবার পর বসে যাও। দীর্ঘ সময় দাঁড়িয়ে থকনা তা হলে অনারবদের বিরুদ্ধাচরণ করা হবে। আবু দাউদ শরীফের ব্যাখ্যা মিরকাতুস্ সাউদ কিতাবে আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (রহঃ) লিখেছেন-

فقه الاحاديث يدل على النهى عن القيام الذي تفعله الاعاجم بالانتصاب قائما على روس ملوكهم اوبين ايديهم.

বর্ণিত হাদীস সমূহের মর্মবাণী হতে প্রতিয়মান হলো যে, অনারবগণ বাদশাহের মস্ত কের নিকট অথবা সামনে প্রতিমার ন্যায় সম্মানার্থে অবিরাম দাঁড়িয়ে থাকত। এমনি ধরণের কিয়াম করতে হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিষেধ করেছেন।

---

৩২৭ তিরমিজী - আবু দাউদ শরীফ



عن ابى هريرة قال كان رسول الله صلى الله عليه وسلم يجلس معنا فى المسجد يحدثنا فاذا قام قمنا حتى نراه قد دخل بعض بيوت ازواجه.رواه البيهقى

হযরত আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের সহিত মসজিদের নববীতে বসে হাদীছ বর্ণনা করতেন। অতঃপর তিনি যখন দাঁড়াতেন আমরা তাঁর সম্মানার্থে দাঁড়াতাম। এমনকি যতক্ষণ পর্যন্ত তিনি তাঁর কোন স্ত্রীর কক্ষে প্রবেশ না করতেন ততক্ষণ পর্যন্ত দাঁড়িয়ে থাকতাম। আল-হামদুলিল্লাহ!

عن أنس قال لم يكن شخص أحب إليهم من رسول الله صلى الله عليه و سلم قال وكانوا إذا رأوه لم يقوموا لما يعلمون من كراهيته لذلك

হযরত আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, ছাহাবায়েকেরামের নিকট হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে অন্যকেহ অতিশয় প্রিয় ছিলনা। অথচ ছাহাবায়েকেরাম তাঁকে দেখে দাঁড়াতেন না। কেননা, তারা জানতেন হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দাঁড়িয়ে সম্মান করার তিনি খারাপ মনে করতেন।[৩২৮]

বর্ণিত হাদীস শরীফ হযরত আনাস (রাঃ) এর মন্তব্য। তা ছাড়া হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিভিন্ন সময় বিভিন্ন অবস্থা ধারণ করতেন। সম্ভবত ঃ তা এক পর্যায়ের বর্ণনা। ইতিপূর্বের হাদীছ শরীফ হযরত আবু সায়ীদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। উক্ত হাদীস শরীফ ছহীহ হাদীস। যা ইমাম বুখারী ও ইমাম মুসলিম স্বীয় কিতাবে হযরত আবু সায়ীদ খুদরী (রাঃ) হতে বর্ণনা করেছেন।

অপরদিকে আবু ছায়ীদ হতে বর্ণিত হাদীছ কওলী অর্থাৎ হুযুরের বাণী এ ক্ষেত্রে হযরত আনাসের হাদীস তার প্রতিদ্বন্দ্বী হতে পারে না। এমনকি নবী পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণীর সাথে কর্ম সম্বলিত হাদীসদ্বয়ের মধ্যে দ্বন্দ্ব দেখা

---

৩২৮ তিরমিজী ও আবু দাউদ শরীফ

দিলে সেক্ষেত্রে বাণী বা কওলী হাদীস বলবত থাকবে এবং ফেলী বা কর্ম সম্বলিত হাদীস রহিত হবে।

## সুসংবাদ শ্রবণে কিয়াম

সুসংবাদ শ্রবণে কিয়াম করা মুস্তাহাব যেমন মুসনাদ আহমদ কিতাব হতে মিশকাত শরীফের ১৬ পৃষ্ঠায় বর্ণিত আছে-

عن عُثْمَانَ بْنَ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ يُحَدِّثُ أَنَّ رِجَالًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ تُوُفِّيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَزِنُوا عَلَيْهِ حَتَّى كَادَ بَعْضُهُمْ يُوَسْوِسُ قَالَ عُثْمَانُ وَكُنْتُ مِنْهُمْ فَبَيْنَا أَنَا جَالِسٌ فِي ظِلِّ أُطُمٍ مِنْ الْآطَامِ مَرَّ عَلَيَّ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ فَسَلَّمَ عَلَيَّ فَلَمْ أَشْعُرْ أَنَّهُ مَرَّ وَلَا سَلَّمَ فَانْطَلَقَ عُمَرُ حَتَّى دَخَلَ عَلَى أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فَقَالَ لَهُ مَا يُعْجِبُكَ أَنِّي مَرَرْتُ عَلَى عُثْمَانَ فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيَّ السَّلَامَ وَأَقْبَلَ هُوَ وَأَبُو بَكْرٍ فِي وِلَايَةِ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ حَتَّى سَلَّمَا عَلَيَّ جَمِيعًا ثُمَّ قَالَ أَبُو بَكْرٍ جَاءَنِي أَخُوكَ عُمَرُ فَذَكَرَ أَنَّهُ مَرَّ عَلَيْكَ فَسَلَّمَ فَلَمْ تَرُدَّ عَلَيْهِ السَّلَامَ فَمَا الَّذِي حَمَلَكَ عَلَى ذَلِكَ قَالَ قُلْتُ مَا فَعَلْتُ فَقَالَ عُمَرُ بَلَى وَاللَّهِ لَقَدْ فَعَلْتَ وَلَكِنَّهَا عُبِّيَّتُكُمْ يَا بَنِي أُمَيَّةَ قَالَ قُلْتُ وَاللَّهِ مَا شَعَرْتُ أَنَّكَ مَرَرْتَ وَلَا سَلَّمْتَ قَالَ أَبُو بَكْرٍ صَدَقَ عُثْمَانُ وَقَدْ شَغَلَكَ عَنْ ذَلِكَ أَمْرٌ فَقُلْتُ أَجَلْ قَالَ مَا هُوَ فَقَالَ عُثْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُ تَوَفَّى اللَّهُ عَزَّ وَجَلَّ نَبِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلَ أَنْ



نَسْأَلَهُ عَنْ نَجَاةِ هَذَا الْأَمْرِ قَالَ أَبُو بَكْرٍ قَدْ سَأَلْتُهُ عَنْ ذَلِكَ قَالَ فَقُمْتُ إِلَيْهِ فَقُلْتُ لَهُ بِأَبِي أَنْتَ وَأُمِّي أَنْتَ أَحَقُّ بِهَا قَالَ أَبُو بَكْرٍ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا نَجَاةُ هَذَا الْأَمْرِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ قَبِلَ مِنِّي الْكَلِمَةَ الَّتِي عَرَضْتُ عَلَى عَمِّي فَرَدَّهَا عَلَيَّ فَهِيَ لَهُ نَجَاةٌ.. رواه أحمد

হযরত উছমান গনী (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ইন্তেকাল করলেন, তাঁর ছাহাবায়ে কেরামের মধ্যে কতক অত্যন্ত চিন্তিতে হয়ে পড়লেন। এমনকি হযরত ওছমান (রাঃ) তন্মধ্যে অন্যতম। তাদের মনে খটকা উপস্থিত হতে লাগল। হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর এ দ্বীন টিকে থাকবে কি? এমন সময় হযরত ওমর ফারুক (রাঃ) আমার নিকট দিয়ে গেলেন এবং আমাকে সালাম করলেন। কিন্তু আমি তা অনুভব করতে পারলাম না। এতে হযরত ওমর (রাঃ) হযরত আবু বকর (রাঃ) আমাকে জিজ্ঞেস করলেন, ওছমান! ব্যাপারটা কি? ফারুকের সালামের জবাব দিলেন না কেন? আমি বললাম না। আমিত এরূপ করিনি। ওমর (রাঃ) বললেন আল্লাহর কসম! আমি নিশ্চয়ই বলতে পারি আপনি এরূপ ব্যবহার করেছেন। হযরত ওছমান (রাঃ) বললেন আল্লাহর কসম! আমি অনুভব করতে পারিনি। আপনি কখন এ পথে গেলেন ও আমাকে সালাম দিয়েছেন। ইহা শুনে হযরত আবু বকর (রাঃ) বললেন, ওছমান সত্য বলতেছেন। অতঃপর হযরত আবু বকর (রাঃ) আমার প্রতি লক্ষ্য করে বললেন, নিশ্চয়ই আপনি কোন দুশ্চিন্ত বিরত রেখেছে। ওছমান বললেন, জী হ্যাঁ! তিনি জিজ্ঞেস করলেন, সেটা কি? আমি বললাম, আল্লাহ পাক তাঁর নবীকে উঠায়ে নিলেন, অথচ আমরা তাকে এ বিরাট সমস্যা হতে বাঁচবার উপায় সম্পর্কে কিছু জিজ্ঞেস করতে পারিনি। হযরত আবু বকর (রাঃ) বললেন, চিন্তার কারণ নেই। আমি এ বিষয়ে তাঁকে জিজ্ঞেস করেছি। এতদশ্রবণে আমি হযরত আবু বকরের প্রতি কিয়াম করলাম। বললামঃ আমার মাতা-পিতা আপনার উপর কুরবান হউক। আপনি এ কাজের একমাত্র ব্যক্তি। হযরত আবু বকর (রাঃ) বললেন, আমি হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছিলাম, হুযুর! এ বিষয়ে নাজাতের উপায় কি? তদুত্তরে তিনি বললেন, আমি আমার চাচা আবু তালেবকে যে কালিমা

পেশ করেছিলাম, আর তিনি তা অমান্য করেছিলেন। ঐ কালিমাই হচ্ছে একমাত্র নাজাতের চাবি। [৩২৯]

عن أم المؤمنين عائشة رضي الله عنها أنها قالت ما رأيت أحدا كان أشبه سمتا وهديا ودلا وقال الحسن حديثا وكلاما ولم يذكر الحسن السمت والهدي والدل برسول الله صلى الله عليه و سلم من فاطمة كرم الله وجهها كانت إذا دخلت عليه قام إليها فأخذ بيدها وقبلها وأجلسها في مجلسه وكان إذا دخل عليها قامت إليه فأخذت بيده فقبلته وأجلسته في مجلسها . صحيح

হযরত আয়েশা (রাঃ) হতে বর্ণিত- তিনি বলেন, আমি হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চালচলন, দিকনির্দেশনা রাখে, এমন বিবি ফাতিমা ব্যতিত কাউকেও দেখিনি ঐ বিবি ফাতিমা যখন হযরত রাসূল (রাঃ) এর নিকট আসতেন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে দেখে দাঁড়িয়ে তাহ ধরে চুমু খেতেন ও নিজ স্থানে বসাতেন। আবার হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বিবি ফাতিমার সেখানে যেতেন তখন বিবি ফাতিমা তাঁকে দেখে দাঁড়িয়ে তাঁর হাত ধরে নিজ স্থানে বসাতেন ও চুমু দিতেন। [৩৩০]

عن عائشة قالت قدم زيد بن حارثة المدينة ورسول الله صلى الله عليه و سلم في بيتي فأتاه فقرع الباب فقام إليه رسول الله صلى الله عليه و سلم عريانا يجر ثوبه والله ما رأيته عريانا قبله ولا بعده فاعتنقه وقبله- رواه الترمذى

হযরত আয়েশা (রাঃ) হতে বর্ণিত আছে, যায়েদ বিন হারেছা মদীনায় আগমন করেন তখন হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার গৃহে

[৩২৯] আহমদ ও মিশকাত ১/৯ হাদীস নং ৪১

[330] আবু দাউদ শরীফ ২/৭৭৬ হাদীস নং ৫২১৭



ছিলেন। তিনি দরজায় আঘাত করলেন, হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শরীরে তখন বস্ত্র ছিলনা। বস্ত্র টেনে শরীরে দিয়ে তাঁর প্রতি কিয়াম করলেন। তাঁর সহিত মোয়ানাকা করলেন ও তাঁকে চুমু দিলেন। বিবি আয়েশা বলেন, এর পূর্বে ও পরে আমি কখনও তাঁকে এরূপ নগ্ন শরীরে দেখিনি। বর্ণিত হাদীসদ্বয় হতে প্রমাণিত হলো, বিবি ফাতিমার কিয়াম হুযুরের জন্য ইহা তা'জীমী কিয়াম। হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কিয়াম বিবি ফাতিমা ও যায়েদ বিন হারেছার জন্য ইহা কিয়ামে মহব্বত ছিল। [331]

মৃত ব্যক্তিদের তা'জীর্থে হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বয়ং কিয়াম করেছেন। শুধু তাই নয় বরং বিশ্বের সকল নর-নারীকে মৃত ব্যক্তিদের প্রতি বাড়িয়ে সম্মান করার জন্য নির্দেশ দিয়েছেন।

যেমন মুসলিম শরীফ ১/৩১৩ পৃষ্ঠায় হযরত আয়েশা (রাঃ) হতে বর্ণিত-

عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم - كُلَّمَا كَانَ لَيْلَتُهَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم - يَخْرُجُ مِنْ آخِرِ اللَّيْلِ إِلَى الْبَقِيعِ فَيَقُولُ " السَّلاَمُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُؤْمِنِينَ وَأَتَاكُمْ مَا تُوعَدُونَ غَدًا مُؤَجَّلُونَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لاَحِقُونَ اللَّهُمَّ اغْفِرْ لأَهْلِ بَقِيعِ الْغَرْقَدِ . وفى رواية فيه. حَتَّى جَاءَ الْبَقِيعَ فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَفَعَ يَدَيْهِ ثَلاَثَ مَرَّاتٍ

" হযরত আয়েশা (রাঃ) বলেন, যে রাতেই হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার নিকট আসতেন তিনি রাতেরশেষ দিকে জান্নাতুল বাকীতে যেতেন ও বলতেন-

" السَّلاَمُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُؤْمِنِينَ

[৩৩১] তিরমিজী, মিশকাত শরীফর ৪০২ পৃষ্ঠা

অন্য এক হাদীছে বর্ণিত আছে-

حَتَّى جَاءَ الْبَقِيعَ فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَفَعَ يَدَيْهِ ثَلَاثَ مَرَّاتٍ

হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জান্নাতুল বাকীতে দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকলেন এবং তিনবার হস্তদ্বয় উপরে উঠায়ে দোয়া করতেন।

قَالَتْ قُلْتُ كَيْفَ أَقُولُ لَهُمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ " قُولِي السَّلَامُ عَلَى أَهْلِ الدِّيَارِ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُسْلِمِينَ وَيَرْحَمُ اللَّهُ الْمُسْتَقْدِمِينَ مِنَّا وَالْمُسْتَأْخِرِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَلَاحِقُونَ " .

হযরত আয়েশা (রাঃ) হতে বির্ণত, হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তিনি জিজ্ঞেস করলেন ইয়া রাসূলাল্লাহ! আমি কবর যিয়ারতে কি বলব? তদুত্তরে হুযূর আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন। ওহে আয়েশা। তুমি বল!

السَّلَامُ عَلَى أَهْلِ الدِّيَارِ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُسْلِمِينَ وَيَرْحَمُ اللَّهُ الْمُسْتَقْدِمِينَ مِنَّا وَالْمُسْتَأْخِرِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَلَاحِقُونَ " .

বর্ণিত হাদীস শরীফ দ্বারা প্রমাণিত হলো, কবরের মৃত মুসলমানগণের প্রতি আমাকে আপনাকে সালাম নিবেদন করতে হবে। শুধু সালাম প্রদান করলে চলবেনা বরং দাঁড়িয়ে নামাযের তাহরিমার মত তাহরীমা বেঁধে দাঁড়াতে হবে। হযরত রাসূল করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সমস্ত আম্বিয়া ও রাসূলগণের প্রধান অথচ তিনি তার ছাহাবীগণের সম্মানার্থে ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে রইলেন। ইহাকে শরীয়তের পরিভাষায় তা'জীম লিল-গায়েব বলা হয়।



## উলামায়ে কেরামগনের দৃষ্টিতে মীলাদ শরীফের কিয়াম

আল্লামা জাফর ইবনে ইসমাইল আল বরযনজী (রহঃ) ১২৫০-১৩১৭ হিজরী

وشاهد ما تقرر من استحسان جماعة من الائمة الاعلام للقيام الشريف مولد سيد الانام عليه من الله العظيم افضل الصلاة والسلام ماذكره بعض المحققين من انه جرت العادة بانه اذاساق الوعاظ والمداح مولده صلى الله عليه وسلم ى وذكروا وضع امه له صلى الله عليه وسلم قام اكثر الناس عند ذلك تعظيما له صلى الله عليه وسلم هذا القيام بدعة لاصل لها لكنها بدعة حسنة لاجل النعظيم ولذا قيل بندبها كما تقدم اذ البدعة تتقسم الى : واجبة والى مستحسنة اى مندوبة والى غير هما من بقية الاحكام الخمسة كما ذكره الاصوليون و غيرهم

শীর্ষস্থানীয় ওলামা মাসায়েখের একঠি বড় জামাত হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বেলাদাত শরীফের সম্মানার্থে কিয়াম করাকে মুস্তাহসান বা উত্তম আমল বলে স্বীকৃতি দিয়েছেন। অনেক নির্ভরযোগ্য আলেম বর্ণনা করেছেন, তা এমন একটি আমল যা সুদীর্ঘ কাল হতে প্রচলিত হয়ে আসছে যে, যখন ওয়ায়েজ এবং প্রশংসা মুলক কবিতা আবৃত্তিকারী মিলাদুন্নবীর আলোচনা এবং তার আম্মার প্রসবজনিত কাহিনীগুলো বর্ণনা করতেন তখনই প্রিয় নবীর সম্মানে অধিকাংশ লোকেরা দাঁড়ায়ে যেত। আর এহেন কিয়াম বিদআত বা নব সৃষ্ট আমল, যা ইতির্পূবে প্রচলিত ছিলনা। কিন্তু নবী পাকের সম্মানার্থে এহেন আমলকে বিদআতে হাসানা বা মানদুব বিদআত বলা হয়। যার বর্ণনা ইতিপূর্বে হয়েছে। উল্লেখ যে বিদআতকে ওয়াজিব, মুস্তাহসান বা মানদুব ইত্যাদিতে বিভক্ত করা হয়েছে। যা উসুলবিদ ও অন্যান্যরা বর্ণনা করেছেন।[৩৩২]

[৩৩২] শরহি মাওলিদিন্নবী আল মুছাম্মা আল কাওকাবুল আনওয়ার আলা যাওহারী ফি মাওলিদুন্নবীয়ীল আজহার ১৬৯পৃষ্ঠা

## আল্লামা আলী ইবনে বুরহান উদ্দীন হালবী

ومن الفوائد أنه جرت عــادة كثيــر مــن النــاس إذا ســمعوا بذكر وضعه أن يقوموا تعظيماً لــه ، وهــذا القيــام بدعــة لا أصل لها: أي لكن هي بدعة حسنة، لأنــه لــيس كــل بدعــة مذمومة. وقد قال سيدنا عمــر رضــي الله تعــالى عنــه فــي اجتماع الناس لصلاة التراويح: نعمت البدعة.

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মীলাদ বা জন্ম বৃত্তান্ত আলোচনা কালে তার সম্মানার্থে কিয়াম বা দাড়িয়ে যাওয়া যা বিশ্বের অধিকাংশ নবী প্রেমিক লোকের মাঝে মহৎ অভ্যাসে পরিণত হয়েছে, তা বিদআত : যার কোন নকলী দলীল নেই। কিন্তু তা বিদআতে হাসানা বা পুন্যময় বিদআত। কারন প্রত্যেক বিদআত আমল বিদআতে মাযমুমা বা নিন্দনীয় বিদআত হয় না। যেমন হযরত ইবনে উমর (রাঃ) সর্ব প্রথম জামা'য়াত সহ তারাবিহ নামাযের নতুন পদ্দতি চালু করে বলেন এটা কতইনা উত্তম বিদআত? [৩৩৩]

## আল্লামা আব্দুর রহমান সুফুরী

القيام عند ذكر ولادته صلى الله عليــه وســلم لا انكــار فيــه, فانه من البدعة المــستحبة وافتــى جماعــة باســتحبابه عنــد ذكر ولادته وقال جماعة بوجوب الــصلاة عليــه عنــد ذكــره وذلك من الاكرام والتعظيم لــه واكرامــه وتعظيمــه واجــب على كل مؤمن . ولا شك ان القيــام لــه عنــد الــولادة مــن باب التعظيم والاكرام قال المؤلف رحمــه الله تعــالى والــذي ارسل رحمــة للعــالمين لواســستطعت القيــام علــى رأســى

[৩৩৩] আদ দুররুল মুনাজ্জাম২৭.., সিরাতে হালবী পৃষ্ঠা ১ঃ ৮৩



لفعلت ابتغى بذلك زلفا عنــد الله عزوجــل (نزهــة المجــالس صفحة ٨٥)

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম বৃত্তান্ত আলোচনা কালে কিয়াম বা দাঁড়ানোকে অস্বীকার করার কোন উপায় নেই। কেননা কিয়াম হচ্ছে বিদআয়াতে হাসানা বা উত্তম বিদআত। আর হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিলাদতের বা মীলাদের আলোচনার সময় কিয়াম করা যে মুস্থাহাব তার উপর উম্মতে মুহাম্মদীর আলেমগন ফতোয়া দিয়েছেন। অপর এক জামাত হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নাম মোবারক উচ্চারণ করার সময় দুরুদ শরীফ পাঠ ওয়াজিব বলে ফতওয়া প্রদান করেছেন। আর এটা নিতান্তই নবী পাকের সম্মানার্থে। একথাও সত্য যে, তার প্রতি সম্মান প্রদর্শন প্রত্যেক মু'মিনের উপর ফরজ। আর এতে কোন সন্দেহ নেই যে মীলাদে কিয়াম হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি সম্মান প্রদর্শনের অন্যতম একঠি উপায়। [৩৩৪]

আল্লামা সুফুরী (রহঃ) চরম শ্রদ্ধা ও প্রার্থনার সূরে বলেন - যে জাত বা সত্ত্বাকে আল্লাহ পাক সমগ্র জগতের জন্য রহমত স্বরুপ প্রেরন করেছেন -সে নূরানী সত্ত্বার সম্মানার্থে কিয়াম শুধু পায়ে দাড়িয়ে নয়; বরং যদি মাথার উপর ভর করে দাঁড়ানো সম্ভবপর হতো সেটা করে আল্লাহ পাকের নৈকট্য লাভে ধন্য হবার ফরিয়াদ করতাম। [৩৩৫]

## শাইখ আব্দুল্লাহ ইবনে সিরাজ (রহঃ)

পবিত্র মক্কা শরীফের হানাফী মাযহাবের মুফতী আল্লামা শাইখ আব্দুল্লাহ ইবনে সিরাজ (রহঃ) এর অভিমত

اماالقيام اذا جاء ذكــر ولادت صــلى الله عليــه وســلم عنــد قراءة المولــد الــشريف ثوارثــه الائمــة الاعــلام واقــراءه الائمة والحكام من غير نكيــر منكــر ولارد راد ولهــذا كــان مستحسنا ومن بستحق التعظيم غيــره ويكفــى اثــر عبــد الله

[৩৩৪] নুজহাতুল মাজালিস ৮০
[৩৩৫] আদ দুররুল মুনাজ্জাম২৭.., নুজহাতুল মাজালিস, পৃষ্ঠা ৮০

بن مسعود ما راه المسلمون حسنا فهـو عنـد الله حسـن والله ولى التوفيق والهادى الى سواء الطريق.

হুযূর পাক সালালাহু আলাইহি ওয়া সালাম এর জন্ম কাহিনী যখন আলোচনা করা হয় এবং মীলাদ শরীফের অনুষ্টান করা হয়, তখন কিয়াম করে তাঁর প্রতি সম্মান প্রদর্শন করা বিশিষ্ট নামজাদা ইমামদের থেকে উত্তরাধিকার সুত্রে প্রাপ্ত। ইমামগন মীলাদে কিয়াম করাকে গ্রহন করেছেন আর শাসকগন অস্বীকার কারীর অস্বীকার ব্যতীত এবং প্রত্যাখান কারীর প্রত্যাখান ব্যতীত এটাকে গ্রহন করেছেন। একারনে এটা মুস্তাহসান কাজ। কিয়াম মুসতাহসান হওয়ার জন্য সাহাবী হযরত ইবনে মাসউদ (রহ) হতে আছার হাদীসটি যতেষ্ঠ। তিনি বলেছেন মুসলমানরা যে কাজটিকে হাসান ও ভাল কাজ মনে করে আল্লাহ তা'লার কাছে সে কাজটি ভাল বলে বিবেচিত হয়। আল্লাহ তালাই তাওফিক দাতা এবং সরল সহজ পথের পরিচালক। [৩৩৬]

## পবিত্র মক্কা শরীফের মুফতি শাইখ জামাল (রহঃ)

بقوله القيام عند كـر مولـدالا عطـر جمـح مـن السلف استحسن فهو بدعة حسنة.

মীলাদ শরীফে হুযূর পাক সালালাহু আলাইহি ওয়া সালাম এর জন্ম বিষয়ক আলোচনা করার সময় কিয়াম করাকে পূর্ব সুরী ইমাম ও ওলামায়ে কেরাম ঐক্যমতে মুসতাহসান করেছেন। অতএব মীলাদে কিয়াম করা বিদয়াতে হাসানা। [৩৩৭]

## আল্লামা আব্দুর রহমান সিরাজ (রঃ)

প্রবিত্র মক্কা শরীফের হানাফি মাযহাবের মুফতী আল্লামা আব্দুর রহমান সিরাজ (রঃ) অভিমত।

فاجاب بقوله القيام عنـد ذكـر ولادة صـلى الله عليـه وسـلم جائز ومستحسن كما هو مختـار علمـاء الحـرمين والـروم

৩৩৬ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল জাবর পৃষ্ঠা নং

৩৩৭ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল জাবর পৃষ্ঠা নং



الشام والمصر المقلـد الائمـة الاربعـة المجتهـدبن ان كـان على سـبيل المحبـة ولـم يكـن علـى سـبيل الالتـزام والله سبحانه وتعالى اعلم برقمه خـادم الـشريعة والمنهـاج عبـد الرحمن بين عبد الله سراج الحنفـى والمفتـى مكـة المكـرم كان الله لهما حامدا مصليا مسلما

তিনি উত্তরে বলেছেন হুযূর পাক সালালাহু আলাইহি ওয়া সালাম এর জন্ম ইতিহাস আলোচনা করার সময় অর্থাৎ মীলাদ শরীফ অনুষ্টানের মধ্যে তাঁর জন্ম কাহিনী পাঠ করার সময় কিয়াম করা যায়েজ ও মুসতাহসান কাজ। প্রবিত্র মক্কা মদীনা শরীফের আলেমগন এবং মিসর সিরিয়া ও রোম দেশের চার মাযহাবের অনুসারী ওলামা ইসলামী চিন্তাবিদগনের গ্রহনীয় মতবাদ এটাই। তবে শর্ত হচ্ছে মহব্বতের পন্তায় কিয়াম করা যায় কিন্তু অত্যাবশ্যক নয়। [৩৩৮]

## আল্লামা আবু বকর হাজী বাসাউনী (রহঃ)

পবিত্র মক্কা শরীফের মালেকী মাযহাবের মুফতী আল্লামা আবু বকর হাজী বাসাউনী রহমাতুল্লাহি আলাইহি কিয়াম প্রসঙ্গে উপরোক্ত ফতোয়ার সমর্থনে লেখেন-

الحمد لله وحده وصلى الله على من لانبـى بعـده رب زدنـى علما اما بعد – فقد اطلعت علـى هـذا الـسوال ومـا حـرره مفتى الاحناف بمكة المشرفة فى الحـال هـو عـين الـصواب والموافق للحق بلاشك ولا ارتياب الله سبحانه تعالى اعلم

"সমস্ত প্রশংসা একক আল্লাহ তাআলার জন্য নিবেদিত। আর দুরূদ পাঠ করছি সেই মহান নবীর প্রতি যাঁর পর আর কোন নবী নেই। অতঃপর উপরোক্ত প্রশ্ন এবং তার উত্তরে মক্কা শরীফের হানাফী মাযহাবের বর্তমান মুফতী সাহেব যা লিখেছেন, তা

৩৩৮ আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আবর পৃষ্ঠা নং ২৮১

সম্পূর্ণ সঠিক ও নির্ভুল এবং সত্য মাফিক উত্তর। এতে কোন সন্দেহ নেই। আল্লাহ তাআলাই সর্বজ্ঞ।"[৩৩৯]

## সাঈদ ইবনে মুহাম্মদ বিআবসীল (রহ.)

মীলাদে কিয়াম করা সম্পর্কে পবিত্র মক্কা শরীফের শাফেঈ মাযহাবের মুফতী মাওলানা সাঈদ ইবনে মুহাম্মদ বিআবসীল রহমাতুল্লাহি আলাইহি ফতোয়া প্রদানে লেখেন-

بعد ذالك ان القيام عند ذكر ولادته صلى الله عليه وسلم قيل انه مندوب وقيل انه بدعة تنقسم الى واجبة والى مستحبة والى بقية الاحكام الخمسة كله بينه العلماء فى محله – الخ

"মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা করার সময় কিয়াম করা সম্পর্কে দুটি অভিমত পাওয়া যায়। কেউ কেউ বলেন, এটা করা মুস্তাহাব। আর কারো কারো মতে এটা করা বিদআতে হাসানা। বিদআত অনেক প্রকারে বিভক্ত। বিদআতে ওয়াজিবা বা যে নতুন কাজটি করা অপরিহার্য হয়। আর বিদআতে মুস্তাহাবা অর্থাৎ যে নতুন কাজটি করলে ছওয়াব হয়। না করলে গুনাহ হয় না। এ ছাড়া অবশিষ্ট প্রকরণগুলো পাঁচ শ্রেণীতে বিভক্ত, যা ওলামায়ে কেরাম যথা স্থানে বর্ণনা করেছেন।"[৩৪০]

## খালফ ইবনে ইবরাহীম (র.) সাহেবের মীলাদে কিয়াম সম্পর্কে ফতোয়া

মক্কা শরীফের হাম্বলী মাযহাবের মুফতী মাওলানা খালফ ইবনে ইবরাহীম রহমাতুল্লাহি আলাইহি মীলাদে কিয়াম করা সম্পর্কে লেখেন-

واما القيام عند ذكر ولادته صلى الله عليه وسلم فقد سنة العلماء واهل الفضل نعظيمالقدره صلى الله عليه وسلم

[৩৩৯] আদ দুররুল মুনাজ্জাম ২৮১

[৩৪০] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলূদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৩



والقيام مسنون للولدين واهل العلم وسيد القوم لامر النبى صلى الله عليه وسلم اصحابه حين اتاهم سعد بن معاذ رض الله نعالى عنه فى بنى قريظة فقال لهم صلى الله عليه وسلم قومول لسيدكم والله سبحانه تعالى اعلم–

وكتب ايضا فى جواب سوال اخر مانصه اما القيام عند ذكر مولده صلى الله عليه وسلم فهو ادب حسن ولايخالف مشروعا ومن تركه مع قيام الناس على اختلاف طبقتهم فقد سلك مسلك الجفاء وبما يحصل عليه من الذم والتوبيخ مالاخير فيه ولايهولنك الشطع والتعمق والتشديد فى انكاره فانه هوسعى واستخفاف بالجناب الاعظم صلى الله عليه وسلم فهذه اقاويل العلماء كما تراه فى ادنى منه فقد ذكر فقهاء رحمة الله تعالى انه مندوب فى حق الوالدين والعالم وسيد القوم ففى شرح الغاية والضروع والمبدع يوخذ من فعل الامام احمد الجواز– وذالك انه ذكر عنده ابراهيم بن طهمان وكان متكئاً فاستوى جالسا وقال لا ينبغى ان يذكر الصالحون فنتكى... فاعتجب لمن يصلح له القيام –

"মীলাদ শরীফের অনুষ্ঠানে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা করার সময় কিয়াম করাকে ওলামায়ে কেরাম ও বুযুর্গানে দীন সুন্নাত বলেছেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উচ্চ মান ও মর্যাদার জন্য তাঁর প্রতি সম্মান প্রদর্শনার্থে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের

সেই নির্দেশ অনুযায়ী পিতা-মাতার প্রতি, আলেমদের প্রতি এবং দেশ ও জাতির নেতার প্রতি সম্মান প্রদর্শনে কিয়াম করা (দন্ডায়মান হওয়া) সুন্নাত প্রমাণিত হয়। যে নির্দেশটি তিনি সাহাবীদেরকে বনী কুরাইযার সাথে মীমাংসার জন্য হযরত সাআদ ইবনে মুআয (রা.) -কে বিচারক হিসেবে আগমণের সময় দিয়েছিলেন। হযরত সাআদ (রা.) যখন আসলেন তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমাদের নেতার সম্মানে তোমরা দাঁড়াও। আল্লাহ তাআলাই সর্বজ্ঞ।

জনাব মুফতী সাহেব পুনরায় একটি প্রশ্নের উত্তরে বলেছেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা করার সময় দন্ডায়মান হওয়া (কিয়াম করা) দ্বারা শিষ্টাচারিতা প্রদর্শন ও সুন্দরতম আদব রক্ষা করা হয়। যে ব্যক্তি মীলাদ মাহফিলে শ্রেণী বিদ্বেষের কারণে সব লোক কিয়াম করার সময় কিয়াম বর্জন করে তারা গোড়ামীর পন্থা অবলম্বন করে সে পথে চলে। কোন কোন সময় এর ফলে দুর্নাম ও ভর্ৎসনার পাত্রে পরিণত হয়। যাতে কোনই উপকার নেই। এর দ্বারা কিয়ামকে কঠোরভাবে অস্বীকার করা হয়, যা মনোবিকারেরই পরিচয়। কেননা এরূপ আচরণ দ্বারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মহত্ত্ব ও সম্মানকে খাটো করা এবং হালকা করা হয়। এটাই হচ্ছে ওলামায়ে কেরামের অভিমত। যেমন তোমরা দেখছ। ইসলামী আইনবিদরা (ফোকাহা) মীলাদ শরীফের মধ্যে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী ও প্রশংসা আলোচনা করার সময় দন্ডায়মান হওয়াকে মুস্তাহাব বলেছেন এবং পিতা-মাতা আলেম ও দেশ ও জাতির নেতার সম্মানে দন্ডায়মান হওয়াকেও মুস্তাহাব বলেছেন। শরহে গায়াতুল আওতার কিতাবে উল্লেখ করা হয়েছে কিয়াম করার সময় বিনয়তা ও নম্রতা প্রদর্শন করতে হবে এবং কাব্যিক ছন্দমালায় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রশংসা করতে হবে।

ইমাম আহমদ (রহ.) থেকে কিয়াম করা জায়েয হওয়ার মতবাদ গ্রহণ করা হয়েছে। কোন এক সময় ইমাম আহমদ (রহ.) -এর সামনে বিশিষ্ট বুযুর্গ ইবরাহীম ইবনে তাহমান সম্পর্কে আলোচনা করা হয়। তখন তিনি হেলান দেয়া অবস্থা থেকে সোজা হয়ে গেলেন। আর বললেন, বুযুর্গ ও পুন্যবান ব্যক্তিদের সম্পর্কে আলোচনা হওয়ার সময় আমরা হেলান দিয়ে থাকবো এটা কোনক্রমেই উচিত হয় না। ইবনে আকীল (রহ.) বলেন, লোকেরা যুগের ইমামের ঘটনাবলী সম্পর্কে আলোচনা করার সময় যা কিছু করে তা থেকে আমি উত্তম আদব ও শিষ্টচারিতা প্রদর্শনের শিক্ষা গ্রহণ করেছি। আমরা অবহিত হয়েছি যে, মীলাদে কিয়াম করা ফিকাহশাস্ত্রের আলোকে উত্তম। আল্লামা ইবনে জওযী (রহ.) বলেছেন, প্রথম যামানায় কিয়াম করা বর্জনীয় ছিল।



পরবর্তীকালে কিয়ামকে বর্জন করা অপমানিত হওয়ার মত হয়েছে। অতএব যার জন্য কিয়াম করা কল্যাণকর ও উপকারী হয় সে ক্ষেত্রে কিয়াম করা ওয়াজিব মনে করবে। (লেখক খালফ ইবনে ইবরাহীম, হাম্বলী মাযহাবের মুফতী মক্কা শরীফ) [৩৪১]

## মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনে হামীদ মীলাদ শরীফ ও কিয়াম সম্পর্কে ফতোয়া

পবিত্র মক্কা শরীফের হাম্বলী মাযহাবের আর এক মুফতী শাইখ মাওলানা মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনে হামীদ রহমাতুল্লাহি আলাইহির মীলাদ শরীফ ও কিয়াম সম্পর্কে ফতোয়া :

ان المولـد النبـوى فـصل مـن الـسيرة النبويـة ومعلـوم
استحباب قرأة السيرة الشريفة كـلا او بعـضا- وامـا القيـام
عند ذكر ولادته صلى الله عليـه وسـلم فهـو مقتـضى الادب
ولاينافى مشروعا وقد ذكر ابراهيم بن طهمـان عنـد الامـام
احمد رحمة الله تعالى عنـه وكـان متكئـا فاسـتوى جالـسا
وقال لاينبغـى ايـذكر الـصالحون ونتكـى ومـسالتنا اولـى
خصوصا اعتاد الناس القيام-

"মীলাদুন্নবী পর্বটি হচ্ছে সীরাতুন্ নবী অধ্যায়ের একটি পরিচ্ছেদ বিশেষ। অতএব সীরাতুন্নবী সম্পূর্ণরূপে বা আংশিকভাবে পাঠ করা হচেছ মুস্তাহাব। আর মীলাদ শরীফের অনুষ্ঠানে যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা হয় তখন কিয়াম করা হচ্ছে শিষ্টাচারিতা ও আদবের দাবী। কিয়াম করা শরীয়তের নীতিমালার পরিপন্থী নয়। হযরত ইমাম আহমদ রহমাতুল্লাহি আলাইহির কাছে ইবরাহীম ইবনে তাহমান সম্পর্কে আলোচনা করা হচ্ছিল, তখন ইমাম সাহেব হেলান দেয়া অবস্থায় ছিলেন। তিনি সোজা হয়ে বসে বললেন, নেক্কার ও পুণ্যবান লোকদেও বিষয় যখন আলোচনা হয় তখন আমরা হেলান দিয়ে বসে থাকব এটা

---

[৩৪১] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলূদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৫

উচিত কাজ নয়। অতএব মীলাদে কিয়াম করার বিষয়টি উত্তম কাজ প্রমাণিত হয়। বিশেষ করে লোকেরা যখন কিয়াম করার প্রস্তুতি নেয়। "

## মুহাম্মদ ইবনে ইয়াহইয়া (রহ.) -এর কিয়াম প্রসঙ্গে ফতোয়া

পবিত্র মক্কা শরীফের হাম্বলী মাযহাবের মুফতী মাওলানা মুহাম্মদ ইবনে ইয়াহইয়া (রহ.) -এর কিয়াম প্রসঙ্গে ফতোয়া :

نعم يجب القيام عند ذكر ولادته صلى الله عليه وسلم لما استحسنه العلماء الاعلام وقدوة الدين والاسلام تذكروا عند ذكر ولادته صلى الله عليه وسلم يحضر روحانيته صلى الله عليه وسلم فعند ذالك فيجب التعظيم والقيام والله سبحانه تعالى اعلم

"হ্যাঁ, মীলাদ শরীফের অনুষ্ঠানে যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা করা হয় তখন কিয়াম করা ওয়াজিব। কেননা ওলামায়ে কেরাম এবং দীন ইসলামের শীর্ষস্থানীয় নেতৃবর্গ কিয়াম করাকে মুস্তাহসান বলেছেন। তারা উল্লেখ করেছেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মকাহিনী আলোচনার অনুষ্ঠানে আধ্যাত্মিক ভাবে তিনি সেখানে উপস্থিত হন। অতএব ঐ সময় তাঁকে তাজীম করা এবং তাঁর সম্মানে কিয়াম করা ওয়াজিব হয়। আল্লাহ তাআলাই সর্বজ্ঞ। "[৩৪২]

## মাওলানা হুসাইন ইবনে ইবরাহীম (রহ.) -এর ফতোয়া

পবিত্র মক্কা শরীফের মালেকী মাযহাবের মুফতী হযরত মাওলানা হুসাইন ইবনে ইবরাহীম রহাতুল্লাহি আলাইহি মীলাদ শরীফে কিয়াম করা প্রসঙ্গে লেখেন-

القيام عند ذكر ولادة سيد الاولين والاخرين صلى الله عليه وسلم استحسنه كثير من العلماء والله اعلم –

[342] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৫



"মীলাদ শরীফের অনুষ্ঠানে সাইয়্যেদুল আউয়্যালীন ওয়াল আখেরীন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনার মুহূর্তে কিয়াম করাকে অধিকাংশ ওলামায়ে কেরাম মুস্তাহসান মনে করেন। [৩৪৩]

## মাওলানা ওমর ইবনে আবু বকর (রহ.) এর ফতোয়া

পবিত্র মক্কা শরীফের শাফেঈ মাযহাবের ফতোয়া বোর্ডের সভাপতি শাঈখ ও রঈসুল ইফতা হযরত মাওলানা ওমর ইবনে আবু বকর রহমাতুল্লাহি আলাইহি কিয়াম এর ফতোয়া

نعم القيام عند ذكر ولادة سيد المرسلين صلى الله عليه وسلم استحسنه العلماء وهو حسن لما يجب علينا من تعظيمه صلى الله عليه وسلم-كتبه فقير لربه محمد عمر بن ابى بكر الرئيس مفتى الشافعيه بمكة المكرمة-

হাঁ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম কাহিনী আলোচনা কালে কিয়াম করাকে ওলামায়ে কেরাম মুস্তাহসান মনে করেন। তাই ঐ মুহূর্তে এ কাজটি করা হাসান বা উত্তম। কেননা, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তাজীম করা এবং তাঁর প্রতি সম্মান প্রদর্শন করা আমাদেও জন্য ওয়াজিব। " (লেখক ফকীর মুহাম্মদ ওমর ইবনে আবু বকর সভাপতি শাফেঈ )[৩৪৪]

## আল্লামা উসমান বিন হাসান দিময়াতি (রহঃ)

القيام عند ذكر ولادة سيد المرسلين صلى الله عليه وسلم امر لا شك فى استحبابه واستحسانه و ندبه ، ويحصل لفاعله من الثواب الاوفر الخير الاكبر _ لانه تعظيم اى تعظيم النبى الكريم ذى الخلق العظيم الذى اخر جنا الله به

[343] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৫

[344] আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৬

من ظلمات الكفر الــى الامــان وخلــصنا الله بــه مــن نــار الجهل الى جنــات المعــارف والاقــان، فتعظيمــه صــلى الله عليه وسلم فيه مسارعة الــى رضــاء رب العــالمين واظهــار اقوى شعائر الدين ومن يعظم شــعائر الله فانهــا مــن تقــوى القلوب ومن يعظم حرمات الله فهو خيرله عند ربه _

অর্থাৎ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামমের মীলাদ বা জন্ম বৃত্তান্ত আলোচনা কালে কিয়াম বা দাঁড়ানো মুস্তাহাব, মুস্তাহসানও মানদুব হওয়ার ব্যাপারেও কোন ধরনের সংশয় নেই। আর কিয়ামকারীগনের প্রতিদান স্বরূপ অতিপুণ্য ও মহা কল্যাণের ভাগী হবেন। কারণ মীলাদের সময় দাঁড়ানো প্রকৃত পক্ষে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মান প্রর্দশনেরই বহি প্রকাশ। যিনি খুলুকে আযীম বা সর্বোত্তম চরিত্রের অধিকারী, যার উছিলায় আল্লাহ তা'আলা আমাদেরকে কুফুরি ও অন্ধকার হতে ঈমানের আলোর দিকে হেদায়াত দান করেছেন এবং তাঁরই মাধ্যমে জাহান্নাম থেকে রক্ষা পেয়ে অনাবিল বেহেস্তের দ্বার উম্মোক্ত করেছেন । অতএব হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তাযীম আল্লাহ পাক এর সন্তুষ্টির দিকে অগ্রসর হওয়ার শামিল। আর তাতেই দ্বীন ইসলামের নির্দেশন সমূহকে দৃঢ় ভাবে আকড়ে ধরার বহি প্রকাশ। আল্লাহ তা'আলা বলেন যে বা যারা আল্লাহর নিদর্শণ সমূহকে সম্মান করে তাদের হৃদয় পঠে খোদা ভীতির পরিচয় বহন করে। আর যে বা যারা আল্লাহর প্রিয় বস্তুগোলোকে তাযীম বা সম্মান করবে, তা আপন প্রতিপালকের পক্ষ থেকে কল্যাণকর ।[345]

## হাসান দিময়াতি (রহঃ) আর বলেন

فاستفيد من مجموع ما ذكرنا اســتحباب القــيم لــه صــلى الله عليه وسلم عند ذكر ولادته بما فــى ذلــك مــن التعظــيم لــه صلى الله عليه وسلم يقال القيام عند ذكــر ولادتــه صــلى الله

345 আব্দুল হক এলাহাবাদী (রহঃ) :দুররুল মুনাজ্জম ফী আমলে ওয়া হুকমে মাওলুদিন নাবীয়্যিল আযম পৃষ্ঠা নং ২৮৭



عليه وسلم بدعة لانا تقول لــيس كــل بدعــة مذمومــة كمــا اجاب بذالك الامام المحقق الولى ابــو ذرعــة العراقــى حــين سئل عن فعل المولد امستحب كل وقت اذا انــضم الــى ذلــك السرور الظهور نور النبوة فــى هــذا الــشهر الــشريف فــلا نعلم ذلك عــن الــسلف ولايلــزم مــن كونــه بدعــة كــونى مكروها فكم من بدعــة مــستحبة بــل واجبــة اذا لــم تنــضم بذالك مفسدة والله الموفق. (اثبة القيامة ২৩)

উল্লেখিত প্রমাণাদির মাধ্যমে একথা প্রতীয়মান হয়েছে যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মীলাদ বা জন্মবৃত্তান্ত আলোচনা কালে কিয়ামের মাধমে সালাত ও সালাম পাঠকরা মুস্তাহাব বা পুন্যময় কাজ। এতে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তাযীম অন্তঃনিহিত। তিনি হুশিয়ারী বাক্য উচ্চারণ পূর্বক বলেন যাতে কেহ কিয়াম করাকে বিদয়াত বা মন্দ কাজ বলে ধারণাও না করে। এহেন প্রশ্নের জবাবে আমরা বলি প্রত্যেক নতুন কাজ মন্দ নয়। কিছু বিদয়াত উত্তম ও পূণ্যময়ও আছে । জনৈক লোক বিশ্ব বিখ্যাত মুহাদ্দিস আল্লামা আবু যরআহ আল ইরাকী (রহঃ) থেকে প্রশ্ন করেছিলেন- মীলাদ শরীফের নামে প্রচলিত অনুষ্ঠান মুস্তাহাব না মকরূহ? না শুধু কোন বুর্জুগ ব্যক্তির কর্মকে অনুসরণ করা হচ্ছে? উত্তরে তিনি বলেন- ওলিমা করা এবং মানুষের মাঝে খাবার বিতরন করা সব সময় মুস্তাহাব । তবে এর সাথে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মের মাস রবিউল আউয়াল একত্রিত হলে তাতে অনুষ্ঠানাদী পলনে তা মুস্তাহাবে বাধা কোথায়? আর আমরা সলফে সালেহীন থেকে এ ব্যাপারে কোন ফতোয়া পাইনি যে, কোন কিছু বিদআত হলে তা মকরুহ ই হতে হবে। বরং এমন কিছু উত্তম বিদআত আছে যা মুস্তাহাব পর্যায়ের। কখনো তা ওয়াজিবও হয়। শর্ত হচ্ছে তার সাথে যেন শরীয়ত বিরোধী কোন কার্যক্রম সমপৃক্ত না হয়।[৩৪৬]

৩৪৬ ইসবাতিল কিয়াম ২৩

**হাসান দিময়াতী (রহঃ) আর বলেন**

وقد اجتمعت الائمة المحمدية من اهل السنة والجماعة على استحسان القيام المذكرو وقد قال عليه الصلاة والسلام لا تجمع امتى على الضلالة –(اقامة القيامة ২৩)

আহলে সুন্নাত ওয়াল জামাতের অনুসারী সকল উম্মতে মুহাম্মদী এ কথার উপর ঐক্যমত পোষন করেছেন যে মীলাদের সময় কিয়াম করা মুসতাহসান বা উত্তম কাজ। আর ঐ দল সর্ম্পকে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন আমার উম্মত ভ্রষ্ঠতার উপর ঐক্যমত পোষন করবেনা। [৩৪৭]

**আল্লামা মাদলাকী (রহঃ)**

جارت عادة القوم بقيام الناس اذا انتهى المداح الى مولده صلى الله عليه وسلم وهى بدعة مستحبة لما فيه من اظهار السرور والتعظيم–(اقامة القيامة ২৩)

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জীবন চরিত আলোচনাকারী নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম কাহিনীর বর্ণনার শেষ প্রান্তে উপস্থিত সকলে তাঁর সম্মানার্থে দাঁড়িয়ে যেতেন, যা তাদেও স্বভাবে পরিনত হয়েছে। আর ঐ কিয়াম পূণ্যময় বিদআত, যার মধ্যে রয়েছে তাঁর আগমনীর আনন্দ ও সম্মানের বহিঃপ্রকাশ। [৩৪৮]

**আল্লামা আহমদ যাইনি দাহলান মক্কী (রহঃ) (১৩০৪ হিজরী)**

من تعظيمه صلى الله عليه وسلم الفرح بليلة ولادته المولد، والقيام عند ذكر ولادته صلى الله عليه وسلم واطعام الطعام وغير ذلك مما يعتاد الناس فعله من انواع

---
[৩৪৭] ইকামাতিল কিয়ামা ২৩
[৩৪৮] ইকামাতিল কিয়ামা ২৩



البر، فان ذلك كله من تعظيمه صلى الله عليه وسلم (اقامة القيامة ২৩)

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্মদিন আনন্দ প্রকাশ করা মীলাদ শরীফ পাঠ করা ও তাঁর জন্মের আলোচনা কালে কিয়াম বা দাড়িয়ে সালাত ও সালাম পেশ করা মানুষের মাঝে খাবার বিতরন করা, তা ছাড়া আরো যত সৎ ও কল্যানময় কাজ মুসলিম সমাজে প্রচলিত সবই হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি সম্মান প্রদর্শনের মধ্যে শামিল। [৩৪৯]

**আল্লামা আমিমুল ইহসান মুজাদ্দিদে বরকতি (রঃ)**

ومن الفوائد انه جرت عادة كثير من الناس اذا سمعوا بذكر وضعه صلى الله عليه وسلم ان يقوموا تعظيما له– وهذا القيام بدعة لا اصل لها اى لكن هى بدعة حسنة.(السيرة الحلوية)

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মীলাদ বা জন্ম বৃত্তান্তের আলোচনা কালে তাঁর সম্মানার্থে কিয়াম করা যা বিশ্বের অধিকাংশ নবী প্রেমিক লোকের মাঝে মহত অভ্যাসে পরিনত হয়েছে। কিন্তু তা বিদআত, যার কোন নকলী দলীল নেই। তবে তা বিদআতে হাসানা বা পূণ্যময় বিদআত। [৩৫০]

**আল্লামা সাইয়্যিদ ইজ্জদুদ্দীন মাযী আবুল আযায়েম আল মিসরী (রহঃ)**

العادة ان الناس اذا سمعوا ذكرا ى وضعه صلى الله عليه وسلم يقومون تعظيما له صلى الله عليه وسلم وهذا القيام مستحب لما فيه من تعظيم النبى صلى الله عليه وسلم وقد

---
[৩৪৯] ইকামাতিল কিয়ামা ২৩
[৩৫০] সিরাজুম মুনির

فعل ذالك كثر من العلماء الذين تقتدى بهم.(الاحتفال بمولد الانبياء والاولياء مشترع لا مبتدع٥-ص)

মানুষের মাঝে সু অভ্যাসে পরিনত হয়েছে যে, যখন তারা হুযূরের পবিত্র শুভাগমনের শুভ সংবাদ শুনেন তখন প্রচলিত প্রথা মোতাবেক হুযূরের সম্মানার্থে তারা দাড়িয়ে যেতেন। এহেন ভক্তি শ্রদ্ধা পূর্ণ কিয়াম হচ্ছে মুস্তাহাসান। কেননা এতে প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মান-সম্মান রয়েছে। উম্মতে মুহাম্মদীর এমন এমন সব-গন্যমান্য উলামায়ে কেরাম উক্ত কিয়াম করেছেন: যাদেরকে আমরা শরীয়তের অন্যান্য মাসআলা মাসাইল উদ্ভাবনে ইমাম হিসাবে মেনে নিয়েছি। [৩৫১]

## মদীনা মনোওয়ারার আলেমদের ফতোয়া

والحاصل ان يصنع من الولائم فى المولد الشريف وقراته بحضرة المسلمين وانفاق البرات والقيام عند ذكر ولادة الرسول الامين صلى الله عليه وسلم ورش ماء الورد وانفياد البخور وتزيين المكان وقراة شئ من القران والصلاة على النبى صلى الله عليه وسلم واظهار الفرح والسرور فلا شبهة فى انه بدعة حسنة مستحب وفضيلة شريفة مستحسنة اذ ليس كل بدعة حراما بل قد تكون واجبة كنصب الادلة للرد على الفرق الضالة وتعليم النحو وسائر العلوم المعينت على فهم الكتب والسنة كما ينبغى، ومندوبة كبناء الربط والمدارس، ومباحة كالتوسع فى الماكل والمشارب اللذيذة واثياب كما فى شرح المناوى على جمع الصغير على تهذيب النووى فلا ينكرها

[৩৫১] ইকামাতিল কিয়ামা ২৩, ইহতেফালুল মাওলিদিল আম্বিয়া ৫



الامبتدع لا استماع بقوله، بل على حاكم الاسلام ان يعزره والله تعالى اعلم. (اقامة القيامة ٢٩)

হুযূর পাকসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মীলাদ শরীফকে কেন্দ্র করে যা কিছু আয়োজন করা হয়, যেমন খাবার পরিবেশন, মুসলমানদেও উপস্থিতে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম বৃত্তান্ত পেশ করা, মুক্ত হস্তে দান খয়রাত করা, রাসূলে আমিন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বেলাদাতের অলৌকিক ঘটনা গুলি বর্ণনা করার সময় দাঁড়ানো, গোলাফ জল ছিটানো বুজুর জালিয়ে সুগন্ধিময় করা মাহফিলের স্থানকে সুসজ্জিত করা কোআন শরীফ তেলাওয়াত করা, প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর কৃতজ্ঞতা প্রকাশ করে আনন্দ ও উৎসবের বহিঃপ্রকাশ ঘাঁঠনো ইত্যাদি কার্যাবলী নিঃসন্দেহ বিদআতে হাসানা এবং মুস্তাহাব আমল। একথা আদ্দৌ ঠিক নয় যে, প্রত্যেক বিদআত হারাম। বরং কোন কোন বিদআত বা নব সৃষ্ট বস্তু পালন করা ওয়াজিব। যেমন ভ্রান্ত দলের যুক্তিকে প্রতিহত করতে প্রমাণাদি উপস্থাপন করা, কোরআন শরীফ ও হাদীস শরীফকে সঠিক ভাবে বুঝার জন্য আরবী গ্রামার এবং অন্যান্য বিষয়াবলী জ্ঞান অর্জন করা ওয়াজিব। পুল কালবটি, মাদ্রাসা প্রতিষ্টা করা বিদআতে মানদুবা। সুস্বাদু খাবার ও পানীয় এবং কাপড় চোপড় দানের মাধ্যমে অতিরিক্ত খরছ করা বিদআতে মুবাহ। অনুরূপ ভাবে আল্লামা মুনাভী তাঁর শরহে 'জামেউস সগির' গ্রন্থে এবং আল্লামা ইমাম নববী তাঁর তাহযীব গ্রন্থে বর্ণনা করেছেন। প্রকৃত পক্ষে পথ ভ্রষ্ট লোক ছাড়া অন্য কেউ কিয়ামকে অস্বীকার করতে পারেনা। এমন বিদআতীর কথা কর্ণপাত না করা চাই। বরং ইসলামী হুকুম মান্যকারী বিচারকের উচিত তাদেরকে শাস্তি প্রদান করা। আল্লাহ তা'আলা সবজ্ঞ। [৩৫২]

## মক্কা মুক্কারামার আলেমদের ফতোয়া

اعلم ان مولد الشريف بهذه الكيفة المذكورة مستحسن مستحب، فالمنكر هنا مبتدع بدعة سيئة مذمومة لانكار على شئ حسن عند الله والمسلمين كما جاء فى حديث ابن مسعود رضى الله عنه قال ماراه المسلمون حسنا فهو

[৩৫২] ইকামাতুল কিয়ামা ২৮

عند الله حسن والمـــراد مــن المـــسلمين ههنـــا الـــذين كملـــوا الإسلام كالعلماء العاملين، علمـــاء العـــرب والمـــصر والـــشام والروم، والاندلس كلهم راءه حسنا مـــن زمـــان الـــسلف الـــى الان فصر الاجماع والامر الذى ثبـــت باجمـــاع الائمـــة فهـــو حق، ليس بضلال قـــال رســـول صـــلى الله عليـــه وســـلم لا تجتمع امتى على الـــضلالة حـــاكم الـــشريعة تعزيـــر المنكـــر والله تعالى اعلم. (اقامة القيامة ৩০)

জেনে রাখ মীলাদ শরীফের অনুষ্ঠান করা মুস্তাহসান, মুস্তাহাব । আর তার অস্বীকারকারীগন বিদআতপন্থী গোমরাহ ও পথ ভ্রষ্ট। আর তাদের অস্বীকার এমন একটি বস্তুর প্রতি, যা স্বয়ং আল্লাহ ও সংখ্যাগরীষ্ঠ মুসলমানদের নিকট কল্যানময় উত্তম কাজ । যেমন হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন মুসলমানগন যে কাজকে পছন্দনীয় বলে বিবেচনা করেন- তা আল্লাহ তা'আলার নিকট পছন্দনীয়। উল্লেখিত হাদীসে মুসলমান বলতে। সেকল লোকদেরকে বোঝানো হয়েছে যারা কামিল মুসলমান। যেমন শরীয়তের উপর পূর্ণ আমলকারী আলেমগন। বিশেষ করে আরব, মিসর, সিরিয়া, তুরস্ক ও স্পেন দেশের আলেমগন সলফে সালেহীনদের যুগ থেকে অদ্যাবধি সকল মুসলমানই মীলাদ ও কিয়ামকে মুস্তাহসান, আমল বলে অভিমত প্রকাশ করছে।

সর্ব যুগের ইমামগনের স্বীকৃতির কারণে মীলাদ ও কিয়মের বিষয়টি ইজমায়ে উম্মত হিসাবেগন্য হয়েছে । আর ইজমা দ্বারা সাব্যস্ত হয়, তা নির্ভুল এবং সঠিক। তা গোমরাহী হতে পারেনা । কারণ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বানী জলন্ত প্রমান। তিনি বলেন আমার উম্মত গোমরাহি বিষয়ে একমত হতে পারেনা। অতএব শরীয়ত সম্মত বিচারকের উচিৎ মীলাদ ও কিয়াম অস্বীকার কারীকে যথাযথ শাস্তির ব্যবস্থা করা। [৩৫৩]

[৩৫৩] ইকামাতুল কিয়ামা পৃষ্ঠা ২৯



জিদ্দার আলেমদের অভিমত

بهذه الـــصورة المجموعـــة مـــن الاشـــياء المـــذكورة بدعـــة حسنة مستحبة شرعا لا ينكرها الا من فـــى قلبـــه شـــعبة مـــن شعب الفاق، والـــبغض لـــه صـــلى الله عليـــه وســـلم وكيـــف يسوغ له ذلك مع قوله تعالى ومـــن يعظـــم شـــعائر الله فانهـــا من تقوى القلوب.

উল্লেখিত নিয়মে কিয়ামসহ মীলাদ মাহফীল ও আলোচনা অনুষ্ঠান ইসলামী শরীয়তের দৃষ্টিতে বিদআতে হাসানা মুস্তাহাব আমল। যার অন্তরে মুনাফিকের অসংখ্য শাখা হতে একটি শাখা বিদ্যমান এবং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি বিদ্বেষপূর্ণ ব্যক্তি ছাড়া আর কেহ মীলাদ ও কিয়ামকে অস্বীকার করতে পারেনা। আর তা তার পক্ষে কিভাবে অস্বীকার করা সম্ভব? অথচ যেখানে স্বয়ং আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন যারা আল্লাহর নির্দশন সমূহকে সম্মান করবে, তাদের অন্তরসমূহ তাকওয়াপূর্ণ। [৩৫৪]

**মুফতী আব্বাস ইবনে জাফর ইবনে সিদ্দিক (রহঃ)**

ما اجاب به الشيخ العلامة فهوا الـــصواب لايخالفـــه الا اهـــل النفاق وما فى السوال كله حـــسن كيـــف لاوقـــد قـــصد بـــذلك تعظيم المصطفى ولاحرمنا الله تعالى من زيارتـــه فـــى الـــدنيا ولا من شفاعته فى الاخـــرة، ومـــن انكـــر مـــن ذلـــك فهـــو محروم منهما (اقامة القيامة ৩০)

(আল্লামা শাইখ বাসের ইবনে আহমদ ইবনে আলী) মীলাদ ও কিয়াম সম্পর্কে যে ফাতাওয়া দিয়েছেন তা সম্পূর্ণ সঠিক। মুনাফিক ব্যতিত কেহ এর বিরুদ্ধাচারণ করবে না। আর প্রশ্নের মধ্যে যা কিছু উল্লেখ আছে সবই কাজ । আর তা কিভাবে উত্তম

[৩৫৪] ইকামাতুল কিয়ামা ২৮

কাজ না হয়ে পারে? যার একমাত্র উদ্দেশ্য হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর তাযীম বা সম্মান প্রদর্শন। মহান আল্লাহ পাক আমাদেরকে তার যিয়ারত থেকে এবং পরকালে তাঁর শাফায়াত থেকে বঞ্চিত না করুন। আর যে বা যারা তাঁর ত'যীমকে অস্বীকার করবে, তারা উভয় থেকে বঞ্চিত হবেন।[৩৫৫]

## হাদীদার আলেমদের অভিমত

الف فی ذلك العلما ء وحثوا علـــی فعلـــه فقـــالوا لا ينكرهـــا الا مبتدع فعلی حاكم الشريعة ان يعزره-

উলামায়ে কেরাম মীলাদ শরীফ ও কিয়ামের বৈধতার উপর অনেক কিতাব রচনা করেছেন এবং তদনুযায়ী আমল করার জন্য লোকদেরকে উৎসাহিত করেছেন। অঃপর তারা বলেন একমাত্র বিপদগামী বেদাতী লোক ব্যতীত অন্য কেহ মীলাদ শরীফ ও কেয়ামকে অস্বীকার করতে পারে না। এহেন অস্বীকার কারীদেরকে শরীয়াহ্ ভিত্তিক শাসক দ্বারা শাস্তি প্রদান করা ওয়াজিব।[৩৫৬]

## আল্লামা আলী শামী (রহঃ)

لا ينكر هذا الا من طبع الله علـــی قلبـــه وقـــد نـــص علمـــاء السنة علی هـــذا مـــن مستحـــسن المثـــاب عليـــه ورد علـــی منكره الخ-

মীলাদ শরীফ ও কিয়ামকে একমাত্র ঐ ব্যক্তি অস্বীকার করতে পারে যাদের অন্তঃকরণে আল্লাহ তা'আলা মোহরাঙ্কিত করেছেন। আর আহলে সুন্নাত ওয়াল জামায়াতের উলামায়ে কেরাম মীলাদ ও কিয়ামকে মুস্তাহসান আমল হিসাবে আখ্যায়িত করেছেন। এরকম অনুষ্ঠান আয়োজনের ফলে তারা অবশ্য অধিক সওয়াবের অদিকারী হবেন। যারা মীলাদে কিয়াম অস্বীকার কারীদেরকে তারা দলীল প্রমানের মাধ্যমে দৃঢ় ভাবে প্রতিহত করেছেন।[৩৫৭]

[৩৫৫] ইকামাতুল কিয়ামা ৩০
[৩৫৬] ইকামাতুল কিয়ামা ২৮
[৩৫৭] ইকামাতুল কিয়ামা ২৮



## আল্লামা আলী ইবনে আব্দুল্লাহ (রহঃ)

لاينكر فيه الا مبتدع يليق به التعزير-

পথভ্রষ্ট ছাড়া অন্য কেহ মীলাদ ও কিয়ামকে অস্বীকার করতে পারেনা। তারা এহেন অপরাধের জন্য শাস্তি যোগ্য ।[৩৫৮]

## আল্লামা আলী তাহতান (রহঃ)

قراة المولد الشريف والقيام فيه مـــستحب ومـــن انكـــر ذلـــك فهـــو جحود لا يعرف مراتب لرسول صلی الله عليه وسلم-

মীলাদ শরীফের অনুষ্ঠান এবং তথায় কিয়াম করা মুস্তাহাব। আর যে ব্যক্তি তা অস্বীকার করে প্রকৃত পক্ষে তা হঠকারীতা ছাড়া আর কিছু নয়। সে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মর্যাদা সর্ম্পকে অজ্ঞ।[৩৫৯]

## আল্লামা আব্দুর রহমান ইবনে আলী হাদরামী (রহঃ)

استحسنوا القيام تعظيما له اذا جـــاء ذكـــر مولـــده صـــلی الله عليه وسلم وصا تعظيما لـــه صـــلی الله عليـــه وســـلم فوجـــب علينا اداؤه والقيام به لاينكر ماذكرنـــا الا مبتـــع مخـــالف مـــن طريق اهل الـــسنة والجماعـــة لااســـتماع ولاصـــغاء لكلامـــه وعلی حاكم الاسلام تعزيره-

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বেলাদতের আলোচনার সময় তার সম্মানার্থে দাঁড়িয়ে যাওয়া যুগের ইমামগন মুসতাহসান বলে ফতোয়া দিয়েছেন। আর এই কিয়ামটা শুধু মাত্র তাঁর সম্মানার্থে। আমাদের উচিত তা জীবনে বাস্তবায়ন করা। আমরা ইতিপূর্বে ফতওয়া দিয়েছি যে, একমাত্র পথভ্রষ্ট এবং আহলে সুন্নাত ওয়াল

[৩৫৮] ইকামাতুল কিয়ামা ২৮
[৩৫৯] ইকামাতুল কিয়ামা ২৮

জামাতের বিরোধিরাই কিয়ামকে অস্বীকার করতে পারে। এদের বক্তব্য কর্ণপাত করা না চাই। ইসলামী বিচারকের উচিত তাদের শাস্তি প্রদান করা । [৩৬০]

**আল্লামা মুহাম্মদ ছালেহ (রহঃ)**

أمة النبي صلى الله عليه وسلم مـن العـرب المـصر والـشام والـروم والانـدلس وجميـع بـلاد الاسـلام ومتفـق علـى استحبابه واستحسانه–

মীলাদ শরীফের কিয়াম মুস্তাহাব এবং মুস্তাহসান আমলের উপর উম্মতে মুহাম্মদী তথা মুসলিম দেশের আলেম সমাজ ঐক্যমত পোষণ করেছেন। [৩৬১]

**মাওঃ আশরাফ আলী থানবী সাহেব**

اسطرح هـم قيام كـو منع نهـي كـر تـے - مگـر كبهـى تـو ذكـر ولادت كـے وقـت كهڑے هوجـاتے. كبهـى رضـعات كـے بيـان مـي كبهـى معـراج كـے ذكرمـي علـى هـذا بعض محفـل مـي تـين چار دفعـه كهڑے هوجـائے اگر اس طرح كرے تو كون شخص منع كرے؟

এভাবে কিয়াম করাকে আমরা অবৈধ বলিনা বরং কোথাও রাসূলে করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্ম বৃত্তান্ত আলোচনা কালে দাড়িয়ে যায়, আবার কখন তাঁর দুগ্ধ পানের ঘটনা বলার সময়, আবার কখনো মিরাজুন্নবীর আলোচনা কালে, এমনি ভাবে কোন খাস মাহফিলে ৩/4 বার কিয়াম করে থাকেন। তবে এরূপ মীলাদে কিয়াম করাকে নিষেধ করবে কে?

جو مسلك صـوفيا كـرم نـے اختيـار فرمايـاهـے يـى اسـكو بهـى بـے اصـل نهيـى جانتـا. فقهـاء مجتهـد يـن سـے حضرت شـافعي كـا بهـى يهيـى مـسلك هـے- علامـه شامى مـصافحه بعـد الـصلاة كـے مـسئلے يـى شـيخ محـى الـدين نـووى شـافعى رحمـت الله عليـه كـا يهـين

[৩৬০] ইকামাতুল কিয়ামা ২৮

[৩৬১] ইকামাতুল কিয়ামা ২৮



مـسلك نقـل كيـاهـے اس لـئے جـو صـوفائى كـرام محفـل مـيلاد خـالى ازمنكـرات پر عامـل هيـى ان پر بهـى اعتـراض اور بـد گمـانى نهيـى كرنـا چا هـئے ( مجـالس حكيم الامت 163)

তিনি বলেন প্রচলিত মীলাদ মাহফিলের ব্যাপারে সুফি সাধকদের অনুসৃত আমলকে আমি ভিত্তিহীন মনে করিনা। শাফেয়ী মাযহাবের মুজতাহিদ বা গবেষক পকিহ শাস্ত্রবিদদেও অভিমত তাই। আল্লামা শামী (রহঃ) তার প্রণিত কিতাব মুসাহাফা বা'দাস সালাত অধ্যায়ে শায়খ আবু জাকারিয়া মুহিউদ্দীন নববী (রহঃ) এর অনুরূপ অভিমত বলে বর্ণনা করেছেন। কাজেই যে সব সুফিয়ায়ে কেরাম বিশুদ্ধ পন্থায় মীলাদ মাহফিল করেন, তাদের ব্যাপারে আপত্তি মুলক খারাপ ধারনা না করাই উচিত। [৩৬২]

حـضرت صـاحب رحمـت الله تعـالى كـے وهـى عقائـد هيـى جـو اهـل حـق كـے هيـى اور حـضرت رحمـت الله تعـالى كـاان اعمـال مـين شـريك هونايـا تحريـر اور تقريـر اذن فرمانـا نعوذ بـالله بمنى فـساد عقيـدة نهيـى هـے نـه شـيعه پرهـے بلكـه چونكـه يـه اعمـال فـى نفـسها جـائز هيـى انكـو جـائز سـمجه كركـرتـے تهـے اور كهـتـے تهـے (امداد الفتوى)

হযরত হাজী ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কী (রহঃ) আহলে সুন্নাত ওয়াল জামাতের অবিকল আকিদায় বিশ্বাসী ছিলেন। (বিশেষ করে) তার এমন আমল তথা প্রচলিত মীলাদ ও কিয়াম অনুষ্টানে যোগদান, বক্তব্য ও লিখনির মাধ্যমে তা সর্মথন করা (নায়ুজুবিল্লাহ) কোন ভ্রান্ত আকিদা বা শিয়া ধর্মের অনুকরনে ছিলনা। বরং এহেন মহত আমল গুলো যেহেতু মুলত বৈধ, তাই তিনি বৈধ কাজকে পুন্যময় মনে করে নিজে করতেন এবং অপরকে করতে উৎসাহ যোগাতেন।

همـارے علمـاء مولـد شـريف ميـى بهت نـزاع كـرتـے هيـى تـاهم علمـاء جـواز كيطـرف گئـے هيـى جـب صـورت جـواز كـى موجـودهـے كيـون ايـسا تـشدد كرتـےهيـى Ñور همـارے واسـطـے اتبـاع حـرمين كـافى هـے البـت وقـت

[৩৬২] মাজালিসে হাকিমুল উম্মত, রচনায় মুফতী শফী রহ পৃষ্ঠা ১৬৩

قیام کے اعتقاد مولدکا نہ کرنا چاھئیے.اگراحتمال تشریف آوری کا کیاجائے تو مضا ئقہ نهیی - کیونکہ عالم خلق مقیدزمان ومکان ھے لیکن عالم امر دونون سے پاك ھے پسی قدم رنجہ فرمانا ذات بابرکات سے بعید نهین

আমাদের আলেমগন প্রচলিত মীলাদে কিয়াম নিয়ে অনেক ঝগড়া বিভেদে লিপ্ত রয়েছেন। এতদসত্বেও আমরা মীলাদ ও কিয়ামকে বৈধ বা পূন্যময় আমল মনে করি। যেহেতু তা বৈধ পন্থায় আমল করার সুজুগ আছে সেহেতু এমতাবস্থায় বিরোধি দলের এত বাড়াবাড়ি মোটেই সঠিক নয়। পকৃত পক্ষে মক্কা ও মদীনা শরীফের হক্কানী রব্বানী ওলামা মাশায়েখগনের অনুকরন-ই আমাদের জন্য যতেষ্ট। অর্থাৎ হারামাইন শরীফে মীলাদ কিয়াম হত, তাদের অনুকরনে আমরাও করব। অবশ্য কিয়ামের সময় নূরনবীর জন্মের খেয়াল না করাই উচিত। এ কথা চির সত্য যে, যদি মীলাদ মজলিশে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উপস্থিত হতে পারেন, এমন বিশ্বাস স্থাপনে কোন দোস নেই। কারন জড় জগত স্থান কাল হতে সম্পূর্ণ মুক্ত। তবে রুহানী জগত স্থান কাল হতে সম্পুর্ণ মুক্ত বিদায় নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মীলাদ মাহফিলে হাজির হওয়া মোটেই অসম্ভব নয়। [৩৬৩]

**রশীদ আহমদ গাংগুহী সাহেব এর বক্তব্য**

می فر مودند که خوندن مولود شریف وقیامه نزدیك ولادت باسعادت مستحب است. (مقامات سعید یه ومناقب احمد یته )

মীলাদ শরীফ পাঠ করা এবং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম বৃত্তান্ত আলোচনা কালে কিয়াম বা দাড়িয়ে যাওয়া মুস্তাহাব। [৩৬৪]

[৩৬৩] এমদাদুল ফতওয়া ৩৮পৃষ্ঠা

[৩৬৪] মাকামাতে সাইদ , মানাকিবে আহমদ



**আল্লামা আব্দুল হাই লাখনবী (রহঃ)**

প্রশ্নঃ রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লম এর জন্ম বৃত্তান্থ আলোচনা কালে কিয়াম করার হুকুম কি?

মীলাদ বা জন্ম বৃত্তান্ত আলোচনার সময় যদি কোন ব্যক্তি সত্যিকার ইশক ও মুহুহাব্বতে লৌকিকতাবিহীন কিয়াম বা দাড়িয়ে যায়, তা হলে কিছু বলার নেই। মজলিসের আদব হচ্ছে অন্যান্য ব্যক্তিগন তার অনুকরনে কিয়াম করবে। ইশক মহব্বত ব্যতীত ইচ্ছাকৃত দাঁড়ানো এটা ফরজ ওয়াজিব, সুন্নত মুস্তাহাবএ শরয়ী নয়অ কেননা এটা রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লমের যমানায় বা কুরনে ছালাছায় ছিলনা। ইমাম গাজ্জালি (রহঃ) তার এহইয়াউল উলুম কিতাবে নকল করেছেন যে, হযরত আনাছ (রাঃ) বর্ণনা করেছেন- ক্ষেত্র বিশেষ সাহাবায়ে কেরাম রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লমের জন্য দাঁড়াতেন না, কিন্তু হরমাইন শরীফাইনের ওলামায়ে কেরাম অর্থাৎ মক্কা মদীনা শরীফের ওলামাগন মীলাদের সময় কিয়াম করতেন।

ইমাম বরজিঞ্জি (রহঃ) স্বীও মাওলুদুন্নবী কিতাবে লিখেছেন- রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লমের জন্ম বৃত্তান্থ আলোচনার সময় কিয়াম করা বিচক্ষন ইমামগন মুস্থাহাব বলেছেন। কতই যে খুসির সংবাদ ঐব্যক্তির জন্য যার একমাত্র উদ্দেশ্য রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লমের সম্মানার্থে দাঁড়ানো। [৩৬৫]

**আল্লামা সালামাতুল্লাহ কানপুরী (রহঃ)**

আল্লামা সালামাতুল্লাহ কানপুরী (রহঃ) তার কিতাব اشباع الكلام فى اثبات المولد والقيام– এসবাউল কালাম ফি এছবাতিল মওলিদে ওয়াল কিয়াম গ্রন্থে লিখেন -

چنا نچه امام ابوزید علیه الرحمه درمولد خودش نوشته- واتحسن العلماء القيام عند ذكر الولادة وقال علماء الحنبلية عند ذكر ولادته صلى الله عليه وسلم القيام واجب لمانه تحضر روحانيته صلى الله عليه وسلم- پس هرگاه تعزيم بالقيام هراے ديگر انسان ما مور شرعی باشددر تعظيم بالقيام هنگام ذكر ولادت آنحضرت عليه الصلوة اوالسلام چنانچه متوارث وما ثوراز اسلاف كرام

[৩৬৫] মজমুয়ায়ে ফতোয়া ২য় পৃষ্ঠা ৩৪৭

ست چه کلام مع هذا چون حضور روح پرفتوح آن سرور انام علیه الصلوه والسلام درامثال چنین مواضع ازعلماء عرفا منقول ست پس قیام مستحسن را اکر واجب شما رند اولی وانسب خوادبود- اشباع الکلام فی اثبات المولد والقیام- ص 126

ইমাম আবু যায়েদ (রহঃ) তার রচিত মওলেদ কিতাবে লিখেছেন, বিলাদত শরীফ এর বর্ণনার সময় কিয়াম করা ওলামায়ে কেরাম মুস্তাহাসান বলেছেন। হাম্বলী মাজহাবের ওলামাগণ জিকরে বিলাদতের সময় কিয়াম করা ওয়াজিব বলেছেন। কারন হযরত রাসূল মকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তথায় রূহানীভাবে উপস্থিত হন। যখন অনান্য সাধারন মানুষের তাজীমার্থে কিয়াম করা জায়েয তাহলে জিকরে বেলাদতে রাসূলের সময় তা'জীমী কিয়াম যা ওলামা ও আয়েম্মায়ে মুতাকাদ্দেমীন থেকে বর্ণিত আছে তৎসঙ্গে রয়েছে হযরত রাসূলের রূহানী উপস্থিতি যা ওলামা ও আরেফীন হতে বর্ণিত আছে এক্ষেত্রে মুস্তাহাসান কিয়ামকে ওয়াজিব বলা সমীচীন হবে।[৩৬৬]

**আল্লামা ফয়জুল হাছান ছাহারানপুরী এর বক্তব্য**

من جاء مجلس الميلاد فلــه ان يقــوم ان قــاموا – والا فــلا هذا المولوى احمد على سهارنبورى المحــدث تبعــا لاســتاذه الشيخ مولانـــا محمــد اســحاق الــدهلوى (شــفاء الــصدور صفحة ١٠)

যে ব্যক্তি মীলাদ মাহফিলে উপস্তিত হবেন, যদি উপস্থিত লোকেরা দাঁড়ায়, তাদের অনুসরণে তার দাঁড়ানো র্কতব্য। যদি তারা না দাঁড়ায়; তবে সে যেন বসে থাকে। উক্ত মতের সাথে একাত্মতা প্রকাশ করেছেন আহমদ আলী সাহারানপুরী। তিনি তার উস্থাদ শাইখ মাওলানা মুহাম্মদ ইসহাক দেহলবীর অনুকরন পূর্বক আমল করেছেন।[৩৬৭]

---

[৩৬৬] আশবাউল কালাম ফি ইসবাতিল মাওলিদে ওয়াল কিয়াম ১২৬

[৩৬৭] সিফাউসসুদুর ১০



## সপ্তম অধ্যায়

**পবিত্র মীলাদ মাহফীলে হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ আগমন হয় কি?**

যে আমাকে স্বপ্নে দেখল সে অচিরেই আমাকে জাগ্রত অবস্থায় দেখতে পাবে। 'বুখারী শরীফ বর্ণিত আল্লাহর রাসূলের এই হাদীস নিয়ে ইমামে আহলে সুন্নাত, ইমাম জালালুদ্দীন সুয়ূত্বী (রহঃ) 'তানভীরুল হালাক্ কী ইমকানি রু'য়াতিন্ নাবিয়্যি ওয়াল্ মালাক নামে একটি নাতিদীর্ঘ পুস্তিকা লিখেছেন। আলহাওয়ী কিতাবেও পুস্তি কাটি সন্নিবেশিত হয়েছে। তিনি জাগ্রত অবস্থায় নবীজীর দীদার লাভ সম্ভব এর উপর বেশ কয়েকটি প্রমাণাদি পেশ করে বলেন:

فحصل من مجمــع هــذه النقــول والأحاديــث أن رســول الله صلى الله عليه وسلم حي بجــسده وروحـــه' وأنـــه يتــصرف ويسير حيث شاء في أقطـــار الأرض وفـــي الملكــوت' وهـــو بهيئته التي كان عليها قبل وفاته لم يتبدل منـــه شـــيئ ' وأنـــه مغيب عن الأبصار كما غيبــت الملئكـــة مـــع كـــونهم أحيـــاء بأجسادهم' فـــإذا أر اد الله رفـــع الحجـــاب عمـــن أر اد أكـــر امه برؤيته رأه على هيئته التي هو عليهـــا' لا مـــا نـــع مـــن ذلك ' ولا داعي ألـــى التخـــصيص برؤيـــة المثـــال- (تنـــوير الحلـــك فـــي أمكـــان رؤيـــة النبـــي والملـــك للـــسيوكي ٣٥' الحاوي ٢/٢٦٥' روح المعاني ١١/٢١٥)

এই সমস্ত বর্ণনা এবং হাদীসের সারকথা হচ্ছে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বশরীরে জিন্দা আছেন। তার তসররুফ করার ক্ষমতা রয়েছে এবং তিনি তাঁর ইচ্ছামত আসমান ও জমিনের যে কোন স্থানে সফরও করে থাকেন। তিনি তাঁর ওফাত শরীফের আগে যেমন ছিলেন এখনো তেমনি আছেন, তাঁর কোন পরিবর্তন হয়নি। তিনি দৃষ্টির অন্তরালে অবস্থান করছেন যেভাবে স্বশরীরে জিন্দা হওয়া স্বত্তেও ফেরেশতাগণ দৃষ্টির অন্তরালে আল্লাহ রাব্বুল আলামীন যখন তাঁর হাবীবের দীদার

দিয়ে কাউকে সম্মানিত করতে চান তখন পর্দা উঠিয়ে নেন ফলে তিনি আল্লাহর হাবীবকে তাঁর মূল সুরতে দেখতে পান। এতে কোন বাধা নেই এমনকি রু'য়াতে মিছালীর দ্বারা বিশেষিত করারও কোন প্রয়োজন নেই।[৩৬৮]

**আল্লামা ইসমাঈল হাক্কী (রহঃ) বলেন**

قال الإمام الغز الـي رحمـه الله تعـالى : والرسـول عليـه السلام له الخيار في طـواف العـو الممـع أرواح الـصحابة رضي الله عنهم لقـد راه كثيـر مـن الأوليـاء (روح البيـان ৯৯/১০)

ইমাম গাজ্জালী (রহঃ) বলেছেন: রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই এখতিয়ার রয়েছে যে, তিনি সাহাবায়ে কেরাম রাদ্বিয়াল্লাহু আনহুম গণের রূহ সমূহকে সাথে নিয়ে সারা বিশ্ব পরিভ্রমন করতে পারেন। অনেক আউলিয়ায়ে কেরাম তাঁর দিদার লাভ করেছেন।[৩৬৯]

**ইমাম শা'রানী (রহ.) বলেন**

ইমাম শা'রানী (রহ.) 'মীযান' কিতাবে লিখেছেন ঃ

قَدْ بَلَغَنَا عَنْ اَبِـىْ الْحَـسَنِ الـشاذلى وتلميـذه ابـى العبـاس المرسى وغيرهما انهم كـانوا يقولـون لـو احتجبـت رؤيـة رسول الله (ص) طرفة عين ما اعد دنـا انفـسنا مـن جملـة المسلمين –

আবুল হাসান শাযেলী, তাঁর শাগরেদ আবুল আব্বাস মারাসী এবং অপরাপর অলীগণ সম্বন্ধে আমাদের নিকট এ বর্ণনা এ পৌছে যে, তাঁরা বলতেন যে, যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দর্শন পলকের জন্যও আমাদের নিকট হতে

[৩৬৮] তানভীরুল হালাক ফী ইমকানি রু'য়াতিন নাবিয়্যি ওয়াল্ মালাক্ ৩৫। আলহাওয়ী ২/২৬৫
[৩৬৯] তাফসীরে রূহুল বায়ান ১০/৯৯।



আবরণের তলে পড়ে যেত, তখন আমরা নিজেদেরকে মুসলমানদের মধ্যে গণ্য করতাম না।[৩৭০]

**ইমাম আবুবকর ইবনুল আরাবী মালাকী (রহ)**

ইমাম আবুবকর ইবনুল আরাবী মালাকী (রহ) শরহে তিরমীযীর মধ্যে লিখেন-

القاضي أبو بكر بن العربـي أحـد الأئمـة المالكيـة، شـارح صحيح الترمذي، فـي كتـاب قـانون التأويـل، فقـد قـال- ذهبت الصوفية إلى أنه إذا حـصل للإنـسان طهـارة الـنفس في تزكية القلب، وقطع العلائق، وحسم مـواد أسـباب الـدنيا من الجـاه والمـال والخلطـة بـالجنس، والإقبـال علـى الله تعالى بالكليـة، علمـاً دائمـاً وعمـلاً مـستمراً، كـشفت لـه القلوب، ورأى الملائكة وسمع أقـوالهم، واطلـع علـى أرواح الأنبياء، وسمع كلامهم، ثم قـال ابـن العربـي مـن عنـده: ورؤية الأنبياء والملائكـة وسـماع كلامهـم ممكـن كرامـة، وللكافر عقوبة )الحاوي للفتاوى ج২ ص২৫৭، ২৫৮

কাজী আবুবকর ইবনুল আরাবী তিনি একজন মালেকী ইমাম, সহীহ তিরমিজীর ব্যাখ্যাকার। তিনি كتاب قانون التأويل.. কিতাবে বলেন সুফীরা মনে করেন কোন মানুষের অন্তর যখন শুদ্ধ تزكية القلب হয় তখন তাদের অন্তর সমূহ খুলে যায় তারা ফেরেশতাদের দেখেন, তাদের কথা শোনেন, নবীদের রুহ দেখেন এবং চিনেন এবং তাদের কথা বার্তাও শোনেন। এরপর ইবনুল আরাবী তার পক্ষ থেকে বলেন। নবী ও ফেরেশতাদের দেখা, তাদের কথা শোনা সম্ভব এবং এটা ।[৩৭১]

[৩৭০] 'মীযান
[৩৭১] আল হাবী লির ফাতাওয়া খন্ড ২ পৃষ্ঠা নং ২৫৭-২৫৮

## তাজউদ্দিন ইবনে আতাউলা সিকন্দরী (রহ)

সাইয়্যিদ আবুল ফজল আহমদ বিন মোহাম্মদ আব্দুল করিম বিন আব্দুর রহিম বিন আব্দুল্লাহ তাজউদ্দিন ইবনে আতাউলা সিকন্দরী (রহ) ওফাত ৬৫৮ হিজরী আর বলেন-

قال": ثم أن كثيراً من الصالحين يقول إنه يرى النبي صلى الله عليه وسلم يقظة ولا ينكر هذا منهم وإنما هي رؤية روحانية لاجسمانية ولذلك يراه البعض دون البعض في المكان الواحد ولو كان بجسمه لرآه كل أحد لأن رؤية الجسم لا تتوقف على صلاح التقوى بل رآه الكفار في حليته صلى الله عليه وسلم وشرار الخلق وخيارهم واعلم أن الشيطان لا يمكنه أن يتمثل بصورة الأنبياء – عليهم الصلاة والسلام - وهذا لطف وكرامة من الله – تعالى – زيادة في حفظهم وعصمتهم منه حتى لا يقدر على التشكل بشكلهم فإذا أكرم الله عبداً برؤية رسوله صلى الله عليه وسلم يقظة يتمثل له نوره الشريف بصورة جسمه الكريم وربما ظنه الرائي أنه الجسم الشريف لغلبة الحال

তিনি (শায়খ তাজউদ্দিন) বলেন অনেক সালেহ ব্যক্তিরা বলেন যে, তাঁরা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জাগ্রত অবস্থায় দেখেছেন। এবং এটা অস্বীকার করা যায়না। অবশ্য সে দর্শন রুহানী ছিল জিসমানী নহে। এ কারণে একই স্থানে কেহ দেখেন আবার কেহ দেখেন না। আর যদি এ দর্শন জিসমানী হত তাহলে সকলেই দেখাও পেত। কারণ শারীরিক দর্শন খোদাভীরু বা তাকওয়ার উপর নির্ভরশীল নহে। বরং হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জীবদ্দশায় তাকে কাফের মুশরিক পাপী পূণ্য সকলেই দেখেছেন। এখানে জেনে রাখা দরকার যে, শয়তান কোন নবীর রূপধারণ করতে পারেনা। এটা আল্লাহর পক্ষ থেকে তাদের



সম্মান ও অধিক হেফাজত। তাই শয়তান তাদের রূপ ধারণ করতে পারবেনা। সূতরাং আল্লাহপাক যখন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দর্শন কোন ব্যক্তিকে সম্মানিত করতে চান তখন তার সামনে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নূরকে শারীরিক আকৃতি রূপে ঐ ব্যক্তির সামনে উপস্থাপন করেন। এবং অনেক সময় দর্শক মনে করেন এটা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জিসম বা দেহ।

## তাজউদ্দিন ইবনে আতাউলা সিকন্দরী (রহঃ) ওফাত ৬৫৮ হিজরী

সাইয়্যিদ আবুল ফজল আহমদ বিন মোহাম্মদ আব্দুল করিম বিন আব্দুর রহিম বিন আব্দুল্লাহ তাজউদ্দিন ইবনে আতাউলা সিকন্দরী (রহ) ওফাত ৬৫৮ হিজরী তিনি বলেন

وقال الشيخ تاج الدين بن عطاء الله في لطائف المنن : قال رجل للشيخ أبي العباس المرسي يا سيدي صافحني بكفك هذه فإنك لقيت رجالا وبلادا فقال : والله ما صافحت بكفي هذه إلا رسول الله صلى الله تعالى عليه وسلم قال : وقال الشيخ لو حجب عني رسول الله صلى الله تعالى عليه وسلم طرفة عين ما عددت نفسي من المسلمين ومثل هذه النقول كثير من كتب القوم جداً .اه

এবং শায়েখ তাজউদ্দিন ইবনে আতাউলাহ لطائف المنن এর মধ্যে বলেন জনৈক ব্যক্তি শায়খ আবু আব্বাস মুরসিকে বলেন, হে সাইয়াক আপনার হাতে আমি মুসাফাহা করতে চাই, কারণ আপনি অনেক শহরে গেছেন এবং অনেক ব্যক্তির সাথে সাক্ষাত করেছেন। উচ্চস্বরে তিনি বলেন আমি আল্লাহর শপথ করে বলছি আমার এ হাত দ্বারা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছাড়া অন্য কাউকে মুসাফাহা করিনি। তিনি বলেন বলেন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যদি সামান্য সময় আমার চোখের আড়াল হন তবে আমি আমাকে মুসলমান বলে গণ্য করিনা। এভাবে কিতাবের মধ্যে আরো অনেক বর্ণনা আছে।

**সিরাজ উদ্দিন ইবনে মিলকন বলেন**

قال الشيخ سراج الدين بن الملقن في طبقات الأولياء : قال الشيخ عبد القادر الكيلاني قدس سره : رأيت رسول الله قبل الظهر فقال لي : يابني لم لا تتكلم قلت : يا أبتاه أنا رجل أعجم كيف أتكلم على فصحاء بغداد؟! فقال : افتح فاك ففتحته فتفل فيه سبعاً وقال : تكلم على الناس وادع إلى سبيل ربك بالحكمة والموعظة الحسنة فصليت الظهر وجلست وحضرني خلق كثير فارتج علي فرأيت علياً كرم الله تعالى وجهه قائما بإزائي في المجلس فقال لي : يا بني لم لا تتكلم قلت : يا أبتاه قد ارتج علي فقال : افتح فاك ففتحته فتفل فيه ستاً فقلت : لم لا تكملها سبعاً؟ قال : أدباً مع رسول الله صلى الله تعالى عليه وسلم . ثم توارى عني فقلت : غواص الفكر يغوص في بحر القلب على درر المعارف فيستخرجها إلى ساحل الصدر فينادي عليها سمسار ترجمان اللسان فتشتري بنفائس أثمان حسن الطاعة في بيوت أذن الله أن ترفع وقال أيضا في ترجمة الشيخ خليفة بن موسى النهر ملكي : كان كثير الرؤية لرسول الله عليه الصلاة والسلام يقظة ومناما فكان يقال : لن أكثر أفعاله يتلقاه منه يقظة ومناما ورآه في ليلة واحدة



سبع عشرة مرة قال له في إحداهن : يا خليفة لا تضجر مني فكثير من الأولياء مات بحسرة رؤيتي

طبقات الاولياء এর মধ্যে থেকে সিরাজ উদ্দিন ইবনে মিলকন বলেন শায়খ আব্দুল কাদির কাইলানী বলেছেন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জোহরের নামাজের পূর্বে দেখি তিনি আমাকে বলেন হে বৎস! তুমি কেন কথা বলনা। আমি বললাম একজন অনারবী (আহমী) লোক, কি ভাবে বাগদাদের বিশুদ্ধ ভাষায় কথা বলব। এমন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন তোমার মুখ খোল। আমি মুখ খোললাম। তখন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার মুখে সাতবার থুথু দিলেন এবং বললেন মানুষদের সাথে কথা বল এবং হেকমত ও নসীহতের মাধ্যমে মানুষকে আল্লাহর পথে আহ্বান করুন। তারপর আমি জোহরের নামাজ পড়ে নিলাম এবং বসে পড়লাম। তখন আমার সামনে অনেক লোক হাজির হলেন। এর মধ্যে হযরত আলী (রা:) কে দেখলাম তিনি বললেন হে বৎস! তুমি কেন কথা বলছনা। আমি বললাম আমার ভয় লাগছে। তখন তিনি (রা:) বললেন তুমি তোমার মুখ খোল আমি মুখ খোললাম। তখন আলী (রা:) আমার মুখে ছয়বার থুথু দিলেন। আমি তখন বললাম সাতবার কেন পূর্ণ করলেন না। তিনি বললেন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সম্মান। এর পর তিনি চলে গেলেন। এভাবে ترجمة الشيخ এর মধ্যে খলিফা ইবেন মুসা আন্নাহার মালিকী বলেন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে তার অনেক বার জাগ্রত ও ঘুমন্ত অবস্থায় সাক্ষাৎ হয়েছে। বলা হয় তিনি অনেক কাজ হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছ থেকে জাগ্রত ও ঘুমন্ত অবস্থায় জেনে নিতেন। তিনি একই রাত্রে তাঁকে সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সতের বার দেখেছেন এবং এর মধ্যে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে একবার বলেছেন অস্থির হওনা কারণ অনেক অলিগণ আমার সাথে দেখার আশা রেখে মৃত্যুবরন করেছেন।

**আল্লামা আলুছী (রহ) বলেন**

قال العلامة الآلوسي في تفسيره روح المعاني [২২/৩৬]১ عند كلامه على نزول المسيح عليه السلام: (لا يبعد أن يكون عليه السلام قد علم في السماء بعضا ووكل إلى

الإجتهاد والأخذ من الكتاب والسنة في بعض آخر وقيل :
إنه عليه السلام يأخذ الأحكام من نبينا صلى الله تعالى
عليه وسلم شفاها بعد نزوله وهو في قبره الشريف عليه
الصلاة والسلام وأيد بحديث أبي يعلى والذي نفسي بيده
لينزلن عيسى إبن مريم ثم لئن قام على قبري وقال يا
محمد لأجيبنه.

وجوز أن يكون ذلك بالاجتماع معه عليه الصلاة والسلام
روحانية ولا بدع في ذلك فقد وقعت رؤيته صلى الله
تعالى عليهوسلم بعد وفاته لغير واحد من الكاملين من هذه
الأمة والأخذ منه يقظة

তাফসীরে রুহুল মায়ানী আল্লামা আলুছী (রহ) ঈসা আলাইহি ওয়া সাল্লাম অবতরণ প্রসংগে বলেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসমানে কাউকে শিক্ষা দেন এবং কাউকে কিতাব ও সুন্নাহ থেকে ইজতিহাদ করতে বলেন। কেউ কেউ বলেন ঈসা (আ:) নবী করিম (দ:) এর কাছ থেকে আহকাম শিক্ষা নেন এবং তা তিনি পৃথিবীতে অবতরণের পর বর্ণনা করবেন। এ উক্তির স্বপক্ষে আবু ইয়ালার একটি হাদীস আছে। হাদীসটি হচ্ছে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন সেই সত্ত্বার কসম যার হাতে আমার প্রাণ অবশ্যই ঈসা ইবনে মরিয়ম (আ:) জমীনে অবতরণ করবেন। তার পর তিনি যদি আমার কবরে দাড়িয়ে বলেন হে মোহাম্মদ। তা হলে আমি অবশ্যই তার জবাব দেব।

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে এ সাক্ষাৎ অনেকের রুহানী অবস্থায় হয়। হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওফাতের পর তাঁর কামেল উম্মতের একাধিক উম্মত এভাবে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন এবং জাগ্রত অবস্থায় তার সাথে কথা হয়েছে।



**একই মুহূর্তে বিভিন্ন স্থানে অনুষ্ঠিত মীলাদ মাহফিল, খতমে কুরআনসহ অন্যান্য দ্বীনী মজলিসে নূর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও অলীগণের রূহানী ভাবে হাজির হওয়া**

قال الشيخ العثمانى فى فتح الملهم ج ١-ص ٥ ٣ يحكى
عن بعض الاولياء قدست اس ارهم انهم يرون فى وقت
واحد فى عدة مواضع وما ذاك ال القوة تجرد انفسهم
وغاية تقدسها فتمثل وتظهر فى الموضع الاصلى فى
موضع اخر-

হযরত শাহ্ মাওলানা মুহাদ্দিছ ও মুফাসসির শাব্বীর আহমদ ওসমানী (রহঃ) মুসলিম শরীফের বিস্তারিত ব্যাখ্যা ফতহুল মুলহিমের ১/৩০৫ পৃষ্ঠায় লিখেছেন যে, আওলিয়ায়ে কেরাম একই মুহূর্তে বিভিন্ন স্থানে দৃশ্য হয়ে থাকেন। এটা এমনি এক শক্তির কারণে যা তাদের আত্মাকে একাকিত্ব ও নিখুত করে দেয় এবং ঐ মহত উদ্দেশ্যর কারণে যা তাদেরকে পূত-পবিত্র করে দেয়। এমতাবস্থায় তাঁরা মূল জায়গা থেকে অন্য স্থানে প্রতিবিম্বত হয়ে থাকেন। [৩৭২]

**ইবনুল কাইয়্যুম আল জাওজী (রহঃ)**

ইবনুল কাইয়ূম আল জাওজী (রহঃ)রুহ সম্পর্কে তাঁর কিতাব যাদুল মায়াদে লিখেন-

قال الحافظ شمس الدين ابن القيم فى زاد المعاد ومن
كسف ادراكه وغلظت طباعه عن ادراك ها فلينظر الى
الشمس فى علو محلها وتعلقها وتاثيرها فى الارض
وحيات النبات والحيوان بهذا- وشان الروح فوق هذا فلها
شان وللابدان شأن وهذه النار تكون فى محلها وحرارتها
توثرفى الجسم البعيد عنها مع ان الارتباط والتعلق -

[৩৭২] ফতহুল মুলহিমর ১ / ৩০৫ পৃষ্ঠা

হাফেজ শামসুদ্দীন ইবনে কাইয়েম বলেছেন, যার উপলব্ধি শক্তি নষ্ট হয়ে গেছে এবং স্বভাব অলিদের ঐ শক্তি হৃদয়ঙ্গম করতে অক্ষম সে যেন সূর্যের দিকে লক্ষ্য করে, তাদেরকে সূর্যের দিকে তাকাতে অনুরোধ করছি। সূর্য অতি উচ্চে অবস্থান করতেছে অথচ তার সংশ্রব ও তাছীর পৃথিবীর প্রতিটি শস্য ও প্রাণীর সাথে সমভাবে বিরাজ করতেছে। রূহ বা আত্মার অবস্থা সূর্যাপেক্ষা অতি উর্ধ্বে। কেননা রূহের অবস্থা এক প্রকার এবং দেহের অবস্থা অন্য রকমের হচ্ছে। আবার দেখুন, আগুন থাকে তার কেন্দ্রে, অথচ তার তাপ দূরবর্তী বস্তু সমূহে প্রভাব সৃষ্টি করে। পক্ষান্তরে রূহ এবং দেহের মধ্যকার সম্পর্ক তা হতে অধিক শক্তিশালী সুতরাং রূহের সাথে দেহের সংশ্রব অতি উচ্চ ও অতি সূক্ষ্ম।

الذى بين الروح والجسد اقوى واكمل من ذلك واتم-
فشأن الروح اعلى من ذلك والطف- قال العلامة الالوسى
وهذا امرمقرر عند السادة الصوفية ومشهور فيما بينهم
وهو غير طى المسافة- وانكار من انكر كلامنهما عليهم
مكابرة لاتصدر الاعن جاهل اومعائد

আল্লামা আলুছী বলেছেন, নেতৃস্থানীয় আওলিয়া ও সূফীয়ানে কেরামের নিকট এ মত ও বিশ্বাস সাব্যস্ত ও প্রসিদ্ধ হয়ে রয়েছে। দূর দূরান্তরের পথ যে আওলিয়ায়ে কেরাম মুহূর্তে অতিক্রম করতে পারেন উহা তাঁদের একটি স্বতন্ত্র । উক্ত দুটির যে কোন কে যারা অস্বীকার করে তারা অহংকারী, বিদ্বেষীও হিংসুক ব্যতীত আর কিছুই নয়। জাহেল এবং আউলিয়াদের সথে শত্রুতা পোষণকারী ব্যতীত অন্য কেহ তা অস্বীকার করতেই পারে না। [৩৭৩]

[৩৭৩] মীলাদ কিয়ামের বিধান



# ইসলামি বিশ্বকোশ-মাওলিদ

রচনায়-মোহাম্মাদ আব্দুর রহিম ও সম্পাদনা পরিষদ

ইসলামিক ফাউন্ডেশন- বিশ্বকোশ বিভাগ (হুবহু উদৃত)

বিশ্বকোশ মাওলিদ আলোচনায় অনেক ক্ষেত্রে অতিরঞ্জন করা হয়েছে। সবলকে দূর্বল, মন্দকে উত্তমের সন্নিকটে রেখে আলোচনা, অখ্যাত জাহিল অজ্ঞ লোকের মীলাদ পাঠকে সর্বশ্রেণীর মীলাদপাঠ হিসাবে পরিচিত করা। উত্তম রাজা বাদশাহের মীলাদুন্নবীর আলোচনা মাহফীলের সাথে স্খলিত রাজা বাদশাহের মীলাদুন্নবীর আলোচনার মাহফীলকে স্থান দেয়া। মিথ্যা তথ্য উপস্থাপন ইত্যাদি।

আমাদের দাবী বিশ্বকোশ মাওলিদালোচনা পুন:সংস্করনে তা যেন সংশোধিত হয়।

মাওলিদঃ (এক বচন, বহুবচন) কোন ব্যক্তির জন্মকাল, জন্মস্থান, জন্মদিন ও জন্মোৎসব, বিশেষত মহানবী হযরত মুহাম্মদ (সঃ)-এর জন্মকাল অর্থে (বহুবচন) শব্দের ব্যবহার হয়। হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জাগতিক জীবন যে পরিবেশে অতিবাহিত হয় সেই দৃশ্যাবলী স্বভাবতই মুসলিম জনগণের চক্ষে পবিত্রতামণ্ডিত হইয়া দেখা দেয়। অন্যতম নিদর্শন সেই গৃহখানি যেখানে তিনি ভূমিষ্ঠ হন--- মাওলিদু'ন-নাবী। উহা মক্কা শহরের আধুনিক সূকু'ল-লায়ল মহল্লায় অবস্থিত। এই স্থানের ইতিবৃত্ত প্রধানত শহরের ইতিকাহিনীতে সংরক্ষিত আছে (ed.Wustenfeld, 1L, 422)| প্রথম দিকে এই গৃহখানির উপর তেমন গুরুত্ব আরোপ করা হয় নাই। হারুনু'র-রশীদের জননী খায়যুরান (মৃ. ১৭৩/৭৮৯-৯০) সর্বপ্রথম এই সাধারণ ঘরখানিকে স'লাতের ঘরে রূপান্তরিত করেন। ধর্মপ্রাণ মুসলিমগণ যেরূপ মদীনায় নবী (স')-এর রাওদা যিয়ারাত করিতে যান, ঠিক অদ্রূপ তাঁহার ভূমিষ্ঠ হইবার স্থানে গমন করিয়া ভক্তি-শ্রদ্ধা নিবেদন করত ছা'ওয়াব (বরকতশব্দ প্রযোয্য, সংকলক) হাসিল করেন। এইরূপ ভক্তি-শ্রদ্ধা প্রদর্শনের হেতু কালক্রমে এই সকল স্থানে যথাযোগ্য স্থাপত্য নিদর্শন প্রতিষ্ঠিত করা হয় (ইবনে জুবায়র, পৃ. ১১৪, ১৬৩; আল-বাতানূনী, পৃ. ৩৪: গৃহখানির বর্তমান অবস্থান সম্পর্কে দ্র. snouck Hurgronje, mekka, ১খ, ১০৬, ২খ, ২৪)।

হযরত (স') এর জন্মদিনকে পবিত্র দিন হিসাবে উদ্‌যাপন করা সম্পর্কে লিখিত বিবরণ শুরু হয় বহুদিন পরে। সাধারণ্যে গৃহীত মতে হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্মদিন হইল সোমবার, রাবী'উ'ল- আওয়াল মাসের ১২ তারিখে।

তারিখ যাহাই হউক, তাঁহার জন্ম হইয়াছিল সোমবার। হযরত (স') এর জীবনে সোমবার দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। কারণ কথিত আছে যে, এই দিনটি তাঁহার জন্মদিন, হিজরতের দিন এবং তাঁহার মৃত্যুদিবস (গ'যালী, ইহ'য়া', উল, উলুম ১খ, ৩৬৩)। সোমবার দিনে য়াহূদীদের রোযা রাখার মূল কারণ সম্পর্কে দ্র. fWensinck, Mohammed en de Jodeb, ঢ়. ১২৬)। এই দিনে যে একটি বিশিষ্ট উৎসব হইত, যাহা ছিল ঘরে ঘরে অনুষ্ঠিত পারিবারিক উৎসব হইতে স্বতন্ত্র, এই তথ্যটি জনশ্রুতিতে সর্বপ্রথম মক্কায় সুবিদিত থাকার কথা ছিল, অথচ সর্বপ্রথম উহা জানা যায় ইবনে জুবায়রের নিকট হইতে (মৃ. ৬১৪/১২১৭; পৃ. ১১৪-১১৫)। তিনি স্পষ্টত একটি প্রথার উল্লেখ করেন, যে প্রথাটি মক্কায় বহু পূর্ব হইতে প্রচলিত ছিল। এই উৎসবের মৌলিক বৈশিষ্ট্যের মধ্যে ছিল কেবল এইটুকু যে, মাওলিদ গৃহে সেই উৎসবের দিনে আগন্তুকের সংখ্যা বৃদ্ধি হত এবং গৃহখনি কেবল এই উপলক্ষেই সারাদিন সকলের জন্য বিশেষভাবে উন্মুক্ত থাকিত। এই স্থান দর্শন এবং এই উপলক্ষে অনুষ্ঠানাদি সামগ্রিকভাবে প্রাচীন মুসলিম দরবেশদের অনুসৃত ধর্মীয় পদ্ধতি অনুসারে করা হইত।

কালক্রমে হযরত (স') এর জন্মদিবস উদযাপনের জন্য নূতনতর রীতি প্রচলিত হইল এবং কাল ও স্থানভেদে সামান্য পার্থক্য দৃশ্য হইলেও কতগুলি সাধারণ রীতি-পদ্ধতিতে সর্বত্র একটি ঐক্য পরিলক্ষিত হয় এবং সমষ্টিগতভাবে উহাদিগকে মাওলিদু'ন-নাবী বলা হয়। মিসরে ফাতি'মী আমলের মাঝামাঝি কালে এবং শেষের দিকে উক্ত মাওলিদু'ন-নাবী উৎসবের পূর্বাভাস দেখা যায়। উযীর আল-আফদ'লের আমলে (৪৮৭- ৫১৫/১০৯৫-১১২১) একবার মাওয়ালীদ চতুষ্টয়' রহিত করা হয়, কিন্তু আবার স্বল্পদিন পরেই সাবেক গৌরবের সহিত এই মাওয়ালীদ চতুষ্টয়কে পুনরুজ্জীবিত করা হয় (মাক'রীযী, আল-খিত'াত; ১খ, ৪৬৬, উৎসবের বর্ণনাঃ ১খ. ৪৩৩ প.)। তখন উৎব করা হইত পরিস্কার দিবালোকে এবং কেবল নগরীর সরকারী কর্মচারীবৃন্দ ও ধার্মিক ব্যক্তিগণই উহাতে অংশগ্রহণ করিতে পারিতেন। তখন প্রাথমিক উৎসব বলিয়া কিছুই প্রচলিত ছিল না, তবে একটি মিছিলের প্রথা ছিল অর্থাৎ গণ্যমান্য ব্যক্তিগণ শোভাযাত্রা সহকারে খলীফার প্রাসাদে গমন করিতেন। খলীফা প্রাসাদের বারান্দায় পর্দার আড়ালে বসিতেন আর তাঁহার সম্মুখে কায়রোর তিনজন খাতীব (বক্তা, তু- খাতীব প্রবন্ধ) পর্যায়ক্রমে ধর্মীয় বক্তৃতা দিতেন এবং এই খুত'বার সময় একটি বিশেষ অনুষ্ঠান পালন করা হইত। খুত'বার বিষয়বস্তু হইতে উৎসবের উপলক্ষ ভিত্তিক, মিসরের ফাতি'মীদের এই মাওলিদ শুধু নবী (স')এর সহিত সম্পর্কিত ছিল না, বরং হযরত আলী, ফাতি'মাঃ (রাঃ) ও তখনকার শাসনরত খলীফা তথা ইমামুল হাদিরের মাওলিদও সমভাবে উদযাপিত হইত।



ইমামাঃ মতবাদের শীয়া' নীতির প্রতিফলন দেখা যাইত মাওলিদু'ল- ইমামিল হাদি'র এর উৎসবের বিভিন্ন আনুষ্ঠানিক ক্রিয়াকর্মে। ফাতি'মীদের আমল পর্যন্ত মাওলিদ জনসাধারণের উৎসবে পরিণত হয় নাই। এই কারণেই মাক'রীযী আমল পর্যন্ত মাওলিদ জনসাধারণের উৎসবে পরিণত হয় নাই। এই কারণেই মাক'রীযী ও ক'লক' শান্দীর গ্রন্থ ব্যতীত সুন্নী সাহিত্যে এই সকল উৎসবের কোন উল্লেখ নাই, এমনকি আলী পাশা মুবারাকের ন্যায় গ্রন্থকারগণও কায়রোতে অনুষ্ঠিত মাওলিদের পূর্ণ ঐতিহাসিক বিবরণী প্রদানকালে উহা জনগণের অনুষ্ঠান বলিয়া কোন কথা বলেন নাই।

মুসলিম গ্রন্থকারগণ মাওলিদের আদি উৎস সম্পর্কে যে ঐকমত্য প্রদান করেন তাহাতে দেখা যায় যে, ৬০৪/১২০৭ সালে আবালাতে মাওলিদ অনুষ্ঠান সর্বপ্রথম প্রবর্তন করেন সুলতা'ন সালাহু'দ-দীনের ভগ্নীপতি আল-মালিক মুজা'ফ্ফারু'দ-দীন কোক্বুরী। ফাতি'মী মাওয়ালীদের কথা তখন প্রায় সম্পূর্ণরূপে বিস্মৃতির অতল তলায় নিমজ্জিত হইয়া গিয়াছিল। মুজা'ফ্ফারু'দ-দীনের মাওলিদের পূর্ণ বিবরণী দেন কিছু পরের প্রায় সমসাময়িক ইবনে খাল্লিকান (মৃ.৬৮১/১২৮২)। পরবর্তী লেখকগণ তাঁহার বিবরণীর উপর নির্ভর করিয়া নিরবচ্ছিন্নভাবে বর্ণনা দিয়া আসিতেছেন (যথাঃ আস-সুয়ূতী, হ'সনু'ল- মাক্'সি'দ ফী 'আমাদ্দি'ল-মাওলিদ (Brocket-mann. Gal21, রঃ, ২০২) এবং অন্যান্য। উক্ত শাসকের ব্যক্তিত্ব ক্রুসেড সংঘটনের ফলে তাহার সময়ে গোলযোগ সৃষ্টি এবং তাহার পরিপার্শ্বিকতা, যাহার প্রতি ইবন্ খাল্লিকান বিশেষ মনোযোগ আকর্ষণ করেন এই সকল ব্যাপার একযোগে আমাদের মনে এরূপ ধারণার উদ্রেক করে যে, মাওলিদ উৎসবের ক্রমবিবর্তনে যথেষ্ট খৃষ্টানী প্রভাব রহিয়াছে। অন্য- পক্ষে উক্ত শাসক সূ'ফী আন্দোলনের সহিত ঘনিষ্ঠভাবে সংযুক্ত ছিলেন বলিয়া অনুমান করা যায় যে, মাওলিদের উপর সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির সূ'ফী প্রভাবের সম্ভবনা রহিয়াছে। মাওলিদ অনুষ্ঠানাদির বর্ণনা হইতে ইহা সুস্পষ্ট। উৎসবের বহু পূর্ব হইতেই প্রস্তুতি আরম্ভ হয় এবং দূরদূরান্ত হইতে জনসমাগম হয়। শাসক স্বয়ং বিশেষ লক্ষ্য রাখেন, আগন্তুকগণ যেন বিশেষভাবে কাষ্ঠ দ্বারা নির্মিত সুসজ্জিত কুববায় অবস্থান করিতে পারে এবং তাঁহাদিগকে গীতবাদ্য ও অন্যান্য আমোদ-প্রমোদে ছায়া নাটক, ভোজবাজি ইত্যাদি) আপ্যায়িত করা হয়। এই উপলক্ষে নগরের রাজপথসমূহ বাৎসরিক মেলার ন্যায় লোকজনে পরিপূর্ণ থাকে। মাওলিদ রজনীর সমাগমে মাগ'রিবের সালাতের পর শাসক স্বয়ং নগরের প্রধান দুর্গ হইতে খানকাহ পর্যন্ত মশাল শোভাযাত্রা পরিচালনা করেন। পরদিন প্রত্যুষে জনসাধারন খানকাহর সম্মুখে সমবেত হয়। সেখানে শাসকের জন্য একটি কাঠের দুর্গ ও ওয়াইজ (বক্তা)-এর জন্য একটি মঞ্চ ইতিপূর্বেই

তৈরি থাকে। তিনি দুর্গ হইতে বক্তৃতা শুনিবার জন্য সমবেত সেই জনতাই শুধু পরিদর্শন করেন না, বরং পরিদর্শনার্থ আহূত ও সন্নিহিত ময়দানে সমবেত সেনাবাহিনীও পর্যবেক্ষণ করেন। বর্ণনাকারিগণ বক্তৃতার বিষয়বস্তু সম্বন্ধে কিছু উল্লেখ করেন নাই। অনুষ্ঠানের শেষে শাসক সম্মানিত বিশিষ্ট মেহমানদিগকে দুর্গে আমন্ত্রণ করিয়া সম্মানসূচক পরিচ্ছদ উপহার দেন। তাৎপর জনগণকে উক্ত ময়দানে শাসক নিজ ব্যয়ে ভূরিভোজে আপ্যায়িত করেন এবং গণ্যমান্য ব্যক্তিবর্গকে খানকাহতে পরিতৃপ্ত করেন। তিনি পরবর্তী রজনী সূ'ফীদের সাহচর্যে বিস্তর লোকজনসহ সামা (শ্রবণ) তথা ভক্তিমূলক সংগীত শ্রবণে অতিবাহিত করেন (ইবন খাল্লিকান সম্পা, Wustenfeld, ৬৭, ৬৬)।

ফাতি'মী উৎসবের বিপরীত এখানে বিশেষ লক্ষণীয় এই যে, এই উৎসবে সূ'ফীগণ ও জনসাধারণ বিপুলভাবে অংশগ্রহণ করেন। এই অবস্থাটি আরো সবিশেষ উল্লেখযোগ্য এই কারণে যে, সম্ভবত সূ'ফীদের সাহচর্যের ফলে পরবর্তী কালে মাওলিদ এত জনপ্রিয়তা অর্জন করিয়াছে, এইরূপ ধারণার যৌক্তিকতা বিদ্যমান রহিয়াছে। সঙ্গে সঙ্গে এই কথাও বলিতে হয় যে, মশাল মিছিল যেহেতু মুসলিম ধ্যান-ধারণার বহির্ভূত, সুতরাং ইহা সমসাময়িক খৃষ্টান উৎসবাদি হইতে ধার করা বলিয়া আমাদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। কায়রোর অনুষ্ঠানে এইরূপ মশাল মিছিলের উল্লেখ দেখা যায় না। কারণ সেখানে উৎসব হইত দিবাভাগে। কিন্তু উপস্থিত সকলকে ব্যয়বহুল ভোজনাদিতে আপ্যায়ন, বিশেষত মিষ্টি বিতরণ ও বক্তৃতাদান উভয় ক্ষেত্রেই দেখিতে পাওয়া যায়। মনে হয় এই উল্লেখযোগ্য সমুদয় অনুষ্ঠান মাওলিদ উৎসবের উৎপত্তিস্থল। সালজূক প্রতিক্রিয়ারূপী বিরাট রাজনৈতিক ও ধর্মীয় আন্দোলনের সঙ্গে সঙ্গে সালাহ্ উদ-দীনের সময় মাওলিদ মিসরে প্রবেশ লাভ করে। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, মিসরে সূ'ফী মতবাদ অতি দ্রুত শিকড় গাড়িয়াছিল। ফলে মাওলিদরে ন্যায় অনুষ্ঠানের পথ প্রস্তুত হয়। কারণ উহা মূলত জনসাধারণের ধর্মভাবের উপর ভর করিয়াই টিকিয়া থাকিতে পারে।

এই উৎসব উদ্‌যাপন রীতি শীঘ্রই হউক আর বিলম্বেই হউক, মিসর হইতে মক্কায় প্রসারিত হইবার পর উহার প্রাচীন রূপের পরিবর্তন ঘটে। উহার আরও অগ্রগতি হয় উত্তর আফ্রিকার তটভূমি হইতে সিউটা, Tlemcen ও ফাস হইয়া স্পেন পর্যন্ত। পূর্ব দিকেও ভারতভূমি পর্যন্ত ইহার ক্রমপ্রসার ঘটে। ফলে সমগ্র মুসলিম জাহান এই দিনে সমভাবে উৎসবে মিলিত হইতে থাকে, প্রায়ই উৎসবে অভূতপূর্ব জাঁকজমক দেখা যায়, কিন্তু প্রধান প্রধান আঙ্গিকে সর্বত্র একইরূপে ইহা উদযাপিত হয়। সমগ্র মুসলিম জাহানের বিভিন্ন অংশ হইতে এই উৎসবের অগণিত বিবরণী পাওয়া যায়



(মক্কায় উদযাপন সম্পর্কে পূর্ণ বিবরণ পাওয়া যায়ঃ Chroniken, ed. Wustenfeld, iii, ৪৩৮ প.; ইবনে হাজার আল-হায়ছ'মী, মাওলিদ Brockelmann, GAL, ii. ৫১০) আধুনিক যুগের অনুষ্ঠানাদির বিবরণের জন্যঃ Snouck Hurgronje, Mekka, ii. ৫৭ পৃ.। মক্কায় উৎসবানুষ্ঠান সমধিক প্রসিদ্ধ; মিসরের জন্য দ্র. ঔ.ড. Mc pherson. Teh Moulids of Egypt (Cairo ১৯৪১); Lane, Manners and Customs (১৮৭১, রর. ১৬৬ প.) এবং ভারতীয় দ্বীপসমূহের জন্য দ্র. Snouck Hurgronje, Achehnese, র. ২০৭; do. Verspreide Geschriften, ii. ৮ প.; Herklots, Qanoon-e-Islam (১৮৩২), চ. ২৩৩ প.; Goldziher, Culte des sa(int) s (১৮৮০).চ. ১৩. এখানে প্রায়শ জন্ম নয়, বরং নবী সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামা এর মৃত্যুবার্ষিকী উদযাপন করা হয়। ইসলামে অনুপ্রবিষ্ট তুর্কী রীতিনীতি মাওলিদ উৎসব উদযাপনের অগ্রগতি ব্যাহত করে নাই (Turk. Mewlud) ৯৯৬/১৫৮৮ সালে সুলতান তৃতীয় মুরাদ উছমানী সাম্রাজ্যে উহা প্রবর্তন করার পর হইতে সেখানে তাহা ক্রমবর্ধমান জনপ্রিয়তা অর্জন করিয়াছে। ১৯১০ খৃষ্টাব্দ হইতে উহা জাতীয় উৎসবরূপে প্রতিপালিত হইতেছে। কনষ্টান্টিনোপলের অপেক্ষাকৃত পুরাতন আমলে এই উৎসব যেরূপে উদযাপিত হইত তাহাতে নিখুঁত (Mourdgea d'ohsson, Tableau general, Paris ১৭৮৭ র. ২৫৫ প.; GOR, viii., ৪৪১) স্পষ্ট প্রকাশ পায় যে, অপরাপর ইসলামী দেশের অধিকতর জনপ্রিয় প্রকৃতির উৎসবানুষ্ঠানের সহিত উহার ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান।

যে বিষয়টি বিশেষ লক্ষণীয় এবং যাহা পরবর্তীতে প্রচলিত উৎস বানুষ্ঠানের অত্যন্ত সুস্পষ্ট বৈশিষ্ট্য তাহা হইল 'মাওলিদ' আবৃত্তি অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম বৃত্তান্তমূলক কবিতা আবৃত্তি। সে কবিতায় সাধারণত কিছু কাহিনী এবং অলৌকিক ঘটনাবলী বর্ণনার মাধ্যমে অতিশয়োক্তি সহকারে হযরত (সঃ) এর গুণ কীর্তন করা হয় ইত্যাকার কবিতার উৎসমূল ফাতি'মী কায়রো ও আরবেলাতে অনুষ্ঠিত ধর্মিয় বক্তৃতাসমূহ। আরবেলা অবস্থানকালে কোক্‌বুরীর প্রস্তাবক্রমে ইবনে দিহ্'য়াঃ তাঁহার কিতাবু'ত তানবীর ফী মাওলিদিস সিরাজ রচনা করেন। এই গ্রন্থখানি মাওলিদ গ্রন্থরূপে সেই যুগে প্রসিদ্ধি লাভ করে (Brockelmann, GAL, ১. ৩৮০)। এই উৎসবের অন্যান্য ক্রমবর্ধমান অংগসমূহের, যথাঃ মশাল মিছিল, ভোজন ও সড়ক মেলাসহ, সঙ্গে পরবর্তী কালে মাওলিদ উৎসবের প্রধানা অনুষ্ঠানের রূপ পরিগ্রহ করে। উদাহরণস্বরূপ বলা যায়, মক্কায়ও কতকটা এইরূপ আঙ্গিকে মসজিদে মাওলিদ উৎসব অনুষ্ঠিত হইত। ধর্মপ্রাণ ব্যক্তিগণ উৎসবের

কয়েক দিন পূর্ব হইতেই বিধি জনপ্রিয় বৈকালিক আনন্দ উপভোগ করিতেন, শিক্ষকগণ বক্তৃতাদান স্থগিত রাখিয়া ছাত্রদের সম্মুখে ও রাস্তাঘাটে লোকসমক্ষে মাওলিদ পাঠ করিতেন, কফিখানায় পর্যন্ত উহা সকলে শুনিয়া আধ্যাত্মিক আবেগ ও আনন্দ লাভ করিত। এরূপ মাওলিদের সংখ্যা বেশ উল্লেখযোগ্য। কবি কাব ইবন যুহায়র বিরচিত বিখ্যাত কিন্তু কম জনপ্রিয় বানাত সুআদ নামক পুরাতন কবিতা, 'বুসীরী' রচিত কাসীদাতুল-বুরদাঃ ও হামযিয়্যাঃ এবং উহাদের বহুবিদ অনুকরণ ব্যতীত আরও নানা রকমের নিত্য ব্যবহৃত মাওলিদ কবিতা বিদ্যমান। উহাদের কতকগুলি ইবন হাজার আল-হায়ছামীর গ্রন্থের ন্যায় উপদেশ দানের উদ্দেশ্য রচিত; অন্যগুলি সংক্ষিপ্ত আকারে বিশুদ্ধ উপদেশদান উদ্দেশ্যে রচিত, বিশেষভাবে উল্লেখযোগ্য ইবনু'ল- জাওযী ১১১৬-১২০০ (GAL² 1. 662) ও জাফার আল-বারযানজী আল-মাদানীর (১৬৯০-১৭৬৬ খৃ.) কি'স'স'াতুল- মাওলিদ'নি নাবী (GAL2 ii. 503)। আরবী ভাষায় রচিত মাওলিদ ছাড়াও তুর্কী ভাষায় রচিত বহু মাওলিদ আছে (Irmg. Engelke, Suleyman Tschelebi's Lobgedicht, ১৯২৬)। বিশেষ লক্ষণীয় এই কবিতাগুলি ভূমিকা স্বপ্রসারণ, মাওলিদ উৎসব ছাড়াও ক্রমে অন্যান্য আনন্দ উৎসবে উহাদের ব্যবহার করা হইতে থাকে। সুতরাং 'মাওলিদ' শব্দটি ক্রমে যে কোন উৎসব, বিশেষভাবে ভোজনোৎসব অর্থে ব্যবহৃত হইতে থাকে (AvRÕxgvt Zz. Snouck Hurgronje, Mekka, ii. 147, 154 and Becker, in Isl, ii. 1911, p. 26 c.)। উৎসবাদি ছাড়াও মালিদ আবৃত্তি বেশ জনপ্রিয় হইয়া ওঠে, উদাহরণস্বরূপ বলা যায়, ফিলিস্তীনে ধর্মীয় প্রতিজ্ঞা বা মানত পালনার্থ মাওলিদ পড়া হয় (T. Caraan, in Journ, of the Pal. Or. Soc., vi. ১৯২৬, চ. ৫৫ প.; তু. ইবনুল আরাবীর রচনা বলিয়া কথিত মাওলিদ এর ভূমিকা (এঅখ², র. ৫৮২)। এই সকল মাওলিদের বিসয় বস্তুর ন্যায় উহাদের কাঠামোটিও পরস্পর সাদৃশ্যপূর্ণ ও পর্যায়ক্রমে আসে কবিতার পর গদ্য এবং গদ্যের পর ছন্দোবদ্ধ বাক্যাবলী, ফাঁকে ফাঁকে প্রায়শ নবী (স') এর উপর দরূদ পাঠের আবেদন আসে, র্সবশেষ উহার সহিত যিকর সংযুক্ত হয়। মাওলিদ পাঠ হযরত মুহাম্মদ (স') এর প্রতি ভক্তি-শ্রদ্ধা প্রকাশের সর্বোৎকৃষ্ট অভিব্যক্তি হিসাবে ইসলামে প্রায় সর্বজন স্বীকৃতি পাইয়াছে এবং মুসলিম জনগণের একটি ধর্মীয় প্রয়োজন মিটাইবার তাকীদে ইহার উদ্ভব ইহয়াছে। শক্তিশালী সূ'ফী আন্দোলনের ফলশ্রুতিতে ইহার প্রসার লাভ হইয়াছে। এই পরিপ্রেক্ষিতে এ সত্যটি ভূলিয়া যাওয়া উচিত নহে যে, প্রায় সর্বযুগের মুসলিম সমাজে মাওলিদের বিরুদ্ধে প্রবল বিরোধিতাও হইয়াছে। আরবেলায় অনুষ্ঠিত মাওলিদের আদিকাল হইতেই এইরূপ বিরোধিতা চলিতেছে (আস-সুয়ূতী, হুসনুল-মাকসিদ)। প্রতিপক্ষের মতে এই



উৎসব একটি বিদআ بدعة অর্থাৎ নব উদ্ভাবিত প্রথা ও সুন্নাতের ঘোর বিপরীত। এই উৎসবের উৎসাহী সমর্থগণও স্বীকার করেন যে, ইহা বিদ্'আ' কঠোর নিষ্ঠাবান সুন্নাত অনুসারিগণ সর্বশক্তি প্রয়োগে ইহার প্রতিরোধ করেন। কিন্তু প্রচলিত প্রথা অনেক ক্ষেত্রে ধর্মীর অনুশাসনকে ছাড়াইয়া যায়। জনগণের ধর্মীয় জীবনে একবার সুপ্রতিষ্ঠিত আসন লাভ করিবার পর এই উৎসব কালক্রমে কিছু সংখ্যাক 'আলিমের সমর্থন লাভ করে। উহার সমর্থণকারিগণ এই বিদআতকে নীতিগপ্তভাবে বিদআঃ হাসানাঃ রূপে স্বীকৃতি দেন। তাঁহাদের যুক্তি এই যে, মাওলিদ উৎসবটি সাধারণ্যে প্রচার লাভ করার ফলে এই উপলক্ষে কতগুলি সৎকাজ আনুষঙ্গিক ভাবে সম্পন্ন হয়, যথাঃ কু'রআন মাজীদের তিলাওয়াত, সুন্নার আলোচনা, নবীর জন্ম উপলক্ষে আনন্দ প্রকাশ, তাঁহার উদ্দেশ্য সা'লাত ও সালাম, দান-খয়রাত ও দরিদ্রজনকে আহার্য দান। বিরুদ্ধ বাদিগণের যুক্তি কতকটা এইরূপঃ মাওলিদের বা (মিলাদে) সূফীদের সামা, নৃত্য ও ভাবোচ্ছাসমূলক অনৈসলামী ক্রিয়াকলাপের জন্য তাহা পরিত্যাজ্য। এক শ্রেণীর লোক মীলাদে আবৃত্তিকে ব্যবসায়রূপে গ্রহণ করিয়াছে এবং অবৈধভাবে অজ্ঞ জনগণের মধ্যে ইহার প্রসার বৃদ্ধির চেষ্টা করিতেছে। এই উদ্দেশ্যে বহু সংখ্যাক অপ্রামাণিক হাদীছ ও অলৌকিক কাহিনী বর্ণনা করে যাহাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহিস ওয়া সাল্লামা এর প্রকৃত সত্তা অলীক কাহিনীর আড়াল হইয়া পড়ে। প্রচার করা হয় যে, রাসূল (সঃ) প্রতিটি মীলাদ মাহ্‌ফিলে উপস্থিত হন এবং এইজন্য তাঁহার প্রতি সম্মান প্রদর্শনার্থে দাঁড়াইয়া সমস্বয়ে সালাত ও সালাম মুলক কবিতা আবৃত্তি, করিতে হইবে, সংক্ষেপে যাহাকে কি'য়াম (قيام) বলা হয়। এই অনুষ্ঠানটি খুবই বিতর্কমূলক। মীলাদ ইসলামের একটি অপরিহার্য অংগ-এইরূপ ধারণা সাধারন মানুষের মনে বদ্ধমূল করিয়া দেওয়া কোনক্রমেই সমীচীন নহে, ইত্যাকার যুক্তিতে বিরুদ্ধবাদীরা মীলাদের বিপক্ষে মত প্রকাশ করেন। এই দ্বন্দ্বের সর্বোৎকৃষ্ট লিখিত দলীল আ-সুয়ূতীর ফাতওয়া (হুসনুল- মাকসিদ)। তিনি উহাতে উৎসবের ঐতিহাসিক ঘটনাবলীর সংক্ষিপ্ত বর্ণনা দান করেন, উহার খুটিনাটি বিষয় আলোচনা করেন এবং উপসংহারে সিদ্ধান্ত ঘোষণা করেন যে, উৎসবটি বিদআঃ হাসানাঃ রূপে অনুমোদন লাভের উপযুক্ত, যদি উহার সকল প্রকার অপব্যবহার পরিহার করা হয়। ইবনে হাজার আল-হায়ছামী তদীয় মাওলিদের ও কুতবুদদীন (Chroniken der Stadt Mekka, ii. ৪৩৯) একই মত পোষণ করেন, কিন্তু অত্যন্ত নিষ্ঠাবান

সুন্নাপন্থী মালিকী ইব্নুল হাজ্জ (মৃ. ৭৩৭/১৩২৬) তীব্রভাবে উহার নিন্দা করেন (কিতাবুল- মাদখাল (১৩২০) ১খ. ১৫৩ ড়.)।[৩৭৪]

এই দ্বন্দ্ব চরমে পৌছিয়াছি অষ্টম-নবম শতকে, কিন্তু পরবর্তী কালেও এই বিরোধিতা সম্পূর্ণ স্তিমিত হয় নাই, বরং ওয়াহ্হাবীগণের অভ্যুদয়ের সঙ্গে সঙ্গে এই দ্বন্দ্ব পুনারায় নবজীবন লাভ করে। মাওলিদ প্রথা ওয়াহাবীদের মূলনীতির খেলাফ অর্থাৎ তাহাদের মতে খাটি সুন্নাঃ মুতাবিক ইসলামের পুনরুজ্জীবনের সহিত ইহার বিরোধ প্রকট। মাওলিদের প্রতি তাহাদের সামগ্রিক বিরোধিতাও এই কারণে। এই ব্যাপারে তাঁহারা তাঁহাদের আন্দোলনের অগ্রদূত হাম্বালী ইবন তায়মিয়্যাঃ (মৃ. ৭২৮/১৩২৮) এর সুন্নাঃ বিরোধী বিদ'আতের বিরুদ্ধে উত্থাপতি প্রতিবাদ কার্যে পরিণত করিয়াছেন মাত্র (ইবনে তায়মিয়্যাঃ মাওলিদ রজনীতে খাত্মাঃ অনুষ্ঠানের বিরুদ্ধে ফাতাওয়া (কায়রো ১৩২৬/ ১খ. ৩১২)। ওয়াহ্হাবী মতবাদ সাধারণভাবে গৃহীত না হইলেও তাহাদের মাওলিদ সংক্রান্ত মতবাদ অদ্যাবধি বিদ্যামান। স্বনামধণ্য মুহাম্মাদ আবদুহ (মৃ. ১৯০৫) প্রতিষ্ঠিত যে সংস্থাটিকে Goldziher "Kulturwahhabismus" নামে আখ্যায়িত করিয়াছেন সেই সংস্থার লোকদের মধ্যে এইরূপ মতবাদ বিশেষভাবে প্রচলিত। তিনি "আল-মানার" সাময়িকীতে দরবেশ পূজার বিরুদ্ধে সমালোচনা করিতে গিয়া মাওলিদেরও নিন্দা করেন (Goldziher, Richtugen der islam Koranauslegung, p. ৩৬৯ o.)|

অন্যান্য মুসলিম ওয়ালীর প্রতি সম্মান প্রদর্শন ও তাঁহাদের বিসালে ছাওয়াব অনুষ্ঠানের ব্যাপারেও মাওলিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রহিয়াছে। যদিও উহা কোন বিশেষ দিনক্ষণের উপর নির্ভর করে না, তথাপি কোন কোন দিনক্ষণ, বিশেষ করিয়া কাহারও জন্মদিন, বিশেষভাবে গুরুত্বপূর্ণ বলিয়া মনে করা হয়। এই প্রকার উৎসবানুষ্ঠান প্রায়শ কোন কোন স্থানের সহিত, যেমন জন্মস্থান, প্রচারে স্থান ও মাযায়ের স্থান ইত্যাদির সহিত সম্পর্কিত এবং এই সকল স্থানের পবিত্রতা বহু যুগ পূর্ব হইতে স্বীকৃত; যথাঃ তানতায় শায়খ হাসান আল- বাদাবীর মাওলিদ (Goldziher, Muh. Stud., ii. ৩৩৮ প.)। অজ্ঞাতনামা দরবেশদের মাওলিদও উদযাপন করা হয়। দরবেশ আস্তানাগুলিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাওলিদের পরেই সংঘ সংস্থাপকের মাওলিদে বিশেষ জনপ্রিয়তা লাভ করিয়াছে।

---

374 সুন্নাপন্থী মালিকী ইব্নুল হাজ্জ অর্সমতিত পন্থায় মীলাদুন্নবীর আলোচনা তীব্রভাবে নিন্দা করেছেন, মূলত তিনি পবিত্র মীলাদ শরীফের বিরুধিতা করেন নাই, সংকলক



আলী পাশা মুবারাক বলেন (খিতাত জাদীদাঃ ১খ, ৯০; ৩খ. ১২৯ প.) যে, বর্তমান যুগে কায়রোতে এবং বিধ বহু সংখ্যাক উৎসব উদযাপিত হয় এবং ঐ সকল উৎসবের বিশেষ আঙ্গিক হইল উজ্বল আলোকমালায় নগরকে সুসজ্জিত করা, জাঁকজমকপূর্ণ শোভাযাত্রা (মাহফিল' মাওলিদুন-নাবী উৎসবে মাওকিব, তু. P. Kahle. রহ isl. iv. ১৯১৬. ঢ়.১৫৫) এবং বিপুল ভোজনোৎসব।

